## স্থানীয় সরকার বিভাগের আওতায় ২০১২-১৩ অর্থ বছরে এপিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

| ক্রঃনং | মন্ত্রণালয়/বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্ব নিম্ন-সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | **স্থানীয় সরকার বিভাগ** | ৩১টি | ৩১টি | ৭টি | - | ১২টি | ১৯টি | ৪% - ১৩৩% | ১৪টি | ৩.৫ % ৫০% |

### প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

| সমস্যা | | সুপারিশ |
|---|---|---|
| ১। | পরিকল্পিত লৰ্যমাত্রা মোতাবেক বরাদ্দ না পাওয়ায় নির্ধারিত ব্যয় ও মেয়াদে প্রকল্প সমাপ্ত না হওয়া। | প্রকল্পের কাজ যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য যথাসময়ে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করতে হবে। |
| ২। | সেতু ও কালভার্ট নির্মাণের ৰেত্রে এ্যাপ্রোচ সড়ক যথাযথভাবে নির্মাণ না করা। | সেতু ও কালভার্ট নির্মাণের ৰেত্রে এ্যাপ্রোচ সড়ক যথাযথভাবে নির্মাণ করতে হবে। |
| ৩। | প্রকল্পের প্রণয়নের ৰেত্রে ফিজিবিলিটি স্ট্যাডি না করা এবং করলেও সমীৰা প্রতিবেদনের আলোকে প্রকল্প বাস্ৰবায়ন ও বিনিয়োগ প্রকল্প গ্রহণ না করা। | অপেৰাকৃত বৃহৎ ও কারিগরি দিক বিবেচনায় জটিল যে কোন প্রকল্প গ্রহণের ৰেত্রে ফিজিবিলিটি স্ট্যাডি করা ও ফিজিবিলিটি স্ট্যাডিতে প্রাপ্ত সমীৰার আলোকে বিনিয়োগ প্রকল্প গ্রহণের বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| ৪। | সেতু নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডির ৰেত্রে পরামর্শক সংস্থার কার্যপরিধি মোতবেক সেতু নির্মাণে বিস্ৰারিত ডিজাইনের ভিত্তিতে ব্যয় প্রাক্কলন না করে গতানুগতিভাবে মিটার প্রতি একক ব্যয় প্রস্ৰাব করা। | সেতু নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডির ৰেত্রে সেতু নির্মাণের সম্ভাব্যতা যাচাইসহ বিস্ৰারিত ড্রইং ডিজাইনের কাজ করা যেতে পারে। |
| ৫। | সমীৰা কার্যক্রমটির আওতায় LGED-এর In House Capacity Building বা Technology Transfer এর সংস্থান না থাকা। | সমীৰা কার্যক্রমের আওতায় LGED-এর In House Capacity Building বা Technology Transfer এর সংস্থান রাখা যেতে পারে। |
| ৬। | অনুমোদিত সংস্থান হতে ডিপিপি'র কিছু কিছু খাতের পরিমাণ ও ব্যয়.হ্রাস বৃদ্ধি করা। | অনুমোদিত ডিপিপি'র খাত ভিত্তিক সংস্থান মোতাবেক প্রকল্প বাস্ৰবায়নে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ৭। | সড়ক নির্মাণের ৰেত্রে পর্যাপ্ত সফট সোল্ডার এবং যথাযথ স্ৰেপ মেইনটেইন না করায় সদ্য নির্মিত সড়কসমূহ ৰতিগ্রস্ৰ হওয়া। | সড়ক নির্মাণের ৰেত্রে পর্যাপ্ত সফট সোল্ডার এবং যথাযথ স্ৰেপ মেইনটেইন এর বিষয়টি নিশ্চিত করতে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। |
| ৮। | নির্ধারিত সময়ের মধ্যে জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করতে না পারায় প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি। | প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সম্পাদনের লৰ্যে জমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রম্নত সম্পন্নের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। |
| ৯। | নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত না করায় সদ্য নির্মিত সড়কে বিটুমিনাস স্ৰর উঠে যাওয়া, গর্ত হওয়াসহ বিভিন্ন ধরণের Undualation-এর কারণে সড়কসমূহে স্বাভাবিক যানচলাচলে বাধাগ্রস্থ হওয়া। | নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |

| সমস্যা | সুপারিশ |
|---|---|
| ১০। সিটি কর্পোরেশন এলাকায় স্কিম নির্ধারণের ৰেত্রে অন্যান্য ইউটিলিটি সংস্থার সাথে সমন্বয় না করায় বিভিন্ন ইউটিলিটি সংস্থা কর্তৃক একই সড়ক এ্যালাইনমেন্টে বিভিন্ন সময় নিজ নিজ উন্নয়ন কাজ করায় সরকারী অর্থ অপচয়ের পাশাপাশি চরম জনদূর্ভোগের সৃষ্টি হচ্ছে। | সিটি কর্পোরেশন এলাকায় যে কোন প্রকল্প গ্রহণের ৰেত্রে অন্যান্য ইউটিলিটি সংস্থার সাথে সমন্বয়পূর্বক প্রকল্প গ্রহণের স্থানীয় সরকার বিভাগকে গুরম্নত্বারোপ করতে হবে। |
| ১১। সিটি কর্পোরেশন এলাকায় ড্রেন/ফুটপাথ, স্যুয়ারেজ লাইন ইত্যাদি কাজের ৰেত্রে যথাযথ মনিটরিং না হওয়ায় নির্মাণ কাজ শেষ হতে না হতেই অনেকৰেত্রেই সদ্য নির্মিত অবকাঠামো ব্যবহার অনুপযোগী হয়ে যাওয়া। | সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত প্রকল্প বাস্ত্মবায়নের ৰেত্রে নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতে স্থানীয় সরকার বিভাগকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| ১২। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতির সঠিক ব্যবহার না করা। | প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতির যথাযথ ব্যবহারের বিষয়টি বাস্ত্মবায়নকারী সংস্থাকে নিশ্চিত করতে হবে। |
| ১৩। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের কারণে প্রকল্প বাস্ত্মবায়নে সমস্যা সৃষ্টি হওয়া। | প্রকল্প পরিচালকের বদলীর ৰেত্রে মন্ত্রী পরিষদ বিভাগের ১৬-০২-২০১০ তারিখের ৪৭ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটির সুপারিশ গ্রহণ করা নিশ্চিত করতে হবে। |
| ১৪। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন প্রকল্পের আওতায় সড়ক নির্মাণসহ অন্যান্য অবকাঠামো নির্মাণের পাশাপাশি বৃৰরোপণের সংস্থান মোতাবেক বৃৰরোপণ করা হলেও যথাযথ পরিচর্যা/দেখাশুনা ও রৰণাবেৰণের অভাবে প্রকল্পের আওতায় রোপণকৃত বৃৰগুলির মরে যাওয়াসহ ৰতিগ্রস্ত্ম হতে দেখা যায়। | প্রকল্পের আওতায় রোপণকৃত বৃৰের পরিচর্যা/দেখাশোন ও রৰণাবেৰণ নিশ্চতকল্পে সামাজিক বনায়নকে অগ্রাধিকার দিতে হবে। |

**"স্যানিটেশন স্বাস্থ্য শিক্ষা ও পানি সরবরাহ (জিওবি-ইউনিসেফ) " শীর্ষক প্রকল্পের**
**সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**(সমাপ্ত ঃ ডিসেম্বর/২০১২)**

১। প্রকল্পের নাম ঃ স্যানিটেশন স্বাস্থ্য শিক্ষা ও পানি সরবরাহ (জিওবি-ইউনিসেফ) প্রকল্প

২। মন্ত্রণালয়/ বিভাগ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ

৩। বাস্তবায়নকারী সংস্থা ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)

৭। বাস্তবায়নকাল ঃ মূল : জানুয়ারী, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১০

সর্বশেষ সংশোধিত: জানুয়ারী, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১২

৮। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) ঃ

| ডিপিপি | মোট | টাকা | প্রকল্প সাহায্য | আরপিএ |
|---|---|---|---|---|
| মূল ঃ | ৫২৫২৮.২০ | ১১৭৫৯.২০ | ৪০৭৬৯.০০ | - |
| সংশোধিত অনুমোদিত | ৬৩১৬৯.১৭ | ১৩৮৮০.৪৭ | ৪৯২৮৮.৭০ | - |

৬। **প্রকল্প এলাকা** ঃ প্রকল্পটি ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, রাজশাহী, রংপুর বিভাগের ১৯টি জেলায় বাস্তবায়িত হয়েছে।

৪। **প্রকল্পের পটভূমি ঃ**

বাংলাদেশের নগর অঞ্চলের জনসংখ্যা বিগত ২ দশকে দ্রুত বৃদ্ধি পেয়েছে। ১৯৯৮ সালে বেড়ে নগর অঞ্চলে গড়ে ৫৬% লোক বাস করত যা ২০০১ সালে বেড়ে ২৪% হয়েছে। ধারণা করা হচ্ছে ২০৩০ সালের মধ্যে জনসংখ্যার অর্ধেকের বাস হবে নগরে। বর্তমানে, পর্যাপ্ত বিশুদ্ধ পানি ও যথাযথ স্যানিটেশন ব্যবস্থার অভাব রয়েছে। হাইজিন অভ্যাসের অভাবে ঝুলন্ত পায়খানা, বাসাবাড়ি, শিল্পকারখানা ও হাসপাতাল থেকে আবর্জনা যত্রতত্র ডাম্পিং করা বাংলাদেশের নগরাঞ্চলের বস্তির একটি সাধারণ বৈশিষ্ট্য।

অপরিকল্পিত ও অকেজো পানি ও পয়:নিস্কাশন ব্যবস্থা ও টেকনোলজি নগরের বস্তি এলাকার সমস্যাটা আরও তীব্র করেছে। ভূমির মালিকানার অভাব, Pro-Poor Water and Santation কৌশলের অনুপস্থিতি এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দূর্বলতার কারণে অতি দরিদ্র জনগনের উন্নয়ন কম হয়েছে।

বাংলাদেশ সরকার এবং UNICEF "Environmental Sanitation Hygine and Water Supply in Urban Slums and Fringes" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করেছে। ঐ প্রকল্প থেকে কিছু সৃষ্টিধর্মী পন্থা যা প্রয়োগ করে বস্তি সম্পদায়ের হাইজিন অভ্যাস ও পরিবেশ উন্নয়নের ক্ষেত্রে কার্যকর প্রমাণিত হয়েছে। পরবর্তীতে উল্লিখিত বিষয়গুলোর উন্নয়নে উক্ত পন্থাগুলো অবলম্বনে করে এ প্রকল্পটি ১৯টি জেলায় বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে।

৪। প্রকল্পের উদ্দেশ্য ঃ

i) Reduce mortality, morbidity and malnutrition due to water and excreta related diseases, especially among poor women and children.
ii) Improve standards of hygiene behaviours on a sustainable basis e.g. hand washing with soap before taking food and with soap/ash after defecation particularly among the poor.
iii) Improve access of safe water in unserved and underserved areas, including those suffering from arsenic contamination.
iv) Increase sanitation coverage to 100% in programme areas as per GOB goal by 2013

৫। **<u>প্রকল্পের অনুমোদন</u>** ঃ প্রকল্পটি বিগত ১০/০৫/২০০৬ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে ৫২৫২৮.২০ লক্ষ (জিওবি ১১৭৫৯.২০ লক্ষ এবং ইউনিসেফ (অনুদান) ৪০৭৬৯.০০ লক্ষ টাকা) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারী, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১০ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদকালে অনুমোদিত হয়। পরবর্তীতে অত্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত তৎকালীন মাননীয় উপদেষ্টা কর্তৃক ৫৭৪৮৭.১০ লক্ষ (জিওবি ১১৭৯৯.২৫ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৪৫৬৮৭.৮৫ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাব অনুমোদিত হলে ৩০.১২.২০০৮ তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়। প্রকল্পটি অনুমোদিত হওয়ার এক বছরেরও অধিককাল বিলম্বে বাস্তবায়ন কার্যক্রম শুরু করা হয়। DFID এর অনুমোদনের দীর্ঘ প্রক্রিয়া শেষে UNICEF ও DFID এর মধ্যে প্রকল্পের প্রকল্প সাহায্য বিষয়ক প্রজেক্ট মেমোরেন্ডাম ২৩.০১.২০০৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৬৩১৬৯.১৭ লক্ষ (জিওবি ১৩৮৮০.৪৭ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৪৯২৮৮.৭০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারী, ২০০৬ হতে জুন, ২০১২ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদকালে আলোচ্য প্রকল্পটির ২য় সংশোধন প্রস্তাব অনুমোদিত হয় এবং পরবর্তীতে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০১২ পর্যন্ত বৃদ্ধি করা হয় ।

৬। **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:</u>**

(In lakh Taka)

| Items of work (as per PP | Unit | Target (as per PP) | | Actual Progress | | Resons for deviation |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Pay of Officers | Non | 210.00 | 80 | 369.97 | 20 | |
| Pay of Establishment | Non | 15.00 | 73 | | 40 | |
| Allowances | Non | 145.00 | 153 | | 60 | |
| Base Line survey | LS | 25.00 | 95 | 18 | 95 | |
| Repair of WATSAN Facilities in Primary School | Nos | 533.10 | 1777 | 533.10 | 1777 | |
| Repair of WATSAN Facilities for Secondary School | Nos | 78.00 | 195 | 75.00 | 195 | |
| Water quality testing and Surveilance | La | 790.63 | Ls | 790.63 | Ls | |
| SSHE Software activities in Primary School | Nos | 1243.90 | 8885 | 1243.90 | 8885 | |
| SSHE Software activities in Primary School | Nos | 1243.90 | 8885 | 1245.90 | 8885 | |
| SSHE Software activities in Secondary School | Nos | 370.50 | 650 | 370.50 | 650 | |
| Institutional Capacity Building | Ls | 6808.85 | Ls | 6808.85 | Ls | |
| Carryin g cost for materials | Ls | 65.00 | Ls | 65.00 | Ls | |
| SOCMOB-AB | Ls | 24183.00 | Ls | 24183.00 | Ls | |
| Fuel and Lubricant | Ls | 322.20 | Ls | 322.20 | Ls | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Maintenance and Repair | Ls | 412.70 | Ls | 412.70 | Ls | |
| Telephone Bill | Sets | 15.00 | 26 | 13.76 | 26 | |
| Research and Development | Ls | 610.74 | Ls | 610.74 | Ls | |
| Monitoring and Evaluation | Ls | 3663.88 | Ls | 3656.88 | Ls | |
| Contingency and other expenses | Ls | 521.64 | Ls | 520.94 | Ls | |
| Other taxes: VAT/IT for Software & Hardware activities done under PA expenditure | Ls | 3000.00 | Ls | 1028.49 | Ls | |
| Different types of water option | Nos | 11878.28 | 20500 | 1174.96 | 20486 | |
| Watsan facilities for Hat/Bazar/growth centres | Nos | 300.00 | 50 | 300.00 | 50 | |
| Sanitation Support for affordable latrine options for difficult area and hardcore poor | LS | 100.00 | LS | 100.00 | Ls | |
| Urban | | | | | | |
| Pipe water supply in Urban Slums & Fringes | Nos | 1063.00 | 418 | 1064.68 | 418 | |
| Community Rain water Harvester | Nos | 9.28 | 8 | 0 | 0 | |
| Construction of different types of latrines | | | | | | |
| a)Shared latrine (Twin pit) | Nos | 720.00 | 3600 | 720.00 | 3384 | |
| b) Community latrine (Two unit) | Nos | 591.50 | 400 | 592.32 | 367 | |
| c) compost toilet | Nos | 0.00 | 0 | 0.00 | 0 | |
| Construction of public toilet | Nos | 300.00 | 60 | 299.18 | 59 | |
| Construction of drain | Nos | 720.00 | 32 | 720.00 | | |
| Construction of compost plant/a)land fill b) City scale compost plant/recy7cline facilities c) Small recycling intervention for | Nos | 799.98 | 06 | 799.98 | 05 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| organic waste d) Trial Operation for 6 (six) months | | | | | | |
| Tri-cycle van | Nos | 34.56 | 128 | 34.56 | 128 | |
| Barrel for composting/House hold Bin | Nos | 90.00 | 18000 | 90.00 | | |
| SSHE | | | | | | |
| Construction of Watsan Facilities in Primary School | Nos | 2160.10 | 1777 | 2160.10 | 1777 | |
| Jeep | Nos | 64.83 | 6 | 64.83 | 6 | |
| Double Cabin Pickup | - | 128.00 | 8 | 127.81 | 8 | |
| Motor Cycle | Nos | 40.00 | 32 | 39.3 | 32 | |
| Bicycle (For mechanics) | Nos | 7.50 | 100 | 4.38 | 50 | |
| Machineries and Equipments | Ls | 378.00 | Ls | 378.00 | Ls | |
| Cost Escalation | Ls | 0.00 | Ls | 0.00 | Ls | |
| CD/VAT for imported items by UNICEF: vehicle, equipments, water testidg kit etc | Ls | 380.00 | 0.00 | 376.59 | Ls | |
| Graund Total (Revenue & Capital) | | 63169.17 | | 61142.00 | | |

৭| **প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণঃ**

৭.১। প্রকল্পের মেহেরপুর জেলা অংশের কার্যক্রম পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনায় জানা যায় যে, এই প্রকল্পটির মাধ্যমে মূলত উঠান বৈঠক, video show, Pot song (ছোট ছোট ব্যানারে বিভিন্ন ধরনের লেখা মেসেজ), WATSON মেলার (স্যানিটারী সামগ্রীর মেলা), মাধ্যমে স্যানিটেশন, স্বাস্থ্য শিক্ষা এবং বিশুদ্ধ পানি বিষয়ে পরামর্শক সেবা দেওয়া হয়ে থাকে। উক্ত কার্যক্রমসমূহ Field Agency হিসেবে ২টি NGO কে নিয়োগের মাধ্যমে পরিচালিত হচ্ছে। মেহেরপুরে Field Agency হিসেবে SETU এবং WEB Foundation কাজ করছে। পরিদর্শনকালে সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া গ্রামে পরিচালিত কার্যক্রম পর্যবেক্ষণ ও এলাকার লোকজনের সাথে আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, মেহেরপুরে কর্মরত Field Agency'র প্রতিনিধিরা ঐ এলাকায় নিয়মিত কার্যক্রম পরিচালনা করে এবং এ প্রকল্পের কার্যক্রম থেকে এলাকাবাসী হাইজিন, স্যানিটেশন ও স্বাস্থ্য শিক্ষা বিষয়ে উপকৃত হচ্ছেন।

৭.২। নিরাপদ পানির উৎস নির্মাণের লক্ষ্যে এ প্রকল্প থেকে Tube-well ও Ring-well স্থাপন করা হয়েছে। নথিপত্র থেকে ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনায় জানা যায় যে, মেহেরপুর সদর উপজেলায় ৪৫টি Tube-well ও ২০০টি Ring-well এবং গাংনি উপজেলায় ৪৫টি Tube-well ও ১৬৫টি Ring-well স্থাপন করা হয়েছে। নিরাপদ পানি উৎস নির্মাণ কার্যক্রম পর্যবেক্ষনের উদ্দেশ্যে সদর উপজেলার বামনপাড়া গ্রামের জনৈক রানা নামের একজন গ্রামবাসীর বাড়িতে স্থাপিত রিংওয়েল পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, রিংওয়েলটি থেকে এলাকাবাসী পানি সংগ্রহ করছে এবং এ থেকে প্রতীয়মান হয় যে স্থাপিত রিংওয়েলটি অত্র এলাকার লোকজনের খাবার পানির চাহিদা মেটাচ্ছে। কিন্তু এলাকার লোকজন জানান যে, Tube-well ও Ring-well গুলো মেরামতের জন্য অর্থ

বরাদ্দ না থাকায় অনেক স্থানেই রিংওয়েল ও টিউবওয়েল  নষ্ট অবস্থায় পড়ে আছে এবং  সেগুলো থেকে পানি পাওয়া যাচ্ছে  না। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান মেরামতের জন্য প্রকল্পে কোন অর্থ  বরাদ্দ নেই।

৭.৩। মেহেরপুর জেলা আর্সেনিক প্রবন এলাকা; ফলে এই এলাকায় অগভীর নলকূপ আর্সেনিক মুক্ত পানি পাওয়ার জন্য ততটা কার্যকরী নয়। অপর দিকে রিংওয়েলের পানি আর্সেনিক মুক্ত  হলেও শুকনো মৌসুমে রিংওয়েল থেকে পানি পাওয়া যায় না। প্রকল্পের সংশ্লিষ্টরা জানান যে, শুকনো মৌসুমে পানির স্তর নেমে যাওয়ায়  একই অবস্থা অনেক অগভীর নলকূপের ক্ষেত্রেও ঘটে। আলোচনায় জানা যায় যে, রিংওয়েলগুলো যদি ম্যানুয়ালী গর্ত না করে মেশিনের মাধ্যমে অধিক গভীর করা যায় তাহলে সারা বছর পানি পাওয়ার সম্ভবনা থাকে।

৮। **<u>সুপারিশ/মতামত</u>** :

৮.১। রিংওয়েল থেকে সারা বছর পানি পাওয়ার জন্য ভবিষ্যতে রিংওয়েল স্থাপনের ক্ষেত্রে ম্যানুয়ালী গর্ত না করে মেশিনের মাধ্যমে অধিক গভীর করা যায় কিনা ডিপিএইচই তা পরীক্ষা- নিরীক্ষা করে সে মোতাবেক ব্যবস্থা নিতে পারে;

৮.২। মেহেরপুর জেলা আর্সেনিক প্রবন এলাকা। এক্ষেত্রে পরবর্তীকালে টিউবওয়েল ও রিংওয়েলের পাশাপাশি পাইপলাইনের মাধ্যমে খাবার পানি সরবরাহ করা যায় কিনা তা ডিপিএইচই  পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে পারে;

৮.৩। অনুচ্ছেদ নং ৮.১ হতে ৮.২ এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থাদি বিষয়ে এ বিভাগকে অবহিত করতে হবে।

# "জাতীয় স্যানিটেশন (২য় পর্যায়) " শীষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত ঃ জুন, ২০১৩

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম ঃ | ঃ | জাতীয় স্যানিটেশন (২য় পর্যায়) প্রকল্প |
| ১। প্রকল্পের অবস্থান | ঃ | সমগ্র বাংলাদেশ |
| ২। বাস্তবায়নকারী সংস্থা | ঃ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৩। প্রশাসনিক মন্ত্রণালয় / বিভাগ | ঃ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ |
| ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় | ঃ | |

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন, ২০১৩ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪৩৬২.২৫ | ৪৭৯৬.১৪ | ৪৭৮৫.১২ | জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৩ | জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৩ | জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৩ | ৯.৬৯% | ০% |

৫। <u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন</u> ঃ

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৩ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ক) | রাজস্ব ব্যয় | | | | | |
| ১। | জনবল | থোক | থোক | ৩৬.৭০ | থোক | ২৫.৭৪ |
| ২। | সরবরাহ ও সেবা | থোক | থোক | ১৬৪.২৫ | থোক | ১৬৪.২৩ |
| ৩। | গবেষণা ও উন্নয়ন | থোক | থোক | ২১.০০ | থোক | ২১.০০ |
| ৪। | প্রশিক্ষণ | থোক | থোক | ২৫.০০ | থোক | ২৪.৯৮ |
| ৫। | স্যানিটেশন কার্যক্রম পরিচালনা ও মূল্যায়ন | থোক | থোক | ১০.০০ | থোক | ৯.৯৮ |
| ৬। | যানবাহন মেরামত, সংরক্ষণ ও পূর্ণবাসন | থোক | থোক | ২৭.০০ | থোক | ২৭.০০ |
| ৭। | উৎপাদন কেন্দ্র সংস্কার/স্থানান্তর /মেরামত | থোক | থোক | ১১০.০০ | থোক | ১১০.০০ |
| | **ক) উপমোট রাজস্ব ব্যয় ঃ** | | | **৩৯৩.৯৫** | | **৩৮২.৯৩** |
| খ) | মূলধন ব্যয় | | | | | |
| ৮। | স্বল্প মূল্যে বিভাগীয় ম্যাশন/ লেবার দ্বারা প্লাষ্টিক প্যানযুক্ত স্স্ল্যাব ও ৩ রিং বিশিষ্ট ল্যাট্রিন সেট উৎপাদন | সেট | ২,৭০,০০০ | ১,৯০১.০৭ | ২,৭০,০০০ | ১,৯০১.০৭ |
| ৯। | স্বল্প মূল্যে ঠিকাদার / সরবরাহকারী কর্তৃক প্লাষ্টিক প্যানযুক্ত স্স্ল্যাব ও ৩ রিং বিশিষ্ট ল্যাট্রিন সেট সরবরাহ | সেট | ২,৬৫,৫০০ | ২,৩৩৩.৭২ | ২,৬৫,৫০০ | ২,৩৩৩.৭২ |
| ১০। | বিভিন্ন ধরণের কমিউনিটি ল্যাট্রিণ পুনর্বাসন | থোক | থোক | ৬৫.০০ | থোক | ৬৫.০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১। | ডাবল কেবিন পিকআপ | সংখ্যা | ১ টি | ৪৭.০০ | ১ টি | ৪৭.০০ |
| ১২। | মটর সাইকেল | সংখ্যা | ০ টি | ০০.০০ | ০ টি | ০০.০০ |
| ১৩। | ল্যাপটপ | সংখ্যা | ৩ টি | ২.০০ | ৩ টি | ২.০০ |
| ১৪। | মাল্টিমিডিয়া প্রজেক্টর | সংখ্যা | ১ টি | ১.৯০ | ১ টি | ১.৯০ |
| ১৫। | ফটোকপিয়ার | সংখ্যা | ১ টি | ১.৫০ | ১ টি | ১.৫০ |
| ১৬। | প্রিন্টারসহ কম্পিউটার | সংখ্যা | ৫ টি | ৫.০০ | ৫ টি | ৫.০০ |
| ১৭। | রিং মোল্ড স্ল্যাব ফ্রেম | সংখ্যা | ৪২৫ টি | ১৫.০০ | ৪২৫ টি | ১৫.০০ |
| ১৮। | অন্যান্য যন্ত্রপাতি (কর্নি, সিজেল, রন্নলার ইত্যাদি) | সংখ্যা | থোক | ২০.০০ | থোক | ২০.০০ |
| ১৯। | আসবাবপত্র | থোক | থোক | ১০.০০ | থোক | ১০.০০ |
| | **খ) উপমোট মূলধন ব্যয় ঃ** | | | **৪৭৯৬.১৪** | | **৪৭৮৫.১২** |
| | **গ) ফিজিক্যাল কন্টিজেন্সি** | - | - | - | - | - |
| | **ঘ) প্রাইজ কন্টিজেন্সি** | - | - | - | - | - |
| | **সর্বমোট (ক+খ+গ+ঘ) =** | | | **৪৭৯৬.১৪** | | **৪৭৮৫.১২** |

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ প্রযোজ্য নয়।

৭.১। পটভূমি ঃ

নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা মানুষের মৌলিক প্রয়োজন এবং জাতিসংঘ ঘোষিত মানবাধিকার। অপর্যাপ্ত পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা সরাসরি পানিবাহিত ও মলবাহিত রোগ, সংক্রামক রোগ, স্বাস্থ্য ঝুঁকি এবং পরিবেশ দুষণের সাথে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে জড়িত। এর প্রেক্ষিতে বাংলাদেশ সরকার জনস্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে ২০১৩ সালের মধ্যে সকলের জন্য স্যানিটেশনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। শতভাগ স্যানিটেশন অর্জনে স্বল্পমূল্যের ল্যাট্রিনই দরিদ্র জনগোষ্ঠির চাহিদা মেটাতে অপরিহার্য হতে পারে। তাছাড়া ব্যক্তি উদ্যেগে উন্নতমানের ল্যাট্রিন তৈরীতে প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার বিষয়েও জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়ানো প্রয়োজন। দেশের পিছিয়ে পড়া দরিদ্র জনগোষ্ঠির জন্য এবং দুর্গম এলাকায় লাগসই প্রযুক্তির স্যানিটেশন ব্যবস্থার উদ্ভবের জন্য গবেষণা এবং উন্নয়ন কার্যক্রম গ্রহন করাও অপরিহার্য। পাশাপাশি কমিউনিটি পর্যায়ে যে সমস্ত ল্যাট্রিন রয়েছে সেগুলো চলমান রাখার জন্য রক্ষণাবেক্ষণ এবং পুনর্বাসনও জরুরী। সরকারের লক্ষমাত্রা অর্জনের অংশ হিসেবে এবং স্যানিটেশন ব্যবস্থার সার্বিক উন্নয়নের জন্য জাতীয় স্যানিটেশন (২য় পর্যায়) প্রকল্পটি প্রণয়ন করা হয়।

৭.২। উদ্দেশ্য ঃ

- ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের সহায়তায় কমিউনিটির জন্য Sustainable Sanitation সুবিধা নিশ্চিত করা।
- ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রে জনগণের সচেতনতা বৃদ্ধি করা।
- স্বল্প মূল্যে স্যানিটারী ল্যাট্রিন কম্পোনেন্ট ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে পাওয়ার ব্যবস্থা করা।
- গবেষণা ও উন্নয়নের মাধ্যমে দেশের চর এলাকা, বন্যা কবলিত এলাকায়, প্রাকৃতিক দূযোর্গের সময় সড়কের পাশে, রেল ও নদীপথে এবং অক্ষম লোকের সুবিধার জন্য উপযুক্ত স্যানিটেশনের কৌশলগত বিকল্পের উন্নয়ন।

৭.৩। প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ

অনুমোদনঃ জাতীয় স্যানিটেশন (২য় পর্যায়) প্রকল্পটি ৪৩৬২.২৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সম্পুর্ন জিওবি অর্থায়নে বাস্তবায়নের নিমিত্তে গত ০৯/১২/২০০৯ খ্রিঃ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়।

সংশোধন ঃ

পিপি অনুযায়ী প্রকল্পের অনুমোদিত ব্যয় ৪৩৬২.২৫ লক্ষ টাকা এবং অনুমোদিত মেয়াদকাল ছিল জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৩ পর্যন্ত। পরবর্তীতে মাঠ পর্যায়ের চাহিদার আলোকে এবং প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে তথা প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পের মূল কার্যক্রম বাড়ানোসহ মালামালের মূল্য বৃদ্ধিজনিত কারণে কয়েকটি অংগে আর্থিক টাকার পরিমান বৃদ্ধি করে ৪৭৯৬.১৪ লক্ষ টাকায় সংশোধিত পিপি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গত ০৮/০১/২০১৩ খ্রিঃ তারিখে অনুমোদন করা হয়।

৮। প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ

প্রকল্প মেয়াদকালে এডিপি'র মাধ্যমে মোট ৪৭৯৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। যার মধ্যে জুন, ২০১৩ পর্যন্ত মোট ৪৭৮৫.১২ লক্ষ টাকা ব্যয় হয়, যা প্রকল্পের মোট অনুমোদিত ব্যয়ের ৯৯.৭৭ ভাগ।

৯। সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় ঃ

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাহায্য | | মোট | টাকা | প্রঃ সাহায্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২০০৯-১০ | ৪০০.০০ | ৪০০.০০ | | ৪০০.০০ | ৩৯৯.৩৮ | ৩৯৯.৩৮ | | ০.৬২ |
| ২০১০-১১ | ২০০০.০০ | ২০০০.০০ | | ২০০০.০০ | ১৯৯৯.৪২ | ১৯৯৯.৪২ | | ০.৫৮ |
| ২০১১-১২ | ১১৭৮.০০ | ১১৭৮.০০ | | ১১৭৮.০০ | ১১৭৭.৪৬ | ১১৭৭.৪৬ | | ০.৫৪ |
| ২০১২-১৩ | ১২২০.০০ | ১২২০.০০ | | ১২২০.০০ | ১২০৮.৮৫ | ১২০৮.৮৬ | | ১১.১৪ |
| সর্বমোট ঃ | ৪৭৯৮.০০ | ৪৭৯৮.০০ | | ৪৭৯৮.০০ | ৪৭৮৫.১১ | ৪৭৮৫.১২ | | ১২.৮৮ |

*এডিপি/আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের মধ্যে ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ সমর্পন করা হয়েছে।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ঃ এ প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ১ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | হ্যাঁ | না | ২২/০৪/২০১০ | ০১/০৭/২০১৩ |

১১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| ক) ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের সহায়তায় কমিউনিটির জন্য Sustainable Sanitation সুবিধা নিশ্চিত করা। | ক) এ প্রকল্পের আওতায় সমগ্র দেশে ৫,৩৫,৫০০ সংখ্যক স্বল্পমূল্যের ল্যাট্রিন সেট নির্মাণ, বিক্রয় ও বিতরন করার ফলে যে সকল জনগোষ্ঠির নিকট পর্যাপ্ত স্যানিটেশন সুবিধা ছিলনা তা মেটানো সম্ভব হয়েছে। হতদরিদ্র পরিবারে ব্যবহারের জন্য স্যানিটেশন ব্যবস্থা ব্যতীত সার্বিক স্যানিটেশনের উন্নয়ন অসম্ভব। তাই হতদরিদ্র পরিবার সমূহে বিনামূল্যে ল্যাট্রিন সেট প্রদানের ফলে পূর্বাপেক্ষা পরিবেশগত স্যানিটেশনের বেশ উন্নয়ন সাধিত হয়েছে। |
| খ) ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রে জনগণের সচেতনতা বৃদ্ধি করা। | খ) এ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, এনজিও প্রতিনিধি এবং জনপ্রতিনিধিদের স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক সচেতনতামূলক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফলে এসকল কর্মকর্তা/কর্মচারী এবং জনপ্রতিনিধিগন নিজ নিজ কর্মক্ষেত্রে থেকে জনসাধারনের স্বাস্থ্য পরিচর্যার বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহন করতে পারবে। |
| গ) স্বল্প মূল্যে স্যানিটারী ল্যাট্রিন কম্পোনেন্ট ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে পাওয়ার ব্যবস্থা করা। | গ) ইউনিয়ন পর্যায়ে ওয়াটসন কমিটি কর্তৃক প্রস্তাবকৃত চাহিদার আলোকে উৎপাদন কেন্দ্রগুলোতে স্বল্পমূল্যের ল্যাট্রিন সেট উৎপাদন করে ঐসব এলাকার জনগোষ্ঠির স্বল্প মূল্যের স্যানিটারী ল্যাট্রিন কম্পোনেন্টের চাহিদা মেটানো সম্ভব হয়েছে। |

| | |
|---|---|
| ঘ) গবেষণা ও উন্নয়নের মাধ্যমে দেশের চর এলাকা, বন্যা কবলিত এলাকায়, প্রাকৃতিক দূযোর্গের সময় সড়কের পাশে, রেল ও নদীপথে এবং অক্ষম লোকের সুবিধার জন্য উপযুক্ত স্যানিটেশনের কৌশলগত বিকল্পের উন্নয়ন। | ঘ) প্রকল্পের গবেষণা এবং উন্নয়ন কার্যক্রমের আওতায় দুর্গম এলাকায় লাগসই প্রযুক্তির ল্যাট্রিন উদ্ভাবনের জন্য বিভিন্ন প্রযুক্তির (বায়ু রোধী, প্লাষ্টিক রিং ও স্লাব এর তৈরী ল্যাট্রিন, জুটিন টয়লেট, ইকো টয়লেট, পোড়া মাটির রিং দ্বারা তৈরী ল্যাট্রিন ইত্যাদি) ল্যাট্রিন স্থাপন করা হয়েছে। |

১২। <u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ</u>

এ প্রকল্পে গৃহীত কার্যক্রম প্রকল্পের মূল উদ্দেশ্যকে অনেক দূর এগিয়ে নিয়েছে। কিন্তু প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে এটি এক কথায় বলা যাবে না। তবে অবশ্যই প্রকল্প গ্রহনের পূর্বের অবস্থা থেকে অনেকাংশে স্যানিটেশন কভারেজ বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ প্রাকৃতিক দুযোগপূর্ণ দেশ হওয়ায় দুর্যোগের সময় অন্যান্য স্থাপনার সাথে সাথে দেশের স্যানিটেশন ব্যবস্থাও ক্ষতি হয়। ফলে ঐসকল এলাকায় স্যানিটেশন কভারেজ কমে আসে।

১৩। **<u>ক্রয় কার্যক্রম :</u>** পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসারে “দৈনিক করতোয়া” এ “দি ফিনানসিয়াল এক্সপ্রেস” পত্রিকায় গত ২৮/০২/২০১৩ তারিখে বিজ্ঞাপনে প্রকাশিত হয়। এ প্রেক্ষিতে ৩ জন দরপত্র জমা দেন। তিনটি দরপত্রের মধ্যে একটি দরপত্রে জামানতসহ অভিজ্ঞতার সনদ, টার্নওভার, ভ্যাট ইত্যাদি কাগজ পত্রাদি দাখিল না করা Non-Reponsive হিসেবে বিবেচিত হয়। বাকি দুইটি রেসপনসিভ দরপত্রের মধ্য হতে ১,৬৩,০২২/৮২ টাকা দরে সর্বনিম্ন দরদাতা হিসেবে বিবেচিত হয়।

১৪। **<u>গুনগতমান বজায় রাখা সম্পর্কিত তথ্যাদি</u>** : সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, স্বল্প মূল্যের এ সব রিং ও স্লাব যথাযথ তদারকির মাধ্যমে মান নিয়ন্ত্রনের চেষ্টা করা হয় এবং মান সম্মত মালামাল এ সব স্লাব ও রিং নির্মাণে ব্যবহার করা হয়। তবে মালামাল কোন পরীক্ষা করা হয় না। ভবিষ্যতে নির্মিতব্য ল্যাট্রিনের রিং ও স্লাবের গুনগতমান টেস্টের ম্যধ্যমে নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়।

১৫। **প্রকল্প পরিদর্শন** ঃ যশোর জেলার যশোর সদর ও ঝিকরগাছা উপজেলায় প্রকল্পের কার্যক্রম ২৯/০৯/২০১৪ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শিত কাজের বিবরন নিম্নে দেওয়া হলো:

১৫.১। **<u>যশোর সদর :</u>** যশোর সদর উপজেলার ফতেপুর ইউনিয়নের ফতেপুর গ্রাম ও চান্দী পাড়া গ্রামে বিতরণকৃত ল্যাট্রিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে DPHE‘র নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী সহ সংশ্লিষ্ট কর্মকর্তার উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় স্যানিটারী ওয়ার (প্লাষ্টিক স্লাব ও ৩ রিং বিশিষ্ট ল্যাট্রিন সেট) গরীব অসহায় লোকদের বিনা মূল্যে সরবরাহ করা হয়। সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, ৩টি রিং মাটির নীচে এবং উপরে প্লাষ্টিক প্যানযুক্ত স্লাব স্থাপন করা হয়েছে। তবে প্যানটিকে মাটির সামান্য উচ্চতায় স্থাপন করা হয়েছে। এতে বৃষ্টির পানিতে ল্যাট্রিন ভরে গেলে চারদিকে পরিবেশ দূষিত হতে পারে। এ জন্য ল্যাট্রিন মাটি লেভেল হতে অন্তত ২ ফুট উচুতে অথবা মাটি দিয়ে চারপাশ উচু করা যেতে পারে। স্থানীয় লোকজনের সাথে আলাপকালে জানা যায় যে, এ স্যানিটারী ল্যাট্রিন ব্যবহৃত করে তারা বেশ উপকৃত হচ্ছে। পূর্বে যেখানে সেখানে মলমূত্র ত্যাগ করলেও বর্তমানে নির্দিষ্ট স্থানে মলমূত্র ত্যাগ করেছেন। এতে তাদের সামাজিক মর্যাদাও বেড়েছে। তবে উপরে শেড না থাকায় বর্ষাকালে/বৃষ্টির সময় তারা এগুলো ঠিকমত ব্যবহার করতে পারে না। এ জন্য শেড যুক্ত ল্যাট্রিন সরবরাহ অথবা উপরে শেড নির্মাণ করে দেওয়া যায় কি না এমন প্রশ্নের জবাবে নির্বাহী প্রকৌশলী জানান যে, প্রকল্পের পরবর্তী পর্যায়ে এ রকম ল্যাট্রিন সরবরাহের পরিকল্পনা করা হচ্ছে। এ প্রসংগে যথোপযুক্ত Feasibility Study’র মাধ্যমে প্রয়োজনের নিরিখে উন্নতমানের শেডযুক্ত ল্যাট্রিন সরবরাহের বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে পরামর্শ দেয়া হয়।

১৫.২। **<u>ঝিকরগাছা :</u>** ঝিকরগাছা উপজেলার শ্রীরামপুর ইউনিয়নের শ্রীরামপুর গ্রামে বিতরণকৃত ল্যাট্রিন পরিদর্শন করা হয়। এখানে প্রকল্পের মাধ্যমে বিভাগীয় স্বল্পমূল্যে/লেবার দ্বারা ও ঠিকাদার/সরবরাহকারী দ্বারা উৎপাদিত ল্যাট্রিন গরীব ও হতদরিদ্রদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়। সরেজমিন পরিদর্শনকালে রিংগুলো মাটির নীচে এবং প্যান মাটির উপরে দেখা যায়। প্যানের গায়ে দাগ পরিলক্ষিত হয়। এর ব্যবহারকারীরা জানান যে, দুই বছর হলো তারা এটি বিনামূল্যে পেয়েছেন। ফলে তারা স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহার করতে পারছেন। তবে উপরে শেড না থাকায় বৃষ্টির মধ্যে ব্যবহার করতে অসুবিধা হয়। এ প্রসংগে নির্বাহী প্রকৌশলী জানান যে, স্যানিটারী কভারেজের উদ্দেশ্যে প্রাথমিকভাবে এ রকম ল্যাট্রিন সরবরাহ করা হয়। এ প্রসংগে কার্যকর, যুগোপযোগী এবং ভৌগলিক বিষয় বিবেচনা করে বিভিন্ন প্রযুক্তির ল্যাট্রিন উদ্ভাবন ও স্থাপন করার পরামর্শ দেওয়া হয়। এ ছাড়া ভবিষ্যতে ল্যাট্রিনের স্পেসিফিকেশন এমন ভাবে যাতে করা উচিত যাতে দূর্যোপূর্ণ আবাহাওয়ার মধ্যে ব্যবহার করা যায় এবং মাটির লেভেল থেকে প্রয়োজনীয় উচ্চতা থাকে।

১৫.৩। এ ছাড়া উপস্থিত কর্মকর্তাদের সাথে আলাপকালে ব্যক্তি উদ্যোগে নির্মিত ল্যাট্রিন সামগ্রীর (রিং ও স্লাব) গুনগত মান উন্নয়নের জন্য নির্মাণ কাজে নিয়োজিত জনবলকে প্রশিক্ষণ জোরদার করা এবং স্বাস্থ্যসম্মত স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের জন্য গণসচেতনতা বৃদ্ধিকল্পে সামাজিক আন্দোলন ও জনগনকে উদ্বুদ্ধকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের গুরুত্ব ফুটে উঠে। অপরদিকে স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে এবং 'প্রতি বাড়িতে স্যানিটেশন' কার্যক্রম বাস্তবায়ন ও পরিবেশগত স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের জন্য Detailed Study করে বৃহত্তর পরিসরে প্রকল্প গ্রহনের প্রয়োজনীয়তা অনুভূত হয়।

১৬। সুপারিশ ঃ

১৬.১। ভবিষ্যতে নির্মিতব্য ল্যাট্রিনের রিং ও স্লাবের গুনগতমান টেস্টের ম্যধ্যমে নিশ্চিত করতে হবে। (অনু: ১৪)।

১৬.২। স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে এবং 'প্রতি বাড়িতে স্যানিটেশন' কার্যক্রম বাস্তবায়ন ও পরিবেশগত স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের জন্য Detailed Study করে বৃহত্তর পরিসরে প্রকল্প গ্রহনের কার্যক্রম গ্রহন করা যেতে পারে ।(অনু: ১৫.৩)।

**"দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্রামীণ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের**
**সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**সমাপ্ত ঃ জুন, ২০১৩**

| প্রকল্পের নাম ঃ | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প |
|---|---|

১। প্রকল্পের অবস্থান ঃ খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও যশোর জেলার সকল উপজেলা (৩৩ টি)।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন, ২০১৩ পর্যন্ত্ম) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৯৭৭.৫১ | ৩৯৭৭.৫১ | ৩৭৯৪.২৩ | জুলাই/২০০৯ হতে জুন/২০১২ | জুলাই/২০০৯ হতে জুন/২০১৩ | জুলাই/২০০৯ হতে জুন/২০১৩ | - | ৩৩% |

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্ত্মবায়ন ঃ

(লৰ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (জুন, ২০১৩ পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | জনবল | জন | ১১ | ৮০.০০ | ১১ (১০০%) | ৭৩.৪০ (৯১.৭৫%) |
| ২। | গবেষণা ও উন্নয়ণ | থোক | থোক | ৫৬.০০ | থোক | ৫৩.০৯ (৯৪.৮০%) |
| ৩। | কেয়ার টেকার ও অন্যান্যদের ট্রেনিং | থোক | থোক | ৮.০০ | থোক | ৭.৬৪ (৯৫.৫০%) |
| ৪। | সরবরাহ ও সেবা | থোক | থোক | ৬৭.০০ | থোক | ৬৬.২৪ (৯৮.৮৭%) |
| ৫। | এক্সপেস্নারেটরী ড্রিলিং | থোক | থোক | ১১৪.০০ | থোক | ১১.৮৭ (৯৮.১৩%) |
| ৬। | ইম্প্রুভমেন্ট এন্ড রিহেবীলিটেশন অফ ওয়াটার পয়েন্ট | থোক | থোক | ৩২.০৯ | থোক | ৩২.০৭ (৯৯.৯৪%) |
| ৭। | গভীর নলকূপ, পিএসএফ, ডাগ ওয়েল, এআইআরপি, | টি | ৪৩০২ | ২৭১০.০০ | ৪২৬৬ (৯৯.১৬%) | ২৫৮৩.৭৬ (৯৫.৩৪%) |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ৰবায়ন (জুন, ২০১৩ পর্যন্ৰ) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ৰব | আর্থিক | বাস্ৰব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | সিএআইআরপি, ল্যাটারেল সংযোগ | | | | | |
| ৮। | অগভীর নলকূপ, এসএসটি/ ভিএসএসটি, রেইন ওয়াটার হার্ভেস্টিং | টি | ২৩২৯ | ৫৮৮.০০ | ২৩২৯ (১০০%) | ৫৭৯.৩৭ (৯৮.৫৩%) |
| ৯। | কমিউনিটি বেইজড্ আর্সেনিক রিমুভাল ইউনিট | টি | ৬ | ৩০.০০ | ৬ (১০০%) | ২৬.১৬ (৮৭.২০) |
| ১০। | কমিউনিটি বেইজড্ রিভার্স অসমোসিস ইউনিট | টি | ১ | ৩০.০০ | ১ (১০০%) | ৩০.০০ (১০০%) |
| ১১। | ভিলেজ পাইপ ওয়াটার সাপস্নাই সিস্টেম | টি | ২ | ১৭৫.০০ | ২ (১০০%) | ১৫৬.৫০ (৮৯.৪৩%) |
| ১২। | অপারেশন এন্ড মেইনটেনেন্স টুল্স ফর কেয়ার টেকার | টি | ৫৭৮৬ | ৬৩.৬৫ | ৫৭৮৬ (১০০%) | ৬৩.২১ (৯৯.৩১%) |
| ১৩। | প্রিন্টার ও ইউপিএস সহ কম্পিউটার | টি | ৯ | ৯.০০ | ৯ (১০০%) | ৯.০০ (১০০%) |
| ১৪। | ফার্নিচার | থোক | থোক | ১.৯২ | থোক | ১.৯২ (১০০%) |
| ১৫। | ফিজিকাল কনটিনজেন্সি | থোক | থোক | ৫.০০ | - | - |
| ১৬। | প্রাইস কনটিনজেন্সি | থোক | থোক | ৭.৩৫ | - | - |
| | মোট ঃ | | | ৩৯৭৭.৫১ | | ৩৭৯৪.২৩ (৯৫.৩৯%) |

৬। <u>কাজ অসমাপ্ত থাকলে তার কারণ</u> ঃ দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের হাইড্রো-জিওলোজিক্যাল অবস্থার প্রেক্ষিতে সুপেয় পানির স্ৰর না থাকায় এবং পানির উৎস স্থাপনের জন্য সুবিধাজনক স্থান না পাওয়ায় ৩৬ টি পানির উৎস স্থাপন করা যায়নি।

৭.১। <u>পটভূমি</u> ঃ দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও যশোর জেলার অগভীর পানির স্ৰরে আর্সেনিক দূষণ, অত্যধিক লবনাক্ততা এবং পানিবাহী স্তরের অপ্রতুলতা- এই তিনটি কারণে এ এলাকার জনগণ নিরাপদ খাবার পানির স্বল্পতায় ভূগছে। প্রকল্পভূক্ত ৪টি জেলার ৩৩টি উপজেলা মারাত্মক নিরাপদ পানি সমস্যায় রয়েছে। এ প্রেক্ষাপটে উক্ত এলাকায় স্থানীয় জনগণের অংশগ্রহনের মাধ্যমে গ্রহণযোগ্য প্রযুক্তি ও সামাজিক গ্রহণযোগ্যতার দ্বারা সঠিক খাবার পানির অপশন চিহ্নিত করে নিরাপদ খাবার পানি সরবরাহ করার লক্ষ্যে এ প্রকল্প প্রণয়ণ করা হয়।

৭.২। <u>উদ্দেশ্য</u> ঃ

ক) জরুরী ভিত্তিতে উচ্চ আর্সেনিক আক্রান্ৰ এলাকায় আর্সেনিক নিরাপদ এবং লবনাক্ততা মুক্ত খাবার পানি সরবরাহ;
খ) নিরাপদ খাবার পানি সরবরাহ সেবা কভারেজ বৃদ্ধি;
গ) মানুষের নিজ নিরাপদ পানির স্থাপনা তৈরী করতে উপযুক্ত পানি সরবরাহ প্রযুক্তি প্রদর্শনী ও মটিভেশনের মাধ্যমে জনগণের মধ্যে ছড়িয়ে দেয়া।

৭.৩ । <u>প্রকল্প অনুমোদন এবং সংশোধন</u> ঃ প্রকল্পটি বিগত ২১/০৭/২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় এবং বিগত ২০/০৮/২০০৯ তারিখের স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির বাস্ৰবায়নকাল

০১/০৭/২০০৯ হতে ৩০/০৬/২০১২ পর্যন্ত নির্ধারিত ছিল। উল্লেখ্য যে, প্রকল্পটি নির্ধারিত সময়ের প্রায় ০৭(সাত) মাস পর আরএডিপি-তে অন্তর্ভুক্ত হওয়ায় প্রকল্প কাজ শুরু করতে বিলম্ব হয়। তাছাড়া ফিজিবিলিটি স্টাডি, স্থান নির্বাচন, কমিউনিটি মবিলাইজেশন, স্পেসিফিকেশন তৈরী, ইত্যাদি সম্পন্ন করতে কিছুটা দীর্ঘ সময়ের প্রয়োজন হওয়ায় প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের মেয়াদকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরো ০১(এক) বছর অর্থাৎ ৩০/০৬/২০১৩ পর্যন্ত বর্ধিত করা হয়।

৮। প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ প্রকল্পের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৯.০৫% এবং আর্থিক অগ্রগতি ৯৫.৩৮%।

৯। **সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ**

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২০০৯-২০১০ | ৫০০.০০ | ৫০০.০০ | - | ৫০০.০০ | ৪৫৭.৫৪ | ৫০০.০০ | - | ৪২.৪৬ |
| ২০১০-২০১১ | ১৩৫৬.০০ | ১৩৫৬.০০ | - | ১৩৫৬.০০ | ১৩১৩.৮২ | ১৩৫৬.০০ | - | ৪২.১৮ |
| ২০১১-২০১২ | ১০৭২.০০ | ১০৭২.০০ | - | ১০৭২.০০ | ১০৬৮.১৬ | ১০৭২.০০ | - | ৩.৮৪ |
| ২০১২-২০১৩ | ১১৩৫.০০ | ১১৩৫.০০ | - | ১১৩৫.০০ | ৯৫৪.৭১ | ১১৩৫.০০ | - | ১৮০.২৯ |
| সর্বমোট | ৪০৬৩.০০ | ৪০৬৩.০০ | - | ৪০৬৩.০০ | ৩৭৯৪.২৩ | ৪০৬৩.০০ | - | ২৬৮.৭৭ |

*এডিপি/আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের মধ্যে ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ সমর্পন করা হয়েছে।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ডিপিএইচই এর ০৩(তিন) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলির তারিখ |
|---|---|---|---|---|
| ১। মোঃ ইব্রাহীম<br>প্রকল্প পরিচালক | হ্যাঁ | না | ১৫/১১/২০০৯ | ২৯/১২/২০১০ |
| ১। মোঃ সাদেক হোসেন<br>প্রকল্প পরিচালক | হ্যাঁ | না | ২৯/১২/২০১০ | ১০/০১/২০১১ |
| ১। মোঃ সাখাওয়াত হোসেন<br>প্রকল্প পরিচালক | হ্যাঁ | না | ১০/০১/২০১১ | ৩০/০৬/২০১৩ |

১১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| জরুরী ভিত্তিতে উচ্চ আর্সেনিক আক্রান্ত এলাকায় আর্সেনিক নিরাপদ এবং লবনাক্ততা মুক্ত খাবার পানি সরবরাহ। | ডিপিপি এর সংস্থান অনুযায়ী প্রকল্প এলাকার সুবিধাভোগী জনগোষ্ঠীকে নিরাপদ খাবার পানি সরবরাহের জন্য ৬৫৯৫ টি বিভিন্ন ধরনের (গভীর/অগভীর নলকূপ, ডাগ ওয়েল, পিএসএফ, রেইন ওয়াটার হার্ভেস্টেং, ইত্যাদি) পানির উৎস স্থাপন করা হয়েছে। |
| নিরাপদ খাবার পানি সরবরাহ সেবা কভারেজ বৃদ্ধি। | প্রকল্প সমাপ্তির পর নিরাপদ খাবার পানি সরবরাহ সেবা কভারেজ বৃদ্ধি পেয়ে পানির উৎস প্রতি ১১৭ জন থেকে ১০৫ জন হয়েছে। |
| মানুষের নিজ নিরাপদ পানির স্থাপনা তৈরী করতে উপযুক্ত পানি সরবরাহ প্রযুক্তি প্রদর্শনী ও মটিভেশনের মাধ্যমে জনগণের মধ্যে ছড়িয়ে দেয়া। | বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন ছাড়াও পাইলট বেসিসে ২(দুই)টি ভিলেজ পাইপ ওয়াটার সিস্টেম, ৬(ছয়)টি কমিউনিটি বেইজড্ আর্সেনিক রিমুভাল ইফনিট এবং ১(এক)টি কমিউনিটি বেইজড্ রিভার্স অসমোসিস ইফনিট স্থাপন করা হয়েছে। জনগণকে এ প্রযুক্তি সম্পর্কে মটিভেট করা হয়েছে এবং তারা সেগুলি ব্যবহার করছে। |

১২। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৩। ক্রয় কার্যক্রম : PPA-2006 ও PPR-2004 অনুযায়ী দৈনিক সমাচার পত্রিকায় ২০/০৭/২০১২ তারিখে ও The Capital News –এ ২০/০৭/২০১২ তারিখে বিজ্ঞাপন প্রকাশিত হয়। এ ক্ষেত্রে প্রাপ্ত ৩টি দরপত্রই Responsive হয়। এর মধ্য হতে ১২,০২,৫৩৬.১০ টাকা দরে সর্বনিম্ন দরদাতা বিবেচিত হয়। যা প্রাক্কলিত মূল্য অপেক্ষা ৯.৮৩% বেশি। বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় দরপত্র বিজ্ঞাপন প্রকাশ করা হলে অধিক দরদাতা দরপত্রে অংশ গ্রহণের সম্ভাবনা থাকত এবং সেক্ষেত্রে দর আরও competitive হতে পারত।

১৪। **সরেজমিনে পরিদর্শন** :

১৪.১ বিনিয়োগ প্রকল্পটির যশোর জেলার সদর ও ঝিকরগাছায় বাস্তবায়িত কাজ ২৯/১০/২০১৪ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনের সময় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শন ও আলোচনার মাধ্যমে জানা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতায় নিরাপদ খাবার পানি সরবরাহের জন্য বিভিন্ন ধরনের (গভীর/অগভীর নলকূপ, ডাগ ওয়েল, রেইন ওয়াটার হার্ভেষ্টিং ইত্যাদি) পানির উৎস স্থাপন করা হয়েছে। এ বাবদ ডিপিপিতে ৩৩২৮.০০ লক্ষ টাকার সংস্থান ছিল এবং ব্যয় হয়েছে ৩১৮৯.২৯টাকা।

১৪.২ যশোর জেলার সদর উপজেলার কাইয়ুমখোলা গ্রামে আরসেনিক আয়রন রিমোভাল ইউনিটসহ ডিপ টিউব ওয়েল পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় ইউনিটসহ ডিপটিউবওয়েলের কার্য সম্পন্ন ও কার্যকর দেখা যায়। পরিদর্শনকালে প্লান্টে ব্যবহৃত পাথরের টুকরায় শেওলা পরিলক্ষিত হয়। এ থেকে প্রতীয়মান হয় যে, নিয়মিতভাবে প্লান্টে ব্যবহৃত মালামাল পরীক্ষা ও পরিবর্তন করা হয় না। এতে প্লান্টের কার্যকারিতা হ্রাস পাওয়ায় সম্ভাবনা রয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, প্রতি মাসে দুইজন শ্রমিক দ্বারা প্লান্টির পাথর পরিস্কার করা হয়। এ ছাড়া প্রতি ছয় মাস পর পর ব্যাক ওয়াস করা হয়। নিয়মিতভাবে প্লান্টের মালামাল পরীক্ষার ব্যাপারে সংস্থাকে আরো মনোযোগী হওয়ার পরামর্শ দেওয়া হয় যাতে প্লান্টগুলো সবসময় ব্যবহার উপযোগী থাকে এবং জনগণের পানির চাহিদা যোগায়।

১৪.৩ ঝিকরগাছা উপজেলার মাগুড়া গ্রামে আয়রন রিমোভাল ইউনিটসহ ডিপটিউবওয়েল পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে ইউনিটটির কার্যসম্পাদন ও কার্যকর দেখা যায়। তবে টিউবওয়েলগুলো লোকালয়ে স্থাপন করা উচিত ছিল যাতে অধিক সংখ্যক লোক সুপেয় পানির সুবিধা পেত। এ ছাড়া ডিপটিউবয়েল স্থাপনের নীতিমালা মেনে ১৫০ মিটার দুরে দুরে টিউবওয়েলগুলো স্থাপন করা উচিত ছিল। যাতে ভূ-গর্ভস্থ পানির স্তরের উপর বিরূপ প্রভাব না পড়ে। এ ব্যাপারে সংস্থা কর্তৃক ডিপটিউবওয়েল স্থাপনের নীতিমালা মেনে চলা উচিত।

১৪.৪ পরিদর্শন ও আলাপকালে আরো জানা যায় যে, ভূ-গর্ভস্থ পানির পরিমান ক্রমশ হ্রাস পাচ্ছে। এমন অবস্থা চলতে থাকলে ভবিষ্যতে নিরাপদ ভূ-গর্ভস্থ পানি পাওয়া বেশ দুষ্কর হয়ে পড়বে। এমতাবস্থায় ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের পরিবর্তে Rain Water havesting ও হাজামজা পুকুর খননের মাধ্যমে Surface Water ব্যবহারের উপর সর্বোচ্চ গুরুত্ব দেয়ার জন্য পরামর্শ দেওয়া হয়। এ ছাড়া স্থাপিত নলকূপ সমূহের উৎপাদন খাতে ধরে রাখা যায় সে জন্য নিয়মিত রক্ষনাবেক্ষনের উপর গুরুত্ব আরোপ করা হয়।

১৪.৫ পরিদর্শনকালে সরেজমিনে দেখা যায় যে, কোথাও কোথাও কূপ খননের জন্য স্থান নির্বাচন করতে অসুবিধা হয়েছে। এর কারণ জানতে চাইলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের হাইড্রো-জিওলোজিক্যাল অবস্থা দেশের অন্যান্য অঞ্চল থেকে আলাদা হওয়ায় সেখানে পানযোগ্য পানির স্ৰর পাওয়া কষ্টকর। পানযোগ্য পানির স্ৰর না পাওয়ার কারণে ৩৬ টি স্থানে বোরিং অসফল হয়েছে। প্রকল্পের মাধ্যমে Feasibility Study করার পরও বোরিং অসফল হওয়ার কারণ খতিয়ে দেখা দরকার যাতে ভবিষ্যতে কোন বোরিং অসফল না হয়। এ সব স্থানে পানির বিকল্প ব্যবস্থা করা যেতে পারে।

১৫ । **সুপারিশ** :

১৫.১ আলোচ্য প্রকল্পটির টাইম ওভার রান ৩৩%। ভবিষ্যতে মন্ত্রণালয়াধীন অন্যান্য প্রকল্প ডিজাইন ও বাস্তবায়নে এ প্রবনতা নিরুসাহিত করতে হবে। (অনু: ৪)

১৫.২ নিয়মিতভাবে প্লান্টে ব্যাবহৃত মালামাল পরীক্ষা ও পরিবর্তন করতে হবে যাতে প্লান্টের কার্যকারিতা হ্রাস না পায় (অনু: ১৪.২) ।

১৫.৩ ডিপটিউবওয়েলের স্থাপনের নীতিমালা মেনে টিউবওয়েল স্থাপন করতে হবে। (অনু: ১৪.৩)

১৫.৪ ভূ-গর্ভৃস্থ পানি ব্যবহারের পরিবর্তে অধিকহারে সারফেজ ওয়াটার ব্যবহারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। (অনু: ১৪.৪)

১৫.৫ প্রকল্পের মাধ্যমে Feasibility Study করার পরও রোরিং অসফল হওয়ার বিষয়টি সংস্থা খতিয়ে দেখতে পারে। (অনু: ১৪.৫)

১৫.৬ পানযোগ্য পানির স্ত্মর না পাওয়ার কারণে ৩৬ টি স্থানে বোরিং অসফল হয়েছে। এ সব স্থানে পানির বিকল্প ব্যবস্থা করা যেতে পারে। (অনু: ১৪.৫)

১৫.৭ প্রকল্পটি দ্রুত External Audit সম্পন্ন করার ব্যবস্থা নিবেন।

১৫.৮ সুপারিশ ১৫.১ থেকে ১৫.৭ পর্যন্ত বিষয়গুলি প্রতিপালনের অগ্রগতি আইএমই বিভাগকে জানাতে হবে।

**"ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-৬ এর আওতাধীন ওয়ার্ড নং-৪২ এবং মোহাম্মদপুর, আদাবর এলাকার রাস্তা, নর্দমা ও ফুটপাত এর উন্নয়ন" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**সমাপ্তঃ জুন,২০১৩**

০১। প্রকল্পের অবস্থান ঃ ঢাকা মহানগরী ওয়ার্ড-৪২ এবং মোহাম্মদপুর ও আদাবর এলাকা।

০২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ ঢাকা উত্তর সিটি করপোরেশন।

০৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

০৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্ত্মবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট টাকা প্রকল্প সাহায্য | সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রকল্প সাহায্য | মোট টাকা প্রকল্প সাহায্য | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১৫২৭৫.৩০<br>১২২১৮.৬৪<br>(৩০৫৬.৬৬) | ১৬৪৭৩.৫৮<br>১৩১৭৭.২৬<br>(৩২৯৬.৩২) | ১৬৪১০.৯৪<br>১৩১৭৩.২০<br>(৩২৩৭.৭৪) | জুলাই,২০১০ হতে জুন, ২০১২ | জুলাই,২০১০ হতে জুন, ২০১৩ | জুলাই,২০১০ হতে জুন, ২০১৩ | ১১৩৫.৬৪<br>(৭.৪৩%) | ১২ মাস |

০৫। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ঃ** প্রকল্পের অংগভিত্তিক ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির তথ্য নিম্নে প্রদান করা হলো (পিসিআর অনুসারে)ঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | বাস্তব/পরিমাণ | আর্থিক | বাস্তব/পরিমাণ (%) | আর্থিক (%) |
| **ক)** | **রাজস্বঃ** | | | | |
| ১. | স্টেশনারী ক্রয় | থোক | ১.০০ | থোক | ১.০০ |
| ২. | বিজ্ঞপ্তি | থোক | ১.০০ | থোক | ০.৭০ |
| ৩. | সম্মানী | থোক | ১.০০ | থোক | ০.৬৫ |
| **খ)** | **মুলধনঃ** | | | | |
| **১.** | রাস্তা উন্নয়ন: | | | | |
| ১.১ | বিটুমিনাস সড়ক | ৩২.১১২ কিঃমিঃ | ৩৫৪৯.৭২ | ৩১.৫৮৮ কিঃমিঃ | ৩৪১৮.৪৯ |
| ১.২ | সিসি সড়ক | ৫০.৮৫৩ কিঃমিঃ | ৫৮৪৩.১৮ | ৫১.২০১ কিঃমিঃ | ৫৮৯৫.৭০ |
| **২.** | ড্রেন উন্নয়নঃ | | | | |
| ২.১ | ১৩৭০ এমএম ব্যাস | ২.০৪২ কিঃমিঃ | ৪১৪.৫৯ | ২.০৭৯ কিঃমিঃ | ৪৬৫.২৩ |
| ২.২ | ১২০০ এমএম ব্যাস | ০.৬৬৪ কিঃমিঃ | ১৮১.৪৪ | ০.৬১১ কিঃমিঃ | ১৭৫.১০ |
| ২.৩ | ৯০০ এমএম ব্যাস | ৩০.৪১৯ কিঃমিঃ | ২৩৯৪.৩৫ | ২৯.৯০১ কিঃমিঃ | ২৩১০.৬২ |
| ২.৪ | ৭৫০ এমএম ব্যাস | ২৬.৬১২ কিঃমিঃ | ১৯০৪.৯৭ | ২৬.৩৫৪ কিঃমিঃ | ১৮৯৪.৫৫ |
| ২.৫ | ৬০০ এমএম ব্যাস | ১৮.৩১ কিঃমিঃ | ৯২৯.১৫ | ১৭.৭২৯ কিঃমিঃ | ৯৬৫.০১ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২.৬ | ৪৫০ এমএম ব্যাস | ৩.৮৪৮ কিঃমিঃ | ১১৮.৫৭ | ৩.৪২৯ কিঃমিঃ | ১০৮.৪০ |
| ২.৭ | খোলা নর্দমা | ১৩.৯৫১ কিঃমিঃ | ৪১৩.২১ | ১৩.৬২২ কিঃমিঃ | ৪০৩.০৯ |
| ২.৮ | ফুটপাত নির্মাণ | ১৫.৩১১ কিঃমিঃ | ৭২১.৪০ | ১৫.৯৯৭ কিঃমিঃ | ৭৭২.৪৭ |
| | সর্বমোট= | ১৯৪.০৯৯ কিঃমিঃ | ১৬৪৭৩.৫৮ | ১৯২.৫১১ কিঃমিঃ ৯৯.১৮% | ১৬৪১০.৯৪ ৯৯.৬২% |

- তথ্য সমূহঃ পিসিআর

০৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** পিসিআর মোতাবেক কোন কাজ অসমাপ্ত নেই।

০৭। **সাধারণ পর্যবেক্ষণ ঃ**

৭.১। **প্রকল্পের পটভূমি ঃ**

ঢাকা শহরের জনসংখ্যা দিন দিন বেড়েই চলেছে। কিন্তু সেই অনুপাতে ঢাকা শহরের রাস্তার পরিমাণ বাড়ছে না। একটি আদর্শ আধুনিক শহরের মোট এলাকার ২৫ শতাংশ রাস্তা থাকা আবশ্যক হলেও ঢাকা শহরের এর পরিমাণ মাত্র ৭ শতাংশ। ফলে রাস্তায় যানজট সৃষ্টি হয়। উল্লেখিত পরিস্থিতির প্রেক্ষিতে ঢাকা সিটি করপেরেশনের আওতাধীন অঞ্চল-৬ এর ওয়ার্ড নং-৪২ এবং মোহাম্মদপুর ও আদাবর এলাকায় রাস্তা, ড্রেন ও ফুটপাত নির্মাণের উদ্দেশ্যে আলোচ্য প্রকল্পটি হাতে নেয়া হয়েছে।

৭.২। **প্রকল্পের উদ্দেশ্য ঃ**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং ৪২ এবং মোহাম্মদপুর ও আদাবর এলাকায় অবকাঠামোগত উন্নয়নই প্রকল্পের মূল উদ্দেশ্য। সুনির্দিষ্ট উদ্দেশ্য হলোঃ

(ক) ওয়ার্ড নং-৪২ এবং মোহাম্মদপুর, আদাবর এলাকায় ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও নর্দমা নির্মাণ ;

(খ) যানবাহন চলাচলের সুযোগ বৃদ্ধি তথা এলাকায় যানজট নিরসন করা ;

(গ) ড্রেনেজ ব্যবস্থার দ্বারা এলাকার জলাবদ্ধতা দূরীকরণ ;

(ঘ) পথচারীদের জন্য হাটার পথ সুগম করা।

৭.৩। **প্রকল্পের অনুমোদন, অর্থায়ন ও সংশোধন ঃ**

মূল প্রকল্পটি মোট ১৫২৭৫.৩০ লক্ষ টাকা (জিওবি ১২২১৮.৬৪ লক্ষ টাকা এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল ৩০৫৬.৬৬ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১০ হতে জুন,২০১২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের বিভিন্ন অংগের হ্রাস/বৃদ্ধি করে প্রকল্পটি সংশোধন করা হয়। সংশোধিত প্রকল্পটি ১৬৪৭৩.৫৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ১৩১৭৭.২৬ লক্ষ টাকা এবং সংস্থার নিজস্ব তহবিল ৩২৯৬.৩২ লক্ষ টাকা) জুলাই,২০১০ হতে জুন,২০১৩ মেয়াদে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অনুমোদন করেন।

৭.৪। **প্রকল্পটির বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র নিম্নে প্রদান কর হলঃ**

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি অনুযায়ী বরাদ্দ | জিওবি অবমুক্ত | ব্যয় ও ক্রমপুঞ্জিত অগ্রগতি |
|---|---|---|---|
| | জিওবি | | জিওবি |
| ২০১০-২০১১ | ৩৫০০.০০ | ৩৫০০.০০ | ৩৫০০.০০ |
| ২০১১-২০১২ | ৩৬০০.০০ | ৩৬০০.০০ | ৩৬০০.০০ |
| ২০১২-২০১৩ | ৬০৭৫.০০ | ৬০৭৫.০০ | ৬০৭৩.২০ |
| সর্বমোট | ১৩১৭৫.০০ | ১৩১৭৫.০০ | ১৩১৭৩.২০ |

৭.৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ঃ**

প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত ২ জন প্রকল্প পরিচালক নির্দিষ্ট মেয়াদে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। নিচে প্রকল্প পরিচালকের তথ্য প্রদান করা হল ঃ


| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম, পদবী ও বেতন স্কেল | দায়িত্ব পালনের সময় | দায়িত্বের ধরণ (পূর্ণকালীন/খন্ডকালীন) |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মেজবাহুল করিম<br>নির্বাহী প্রকৌশলী, | ২৮/০১/২০১০ হতে ০৫/০৯/২০১২ | খন্ডকালীন |
| ২। | জনাব মোঃ শরীফ উদ্দিন<br>নির্বাহী প্রকৌশলী, মোবাঃ ০১৮২২৯৯৯৯৮৬ | ০৫/০৯/২০১২ হতে ৩০/০৬/২০১৩ | খন্ডকালীন |

০৮। **ক্রয় কার্যক্রম ঃ** মূল্যায়ন কার্যক্রমের অংশ হিসেবে পরিদর্শিত ০৪টি রাস্তার মধ্যে থেকে ``Development of south side Road of Agargaon Science Museum" শীর্ষক ০১টি ক্রয় কার্যক্রম পর্যবেৰণ করা হয়। আলোচ্য প্যাকেজের ক্রয় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসারে দরপত্র পদ্ধতিতে দৈনিক খবর ও দৈনিক ভোরের কাগজ পত্রিকায় যথাক্রমে ৩১/১১/২০১২ ও ৩০/১০/২০১২ইং তারিখে প্রকাশ করা হয়। মোট দরপত্র দলিল বিক্রয় হয় ০৬টি এবং মোট দাখিলীয় দরপত্রের সংখ্যা ০৩টি। ০৩টি দরপত্র রেসপনসিভ বিবেচিত হয়। ০৩ জনের মধ্যে থেকে সর্বনিম্ন দরদাতা (২১৯৬০২২৩.০০ টাকা, যা দাপ্তরিক প্রাক্কলন থেকে ৩২৯৫৩ টাকা কম) মের্সাস মোলস্নাহ এন্টারপ্রাইজকে Contract award দেওয়ার বিষয়ে মূল্যায়ন কমিটি সুপারিশ করে। এ বিভাগের প্রতিনিধির নিকট প্রতীয়মান হয়েছে যে, দৈনিক খবর বহুল প্রচারিত দৈনিক নয়। বহুল প্রচারিত দৈনিকে বিজ্ঞপ্তি প্রচার করা গেলে আর দরপত্র পাওয়া যেত। ফলে কার্যক্রমটি Competitive হত এবং আরও ভাল দরদাতা পাওয়া যেত।

০৯। **প্রকল্প পরিদর্শন ঃ** গত ১৩/০৯/২০১৪ তারিখে আইএমইডি কর্তৃক আলোচ্য প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের অংশ বিশেষ পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্য নিম্নে উপস্থাপন করা হলঃ

| ক্রমিক নং | প্যাকেজের নাম | ছবি |
|---|---|---|
| ৯.১। | বিজ্ঞান জাদুঘর হতে খানকা শরিফ হয়ে হোল্ডিং ৮০,১৪/২-৮/১ হয়ে জামে মসজিদ পর্যন্ত নর্দমা পূর্নবাসন ও রাস্তা উন্নয়ন ঃ<br><br>পরিদর্শনকালে দেখা যায় যে, আলোচ্য রাস্তাটির পাশ দিয়ে ওপেন সিসি ড্রেন করা হয়েছে এবং ড্রেনের উপর দিয়ে স্ল্যাব দেয়া হয়েছে। ড্রেনের স্স্ন্যাব মাঝে মাঝে ফেঁটে গেছে এবং স্স্ন্যাবগুলো উচু নিচু রয়েছে। স্স্ন্যাবগুলো উচু নিচু থাকায় জনগণের চলার অসুবিধা হচ্ছে। এতে প্রতীয়মান হয়েছে স্স্ন্যাবগুলো সঠিকভাবে নির্মাণ করা হয়নি। এছাড়া রাস্তার দুইপাশে আর্বজনা স্তুপাকারে জমে থাকায় রাস্তায় বৃষ্টির পানি জমে থাকে। পানি বিটুমিনাম রাস্তার জন্য ৰতিকর এবং এতে দ্রম্নত রাস্তাটি নষ্ট হয়ে যাবে। |  |

| | | |
|---|---|---|
| | |  |
| ৯.২ | **<u>ঢাকা উদ্যানের ২ ও ৯ নম্বর সিসি রাস্তা উন্নয়নঃ</u>** মোহাম্মদপুরে অবস্থিত ঢাকা উদ্যানের বস্নক-বি'র ২ ও ৯ নম্বর রাস্ৰা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, ঢাকা উদ্যানে রাস্ৰাগুলো উন্নয়ন করার ফলে জনগণের চলাচলের সুবিধা হয়েছে কিন্তু সিসি রাস্ৰাগুলো যথাযথভাবে নির্মিত না হওয়ায় এখনই বিভিন্ন জায়গায় ভেঙ্গে বসে গেছে। এ থেকে প্রতিয়মান হয় যে, রাস্ৰাগুলো যথাযথ পদ্ধতি অনুসরণ করে নির্মাণ করা হয়নি। এ প্রকল্পের কাজের ৰেত্রে ব্যবহৃত মেটেরিয়ালের মান যাচাই করার জন্য কোন পরীৰা করা হয়েছে কিনা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, কোন পরীৰা করা হয় নাই। |  |
| ৯.৩ | **<u>ঢাকা উদ্যানের মেইন রোডঃ</u>** পরিদর্শন ও আলোচনা হতে জানা যায় যে, ১০ ইঞ্চি ডবিস্নউ বিএম, ১.৫ ইঞ্চি লেবেল কোস ও ১.৫ ইঞ্চি এসফল্ট কারপেটিং ব্যবহার করে রাস্ৰাটি নির্মাণ করা হয়েছে। তবে রাস্ৰার শেষ মাথার দিকে অর্থাৎ বুড়িগঙ্গা নদীর দিকে বেশ বড় জায়গা নিয়ে দেবে গেছে। সংশিস্নষ্ট কর্তৃপৰ রাস্ৰার কিছু অংশ এখনই দেবে যাওয়ার বিষয়টি খতিয়ে দেখবে। তার পাশেই রাস্ৰাটি খুঁড়ে পরিবীৰণ করে দেখা যায় যে, ডবিস্নউবিএম, লেবেল কোর্স ও এসফল্ট কারপেটিং এর পুরম্নত্বের পরিমান ঠিক আছে। তবে পরিদর্শনে প্রতিয়মান হয়েছে যে, উক্ত রাস্ৰাটি মেরামতের সময় যথাযথভাবে কমপ্যাকশন করা হয়নি। রাস্ৰা নির্মানকালে কোন টেস্ট করা হয়নি মর্মে প্রকল্প কর্তৃপৰ কর্তৃক জানানো হয়। |  |

<table>
<tr>
<td>৯.৪।</td>
<td><u>মাহাবুব মোরশেদ সরণি (আগারগাঁও হতে শিশু মেলা পর্যন্ত)ঃ</u> আলোচ্য প্যাকেজের আওতায় ১.৫ ইঞ্চি লেবেল কোস ও ১.৫ ইঞ্চি এসফল্ট কার্পেটিং ব্যবহার করে রাস্ত্মাটির উন্নয়ন করা হয়েছে। এছাড়া দুই পাশ দিয়ে সিসি টাইলস্ ব্যবহার করে ফুটপাত উন্নয়ন করা হয়েছে। টাইলস্ ব্যবহার করে ফুটপাত উন্নয়নের ফলে জনগণের হাঁটাচলার সুবিধা হয়েছে। তবে রাস্ত্মার কয়েকটি স্থানে টাইলস্যের কোণাগুলোতে ভাঙ্গা দেখা যায়। এছাড়া ফুটপাতের টাইলস্গুলো উঁচু নিচু রয়েছে। এর ফলে ফুটপাতে স্থাপিত টাইলস্গুলোর স্থায়িত্ব হ্রাস পাচ্ছে ও চলাচলের সময় হোচঁট খেয়ে জনগণের আহত হওয়ার সম্ভবনা রয়েছে।</td>
<td><br></td>
</tr>
</table>

১০। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ</u>**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং ৪২ এবং মোহাম্মদপুর ও আদাবর এলাকায় অবকাঠামোগত উন্নয়নই প্রকল্পের মূল উদ্দেশ্য। সুনির্দিষ্ট উদ্দেশ্য হলোঃ<br>(ক) ওয়ার্ড নং-৪২ এবং মোহাম্মদপুর, আদাবর এলাকায় ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও নর্দমা নির্মাণ ;<br>(খ) যানবাহন চলাচলের সুযোগ বৃদ্ধি, তথা এলাকায় যানজট নিরসন করা;<br>(গ) ড্রেনেজ ব্যবস্থার দ্বারা এলাকা ও রাস্তায় জলাবদ্ধতা দূরীকরন ;<br>(ঘ) পথচারীদের জন্য হাটার পথ সুগম করা। | পরিদর্শিত কাজের উপর ভিত্তি করে বলা যায় যে, প্রকল্পের আওতায় প্রস্ত্মাবিত এ্যাপ্রোচ সড়ক, সংযোগ সড়ক উন্নয়ন কাজ করার ফলে সংশিস্নষ্ট এলাকার জনগণ সুবিধা পাচ্ছে। তবে পরিদর্শন, সমস্যা ও সুপারিশ অংশে এ বিভাগের বিস্ত্মারিত মতামত তুলে ধরা হয়েছে। |

১১। **<u>উদ্দেশ্য পুরাপুরি অর্জিত না হলে তার কারনঃ</u>** সমস্যা ও সুপারিশ অংশের আলোচনার উপর ভিত্তি করে বলা যায় যে, উন্নয়ন কাজের গুগতমান (সমস্যা অংশে উলিস্নখিত) যথাযথ না হওয়ায় প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি।

১২। **<u>সমস্যাঃ</u>**

১২.১। "বিজ্ঞান জাদুঘর হতে খানকা শরিফ হয়ে হোল্ডিং ৮০,১৪/২-৮/১ হয়ে জামে মসজিদ পর্যন্ত্ম নর্দমা পুর্নবাসন ও রাস্ত্মা উন্নয়ন" কাজের অংশ হিসেবে নির্মিত সিসি ওপেন ড্রেন এর স্স্ন্যাব অসমান রয়েছে ও মাঝে মাঝে দেবে গেছে; যা থেকে প্রতীয়মান হয়েছে কাজটি মানসম্মত হয়নি। তাছাড়া নির্মিত রাস্ত্মার দুই পাশে পানি জমে থাকায় বিটুমিনাস রাস্ত্মা অতিদ্রম্নত নষ্ট হয়ে যাবে;

১২.২। ঢাকা উদ্যানের ২ ও ৯ নম্বর রাস্ৰা সিসি দ্বারা উন্নয়ন করা হয়েছে। কিন্তু পরিদর্শনে প্রতীয়মান হয়েছে যে সিসি দ্বারা নির্মিত রাস্ৰার কিছু জায়গায় সিসি'র কাজ ভেঙ্গে বসে গেছে। এতে প্রকল্প গ্রহণের উদ্দেশ্য ব্যহত হয়েছে;

১২.৩। ঢাকা উদ্যানের মেইন রোড এর শেষের দিকে অর্থ্যাৎ বুড়িগঙ্গা নদীর দিকে বিটুমিনাস নির্মিত রাস্ৰার একটি অংশ দেবে গেছে। প্রকল্প সমাপ্তির ০১ বছরের মধ্যে নির্মিত রাস্ৰা নষ্ট হয়ে যাওয়ায় প্রকল্প গ্রহণের উদ্দেশ্যকে ব্যাহত করেছে;

১২.৪। ফুটপাতে টাইস্ল স্থাপনের পূর্বে যথাযথ কমপ্যাকশন না করায় টাইস্ল উঁচু নিচু রয়েছে; যা ফুটপাতের স্থায়িত্বকে হ্রাস করছে।

১৩। **<u>সুপারিশ ঃ</u>**

১৩.১। ''বিজ্ঞান জাদুঘর হতে খানকা শরিফ হয়ে হোল্ডিং ৮০,১৪/২-৮/১ হয়ে জামে মসজিদ পর্যন্ৰ নর্দমা পুর্নবাসন ও রাস্ৰা উন্নয়ন'' শীর্ষক রাস্ৰায় নির্মিত ওপেন ড্রেন এর স্স্ন্যাব অসমান ও মাঝে মাঝে ভেঙ্গে যাওয়ার কারণ সংশিস্নষ্ট মন্ত্রণালয়/বিভাগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সকল বিটুমিনাস রাস্ৰার পানি দ্রম্নত নিস্কাশনের ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ ১২.১);

১৩.২। ঢাকা উদ্যানের ২ ও ৯ নম্বর রাস্ৰায় সিসি দ্বারা উন্নয়নকৃত রাস্ৰার কিছু জায়গায় ভেঙ্গে যাওয়ার বিষয়টি খতিয়ে দেখে মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১২.২);

১৩.৩। ঢাকা উদ্যানের মেইন রোডের শেষের দিকে অর্থ্যাৎ বুড়িগঙ্গা নদীর দিকে বিটুমিনাস রাস্ৰার একটি অংশ প্রকল্প সমাপ্তির ০১ বছরের মধ্যে নষ্ট হয়ে যাওয়ার বিষয়টি খতিয়ে দেখে মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১২.৩);

১৩.৪। ফুটপাতে ব্যবহৃত টাইলস্ উঁচু নিচু থাকার বিষয়টি মন্ত্রণালয়/বিভাগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে (অনুচ্ছেদ ১২.৪);

১৩.৫। অনুচ্ছেদ ১৩.১ থেকে ১৩.৪ এ উলিস্নখিত সুপারিশের আলোকে সংশিস্নষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিত করতে হবে।

**"সায়েদাবাদ পানি শোধনাগার (ফেজ-২) (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের**
**সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**(সমাপ্ত ঃ জুন/২০১৩ইং)**

১। **প্রকল্পের অবস্থান** ঃ ঢাকা মহানগর ।
২। **বাস্তবায়নকারী সংস্থা** ঃ ঢাকা ওয়াসা ।
৩। **প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ** ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়/স্থানীয় সরকার বিভাগ।
৪। **প্রকল্পের মেয়াদকাল** ঃ জুলাই/২০০৭ খ্রিঃ- জুন/২০১৩ খ্রিঃ।
৫। **প্রকল্পের ব্যয়** ঃ ৮২৯৮৮.০০ লক্ষ টাকা ( মূল)
১১৩৯৯১.০০ লক্ষ টাকা (সর্বশেষ সংশোধিত)
১০৯০৩৪.১৬ লক্ষ টাকা (প্রকৃত ব্যয়)

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন/ ২০১৩ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮২৯৮৮.০০ | ১১৩৯৯১.০০ | ১০৯০৩৪.১৬ | জুলাই/২০০৭ খ্রিঃ হতে জুন/ ২০১৩ খ্রিঃ | জুলাই/২০০৭ খ্রিঃ হতে জুন/ ২০১৩ খ্রিঃ | জুলাই/২০০৭ খ্রিঃ হতে জুন/ ২০১৩ খ্রিঃ | ০.০০% | ০.০০% |

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| Items of Work (as per DPP) | Unit | Target (as per DPP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. |
| Pay of officers and staff | Nos. | 184.00 | 23 | 180.00 | 23 |
| Pay of establishment | | - | | - | |
| Allownces | Nos. | 26.40 | 23 | 26.40 | 23 |
| Telephone | | 2.00 | | 1.70 | |
| Fuel for transport Vehicles | | 15.00 | | 13.50 | |
| Stationaries | | 5.00 | | 4.70 | |
| Supplies and Services (Consultancy Services) total MM164.75, F=68.75 & Local=96 | M.M | 2099.35 | 144 | 2018.50 | 144 |
| Honarium for PEC/TEC/Steering Committee/PIC/TC etc. | | 6.11 | | 6.11 | |
| Photocopiers & Copies | | 6.00 | | 5.13 | |
| Computer accessories | | 2.00 | | 1.20 | |
| **Sub total revenue component** | | **2345.86** | | **2257.24** | |

| Items of Work (as per DPP) | Unit | Target (as per DPP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. |
| Acquisition of assets | | - | | - | |
| Machinery and equipment | | - | | - | |
| a. Transport Vehicles 4 nrs. (purchased 02 from pragati industries & 02 hire basis) | Nos. | 120.05 | 4 | 120.05 | 4 |
| b. Motor cycle 125 cc (10 nrs.) | Nos. | 0.00 | 10 | 0.00 | |
| Computer, office Equipment & furniture | Nos. | 5.00 | 4 | 1.29 | |
| elaectric transformer (2 nrs. each 1600 KVA & 2 nrs. each 200 KVA) | Nos. | 0.00 | | 0.00 | |
| land acquisition/purchase & development of landed properties of assets | | - | | - | |
| land acquisition | | - | | - | |
| land development (326000$m^3$) | $m^3$ | 691.01 | 1 | 691.01 | 1 |
| construction works | | - | | - | |
| saidabad water treatment plant (1nrs., 225 mld capacity) | no. | 84031.00 | 1 | 83527.61 | 1 |
| transmission pipe lines | km | 9469.00 | 10.3 | 9469.00 | 10.3 |
| road cutting charge | km | 642.40 | 10.3 | 642.40 | 10.3 |
| official residence for O&M personnel (4000 sft) 1 floor vertical extension | nos | 70.00 | 2 | 68.40 | 2 |
| electrification of WTP to be paid to PDB/DESA/DPDC for cable line installation etc./gas connection for generator etc. | | 300.00 | | 200.91 | |
| investment in shares and equities | | - | | - | |
| development import duty & VAT etc. | | 14975.00 | | 11986.75 | |
| miscellaneous capital expenditure | | 150.00 | | 69.50 | |
| sub total (capital component) | | 110453.46 | | 106776.92 | |
| physical contingency (%) | | 680.00 | | 0.00 | |
| price contingency (%) GoB portion | | 511.68 | | 0.00 | |
| grand total | | 113991.00 | | 109034.16 | |

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** পিসিআর মোতাবেক প্রকল্পটির কোন কাজ অসমাপ্ত নেই ।

৮। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৮.১। **পটভূমি** ঃ ঢাকা ওয়াসা প্রতিদিন ১৬৫০ এমএলডি পানি সরবরাহ করে যা দিয়ে নগরীর ৭৫% জনগনের চাহিদা পূরণ করা যায়।বর্তমানে ঢাকায় পানির চাহিদা ও প্রাপ্তির ব্যবধান দৈনিক ৫৫০ মিলিয়ন লিটার, ২০১০ সাল নাগাদ যা ১০০০ এমএলডি-তে দাঁড়াবে বলে আশংকা করা হচ্ছে। বিদ্যমান চাহিদার মধ্যে মাত্র ২৫৭ এমএলডি ভূ-উপরিস্থ পানির উৎস হতে সংগ্রহ করা হয়। এর মধ্যে সায়েদাবাদ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট হতে ২২৫ এমএলডি পানি পাওয়া যায়। শীতলক্ষ্যা নদীর পানি ব্যবহার করে বিশ্বব্যাংক ও ফরাসী সরকারের আর্থিক সহায়তায় প্রকল্পটির প্রথম পর্ব বাস্তবায়িত হয়। সেপ্টেম্বর, ২০১১ এ ড্যানিডা ও সিডার pre-appraisal mission বাংলাদেশ সফর করে ঢাকা শহরের ক্রমবর্ধমান পানির চাহিদা মেটানোর জন্য সায়েদাবাদে নতুন ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে ঢাকার জন্য আরও ২২৫ এমএলডি পানি সরবরাহের সুপারিশ করে। অক্টোবর, ২০০৪ এ ড্যানিডার নিজস্ব appraisal মিশন ড্যানিডার "mixed credit programme for developing countries" –এর আওতায় প্রকল্পের জন্য আর্থিক সহায়তার সুপারিশ করে এবং কিছু শর্তসাপেক্ষে ড্যানিডা প্রকল্পটি অনুমোদন করে (জুন, ২০০৫)। পরবর্তীতে ঢাকা ওয়াসা, স্থানীয় সরকার বিভাগ ও ড্যানিডার মধ্যে উক্ত শর্তসমূহের ব্যাপারে আলোচনাক্রমে প্রকল্পের উপর ডিপিপি প্রণয়নের সিদ্ধান্ত হয়।

৮.২। **উদ্দেশ্য** ঃ প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো ঢাকা মহানগরীতে ২২৫ এমএলডি নিরাপদ পানি সরবরাহ করা।

**৮.৩। প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ প্রকল্পটি গত ৩০.০১.২০০৮ তারিখে ৮২৯৮৮.০০ লক্ষ (জিওবি ১৯৫৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৬৩৪৩৮.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। অতঃপর গত ০৭.০৩.২০১০ তারিখে ১১৩৯৯১.০০ লক্ষ (জিওবি ৩৬৬২৮.৬৫ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৭৭৩৬২.৩৫ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধন প্রস্তাব অনুমোদিত হয়।

৯। **প্রকল্পের আওতায় সম্পাদিত মূল মূল অংগের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষন** : প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান মূল অংগের বাস্তবায়ন অগ্রগতি ছিল নিম্নরূপঃ

**(ক) সায়েদাবাদ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট** : পিসিআর মোতাবেক অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী ১ টি প্ল্যান্ট নির্মাণের লক্ষ্যে ৮৪০৩১.০০ লক্ষ টাকা ব্যয় করার সংস্থান ছিল। সে মোতাবেক ১ টি ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ করা হয়েছে এবং এ খাতে ব্যয় হয়েছে ৮৩৫২৭.৬১ লক্ষ টাকা।

(খ) **ট্রান্সমিশন পাইপ লাইন স্থাপনঃ** পিসিআর মোতাবেক অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী ১০.৩ কিমি পাইপ লাইন স্থাপনের সংস্থান ছিল এবং এ খাতে ব্যয় ধরা হয়েছিল ৯৪৬৯.০০ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তিতে দেখা গিয়েছে যে, ১০.৩ কিমি পাইপ লাইন স্থাপনের জন্য ৯৪৬৯.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(গ) Electrification of WTP to be paid to PDB/DESA/DPDC for cable line installation etc./gas connection for generator etc. **:** অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী এ কাজের জন্য ৩০০.০০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান ছিল। সেমতে এ খাতে ব্যয় হয়েছে ২০০.৯১ লক্ষ টাকা।

(ঘ) **ভূমি উন্নয়ন :** অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী ভূমি উন্নয়নের জন্য ৩২৬০০০ ঘ: মি: সংস্থান ছিল এবং এ খাতে ব্যয় ধরা ছিল ৬৯১.০১ লক্ষ টাকা। সংস্থান মতে, ৩২৬০০০ঘঃ মিঃ ভূমি উন্নয়নের এ খাতে ব্যয় হয় ৬৯১.০১ লক্ষ টাকা।

(ঙ) **রাস্তা কাটার ক্ষতিপুরন :** অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী ১০ কি: মি: রাস্তা কাটার জন্য ক্ষতিপূরনের সংস্থান ছিল এবং এ খাতে ব্যয় ধরা ছিল ৬৪২.৪০ লক্ষ টাকা। প্রকৃতপক্ষে ১০ কি: মি: রাস্তা কাটার জন্য ব্যয় হয়েছে ৬৪২.৪০ লক্ষ টাকা।

১০। **সমাপ্ত কাজ পরিদর্শনঃ** আইএমইডি কর্তৃক প্রকল্পের সমাপ্ত কাজ গত ০৩.০৪.২০১৫ তারিখে পরিদর্শন করা হয়।

পরিদর্শনকালে প্রকল্প কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ :

(ক) **আইএমইডি** কর্তৃক পরিদর্শনকালে ট্রিটমেন্ট প্ল্যান্টটির জন্য সারুলিয়াতে নির্মিত ইন্টেক পয়েন্ট দেখা হয়। ইনটেক পয়েন্টটি শীতলক্ষ্যা নদীতে হওয়াতে এ সময় পানি হতে প্রচুর দুর্গন্ধ পাওয়া গেছে। এ ছাড়া এখানকার পানি দেখতে কালো বর্ণের। ইনটেক পয়েন্টের ঠিক পাশেই পলিথিনসহ বেশ কিছু solid waste এর স্তুপ দেখা গেছে। এ প্রসঙ্গে পাম্প অপারেটর জানান যে, আশপাশের মানুষেরা ময়লা ফেলে থাকে। এ সময় Raw Water Pumping Station এ সায়েদাবাদ পানি শোধনগার (ফেজ-২) প্রকল্পের আওতায় স্থাপিত ৩টি মোটর পাম্প দেখা হয়। নিম্নে মোটর পাম্প এর ১টি ছবি দেয়া হলোঃ



ছবিঃ সায়েদাবাদ পানি শোধনাগার (ফেজ-২) প্রকল্পের আওতায় ইন্টেক পয়েন্টে স্থাপিত মোটর পাম্প।

পরিদর্শনকালে ৬ কি:মি: দৈর্ঘ্য বিশিষ্ট ডিএন্ডডি খাল দেখা হয়। এ খাল হয়ে Raw Water ট্রিটমেন্ট প্ল্যান্টে যায়। পরিদর্শনকালে খালের চারিদিকে নির্মিত প্রতিরক্ষা দেয়ালের কোথাও কোথাও ভাঙ্গা দেখা গেছে। দেয়ালের ভাঙ্গা অংশ দিয়ে খালের পাড়ে ও পানিতে বর্জ্য পড়ে থাকতে দেখা গেছে। এছাড়া ইনটেক পয়েন্ট হতে প্রবাহিত পানি টুইন বক্স মাধ্যমে কালভার্টের খালের যে অংশে পতিত হচ্ছে। সেখানে নির্মিত সিকিউরিটি গেটটা ভাঙ্গা এবং এ অংশ পরিদর্শনকালে এই পানিতে বাচ্চাসহ অনেককে গোসল করতে দেখা গেছে। পরিদর্শনকালে Pre water treatment plant-এ মিটিউর স্থাপনের মাধ্যমে পানির অ্যামোনিয়ামের মাত্রা হ্রাস করার বিষয়টি দেখা হয়। বিষয়টি সম্পর্কে নির্বাহী প্রকৌশলী জানান যে, এ প্রক্রিয়াতে পানিতে প্লাষ্টিকের তৈরি মিটিউর স্থাপন করে তা ব্যাক্টেরিয়ার বসবাসের যোগ্য করে তোলা হয়। এটির ভিতর ব্যাক্টেরিয়াগুলো বংশবিস্তার করে থাকে এবং এরা খাদ্য হিসেবে অ্যামোনিয়াকে গ্রহণ করে থাকে। ব্যাক্টেরিয়ার সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে blower মেশিন দিয়ে বাতাসের মাধ্যমে অক্সিজেন সরবরাহের বিষয়টি এ সময় দেখা হয়। তিনি বলেন যে, এই পর্যায়ে পানি শোধন হতে বেশ সময় ব্যয় হয়।



ছবিঃ শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত ইন্টেক পয়েন্ট।

খ) পরিদর্শনকালে dividing chamber এ পানির গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে ব্যবহৃত কেমিক্যাল কক্ষ দেখা হয়। কেমিক্যাল মিশ্রণের ক্ষেত্রে অ্যালুমিনিয়াম সালফেট ও লাইম ব্যবহৃত হতে দেখা গেছে। এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী জানান যে, পানিতে অ্যামোনিয়ামের মাত্রা বিবেচনা করে কোন কোন সময় পলিমার মিশ্রণ ব্যবহার করা হয়ে থাকে। এই সময় এ কাজে নিয়োজিত শ্রমিকদের কাজ করার সময় করতে পায়ে প্লাস্টিকের বুট, হাতে গ্লাভস ও মুখে মাস্ক পরিহিত অবস্থায় দেখা গেছে। এখানে উল্লেখ্য যে, পুরো প্ল্যান্টটির পানি শোধন পক্রিয়াগুলো SCADA দ্বারা পরিচালিত হয়ে থাকে।



ছবিঃ SCADA Control Room.

গ) পরিদর্শনকালে প্ল্যান্টটি রান করানোর জন্য বিদ্যুৎ শক্তি হিসেবে ব্যবহৃত Generator Room পরিদর্শন করা হয়। এ সময় Generator কে শীতল করার কাজে ব্যবহৃত Generator Cooler ও দেখা গিয়েছে। পরিদর্শনকালীন বিদ্যুতের ভোল্টেজ ছিল ১০ কেভি। কিন্তু এটি হওয়ার কথা ছিল ১১ কেভি। এ বিষয়ে জানতে চাওয়া নির্বাহী প্রকৌশলী বলেন যে, প্রকল্পটি প্রণয়ন করার সময় তাঁরা ধারণা করেছিলেন যে, DPDC স্থাপিত ট্রান্সফরমারের মাধ্যমে প্ল্যান্টটি পরিচালনা করার মতো বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। কিন্তু কোন কোন সময় এই ভোল্টেজের পরিমান ৯.২ কেভিতে গিয়ে দাঁড়ায়। তিনি আরও জানান যে, এর ফলে প্ল্যান্টটির পানি উৎপাদন ক্ষমতা হ্রাস পাওয়া ছাড়াও স্থাপিত ইকুইপমেন্টসমূহের কার্যক্ষমতা ও কার্যকাল নষ্ট হওয়ার সম্ভাবনা থেকে যায়। প্ল্যান্টটি চালু হবার পর থেকে এই পর্যন্ত স্থাপিত ইকুইপমেন্টের কোন ক্ষতি হয়েছে কিনা জানতে চাওয়া হলে নির্বাহী প্রকৌশলী ও প্রকল্পের O & M এর QHSE Manager হতে জানা যায় যে, এ পর্যন্ত এ রকম অপ্রীতিকর কোন ঘটনা ঘটে নি। উল্লেখ্য যে, বর্তমানে প্ল্যান্টটি ৩১ জানুয়ারি/২০১৩ হতে ৩০ জানু/২০১৬ পর্যন্ত মেয়াদকালের জন্য Degremont কোম্পানীর নিজস্ব লোকবল দ্বারা অপারেশন ও মেইন্টেনেন্স কাজ পরিচালিত হচ্ছে। এবং এ খাতের ব্যয় বহন করছে ঢাকা ওয়াসা।


ছবিঃ Generator Room.

ঘ) প্রসংগক্রমে প্ল্যান্টটির ওএন্ডএম মেয়াদকাল সমাপ্তির পর এটির অপারেট সম্পর্কিত বিষয়ে জানতে চাওয়া হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জানান যে, ঢাকা ওয়াসার নিজস্ব জনবল দ্বারা প্ল্যান্টটি পরিচালনা করা হবে। এ সম্পর্কে QHSE Manager বলেন যে, degremont এর নিজস্ব জনবল দ্বারা পরিচালিত ওএন্ডএম মেয়াদকালে এই পর্যন্ত (আইএমইডি কর্তৃক পরিদর্শনের তারিখ পর্যন্ত) তাদের কার্যাবলী পর্যবেক্ষণ ও তা বাস্তবিক ভাবে শেখার জন্য ঢাকা ওয়াসার কোন টিম আসেনি।

১১। **<u>ক্রয় পক্রিয়াঃ</u>** সমাপ্ত প্রকল্পের কাজ পরিদর্শনকালে কিছু প্যাকেজের ক্রয় প্রক্রিয়া পর্যবেক্ষণ করা হয় ; যার মধ্যে "saidabad water treatment plant-2, contract 002" এর প্যাকেজের পিপিআর অনুসরনের প্রক্রিয়া দেখা হয়। এই ১ টি কাজের জন্য প্রাক্কলিত ব্যয় ধরা ছিল ৯৩৫০০.০০ (লক্ষ টাকা) (ভ্যাট ও আইটিসহ); যা সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয়ের ৮২% । এ কাজটি করার জন্য তাারিখ : (For prequalification) গত ২৩.১০.২০০৮ খ্রিঃ prequalification এর জন্য দরপত্র আহবান করা হয়; এবং গত ১৮.০৫.২০০৭ তারিখে দরপত্র আহবান করে পত্রিকায় (The Independent, The Daily Star, দৈনিক জনকন্ঠ) বিজ্ঞাপন দেয়া হয়। দরপত্র আহবানের অনুকূলে ২ টি দরপত্র বিক্রির বিপরীতে ২ টি দরপত্র জমা পড়ে। এরই ধারাবাহিকতায় গত ২৪.১১.২০০৮ তারিখে দরপত্র খোলা হয় ২ টি দরপত্রকে রেস্পন্সিভ করা হয়। অতঃপর গত ২২.০১.২০০৯ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক MT Hojgaard ও degremont কে যৌথভাবে কাজটির অনুকূলে নির্বাচিত করা হয়। গত ১৪.০১.২০১০ তারিখে ক্রয় সংক্রান্ত মন্ত্রী সভা কর্তৃক চুক্তি অনুমোদিত হয় এবং ২৩.০৫.২০১০ তারিখে কার্যাদেশকৃত ৮৪২৩৬.০০ (লক্ষ টাকা) (ভ্যাট ও আইটিবাদে) দরে কার্যাদেশ জারি করা হয়। কার্যাদেশের বিপরীতে ৯২৯৯৬.৬১ (লক্ষ টাকা) (ভ্যাট আইটিসহ) পরিশোধ করা হয়। উল্লেখ্য যে, প্রকল্পের আওতায় নির্ধারিত সকল ক্রয় কার্যক্রম ডানিডা কর্তৃক প্রনীত গাইড মোতাবেক সম্পাদিত হয়েছে। ডানিডা কর্তৃক প্রনীত লোন চুক্তি মোতাবেক ডেনমার্কের প্রতিষ্ঠানকে কার্য প্রদানের শর্ত ছিল। এবং ইন্টারন্যাশনাল টেন্ডার মোতাবেক শুধু ড্যানিশ কোম্পানি ক্রয় প্রক্রিয়া অংশ গ্রহন করেছে।

১২। **<u>প্রকল্পের সার্বিক অগ্রগতি (পিসিআর অনুযায়ী)</u>** ঃ প্রকল্পের শুরু হতে জুন/২০১৩ ইং পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১০৯০৩৪.১৬ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৫% এবং বাস্তব অগ্রগতি ১০০% । প্রকল্পের বছরভিত্তিক ডিপিপি/আরডিপিপি লক্ষ্যমাত্রা, সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

**(লক্ষ টাকা)**

| অর্থবছর | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্ত (টাকা) | ব্যয় |
|---|---|---|---|---|
| ২০০৭-০৮ | | ৭৫৫.০০ | ৭৫০.০০ | ৬৯১.০১ |
| ২০০৮-০৯ | ৭২১.০৯ | ১১২.০০ | ১২.০০ | ৩০.০৮ |
| ২০০৯-১০ | ১৭০১৯.১২ | ৩৫০০.০০ | ১০০৮.০০ | ১৭০১৯.১২ |
| ২০১০-১১ | ১৬৮৫৪.৩৩ | ৩৩০৬৪.০০ | ৯০০০.০০ | ১৬৮৫৪.৩৩ |
| ২০১১-১২ | ৫৩১৮৬.৬২ | ৩৮৫০০.০০ | ৯৯৫০.৫০ | ৫৩১৮৬.৬২ |
| ২০১২-১৩ | ২৬২০৯.৮৪ | ৩৮০৯৩.০০ | ১৪১০৯.৭৫ | ২১২৫৩.০০ |
| | ১১৩৯৯১.০০ | ১১৪০২৪.০০ | ৩৪৮২২.২৫ | ১০৯০৩৪.১৬ |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ১১৩৯৯১.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১০৯০৩৪.১৬ লক্ষ

টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত অর্থের পরিমান ১০৯০৩৪.১৬ লক্ষ টাকা। এতে দেখা যায় যে, প্রকল্প সমাপ্ত শেষে অব্যয়িত অর্থ ৪৯৫৬.৮৪ লক্ষ টাকা। অব্যয়িত এই অর্থ ছাড় করা হয়েছিল কিনা অথবা ছাড় করা হয়ে থাকলে তা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে কিনা-তা পিসিআর-এর মাধ্যমে নিশ্চিত হওয়া যায়নি।

১৩।**প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ঢাকা ওয়াসার ১ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| মোঃ সিরাজউদ্দিন,<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক<br>(২৫৭৫০-১০০০-৩৩৭৫০/=) | হ্যাঁ | - | ০১.০৭.২০০৭ | প্রকল্প সমাপ্তি পর্যন্ত |

১৪| **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| শহরবাসীদের জন্য দৈনিক অতিরিক্ত ২২৫ এমএলডি নিরাপদ পানি সরবরাহ করা। | শহরবাসীদের জন্য দৈনিক অতিরিক্ত ২২৫ এমএলডি নিরাপদ পানি সরবরাহ করা হচ্ছে। |

১৫। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ প্রকল্পের আওতায় সকল কাজ সম্পন্ন করা হয়েছে|

১৬। **প্রকল্প বাস্তবায়নে সমস্যা** ঃ

১৬.১। **প্রকল্পের আওতায় স্থাপিত water treatment plant টি রক্ষণাবেক্ষন ও মেরামতের জন্য প্রশিক্ষণের সংস্থান/ব্যবস্থা না রাখাঃ** প্রকল্পটি সমাপ্ত পরবর্তী অপারেশন ও মেইন্টেনেন্স এর জন্য ডিপিপিতে কোন প্রশিক্ষণের সংস্থান রাখা হয়নি। ফলে দক্ষ জনবলের অভাবে প্ল্যান্টটি সঠিকভাবে অপারেশনে জটিলতার সৃষ্টি হতে পারে মর্মে প্রতীয়মান হয়।

১৬.২। **ইন্টেক পয়েন্টটি যথাযথ স্থানে স্থাপন না করাঃ** ইন্টেক পয়েন্টটি শীতলক্ষ্যা নদী হওয়াতে এখানকার পানির মান অত্যন্ত নিম্নমানের। পরিদর্শনকালে পানি হতে প্রচুর দুর্গন্ধ পাওয়া গেছে। এবং এটি দেখতে কালো বর্ণের। শুষ্ক মৌসুমে এই পানির মান আরও খারাপ হয়ে যায়। ফলে এই পানি শোধন করা ব্যয়বহুল ও সময় সাপেক্ষ হয়ে দাঁড়ায়।

১৬.৩ **প্রকল্পের আওতায় নির্মিত প্ল্যান্ট পরিচালনার ক্ষেত্রে ভোল্টেজ লেবেলকে স্থিতিশীল না করা :** প্রকল্পের আওতায় স্থাপিত সরবরাহকৃত বিদ্যুতের ভোল্টেজ ১১ কেভি হবার কথা থাকলেও বাস্তবে এই ভোল্টেজ সরবরাহের মাত্রা ১১ কেভির এর কম। কম হবার ফলে প্ল্যান্টটির পানি উৎপাদন ক্ষমতা হ্রাস পাওয়া ছাড়াও স্থাপিত ইকুইপমেন্টসমূহের কার্যক্ষমতা ও কার্যকাল হ্রাস পাওয়ার সম্ভাবনা থেকে যায়।

১৭। **সুপারিশ** :

১৭.১। প্রকল্পের সিডি ভ্যাট খাতে অব্যয়িত ১৫,৭০,০০,৪১১.০৬ টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

১৭.২। এ ধরনের প্ল্যান্ট পরিচালনার জন্য নিজস্ব জনবলদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.৩। বর্তমানে সরবরাহকৃত বিদ্যুতের nominal voltage ১১ কেভি-এর কম থাকার কারণে প্ল্যান্টটির পানি পরিশোধন ক্ষমতা হ্রাস হওয়া ছাড়াও স্থাপিত ইকুইপমেন্টসমূহের কার্যক্ষমতা ও কার্যকাল হ্রাস পাওয়ার আশংকা থেকে যায়। এ কারণে বিদ্যুতের ভোল্টেজ লেবেলকে স্থিতিশীল করার জন্য বাস্তবায়নকারী সংস্থাকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.৪। সিকিউরিটি গেটসহ প্রতিরক্ষা দেয়ালের ভাঙ্গা অংশগুলো মেরামতপূর্বক খালের পাড়ের ময়লা-আবর্জনাসমূহ অপসারণসহ নিরপত্তা ব্যবস্থা আরো জোরদার করতে হবে।

১৭.৫। পানির গুণগতমান নিশ্চিতকল্পে ঢাকা ওয়াসা প্রতিনিয়ত পানির নমুনা সংগ্রহ করে তা ল্যাবে পরীক্ষার মাধ্যমে প্রাপ্ত ফলাফল সংরক্ষণ করবে।

১৭.৬। পিসিআর মোতাবেক, ২০০৮-০৯ অর্থবছরের External Audit সম্পাদন করতে হবে এবং কোনরূপ অডিট আপত্তি থাকলে তা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

১৭.৭। অনুচ্ছেদ নং ১৭.১ হতে ১৭.৬ পর্যন্ত সুপারিশসমূহের বিপরীতে গৃহীত পদক্ষেপ অতি সত্বর এই বিভাগকে অবহিত করতে হবে।

## "দ্বিতীয় গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আরআইআইডিপি-২)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

## (সমাপ্তঃ জুন,২০১৩)

১। প্রকল্পের অবস্থান ঃ ঢাকা বিভাগঃ ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, নরসিংদী, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, কিশোরগঞ্জ

চট্টগ্রাম বিভাগঃ কুমিল্লা, বি-বাড়ীয়া, চাঁদপুর,

রাজশাহী বিভাগঃ রংপুর, গাইবান্ধা, দিনাজপুর, ঠাকুরগাঁও, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড় ও কুড়িগ্রাম।

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর(এলজিইডি)

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন'২০১৩ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের (%) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের (%) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মুল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৭৩৭৫০.০০ | ১৫৩৬৮৮.২৬ | ১৫০৮৮১.৩১ | জুলাই'২০০৬ হতে জুন'২০১১ইং | জুলাই'২০০৬ হতে জুন'২০১৩ ইং | জুলাই'২০০৬ হতে জুন'২০১৩ইং | - | ৪০% |

দাতা সংস্থা- KFW (Grant), ADB (loan), DFID (Grant), GIZ (Grant) ও GoB

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন'২০১৩ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | কর্মকর্তাদের বেতন | - | | ১৪৯৮.৮৬ | - | ১৪৯৪.৮১(৯৯.৭৩%) |
| ২। | কর্মচারীদের বেতন | - | | ১২৩৩.৮৭ | - | ১২৩২.৫৯(৯৯.৯০%) |
| ৩। | ভাতাদি | - | | ২০৫৮.৩১ | - | ২০২৭.৭৫(৯৮.৫২%) |
| ৪। | সরবরাহ ও সেবা | - | | ৩৯৩৫.২৪ | - | ৩৯১১.৫৪(৯৯.৪০%) |
| ৫। | প্রশিক্ষণ | জনদিবস | ৬৮৩৪২ | ৩৪৭৪.৯৪ | ৬৮৩৪২(১০০%) | ৩৩৯১.১২(৯৭.৫৯%) |
| ৬। | **পরামর্শক ঃ** | | | | | |
| | (ক) ডিএসএম কনসালট্যান্ট | জনমাস | ২৯৮২ | ৪৫৯০.৪৪ | ২৯৮২(১০০%) | ৪৫৪৬.৯৭(৯৯.০৫%) |
| | (খ) এলজিআই কনসালট্যান্ট (জিআইজেড) | জনমাস | ৯৮০ | ৩৪৫৬.৮২ | ৯৮০(১০০%) | ৩৪৫৬.৮২(১০০%) |
| | (গ) আইএস কনসালট্যান্ট | জনমাস | ১৮০০ | ৪৩২.৯৯ | ১৮০০(১০০%) | ৪২২.৮২(৯৭.৬৫%) |
| | (ঘ) পারফরমেন্স কনসালট্যান্ট | - | | ৩৫৯.০৯ | - | ৩৫৯.০৯(১০০%) |
| | (ঙ) বিএমএসএন্ড ফাইনাল স্ট্যাডি | - | | ১৬৫.৭২ | | ১৫৪.১৫(৯৩.০১%) |
| ৭। | মেরামত, সংরক্ষণ ও পুর্নবাসন | - | - | ৮২৬.৪৭ | | ৭৬৩.৬৮(৯২.৪০%) |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন'২০১৩ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৮। | **সম্পদ সংগ্রহ/ক্রয় ঃ** | | | | | |
| | (ক) যানবাহন | সংখ্যা | ৩৩১ | ৯২৫.৫০ | ৩৩১(১০০%) | ৯২৫.৫০(১০০%) |
| | (খ) যন্ত্রপাতি ও অন্যান্য যন্ত্রাংশ | সংখ্যা | ২৪৬ | ১৭৪০.২৮ | ২৪৬(১০০%) | ১৭৪০.২৮(১০০%) |
| | (গ) কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ | সংখ্যা | ২৬৮ | ১৭৩.৫২ | ২৬৮(১০০%) | ১৭৩.৫২(১০০%) |
| | (ঘ) অফিস যন্ত্রপাতি | সংখ্যা | ৫২ | ৯৬.৪০ | ৫২(১০০%) | ৯৬.৪০(১০০%) |
| | (ঙ) আসবাবপত্র | সংখ্যা | ১৮২ | ১৫৬.৬৯ | ১৮২(১০০%) | ১৫৬.৬৯(১০০%) |
| | (চ) বৃক্ষরোপণ | কিঃমিঃ | ৩০০ | ১৫০.০০ | ২৬১.১৮(৮৭.০৬%) | ১১২.৪৪(৭৪.৯৬%) |
| ৮। | জমি অধিগ্রহন/পুর্নবাসন | হেক্টর | ১১.৬৫ | ৪৩৪.৭৩ | ১১.৬৫(১০০%) | ৩২৪.২১(৭৪.৫৮%) |
| ৯। | **ভৌত কাজসমূহঃ** | | | | | |
| | (ক) ফাংশনাল বিল্ডিং নির্মাণ | বঃমিটার | ১২৮২৮ | ১৯৪০.০০ | ১২৮২৮(১০০%) | ১৯৩৫.৬৮(৯৯.৭৮%) |
| | (খ) উপজেলা সড়ক উন্নয়ন | কিঃমিঃ | ৮৭৪ | ৬৯৯৪৫.৬২ | ৮৭২.১২(৯৯.৭৮%) | ৬৯৫৯৫.০১(৯৯.৫০%) |
| | (গ) ইউনিয়ন সড়ক উন্নয়ন | কিঃমিঃ | ৩৯৮ | ২৩৩৬৬.৪৮ | ৩৯৭.৭৮(১০০%) | ২২৮০২.৩৮(৯৭.৫৮%) |
| | (ঘ) উপজেলা/ইউনিয়ন সড়কের উপর ব্রীজ/কালভার্ট | মিটার | ৫৩৩৫ | ১৭৪২১.৪৯ | ৫৩৩৫(১০০%) | ১৬৮১৭.৯৬(৯৬.৫৪%) |
| | (ঙ) সাবমার্জিবল রাস্তা উন্নয়ন | কিঃমিঃ | ৪৮ | ৪৫৮১.৫০ | ৪৬.১১(৯৬.০৬%) | ৪৩১৫.৯৮(৯৪.২০%) |
| | (চ) গ্রামীণ সড়ক পুনঃনির্মাণ (Resectioning) | কিঃমিঃ | ১০৫ | ৫২৪.০০ | ১০৫ (১০০%) | ৪৯৪.৩৪(৯৪.৩৪%) |
| | (ছ) গ্রামীণ সড়কে ব্রীজ/কালভার্ট নির্মাণ | মিটার | ৯১ | ২৪৪.০০ | ৮৭ (৯৫.৬০%) | ১৯৩.৮৩(৭৯.৪৪%) |
| | (ঝ) উপজেলা সদর গ্রোথ সেন্টার মার্কেট উন্নয়ন | টি | ৪ | ২২০.০০ | ৪ (১০০%) | ১৮৩.৬৭(৮৩.৪৯%) |
| | (ঞ) অন্যান্য গ্রোথ সেন্টার মার্কেট উন্নয়ন | টি | ৩৪ | ১৬৩০.০০ | ৩৪ (১০০%) | ১৫৯৯.৮৬(৯৮.১৫%) |
| | (ট) গ্রামীণ হাট/বাজার উন্নয়ন | টি | ৫২ | ১৯৭০.০০ | ৫২ (১০০%) | ১৯৫৮.৪৮(৯৯.৪২%) |
| | (ঠ) ঘাট/জেটি নির্মাণ | টি | ২ | ৮৭.০০ | ২ (১০০%) | ৮৪.৭১(৯৭.৩৭%) |
| | (ড) ইউনিয়ন পরিষদ নির্মাণ | টি | ৫৫ | ৩৯০০.২৫ | ৫৫ (১০০%) | ৩৮৫৩.১২(৯৮.৭৯%) |
| | (ঢ) গ্রোথ সেন্টার মার্কেট মহিলা সেকশন নির্মাণ | টি | ৪০ | ৬১১.০০ | ৪০ (১০০%) | ৫৯৬.৩৭(৯৭.৬১%) |
| | (ণ) বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | টি | ২ | ১৩০.০০ | ২ (১০০%) | ১৩০.০০(১০০%) |
| | (ত) সড়ক নিরাপত্তা উন্নয়ন | - | | ২০৭.০০ | - | ২০৭.০০(১০০%) |
| ১০। | সিডি-ভ্যাট | - | | ১১৯৬.০০ | - | ১০২২.৫৮(৮৫.৫০%) |
| ১১। | ফিজিক্যাল কন্টিজেন্সী | - | | ৪.০০ | - | ০.০০ |
| | **সর্বমোট ঃ** | | | **১৫৩৬৮৮.২৬** | | **১৫০৮৮১.৩১ (৯৮.১৭%)** |

(তথ্য সূত্র ঃ পিসিআর)

৬। <u>কাজ অসমাপ্ত থাকলে তার কারণ</u> ঃ সমাপ্ত প্রকল্পের প্রেরিত পিসিআর মোতাবেক কোন কাজ অসমাপ্ত নাই।

৭। <u>সাধারণ পর্যবেক্ষণ ঃ</u>

৭.১। <u>পটভূমিঃ</u> বিশ্বখাদ্য কর্মসূচী ও বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে প্রণীত বাংলাদেশের "দারিদ্র প্রোফাইল" মোতাবেক মাঝারী থেকে চরম দরিদ্র এলাকাসমূহের সড়ক ও গ্রামীণ অবকাঠামোসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর উন্নয়নের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ২০০৪ সালের জুলাই মাসে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব উদ্যোগে একটি সম্ভাব্যতা যাচাই করা হয়। বাস্তবায়নের সুবিধার্থে সমীক্ষাকৃত এলাকাকে দু'টি অঞ্চলে ভাগ করতঃ দু'টি প্রকল্প প্রস্তাব প্রনয়ণ করা হয়। প্রথম অংশটি পূর্বাঞ্চলীয় দরিদ্র এলাকার জন্য "বাংলাদেশের পূর্বাঞ্চলীয় এলাকার অবকাঠামো উন্নয়ন প্রকল্প" এবং অপরটি মধ্য ও উত্তরাঞ্চলের জন্য ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিভাগের মোট ২৩টি জেলা নিয়ে "দ্বিতীয় গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প" শিরোনামে প্রকল্প প্রস্তাব করা হয়েছিল। প্রকল্পভুক্ত জেলাগুলো নির্বাচনে মুলতঃ তিনটি

বিষয়কে প্রাধান্য দেয়া হয় যথা (১) দারিদ্র সীমা; (২) সড়কসহ অন্যান্য গ্রামীণ অবকাঠামোর উন্নয়ন পশ্চাদপদতা এবং (৩) স্থানীয় সরকার পরিচালনা পদ্ধতির (লোকাল গভার্ন্যান্স) শক্তিশালীকরণের প্রয়োজনীয়তা।

৭.২। **উদ্দেশ্য ঃ** প্রকল্পটির মূল উদ্দেশ্য নিম্নরূপঃ

ক) গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করে পল্লী অর্থনীতি দ্রুত বিকাশে সহায়তা করা।

খ) অবকাঠামো নির্মান ও রক্ষণাবেক্ষণ কাজের মাধ্যমে দুঃস্থ মহিলাসহ গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য সরাসরি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং কৃষি ও অকৃষি খাতে স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র দুরীকরণে সহায়তা করা।

গ) অংশগ্রহণমূলক প্রক্রিয়া ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে স্থানীয় পর্যায়ে সু-শাসন প্রতিষ্ঠায় সহায়তা করা।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ** মূল প্রকল্পটি গত ১২.০৭.২০০৬ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক মোট ১৭৩৭৫০.০০ লক্ষ টাকা এবং সংশোধিত ১৫৩৬৮৮.২৬ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৩ পর্যন্ত মেয়াদে অনুমোদিত হয়।

৮। **প্রকল্পের আওতায় সম্পাদিত মুল কাজের অগ্রগতিঃ**

আলোচ্য প্রকল্পটি ১৫০৮৮১.৩১ লৰ টকা ব্যয়ে ২৩টি জেলায় বাস্ৰবায়িত হয়। প্রকল্প পরিচালক কর্তৃক সরবরাহকৃত প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কাজের অগ্রগতির বিবরণ :

| | |
|---|---|
| (ক) | **যানবাহন ক্রয় খাতঃ** প্রকৃত যানবাহন ক্রয়/সংগ্রহ অনুযায়ী বিশেষ সংশোধিত ডিপিপিতে মাইক্রোবাস ১(এক)টি, পিক-আপ ১৫(পনেরো)টি, জীপ গাড়ী ১৫ (পনেরো)টি এবং মোটরসাইকেল ৩০০(তিনশত)টিসহ মোট ৩৩১টি যানবাহনের সংস্থান, যার প্রকৃত মোট ব্যয় ৯৫০.৫০ লৰ টাকা নিরূপণযোগ্য ছিল। |
| (খ) | **ভৌত খাত:** ভৌত খাত সমূহ উন্নয়নে বিশেষ সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত অর্থ বরাদ্দের বিপরীতে প্রকৃত উন্নয়ন ও ব্যয় নিম্নরূপ প্রদত্ত হলো ঃ- |
| (১) | ফাংশনাল বিল্ডিংয়ে ১২,৮২৮ বর্গমিটারের জন্য ১৯৪০.০০ লৰ টাকার সংস্থান ছিল, যার মধ্যে ১৯৩৫.৬৮ লৰ টাকা ব্যয় হয়েছে, |
| (২) | উপজেলা সড়ক উন্নয়নে ৮৭৪ কিলোমিটারের সংস্থান ছিল, যার মধ্যে ৮৭২.১২ কিলোমিটার উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ৬৯,৯৪৫.৬২ লৰ টাকা, যার প্রকৃত ব্যয় হয়েছে ৬৯,৫৯৫.০১ লৰ টাকা, |
| (৩) | ইউনিয়ন সড়ক উন্নয়নে ৩৯৮ কিলোমিটারের সংস্থান ছিল, যার মধ্যে ৩৯৭.৭৮২ কিলোমিটার উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ২৩,৩৬৬.৪৮ লৰ টাকা, যার প্রকৃত ব্যয় হয়েছে ২২,৮০২.৩৮ লৰ টাকা, |
| (৪) | উপজেলা/ইউনিয়ন সড়কের উপর ব্রীজ/কালভার্ট উন্নয়নে ৫৩৩৫ মিটারের সংস্থান ছিল, যা ৫৩৩৫ মিটারই উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ১৭,৪২১.৪৯ লৰ টাকা, যার প্রকৃত ব্যয় হয়েছে ১৬,৮১৭.৯৬ লৰ টাকা, |
| (৫) | সাব-মার্জিবল সড়ক উন্নয়নে ৪৮.০০ কিলোমিটারের সংস্থান ছিল, যা ৪৬.১১ কিলোমিটার উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ৪,৫৮১.৫০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ৪,৩১৫.৯৮ লৰ টাকা, |
| (৬) | গ্রামীণ সড়ক পুনঃনির্মাণে ১০৫ কিলোমিটারের সংস্থান ছিল, যা ১০৫.৯৬ কিলোমিটার উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ৫২৪.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ৪৯৪.৩৪ লৰ টাকা, |
| (৭) | গ্রামীণ সড়কের উপর ব্রীজ/কালভাট নির্মাণ ৯১ মিটারের সংস্থান ছিল, যা ৮৭.০০ মিটার নির্মাণ করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ২৪৪.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ১৯৩.৮৩ লৰ টাকা, |
| (৮) | উপজেলা পর্যায়ে গ্রোথ সেন্টার উন্নয়নে ৪টির সংস্থান ছিল এবং উক্ত ৪টিই উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ২২০.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ১৮৩.৬৭ লৰ টাকা, |

| | |
|---|---|
| (৯) | অন্যান্য গ্রোথ সেন্টার উন্নয়নে ৩৪টির সংস্থান ছিল এবং উক্ত ৩৪টিই উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ১,৬৩০.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ১,৫৯৯.৮৬ লৰ টাকা, |
| (১০) | গ্রামীণ হাট-বাজার উন্নয়নে ৫২টির সংস্থান ছিল এবং উক্ত ৫২টিই উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ১,৯৭০.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ১,৯৫৮.৪৮ লৰ টাকা, |
| (১১) | জেটি/ঘাট উন্নয়নে ২টির সংস্থান ছিল এবং উক্ত ২টিই উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ৮৭.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ৮৪.৭১ লৰ টাকা, |
| (১২) | ইউনিয়ন পরিষদ কমপেস্নক্স উন্নয়নে ৫৫টির সংস্থান ছিল এবং উক্ত ৫৫টিই উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ৩,৯০০.২৫ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ৩,৮৫৩.১২ লৰ টাকা, |
| (১৩) | মহিলা মার্কেট কর্ণার উন্নয়নে ৪০টির সংস্থান ছিল এবং উক্ত ৪০টিই উন্নয়ন করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ৬১১.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ৫৯৬.৩৭ লৰ টাকা এবং |
| (১৪) | বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণে ২টির সংস্থান ছিল এবং উক্ত ২টিই নির্মাণ করা হয়েছে এবং উক্ত খাতে ব্যয় ধরা ছিল ১৩০.০০ লৰ টাকা, যা প্রকৃত ব্যয় হয়েছে ১৩০.০০ লৰ টাকা; |
| (গ) | **পরামর্শকঃ** প্রকল্পটি বৈদেশিক সাহায্যপুষ্ঠ বিধায় ৫ ধরণের পরামর্শক (Local Government Institution পরামর্শক, Design and Supervision Consultant, পরামর্শক, Institutional Support পরামর্শক, Performance Audit ও Benchmark Survey ও Final Study) পরামর্শক ফার্ম নিয়োজিত ছিল। সংশোধিত ডিপিপিতে পরামর্শকের জন্য ৯০.৮৫ কোটি টাকা বরাদ্দ ছিল এবং ব্যয় হয়েছে ৮৯.৩৪০ কোটি টাকা (৯৮%)। মোট প্রকল্প ব্যয় প্রায় ৬% অর্থ পরামর্শক কাজে ব্যয় হয়। |

৯। প্রকল্প পরিদর্শনঃ

৯.১। **মানিকগঞ্জ জেলার কার্যক্রম:**

গত ১২-৩-২০১৫ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় মানিকগঞ্জ জেলায় বাস্তবায়িত কাজের অংশ বিশেষ পরিদর্শন করা হয়। "সিংগাইর-সুয়াপুর গ্রোথ সেন্টার ভায়া কংসা" শীর্ষক রাস্তাটি গত ২০১১-১২ অর্থবছরে নির্মাণ সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়। রাস্তাটি ১৫০ মিঃমিঃ WBM, ২৫ মিলি. মি কার্পেটিং ও ৭ মিলি. মি সিলকোর্ট সমন্বয়ে প্রায় ১৯ ফুট প্রশস্থ রাস্ৰাটি নির্মাণ করা হয়েছে মর্মে জানা গেছে। পর্যবেক্ষণে দেখা গেছে, উক্ত রাস্তায় ডিজাইন টাইপ-৬ অনুসারে সোল্ডার (কম পৰে ৩ ফুট +৩ ফুট করে) ও স্লোপিং (১ঃ১.৫) না রাখায় মাঝে মাঝে রাস্তা দেবে গেছে, Edge Failare ও রেইনকাট এর সৃষ্টি হয়েছে (চিত্র-১- চিত্র-৪)। প্রকল্প কর্তৃপৰ জানান যে, এলজিইডি রাস্ৰা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ করে না। চলমান রাস্ৰায় প্রাপ্যতার ভিত্তিতে রাস্ৰা নির্মাণ করে । তাছাড়া চিত্র-৩ তে দেখা যায় যে, WBM, কার্পেটিং ও সিলকোর্ট উঠে গেছে। ঐ স্থানের ব্রীক চিপস রং দেখে প্রতীয়মান হয়েছে যে, নিম্ন মানের ইট থেকে চিপস প্রস্তুত কর হয়েছে। চিত্র-৪ তে দেখা যায় যে, কার্পেটিং ও সিলকোর্ট নির্মাণে ব্যবহৃত স্টোন চিপস এর গ্রেডিং সঠিক মাপের নেই মর্মে প্রতিয়মান হয়েছে। উল্লেখ্য যে, কার্পেটিং নির্মাণে ২০ ডাউন গ্রেড স্টোন চিপস ব্যবহার করার কথা। সঠিক মাপের স্টোন চিপস ব্যবহার না করায় রাস্তার সারফেস রাফ হয়ে গেছে।



চিত্র-১ “সিংগাইর-সুয়াপুর গ্রোথ সেন্টার ভায়া কংসা” রাস্তা



চিত্র-২“সিংগাইর-সুয়াপুর গ্রোথ সেন্টার ভায়া কংসা” রাস্তা পর্যবেৰণ করা হয়।



চিত্র-৩ “সিংগাইর-সুয়াপুর গ্রোথ সেন্টার ভায়া কংসা” রাস্তার ৰতিগ্রস্থ অংশ



চিত্র-৪ “সিংগাইর-সুয়াপুর গ্রোথ সেন্টার ভায়া কংসা” রাস্তার ৰতিগ্রস্থ অংশ

৯.২। সিংগাইর -শুয়াপুরেরর ২+১৫০ কিঃমিঃ চেইনেজে ধলেশ্বরী নদীর উপর ১৪০ মিঃ দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ করা হয়েছে। ব্রীজটিতে স্প্যানের সংখ্যা ০৭টি, প্রত্যেক স্প্যানের দৈর্ঘ্য ২০ মিঃ। ২৫ মিঃ দৈর্ঘ্য বিশিষ্ট ৭৬টি পাইল নির্মাণ করা হয়েছে। মোট পিয়ারের এর সংখ্যা ৬টি এবং ০২টি এ্যাবাটমেন্ট নির্মাণ করা হয়েছে। ব্রীজটি শুয়াপুর গ্রোথ সেন্টারকে সিংগাইর উপজেলা সদর এর সাথে সংযুক্ত করেছে। চিত্র-৫ তে ব্রীজটির ০১টি ছবি দেখা যাচ্ছে। পরিদর্শনকালে ব্রীজটির উইং ওয়াল ৰতিগ্রস্থ পরিলৰিত হয়। প্রকল্প কর্তৃপৰ জানান যে, ব্রীজের ঠিক পাশের সড়কে ট্রাক চলাচলের সময় উইং ওয়ালটি ৰতিগ্রস্থ হয়েছে। এছাড়া ব্রীজটিতে নিরাপত্তা ব্যবস্থা হিসেবে রোড রিফ্লেকটিং ব্যবহার করা হয়নি।



চিত্র-৫ সিংগাইর -শুয়াপুরের ২+১৫০ কিঃমিঃ চেইনেজে ধলেশ্বরী নদীর উপর নির্মিত ১৪০ মিঃ দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ

৯.৩। **ব্রাহ্মণবাড়ীয়া জেলার কার্যক্রম:** দ্বিতীয় গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলায় মোট ৩৫টি প্যাকেজের কাজ সম্পদিত হয়েছে। এ বিভাগের প্রতিনিধি কর্তৃক ''সরাইল-আওরাইল হাট রোড উন্নয়ন'' শীর্ষক রাস্তাটি পরিদর্শন করা হয়েছে। রাস্তাটি আওরাইল বাজারকে সরাইল উপজেলা সদর এর সাথে সংযুক্ত করেছে। উল্লেখ্য রাস্তাটি উপজেলার সদরের সাথে যোগাযোগের একমাত্র মাধ্যম। রাস্তাটি হাওরের ভিতর দিয়ে যাওয়ায় ঝুকিপূর্ণ। পরিদর্শনে দেখা যায় যে, উপজেলা সদরের সরাইল বাজারের নিকট নির্মিত বিটুমিনাস রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। বৃষ্টির পানি ও বাজারের কাদায় যোগাযোগ ব্যবস্থাকে নাজুক করে তুলেছে। রাস্তার দুই পাশে ড্রেন নেই। বৃষ্টি ও বাজারে পানি নিষ্কাশনের কোন বাবস্থা না থাকায় বিটুমিনাস রাস্তাটির কিছু কিছু জায়গা থেকে কার্পেটিং ও সিলকোর্ট উঠে গিয়ে রাস্তাটিতে চলাচলের অযোগ্য হয়ে গেছে। উল্লেখ্য, এসকল রাস্তার কাজ বিভিন্ন প্যাকেজে ২০১১ ও ২০১২ সালে সম্পন্ন হয়েছে।

৯.৩.১। এছাড়া, নতুন নির্মিত ৫.৮৩৭ কিঃমিঃ রাস্তাটি হাওরের ভিতর দিয়ে যাওয়ায় জিও টেক্সটাইল ও সি সি ব্লকের মাধ্যমে রক্ষাপ্রদ কাজ করা হয়েছে ( চিত্র-৬ হতে চিত্র-১০)। প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন যে, বর্ষা মৌসুমে তীব্র ঢেউ এর সৃষ্টি হওয়ায় এমনটি হয়েছে। উল্লেখ্য, এসকল রাস্তার কাজ বিভিন্ন প্যাকেজে ২০১১ ও ২০১২ সালে সম্পন্ন হয়েছে। সড়কের রক্ষাপ্রদ হিসেবে ব্যবহৃত জিও টেক্সটাইল ও সি সি ব্লক কিছু কিছু জায়গা থেকে উঠে গেছে এবং সে স্থানে রাজস্ব বাজেটের আওতায় সেগুলো মেরামত করা হচ্ছে (চিত্র-৮)। মাত্র ২ বছরের মধ্যে এমন গুরুত্বপূর্ণ রাস্তাটির রক্ষাপ্রদ ক্ষতিগ্রস্থ হলে যোগাযোগ ব্যবস্থার কাঙ্খিত উন্নয়ন সম্ভব হবে না। এছাড়া রাস্তার কিছু কিছু অংশ দেবে যাওয়া, রেইনকাট, pot hole, Edge failure দেখা গেছে। ফলে এ বিভাগের প্রতিনিধির নিকট প্রতীয়মান হয়েছে যে, রাস্তাটির স্লোপ যথাযথভাবে কমপ্যাকশন না করা, ত্রুটিপূর্ণ জিও টেক্সটাইল ও সি সি ব্লক স্থাপন, সঠিকভাবে জিও টেক্সটাইল ও সি সি ব্লক ব্যবহার না করার ফলে রাস্তাটির রক্ষাপ্রদ ক্ষতিগ্রস্থ হয়েছে।



চিত্র-৬ ''সরাইল-আওরাইল হাট রোড উন্নয়ন'' রাস্তা



চিত্র-৭ ''সরাইল-আওরাইল হাট রোড উন্নয়ন'' রাস্তার রৰাপ্রদ কাজ



চিত্র-৮ ''সরাইল-আওরাইল হাট রোড উন্নয়ন'' রাস্তার রৰাপ্রদ কাজ



চিত্র-৯ ''সরাইল-আওরাইল হাট রোড উন্নয়ন'' রাস্তার রৰাপ্রদ কাজ



চিত্র-১০ ''সরাইল-আওরাইল হাট রোড উন্নয়ন'' রাস্তার রৰাপ্রদ কাজ

৯.৪। **রংপুর জেলার কার্যক্রম:**

প্রকল্পের আওতায় সমাপ্ত কাজ পরিদর্শনে রংপুর জেলার কার্যক্রম সরেজমিনে দেখা হয়। রংপুর জেলায় পীরগঞ্জ উপজেলায় শানেরহাট হতে রহমতপুর ১২.৬৬ কিলোমিটার রাস্তা উন্নয়ন করা হয়। একই উপজেলায় শানেরহাট ইউপি কমপেস্নক্স এবং শানেরহাট গ্রোথ সেন্টার নির্মাণ করা হয়। প্রকল্পের আওতায় মিঠাপুকুর উপজেলা সংলগ্ন ৮টি দোকানের সমন্বয় একটি মহিলা মার্কেট নির্মাণ করা হয়। মহিলারা ক্ষুদ্র ব্যবসা (কাপড়ের দোকান, পার্লার, টেইলারিং) পরিচালনা করছে। দোকান বরাদ্দপ্রাপ্ত ২জন মহিলার সাথে আলোচনায় জানা যায় যে, পুরুষদের সাথে দোকান পরিচালনায় কোন অসুবিধা নেই। মহিলা মার্কেটটি টিন সেডের যা ছাদ হলে ভাল হতো। তাছাড়া বারান্দার কার্নিশ মাত্র ২ হাত, বৃষ্টি হলে পানি ভিতরে চলে আসে; তাই কার্নিশ ৩ হাত হলে ভাল হতো। রংপুর সদর উপজেলায় মমিনপুর ইউপি কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে এবং কোন ত্রুটি নেই বলে ইউনিয়ন সচিব জানান। মমিনপুরে একটি মহিলা মার্কেট ৮টি দোকানের সমন্বয়ে নির্মান করা হয়েছে, যা ৮জন মহিলার নামে বরাদ্দ থাকলেও কোন মহিলা দোকান পরিচালনা করে না। তাদের পুরুষ আত্মীয়-স্বজন (স্বামী/ভাই/বাবা) দোকান চালায়। স্থানীয় বাজার কমিটির সভাপতি জানান যে, মহিলাদের দোকান চালানোর মত পরিবেশ এখানে নেই। এ স্থানে মহিলা মার্কেট নির্মাণ না করাই যৌক্তিক হতো বলে প্রতীয়মান। মমিনপুর ইউনিয়নে কেরানীহাট ভায়া ডুগডুগিরহাট (গিনিবাড়ী মোড়) রাস্তার ১২.৯৯ কিলোমিটার কাজ করা হয় এবং একই রাস্তায় ইরিগেশন ক্যানেলের উপর ৪৫ মিটার একটি ব্রীজ নির্মাণ করা হয়। ব্রীজের কাছে পুকুর দ্বারা রাস্তার কিছু অংশ ক্ষতিগ্রস্থ হয়েছে যা ২/১ দিনের মধ্যে ঠিক করে দিবেন বলে নির্বাহী প্রকৌশলী জানান।

১০। <u>প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ</u> পিসিআর মোতাবেক প্রকল্পের শুরম্ন **জুলাই, ২০০৬** হতে জুন, ২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট **১৫০৮৮১.৩১ (৯৮.১৭%)** লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ৯৯%।

১১। <u>প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ</u>

| অর্থবছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | জিওবি | প্রঃ সাঃ | মোট | টাকা | প্রঃ সাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০০৬-০৭ | ১৭৫০.০০ | ২৫০.০০ | ১৫০০.০০ | ১৯৭.২৭ | ৩৪১৮.৩৮ | ৪৬২.২৭ | ১৯৭.২৭ | ২৬৫.০০ | |
| ২০০৭-০৮ | ৬৩৩৫.০০ | ২১৩৫.০০ | ৪২০০.০০ | ১৩১৮.৫১ | ২৭৬৫.৫৭ | ৪২৫৯.০৩ | ১১৯৫.০৯ | ৩০৬৩.৯৪ | |
| ২০০৮-০৯ | ২২০০০.০০ | ৭০০০.০০ | ১৫০০০.০০ | ৬৯০০.৮৪ | ৪৬০৭.১২ | ১২৭৮৩.১৪ | ৬৯০০.৮৪ | ৫৮৮২.৩০ | |
| ২০০৯-১০ | ৩৭৩০০.০০ | ৮৯০০.০০ | ২৮৪০০.০০ | ৮৭৮৬.৫৩ | ২৪১৫৩.৮৯ | ৩০৫৭৫.২৭ | ৮৭৮৬.৫৩ | ২১৭৮৮.৭৪ | |
| ২০১০-১১ | ৩৫০০০.০০ | ১০০০০.০০ | ২৫০০০.০০ | ৯৯৭২.৯২ | ২৩২৬৮.৭০ | ৩৪৫৭৯.৭৭ | ৯৯৭২.৯২ | ২৪৬০৬.৮৫ | |
| ২০১১-১২ | ৩৯৫০০.০০ | ১৫০০০.০০ | ২৪৫০০.০০ | ১৪৯৮৩.২৫ | ২৪৩৪৮.১১ | ৩৯৫৯৬.৭৭ | ১৪৯৮৩.২৫ | ২৪৬১৩.৫২ | |
| ২০১২-১৩ | ৩১২৪০.০০ | ১১৯৪৮.০০ | ১৯২৯২.০০ | ১১৯৪৮.০০ | ১৪৭২০.৭৮ | ২৮৬২৫.০৬ | ১১৮৯৭.৯১ | ১৬৭২৭.১৫ | |
| **মোট ঃ** | **১৭৩১২৫.০০** | **৫৫২৩৩.০০** | **১১৭৮৯২.০০** | **৫৪১০৭.৩২** | **৯৭২৮২.৫৫** | **১৫০৮৮১.৩১** | **৫৩৯৩৩.৮১** | **৯৬৯৪৭.৫০** | |

**নোট ঃ**

(১) সিডিভ্যাটের ১২৩.৪২ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে মর্মে জানা গেছে।

(২) দাতা সংস্থা KfW এর অনুদান চুক্তি শর্তানুসারে ৩৩৫.০৫ লক্ষ টাকা ফেরত প্রদান করা হয়েছে মর্মে জানা গেছে ।

১১। **ক্রয় সংক্রান্ত তথ্য:** আলোচ্য প্রকল্পটির ক্রয় কার্যক্রমের পন্য ক্রয় কার্যক্রম এডিবি গাইডলাইনস অনুসারে এবং ওয়ার্কস অংশের কাজ পিপিআর অনুযায়ী সম্পন্ন করে এডিবি ও কেএফডবিস্নউ এর মতামত অনুসারে সম্পাদন করা হয়েছে মর্মে নথিপত্র ও প্রকল্প কর্তৃপৰ হতে জানা গেছে। সকল ক্রয় কার্যক্রমে চূড়ান্ৰ অনুমোদন প্রক্রিয়া এডিবি'র মতামতে সম্পাদিত হয়েছে মর্মে জানা গেছে।

১২। **Internal & External Addit:** পিসিআর পর্যবেৰণে দেখা যায় যে, Internal & External Addit সম্পন্ন হয়েছে এবং সকল aduit objections সুরাহা করা হয়েছে।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র দুইজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলো।

| নাম ও পদবী | পূর্ণকালিন | খন্ডকালিন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| জনাব সৈয়দ মাহাবুবুর রহমান, প্রকল্প পরিচালক, | পূর্ণকালিন | - | ১৭.০৮.২০০৫ | ১৮.০৮.২০১১ |
| জনাব মোঃ জসিম উদ্দিন, প্রকল্প পরিচালক | পূর্ণকালিন | - | ১৮.০৮.২০১১ | ০১.০৭.২০১৩ (সমাপ্ত পর্যন্ত) |

**১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

| প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ | উদ্দেশ্য অর্জিত |
|---|---|
| ক) গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করে পল্লী অর্থনীতি দ্রুত বিকাশে সহায়তা করা। | প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণের রাস্তাঘাট, ব্রীজ, গ্রোথ সেন্টার নির্মাণ ও গ্রামীন হাট বাজার উন্নয়ন করা হয়েছে। দুঃস্থ মহিলাদের মাধ্যমে রাস্তাঘাট ও গ্রামীন অবকাঠামো সংরক্ষণ ও মেরামত করা হয়েছে। তাছাড়া ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আওতায় বাস্ৰবায়িত কাজ মূল্যায়নের জন্য বাস্ৰবায়িত কাজের মধ্যে থেকে ০৩টি জেলার কয়েকটি কাজ পর্যবেৰণে প্রতীয়মান হয়েছে যে, প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে; তবে এ বিভাগে প্রেরিত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন পর্যবেৰণ ও এ বিভাগে প্রতিনিধি কর্তৃক সরেজমিনে পরিদর্শনের উপর ভিত্তি করে এ প্রতিবেদনের সমস্যা, সুপারিশ প্রস্তুত করা হয়েছে; |
| খ) অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজের মাধ্যমে দুঃস্থ মহিলা সহ গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য সরাসরি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং কৃষি ও অকৃষি খাতে স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র দুরীকরণে সহায়তা করা। | |
| গ) অংশগ্রহণমূলক প্রক্রিয়া ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে | |

| | |
|---|---|
| স্থানীয় পর্যায়ে সু-শাসন প্রতিষ্ঠায় সহায়তা করা। | যেখানে আরও বিস্ৰারিত মতামত উপস্থাপন করা হয়েছে। |

১৫। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** প্রযোজ্য নয়।

১৬। **পর্যবেক্ষণ ঃ**

১৬.১। অনুচ্ছেদ ৯.১ এ উল্লিখিত কাজে ডিজাইন অনুসারে যথাযথ স্লোপিং ও সোল্ডার না রাখায় প্রকল্পের আওতায় সদ্য নির্মিত রাস্ৰাসমূহ ৰতিগ্রস্ৰ হয়েছে দেখা যায়। ফলে প্রকল্পটির অন্যতম প্রধান উদ্দেশ্য এলাকার সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করে পল্লী অর্থনীতি দ্রুত বিকাশে সহায়তা করা বাধাগ্রস্থ হবে বলে প্রতীয়মান হয়;

১৬.২। অনুচ্ছেদ ৯.১ এ উল্লিখিত রাস্তায় WBM নির্মাণে ডিজাইন অনুসারে WBM ও কার্পেটিং নির্মাণে ভালমানের ইট ও সঠিক গ্রেডের স্টোন চিপস্ ব্যবহার না করায় কয়েকটি জায়গায় রাস্ৰার WBM সহ কার্পেটিং উঠে গেছে, মাঝে মাঝে রাস্ৰা দেবে গেছে, রেইন কাট সৃষ্টি হয়েছে ও Edging Breaking হয়েছে এবং প্রকল্পের অওতায় নির্মিত বিভিন্ন সড়কের সোল্ডার অংশে দেবে যেতে দেখা গেছে;

১৬.৩। অনুচ্ছেদ ৯.২ এ উল্লিখিত Bridge এর wing wall ভেঙ্গে যাওয়ায় এবং road reflector ব্যবহার না করায় রাতে ব্রীজের উপর দিয়ে যান চলাচলকালে সড়ক দূর্ঘটনার সম্ভাবনা রয়েছে;

১৬.৪। বাজার অংশে সড়কের পাশে বাড়ী-ঘর, দোকান ও ব্যাবসা প্রতিষ্ঠান অবস্থিত হলেও পর্যাপ্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা না রেখে সড়ক নির্মাণ করায় বর্ষকালে বৃষ্টির পানিতে এ সমস্ৰ সড়ক ৰতিগ্রস্ৰ হতে দেখা যায়;

১৬.৫। অনুচ্ছেদ ৯.৩.১ এ উলিস্নখিত রাস্ৰার রৰাপ্রদ কাজে ব্যবহৃত সিসি বস্নক ও জিও টেক্সটাইল কিছু কিছু জায়গা থেকে উঠে গিয়ে রাস্ৰাটি ব্যাপক ৰতিগ্রস্ৰ হয়েছে। সঠিকভাবে কমপ্যাকশন না করে জিও টেক্সটাইল ও সিসি বস্নক স্থাপন করায় এমনটি হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

১৭। **সুপারিশ/মতামতঃ**

১৭.১। অনুচ্ছেদ ৯.১ এ উল্লিখিত কাজে ডিজাইন অনুসারে যথাযথ স্লোপিং ও সোল্ডার না রাখার বিষয়টি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে । ভবিষ্যতে স্লোপিং ও সোল্ডারসহ যথাযথ ডিজাইন অনুসারে রাস্ৰা নির্মাণ করতে হবে;

১৭.২। স্থানীয় সরকার বিভাগ আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্ৰবায়নাধীন প্রকল্পের আওতায় বিভিন্ন অবকাঠামো নির্মার্ণের ৰেত্রে নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতে স্থানীয় সরকার বিভাগ প্রযোজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। আলোচ্য প্রকল্পের আওতায় নির্মাণ ক্রটির কারণে ৰতিগ্রস্ৰ সড়কের প্রয়োজন রৰণাবেৰণের ব্যবস্থা গ্রহণের পাশাপাশি সদ্য সমাপ্ত প্রকল্পটির আওতায় সমাপ্ত সড়ক নির্মাণ কাজ ৰতিগ্রস্ৰ হওয়ার কারণ স্থানীয় সরকার বিভাগ খতিয়ে দেখবে এবং এ বিভাগকে অবহিত করবে;

১৭.৩। সড়ক দূর্ঘটনা রোধকল্পে স্থানীয় প্রকৌশল অধিদপ্তর সেতুটির ভেঙ্গে যাওয়া উইংওয়াল মেরামত এবং সেতুটিতে Reflector স্থাপনের দ্রম্নত উদ্যোগ গ্রহণ করবে;

১৭.৪। সড়ক নির্মাণ প্রকল্প গ্রহণকালে সড়কের দীর্ঘমেয়াদী স্থায়িত্বের বিষয় বিবেচনাপূর্বক গ্রোথ সেন্টার এলাকায় পানি নিষ্কাশনের ব্যবস্থা রেখে বাস্ৰবভিত্তিক সড়ক নির্মাণ পরিকল্পনা প্রণয়ন করতে হবে;

১৭.৫। সরাইল-আওরাইল রাস্তার নতুন নির্মিত প্রায় ৫.৮৩৭ কিঃমিঃ রাস্তার রৰাপ্রদ কাজ কিছু কিছু জায়গায় ক্ষতিগ্রস্থ হওয়ার কারণ খতিয়ে দেখবে এবং এ বিভাগকে অবহিত করবে। স্থানীয় সরকার বিভাগের অধীন বাস্ৰবায়নাধীন সকল প্রকল্পের আওতায় চলমান নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করতে মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করতে হবে;

১৭.৬। প্রকল্পের অনুকুলে মোট অবমুক্তকৃত সিডিভ্যাটের ১২৩.৪২ লক্ষ টাকা ব্যয় হয়নি যা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে কিনা এবং দাতা সংস্থা KfW এর অনুদান চুক্তি শর্তানুসারে ৩৩৫.০৫ লক্ষ টাকা ফেরত প্রদান করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করা হলো;

১৭.৭ অনুচ্ছেদ ১৭.১ ও ১৭.৬ এ উল্লিখিত সমস্যা ও সুপারিশের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিত করতে হবে।

**"রুরাল এমপ্লয়মেন্ট এন্ড রোড মেন্টেইনেন্স প্রোগ্রাম (আরইআরএমপি)" শীর্ষক প্রকল্পের**

(সমাপ্ত ঃ জুন,২০১৩)

১। প্রকল্পের অবস্থান ঃ সমগ্র বাংলাদেশ ।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১২ পর্যন্ত্ম) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৯৪৩০০.০০ | ৯১১৮০.০০ | ৯০৯২৮.৬৬ | মার্চ-২০০৮ হতে জুন ২০১৩ | জুলাই ২০০৮ হতে জুন ২০১৩ | জুলাই ২০০৮ হতে জুন ২০১৩ | ৩৩৭১.৩৪ (৩.৫%) | - |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (জুন,২০১১ পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | সড়ক বৃক্ষরোপন | কিঃমিঃ | ৯৮০০০ | ৮৭০০৪.৬৬ | ৯৮০০০ (১০০%) | ৮৬৮১৯.১৫ (৯৯%) |
| ২ | বৃক্ষরোপন | সংখ্যা | ১৫৪০৭৭৪ | ৪৫৩.৯২ | ১৫৪০৭৭৪ (১০০%) | ৪৫৩.৯২ (১০০%) |
| ৩ | মেরামত সরঞ্জাম | সংখ্যা | ৯৮০০০ | ৬২৬.০০ | ৯৮০০০ (১০০%) | ৬২৬.০০ (১০০%) |
| ৪ | যানবাহন (মোটর সাইকেল) | সংখ্যা | ৫৬৪ | ৪৯১.৫৫ | ৫৬৪ (১০০%) | ৪৯১.৫৫ (১০০%) |
| ৫ | যানবাহন (জীব) | সংখ্যা | ১ | ৪২.০০ | ১ (১০০%) | ৪২.০০ (১০০%) |
| ৬ | কম্পিউটার সফটওয়ার | থোক | - | ২৫.০০ | - | ২৫.০০ (১০০%) |
| ৭ | জনবল | সংখ্যা | ২১৯ | ১৬৮৫.৫২ | ২১৯ (১০০%) | ১৬১৯.৬৯ (৯৬%) |
| ৮ | আনুষঙ্গিক | থোক | - | ৮৫১.৩৫ | - | ৮৫১.৩৫ (১০০%) |
| | মোট | | | ৯১১৮০.০০ | ১০০% | ৯০৯২৮.৬৬ (৯৮%) |

তথ্য সূত্র ঃ পিসিআর।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১ **পটভূমি** ঃ ১৯৭৪ এর খাদ্য সংকটের পরে কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা) কর্মসূচীর চালু করা হয়। উক্ত সময় থেকে এ কর্মসূচীর পরিধি কয়েকগুন বৃদ্ধি প্ায়। ৫৪০০০ মে.টন গম দ্বারা যে কর্মসূচী ১৯৭৪-১৯৭৫ সালে শুরু করা হয় তা উনিশ শত আশি এর দশকে বৃদ্ধি পেয়ে বাৎসরিক ৮.০০ ল মে. টন দাঁড়ায়। কাবিখা কর্মসূচী কেবলমাত্র বিশ্ব খাদ্য কর্মসূচী ইউএসএআইডি ও সরকারী অর্থেই পরিচালিত হয়নি বরং উক্ত কর্মসূচীতে ইউরোপীয় ইউনিয়ন, কানাডা, জার্মানী ও অষ্ট্রেলিয়ার মত দেশও যোগ দেয়। যদিও প্রথম দিকে কাবিখা কর্মসূচীর মূল উদ্দেশ্য ছিল স্বল্প মেয়াদী কর্মসংস্থান, কিন্তু সময়ের ব্যবধানে এটা প্রমানিত হয় যে, খাদ্য জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ বিষয়ে SIFAD টাক্স কোর্সের সুপারিশের প্রেৰিতে সরকার ও দাতা সংস্থাগুলি খাদ্যকে উন্নয়ন সম্পদ হিসাবে ব্যবহারের সিদ্ধান্ত নেয়। আরও সিদ্ধান্ৰ হয় যে, খাদ্য সাহায্যপুষ্ঠ প্রকল্প উন্নয়ন প্রকল্প হিসাবে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অন্ৰর্ভূক্ত করা হবে। যদিও কাবিখা কর্মসূচীর মাধ্যমে মৌসুমি কর্মসংস্থান সম্ভব, কিন্তু দুস্থ মহিলাদের অর্থনৈতিক উন্নয়নে বছরব্যপী কর্মসংস্থান প্রয়োজন। এ পেৰাপটে ১৯৮৩ সালে কানাডিয়ান সিডা এর অর্থায়নে রুরাল মেন্টেনেন্স প্রোগ্রাম (আরএমপি) শিরোনামে একটি প্রকল্প হাতে নেয়া হয় এবং প্রকল্পটি কয়েকটি ফেজে দেশের ৬১ জেলায় ৪৩৫টি উপজেলায় ৪২০০ ইউনিয়নে বাস্ৰবায়িত হয়। কিন্তু বিগত বৎসর গুলিতে দাতা সংস্থাদের অনুদান ক্রমান্বয়ে হ্রাস পায় এবং ২০০৩ -২০০৭ মেয়াদে স্থানীয় সরকার বিভাগ ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে প্রকল্পটি বাস্ৰবায়ন করে। উক্ত প্রকল্প বাস্ৰবায়নে অভিজ্ঞতার ভিত্তিতে সম্পূর্ণ সরকারী অর্থায়নে এলজিইডি রম্নরাল এমপস্নয়মেন্ট এবং রোড মেন্টেনেন্স শীর্ষক এ প্রকল্পটি প্রণয়ন করে।

৭.২ **উদ্দেশ্য** ঃ

ক) গ্রামীন বাজার এবং সামাজিক সার্ভিসসমূহে যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে দরিদ্রসীমার নীচে বসবাসরত দেশের গ্রামীণ জনসংখ্যার হার হ্রাস;

খ) গ্রামীণ দুস্থ মহিলাদের জন্য গ্রামীন সড়ক রৰণাবেৰণের মাধ্যমে কর্মসংস্থান ও আত্ম কর্ম সংস্থান চালুকরণ;

গ) বছর ব্যপী অর্থনৈতিক দিক থেকে গুরুত্বপূর্ণ গ্রামীণ মাটির সড়কসমূহ রৰণাবেৰণ যা কৃষি উৎপাদন বৃদ্ধি পন্য পরিবহন, ব্যক্তি পরিবহন, বে-সরকারী বিনিয়োগ, প্রাথমিক শিৰা স্বাস্থ্য সেবায় ইতিবাচক প্রভাব রাখবে এবং সংশিস্নষ্ট সেক্টর কর্মসংস্থান সৃষ্টি করবে।

৭.৩ **প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ

রম্নরাল এমপস্নয়মেন্ট এন্ড রোড মেইনটেনেন্স প্রোগ্রাম শীর্ষক দেশ ব্যাপী দারিদ্র বিমোচন প্রকল্পটি মূলতঃ ৫১,৭৪০জন দুঃস্থ মহিলাকে কাজের বিনিময়ে টাকা (কাবিটা) কর্মসূচীর আওতায় সারাদেশের প্রতি ইউনিয়নের দশ জন কর্মী করে মোট ৪৪,৯০০ জন কর্মীকে কর্মসংস্থানের জন্য প্রণীত হয় । প্রকল্প অনুমোদন কালে সরকারের সিদ্ধান্ৰের প্রেৰিতে মঙ্গা এলাকার নির্ধারিত ৩৪২টি ইউনিয়নে ৬৮৪০ জন দুঃস্থ মহিলার কর্মসংস্থার সিদ্ধান্ৰ অনুযায়ী মূল প্রকল্পটি ৯৪৩০০ লৰ টাকায় প্রনীত হয়েছিল। ২০০৯ সালে সরকার নতুন জাতীয় বেতন কাঠামো ঘোষনা করায় প্রকল্পে নিযুক্ত কর্মচারীদের বেতন ভাতাদি পরিশোধ করতে অর্থের স্বল্পতা দেখা দেয়। অন্যদিকে সমুদয় ৫১,৭৪০ জন কর্মীর প্রকল্প মেয়াদেও সকল দিন কাজে উপস্থিত না থাকলে অনুপস্থিতির জন্য কিছু অর্থ সাশ্রয় হয় । বেতন খাতে অতিরিক্ত অর্থের প্রয়োজন ও শ্রমিক খাতে সাশ্রয় বিবেচনায় এ প্রকল্পে মোট ৩১২০.০০ লৰ টাকা সাশ্রয় হয় এবং পরবর্তীতে প্রকল্পটি ৯১১৮০.০০ লৰ টাকা ব্যয়ে সংশোধন করা হয় ।

৮। **প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা ঃ** আলোচ্য প্রকল্পের আওতায় একটি জীপ ও ৫৬৪টি মটরসাইকেল (১০০ সিঃসিঃ হিরো হোন্ডা ৮২টি এবং ৮০ সিঃসিঃ সিডি হোন্ডা ৪৮২টি) ক্রয় করা হয়েছে। প্রকল্প অফিসে গত ০৭-০৪-২০১৩ তারিখে এ সকল যানবাহন ক্রয় সংক্রান্ৰ নথি পর্যালোচনা করা হয়েছে। দেখা গেছে, দরপত্র মূল্যায়ন কমিটি গঠন প্রক্রিয়া পিপিআর-২০০৮ এর বিধি নং-৮ এবং তফসিল-২ মোতাবেক সম্পন্ন করা হয়েছে। এ কমিটিতে বহিঃসদস্য হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং সড়ক ও জনপথ বিভাগের প্রতিনিধি রাখা হয়েছিল। ক্রয় প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৪ মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি অবলম্বনপূর্বক সরকারী নিজস্ব এন্টারপ্রাইজ, এটলাস বাংলাদেশ লিমিটেড, গাজীপুর, ঢাকা হতে মোটর সাইকেলগুলো ক্রয় করা হয়েছিল এবং জীপটি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয় করা হয়েছিল। পিসিআর হতে প্রাপ্ত তথ্যে দেখা যায় এ সকল যানবাহন আলোচ্য প্রকল্পের ২য়

পর্যায়ে নেয়া হয়েছে ।

৯। **প্রকল্প পরিদর্শন ঃ** গত ২২/০২/২০১৪ তারিখে আইএমইডি কর্তৃক আলোচ্য প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের অংশ বিশেষ কক্সবাজার জেলা পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হলঃ

৯.১। আলোচ্য প্রকল্পের কার্যক্রম কক্সবাজার জেলায় ২০০৮ সালের জুলাই মাসে শুরম্ন হয়। প্রকল্পের আওতায় কক্সবাজার জেলার মোট ০৮ টি উপজেলা এবং ৭১টি ইউনিয়ন অন্তর্ভূক্ত করা হয়। প্রকল্প মেয়াদে এ সকল ইউনিয়নের ১৪২০ কিঃমিঃ রাস্তার রৰণাবেৰণ কাজ করা হয়। এছাড়া প্রতিটি ইউনিয়ন ৩০০টি বৃৰরোপণের মাধ্যমে সর্বমোট ২১,৩০০টি বৃৰরোপন ও পরিচর্যা করা হয়। প্রতিটি বৃৰরোপণের জন্য ২৩.০০ টাকা হারে খরচ নির্ধারণ করা হয়। অর্থাৎ এ বাবদ্দ সর্বমোট ৪,৮৯,৯০০.০০ টাকা ব্যয় করা হয়। এ সকল কাজের জন্য প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ১০ জন করে ৭১০ জন মহিলা কর্মী এবং প্রতিটি উপজেলায় ২ জন করে মোট ১৬ জন ফ্যাসিলিটেটর নিয়োগ করা হয়। মহিলা কর্মীর জন্য প্রতি দিন ৯০.০০ টাকা হারে ভাতা প্রদান করা হয় এবং এ বাবদ্দ খরচ হয় ১১.৬৬ কোটি টাকা। এ ছাড়া ফ্যাসিলিটেটর এর জন্য প্রতি দিন ১৮০.০০ টাকা হারে ভাতা প্রদান করা হয় এবং এ বাবদ্দ মোট খরচ হয় ৫২.৫৬ লৰ টাকা। প্রকল্পের আওতায় বৃৰরোপণ ও রাস্তা রৰণাবেৰণের জন্য বিভিন্ন সরঞ্জামাদি যেমনঃ দা, কোদাল, কলস, ঝুড়ি ইত্যাদি ক্রয় বাবদ্দ খরচ হয় ১.৫৯ লৰ টাকা। এ সকল কাজের জন্য কক্সবাজার জেলায় সর্বমোট বরাদ্দকৃত অর্থ ছিল ১২.২৫ কোটি টাকা, যার সম্পূর্ণটাই ব্যয় হয়েছে অর্থাৎ আর্থিক অগ্রগতি ১০০%। প্রকল্পের আওতায় একটি অন্যতম বিষয় ছিল মহিলা কর্মীদের বেতন বাবদ যে টাকা দেয়া হবে তার ৪০% অর্থ সঞ্চয় করা হবে। কক্সবাজার জেলায় এ সঞ্চিত অর্থের পরিমাণ ছিল ৪.৬৬ কোটি টাকা। প্রতিজন মহিলাকে ৫ বছর পর গড়ে ৭৭,০০০.০০ টাকা করে প্রদান করা হয়েছে।

৯.২। আলোচ্য প্রকল্পের আওতায় প্রাপ্ত উপকারভোগীদের মধ্যে ২৫ জন মহিলাকর্মীদের সাথে কক্সবাজার সদর উপজেলায় একটি গ্রম্নপ ডিসকাশন করা হয়েছে। আলোচনা কালে পিএম খালী ইউনিয়নে মনোয়ারা বেগম জানান, "তিনি রাস্তা সংস্কারের কাজের জন্য প্রতি দিন ৯০.০০ টাকা হারে বেতন পেয়েছেন, এছাড়া প্রকল্পের আওতায় গৃহপালিত পশুর লালন-পালন সংক্রান্ত প্রশিৰণ পেয়েছেন। বর্তমানে তার ১৫টি মুরগী, ২০টি হাঁস এবং ২টি গরম্ন রয়েছে। এসকল গৃহপালিত পশুদের তিনি সহজে যত্ন করতে পারেন। পূর্বের তুলনায় তার পরিবারের আর্থিক উন্নয়ন ঘটেছে। বর্তমানে তার দুইটি সন্তান স্কুলে পড়াশুনা করছে। এছাড়া গত মাসে প্রকল্প হতে তাদের প্রাপ্ত বেতনের ৪০% হারে নির্বাহী প্রকৌশলীর সাথে গঠিত যৌথ একাউন্টের মাধ্যমে ৫ বছরে জমা করে প্রায় ৭৭,০০০.০০ হাজার টাকা এককালীন পেয়েছেন। এ অর্থ দিয়ে তিনি বর্তমানে এক খন্ড জমি ক্রয় করার পরিকল্পনা করছেন"।





চিত্র-১ঃ প্রকল্পের উপকারভোগীদের সাথে আলোচনা সভা। চিত্র-২ঃ প্রকল্পে নিযুক্ত মহিলা কর্মী।

কক্সবাজার জেলার ঈদগা ইউনিয়নের গুলজার বেগম জানান, "এ প্রকল্পের আওতায় তারা গৃহপালিত পশুর সাধারণ চিকিৎসা করার পদ্ধতি সম্পর্কে জ্ঞান অর্জন করেছেন। বর্তমানে তারা গ্রামের অন্যান্য পরিবারের গৃহপালিত পশুদের যত্ন করার বিষেয়ে পরামর্শ দিতে পারেন। প্রকল্পের মাধ্যমে অর্জিত সঞ্চিত অর্থ হিসেবে তিনি প্রায় ৭৫ হাজার টাকা পেয়েছেন। এ টাকায় তিনি বর্তমানে তার মেয়েকে ভাল একটি প্রাত্রস্থ করা চিন্তা ভাবনা করছেন"।

প্রকল্পের মাধ্যমে এ সকল মহিলাদের আত্ম-কর্মসংস্থান সৃজনের জন্য তাদের যে সঞ্চিত অর্থ প্রদান করা হচ্ছে, তা তারা বাস্ৰবিকভাগে কাজে লাগাতে পারবে কি না- সে বিষয়ে প্রকল্প সংশিস্নষ্ট কর্মকর্তা নিশ্চিত করতে পারে নাই। প্রকল্পটি সমাপ্ত হয়ে যাওয়ার সাথে আর কোনো ফান্ড সরবরাহ না থাকায় এ বিষয়ে পরবর্তীতে তাদের কোনো পরামর্শ বা সহযোগিতার কোনো সুযোগ থাকে না। প্রকল্পের পরবর্তী পর্যায়ে এ সকল বিষয় যাতে বিবেচনা নেয়া হয় সে বিষয়টি প্রকল্পে নিযুক্ত অত্র জেলা ফ্যাসিলিটেটর মত প্রতাশ করেন।

৯.৩। প্রকল্পের আওতায় সড়ক রৰণাবেৰণ কর্মসূচী ও বৃৰরোপন কার্যক্রম দেখার জন্য কক্সবাজার জেলার রামু উপজেলার অন্ৰর্গত রশিদনগর ইউনিয়নের পানের ছড়া-বারন্নয়াখালী রাস্ৰা পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে, এ রাস্ৰায় ঢালে সৃষ্ট রেইন কাট মাটি দ্বারা সংস্কার করা হয়েছে এবং রাস্ৰার এক পাশে ছোট খাল থাকায় বর্ষাকালে এর পানি উপচে পড়ে রাস্ৰার যাতে ৰতি না করতে পারে সেজন্য রাস্ৰাটির একপাশে মাটি কেটে উঁচু করা হয়েছে। এ রাস্ৰায় বৃৰরোপণ  করা হয়েছে। দেখা গেছে, বৃৰের জাতগুলোর মধ্যে ৯৫% আকাশমনি, বাকী ৫% মেহগনি। গাছের চারা রোপন কালে একটি গাছ হতে অন্য গাছের দুরত্ব যথাযথ ভাবে রৰা হয়নি বলে পরিলৰিত হয়েছে। কেননা, গাছগুলো অতি মাত্রায় ঘন হয়ে বাড়ছে। এর ফলে তুলনামূলকভাবে সরম্ন আকারে গাছগুলো বাড়ছে। কারণ, নির্দিষ্ট স্পেসিং মেইন্টেইন করা না হলে একটি গাছ তার প্রয়োজনীয় খাদ্য এবং পানি ঠিকমত পায় না। এর ফলে গাছগুলোর বৃদ্ধি ব্যাহত হয়। এ এলাকায় জন্য নিযুক্ত ফ্যাসিলিটেটর এর সাথে আলোচনা করে জানা গেছে, এ বৃৰরোপণ কর্মসূচীর জন্য বন বিভাগের কোন রূপ  মতামত বা পরামর্শ নেয়া হয়নি। এ মতামত গ্রহণ করা হলে কোন অঞ্চলের জন্য কোন গাছের প্রজাতি উপযুক্ত , কিভাবে গাছ লাগাতে হবে এবং গাছ লাগানোর পর যে সকল কারিগরী ব্যবস্থাপনা প্রয়োগ করা হয়, যেমন-থিনিং, প্রম্ননিং, ফার্টিলাইজিং, ওয়াটারিং ইত্যাদি, সে সকল বিষয়ে কার্যকর পদৰেপ নেয়া সম্ভব হতো। এছাড়া এ রাস্ৰার কিছু জায়গায় বাড়ন্ৰ গাছের ডালপালা কেটে নিয়ে গেছে, কিছু ৰেত্রে পুরো গাছটিই কেটে নিয়ে গেছে।



চিত্র-৩ঃ সংস্কারকৃত রাস্ৰায় রোপিত বৃৰের ডালপালা কেটে নিয়েছে



চিত্র-৪ঃ ঘন ঘন গাছ লাগানোর দৃশ্য

মূলতঃ এ বৃৰরোপন কর্মসূচীতে জনগনের সম্পৃক্ততা না থাকায় এরূপ ঘটেছে বলে প্রতীয়মান হয়। বাংলাদেশ বন বিভাগ কর্তৃক সামাজিক বনায়ন কার্যক্রম দীর্ঘদিন থেকেই বাস্ৰবায়িত হচ্ছে, যেখানে জনগনকে সংগে নিয়ে এ ধরনের বনায়ন করা হয় এবং এ বনায়নের ফলে জনগন ৬০% লভ্যাংশ পায়। এর ফলে দেখা যায় জনগনই এ সকল গাছের নিয়মিত যত্ন নিয়ে থাকে। স্থানীয় সরকার বিভাগের কোন প্রকল্প/কর্মসূচীতে এ ধরনের বৃৰরোপন কর্মসূচী থাকলে তা বন বিভাগের সাথে যৌথ উদ্যোগে করা হলে ভাল হবে বলে মনে হয়।

১০। <u>**প্রকল্পের সার্বিক অগ্রগতি**</u> ঃ প্রকল্পের শুরম্ন হতে জুন, ২০১৩ পর্যন্ৰ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৯০৯২৮.৬৬ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৭২% এবং বাস্ৰব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০০৮-০৯ | ১৯২০০.০০ | ১৯২০০.০০ | - | ১৯২০০.০০ | ১৮৭০৭.৪৬ | ১৮৭০৭.৪৬ | - | ৪৯২.৫৪ |
| ২০০৯-১০ | ১৮৫০০.০০ | ১৮৫০০.০০ | - | ১৮৫০০.০০ | ১৮০৬০.০০ | ১৮০৬০.০০ | - | ৪৪০.০০ |
| ২০১০-১১ | ১৪০০০.০০ | ১৪০০০.০০ | - | ১৪০০০.০০ | ১৩৯৮৯.৫০ | ১৩৯৮৯.৫০ | - | ১০.৪৪ |

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১১-১২ | ১৪৪৪০.০০ | ১৪৪৪০.০০ | - | ১৪৪৪০.০০ | ১৪৪০৮.১৫ | ১৪৪০৮.১৫ | - | ১.৮৫ |
| ২০১২-১৩ | ২৫৭৪৬.০০ | ২৫৭৪৬.০০ | - | ২৫৭৪৬.০০ | ২৫৭৩০.৪৯ | ২৫৭৩০.৪৯ | - | ১২.৫১ |
| সর্বোমোট ঃ | ৯১৮৮৬.০০ | ৯১৮৮৬.০০ | - | ৯১৮৮৬.০০ | ৯০৯২৮.৬৬ | ৯০৯২৮.৬৬ | | ৯৫৭.৩৪ |

* অব্যয়িত অর্থ ট্রেজারী থেকে উত্তোলন করা হয়নি ।

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ৯১১৮০.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৯০৯২৮.৬৬ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ৯১৮৮৬.০০ লক্ষ টাকা। এতে দেখা যায়, প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ৯৫৭.৩৪ লক্ষ টাকা। পিসিআর-এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ সরকারী কোষাগার হতে উত্তোলন করা হয়নি।

১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ম এলজিইডি'র তিনজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ম তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| জনাব আবু তাহের খান | -- | খন্ডকালীন | ০১.০৭.২০০৮ | ১১.০১.২০০৯ |
| জনাব মোঃ আব্দুর রাজ্জাক | -- | খন্ডকালীন | ১১.০১.২০০৯ | ২৯.১১.২০১১ |
| জনাব আব্দুল কুদ্দুস মন্ডল | -- | খন্ডকালীন | ২৯.১১.২০১১ | ৩০.০৬.২০১৩ |

উপরের তথ্য পর্যালোচনায় দেখা যায় মাত্র ৫ বছরের বাস্ত্মবায়িত এ প্রকল্পে তিনজন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এভাবে ঘন ঘন প্রকল্প পরিচালকের বদলী প্রকল্প বাস্ত্মবায়নের গতিকে বাধাগ্রস্ম করে।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| গ্রামীণ বাজার এবং সামাজিক সার্ভিসসমূহে যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে দরিদ্রসীমার নীচে বসবাসরত দেশের গ্রামীণ জনসংখ্যার হার হ্রাস; গ্রামীণ দুস্থ মহিলাদের জন্য গ্রামীন সড়ক রৰণাবেৰণের মাধ্যমে কর্মসংস্থান ও আত্ম কর্মসংস্থান চালু করণ; বছরব্যপী অর্থনৈতিক দিক থেকে গুরম্নত্ব পূর্ণ গ্রামীণ মাটির সড়ক সমূহ রৰনাবেৰন, যে গুলি কৃষি উৎপাদন বৃদ্ধি, পন্য পরিবহন, ব্যক্তি পরিবহন, বে-সরকারী বিনিয়োগ, প্রাথমিক শিৰা ও স্বাস্থ সেবায় ইতিবাচক প্রভাব রাখবে এবং সংশিষ্ট সেক্টরে কর্মসংস্থান সৃষ্টি করবে। | আলোচ্য প্রকল্প বাস্ত্মবায়নের ফলে গ্রামীণ বাজার এবং সামাজিক সার্ভিসসমূহে যাতায়াত সুবিধা হয়েছে এবং গ্রামীণ দুস্থ মহিলাদের জন্য গ্রামীন সড়ক রৰণাবেৰণের মাধ্যমে কর্মসংস্থান ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তবে প্রকল্পের মাধ্যমে গৃহীত বৃৰরোপন কর্মসূচীতে জনগণের সম্পৃক্ততা না থাকায় এ কার্যক্রমটি সম্পূর্ণরম্নপে সফল হয় নাই, তাছাড়া মহিলা কর্মীদের জন্য আত্ম-কর্মস্থান সৃষ্টির জন্য তাদের যে সঞ্চিত অর্থ দেয়া হয়েছে তা তারা যথাযথভাবে ব্যবহার করতে পারবে কি না সে বিষয়টি নিশ্চিত হয়নি। |

১৩। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ**

১৩.১। আলোচ্য প্রকল্পের আওতায় রাস্ত্মা রৰণাবেৰণের পাশাপাশি বৃৰরোপণ কর্মসূচী ছিল। কিন্তু এ সকল বৃৰের যথাযথভাবে পরিচর্যা বা দেখাশুনা না করায় বৃৰগুলির বৃদ্ধি একদিকে যেমন ব্যাহত হচ্ছে, অপরদিকে বৃৰের ডালপালা কেটে নিয়ে যাচ্ছে এবং অনেকৰেত্রে সম্পূর্ণ গাছই কেটে ফেলা হচ্ছে। এর ফলে একদিকে যেমন সম্পদের অপচয় এবং অন্যদিকে পরিবেশের উপরও খারাপ প্রভাব ফেলছে (অনুঃ ৯.৩)।

১৩.২। আলোচ্য প্রকল্পের মেয়াদ ছিল ৫ বছর। এ প্রকল্প মেয়াদে ৩ জন প্রকল্প পরিচালক বদলী হয়েছে। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী হওয়া প্রকল্প বাস্ত্মবায়নে বাধার সৃষ্টি হয় (অনুঃ ১১)।

১৪। **সুপারিশ ঃ**

১৪.১। বৃৰরোপণ কর্মসূচী যথাযথভাবে বাস্ৰবায়নের জন্য বাংলাদেশ বন বিভাগের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে (অনুঃ ১৩.১)।

১৪.২। প্রকল্প পরিচালকের বদলীর ৰেত্রে মন্ত্রী পরিষদ বিভাগের ১৬-০২-২০১০ তারিখের ৪৭ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটির সুপারিশ (সংযুক্ত) গ্রহণ করা নিশ্চিত করতে হবে (অনুঃ ১৩.৩)।

**"ইউনিয়ন সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প (বৃহত্তর বগুড়া, রাজশাহী ও পাবনা জেলা)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত ঃ জুন,২০১৩)

১। প্রকল্পের অবস্থান ঃ **বৃহত্তর বগুড়া, রাজশাহী ও পাবনা জেলা।**

২। বাস্‌রবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্‌রবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্‌রবায়নকাল | | প্রকৃত বাস্‌রবায়নকাল | অতিক্রান্‌র ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্‌র সময় (মূল বাস্‌রবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | (জুন,২০১৩ পর্যন্‌র) | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৬৪৫০.০০ | ১৯৪৯৩.৯৪ | ১৯৪৯৩.৯০ | জুলাই ২০০৮ হতে জুন ১০১৩ পর্যন্‌র ( ৫ বছর) | জুলাই ২০০৮ হতে জুন ১০১৩ পর্যন্‌র ( ৫ বছর) | জুলাই ২০০৮ হতে জুন ১০১৩ পর্যন্‌র | ১৭.৯০% | - |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্‌রবায়ন (জুন,২০১৩পর্যন্‌র) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্‌রব | আর্থিক | বাস্‌রব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **জনবলঃ** | | | | | |
| | ক) কর্মকর্তাদের বেতন | জন মাস | ৪৮০ | ৫৪.৩৮ | ৪৮০ (১০০%) | ৫৪.৩৮ (১০০%) |
| | খ) কর্মচারীদের বেতন | জন মাস | ৫৪০ | ২৯.৭৪ | ৫৪০ (১০০%) | ২৯.৭৪ (১০০%) |
| | গ) ভাতাদি | জন মাস | ১০২০ | ৯৯.৩৬ | ১০২০ (১০০%) | ৯৯.৩৬ (১০০%) |
| | ঘ) সরবরাহ ও সেবা | LS | ৬৫.৫০ | ৬৫.৫০ | ৬৫.৫০ (১০০%) | ৬৫.৫০ (১০০%) |
| | ঙ) মেরামত রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন | LS | ১৪.৪০ | ১৪.৪০ | ১৪.৪০ (১০০%) | ১৪.৪০ (১০০%) |
| ২। | **সম্পদ সংগ্রহ / ক্রয়ঃ** | | | | | |
| | ক) অফিস যন্ত্রপাতি (কম্পিউটার,ফটোকপিয়ার, ফ্যাক্স মেশিন, মটর সাইকেল ও অন্যান্য) | টি | ১০ | ১০.৫৬ | ১০ (১০০%) | ১০.৫৬ (১০০%) |
| | খ) বৃক্ষরোপন | কিঃমিঃ | ৬০.১৫ | ২০.০০ | ৬০.১৫ (১০০%) | ২০.০০ (১০০%) |
| ৩। | **মলধন ও (ভৌত কাজ)ঃ** | | | | | |
| | ক) ইউনিয়ন সড়ক উন্নয়ন (৭০৩১) | কিঃমিঃ | ৪৫১.৫৬ | ১৬০৬১.০৭ | ৪৫১.৫৬ (১০০%) | ১৬০৬১.০৪ (১০০%) |
| | খ) ইউনিয়ন সড়কের উপর ব্রীজ/কালভার্ট | মিঃ | ১৪৪৬.৭৪ | ২৩৭৬.৩১ | ১৪৪৬.৭১ (১০০%) | ২৩৭৬.৩১ (১০০%) |
| | গ) ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ | টি | ১৪ | ৭৬২.৬১ | ১৪ (১০০%) | ৭৬২.৬১ (১০০%) |
| | **মোট=** | - | - | **১৯৪৯৩.৯৪** | **১০০%** | ১৯৪৯৩.৯০ (১০০%) |

তথ্য সূত্র ঃ পিসিআর।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** প্রযোজ্য নহে।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১ **পটভূমি** ঃ বগুড়া, জয়পুরহাট, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা এবং সিরাজগঞ্জ জেলা বাংলাদেশের উত্তর পশ্চিম অংশে অবস্থিত। এই জেলাগুলির পাশ দিয়ে বয়ে চলেছে দূরন্ত দুটি নদী পদ্মা ও যমুনা। বাংলাদেশের সর্ববৃহৎ বিল চলন বিল ও এই এলাকায় অবস্থিত। এই আটটি জেলার আয়তন ১৮,১৯৫ বর্গ কিলোমিটার। এই আটটি জেলায় মোট ৬৬টি উপজেলা ও ৫৫৮টি ইউনিয়ন পরিষদ আছে। পল্লী অবকাঠামো উন্নয়নের যে সমস্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা এ অঞ্চলের সামগ্রিক প্রয়োজনের তুলনায় অপ্রতুল।এ অবস্থার প্রেক্ষিতে বগুড়া, জয়পুরহাট, রাজশাহী, নওগাঁ, নাটোর, নবাবগঞ্জ, পাবনা এবং সিরাজগঞ্জ জেলার বিভিন্ন এলাকায় পল্লী অবকাঠামো উন্নয়নের নিমিত্ত আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়।

৭.২ **উদ্দেশ্য** ঃ

ক) গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করে পলস্নী অর্থনীতি দ্রম্নত বিকাশে সহায়তা।

খ) অবকাঠামো নির্মাণ ও রক্ষণাক্ষেণ কাজের মাধ্যমে দুঃস্থ মহিলাসহ গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য সরাসরি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং কৃষি ও অকৃষি খাতে স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র দূরীকরণে সহায়তা।

৭.৩ **প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ ডিপিপি-১৫/০৪/২০০৮ইং তারিখে একনেক কর্তৃক অনুমোদিত এবং ০৯/০৬/২০০৮ইং তারিখে ডিপিইসি কর্তৃক অনুমোদিত, ১৩/১১/২০১১ ইং তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক ১ম সংশোধিত এবং ১৬/০৬/২০১৩ইং তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক ২য় সংশোধিত ।

৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ প্রকল্পের শুরম্ন হতে জুন, ২০১৩ইং পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৯৪৯৩.৯১ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৯। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০০৮-০৯ | ২৪৮৭.৬৬ | ২৪৮৭.৬৬ | - | ২৫০০.০০ | ২৪৮৭.৬৬ | ২৪৮৭.৬৬ | - | ১২.৩৪ |
| ২০০৯-১০ | ৪৭৯৬.৭০ | ৪৭৯৬.৭০ | - | ৪৮০০.০০ | ৪৭৯৭.২৯ | ৪৭৯৭.২৯ | - | ২.৭১ |
| ২০১০-১১ | ৩৯৯৯.৯৯ | ৩৯৯৯.৯৯ | - | ৪০০০.০০ | ৩৯৯৯.৯৯ | ৩৯৯৯.৯৯ | - | ০.০১ |
| ২০১১-১২ | ৪৩৯৯.৯৭ | ৪৩৯৯.৯৭ | - | ৪৫০০.০০ | ৪৩৯৯.৯৭ | ৪৩৯৯.৯৭ | - | ১০০.০৩ |
| ২০১২-১৩ | ৩৪০৯.৬২ | ৩৪০৯.৬২ | - | ৩৮০৯.০০ | ৩৮০৯.০০ | ৩৮০৯.০০ | - | - |
| **সর্বোমোট ঃ** | ১৯৪৯৩.৯৪ | ১৯৪৯৩.৯৪ | - | ১৯৬০৯.০০ | ১৯৪৯৩.৯০ | ১৯৪৯৩.৯০ | - | ১১৫.০৯ |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ১৯৪৯৩.৯০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১৯৪৯৩.৯০ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ১৯৬০৯.০০ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ১১৫.০৯ লক্ষ টাকা। পিসিআর-এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে যথাসময়ে জমা দেওয়া হয়েছে।

১০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র ০২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| মোঃ মহসীন (প্রকল্প পরিচালক) | হাঁ | না | ০১/০৭/২০০৮ | ২৬/০১/২০১১ |
| মোঃ মনিমুল হক হাইদারী | হাঁ | না | ২৬/০১/২০১১ | ৩০/০৬/২০১৩ |

উপরের তথ্য পর্যালোচনায় দেখা যায় মাত্র ৫ বছরের বাস্ত্মবায়িত এ প্রকল্পে ০২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| ক) গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করে পলস্নী অর্থনীতি দ্রম্নত বিকাশে সহায়তা।<br>খ) অবকাঠামো নির্মাণ ও রক্ষণাক্ষেণ কাজের মাধ্যমে দুঃস্থ মহিলাসহ গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য সরাসরি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং কৃষি ও অকৃষি খাতে স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র দূরীকরণে সহায়তা। | অর্জিত |

১২। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৩। **ক্রয় কার্যক্রম** : আইএমইডিতে প্রাপ্ত তথ্য হতে মালঞ্চ ইউপি অফিস হতে কামার গ্রাম রাস্তা নির্মাণের ক্রয় কার্যক্রম পর্যালোচনা করা হয়। দেখা যায় যে, এলটিএম পদ্ধতিতে ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এ ক্ষেত্রে সর্বমোট ৮৯টি দরপত্র পাওয়া গেছে। প্রাপ্ত সকল দরপত্র রেসপনসিভ এবং ৫% নিম্ন দরে দাখিল হওয়ার কারণে লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয় (পিপিআর-২০০৮ এর ৩৩ বিধি উপবিধি ৩ক)।

১৪। **প্রকল্প পরিদর্শন** : গত ২০/১০/২০১৪ ইং তারিখে পাবনা জেলায় প্রকল্পটির বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। পরিদর্শিত কাজের বিবরণ নিম্নে দেওয়া হ'ল :

১৪.১। **ইছামতি নদীর উপর ব্রিজ**: প্রকল্পের আওতায় ৩০ মিটার দৈর্ঘ্যের এ ব্রিজটির নির্মাণ কাজ ১৫/৫/২০১৩ তারিখে সমাপ্ত রয়েছে। এ কাজের আর্থিক বরাদ্দ ছিল ৫৩.৪৫ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫০.৭৮ লক্ষ টাকা। পরিদর্শনকালে সেতুটির নির্মাণ কাজ সম্পন্ন ও সেতুটি কার্যকর দেখা গিয়েছে। সেতুর উভয় প্রান্তের গাইড পোষ্ট বাহ্যিকভাবে অক্ষত দেখা গিয়েছে। ব্রিজের সাটারিং এর কাজ সঠিকভাবে না হওয়ায় ব্রিজের উপরের অংশ অসমান পরিলক্ষিত হয়। স্পেসিফিকেশন অনুযায়ী স্টিল/ওয়াটার টাইট সাটারিং ব্যবহার করতে হবে।



১৪.২। **মালঞ্চী ইউপি অফিস হতে কামারগ্রাম হাট রাস্তার উন্নয়ন** : অনুমোদিত ডিপিপি অনুযায়ী ২.২৭ কি: মি: দৈর্ঘ্য বিশিষ্ট এ সড়কটির নির্মাণ কাজ ২-১-২০১৩ তারিখে সমাপ্ত হয়েছে। এ সড়কটিতে নির্মাণে আর্থিক বরাদ্দ ছিল ৪২.৪২ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪০.২৯ লক্ষ টাকা। এ রাস্তাটি আশে পাশে জনগনের যাতায়াত ও এবং পন্য পরিবহনের পথ সুগম করেছে। বিটুমিনাস কাপেটিং-এর এ সড়কের প্রান্তে সামান্য ভাংগা পরিলক্ষিত হয়। এ সমস্ত ভাংগা অংশ দ্রুত মেরামতের উদ্যোগ নেওয়া উচিত তা না হলে ভবিষ্যতে রাস্তার বড় ধরনের ক্ষতি হতে পারে। এ ছাড়া রাস্তায় সোল্ডারের প্রস্ত ডিজাইন অনুযায়ী পরিমাপের চেয়ে কম বলে প্রতীয়মান হয় ( ২ থেকে ৩ ফুট প্রায়)। উল্লেখ্য ডিজাইন অনুযায়ী প্রতি পার্শ্বে সোল্ডারের প্রস্ত প্রায় ৪ ফুট।



১৪.৩। **নাজিরপুর রাস্তা** : ০.৫ কি: মি: বিশিষ্ট এ সড়কটি নির্মাণ কাজ ৪-৫-২০১৩ তারিখে সমাপ্ত হয়েছে। পরিদর্শনকালে রাস্তার নির্মাণ কাজ সম্পন্ন ও রাস্তাটি কার্যকর দেখা গেছে। সড়কটি নির্মাণে আর্থিক বরাদ্দ ছিল ২৪.৪৯ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৩.২৬ লক্ষ টাকা। বিটুমিনাস কার্পেটিং-এর বাহ্যিকভাবে অক্ষত দেখা গেছে। এ রাস্তাটি আশে পাশে জনগণের যাতায়াত এবং পন্য পরিবহনে পথ সুগম করেছে।

১৫। **সমস্যা :**

১৫.১। **কষ্টওভার রান** : আলোচ্য প্রকল্পের কষ্ট ওভার রান ১৭.৯০%। প্রকল্প প্রণয়নে প্রাক্কলন যথাযথ ভাবে না করায় কষ্ট ওভার রান হয়েছে মর্মে প্রতীয়মান হয়। এ ব্যাপারে ভবিষ্যতে প্রকল্পের পরিকল্পনা ও ডিজাইন এমন ভাবে করতে হবে যাতে কষ্ট ওভার রান না হয়।

১৫.২। **স্পেসিফিকেশন অনুযায়ী ষ্টিল/ওয়াটার টাইট সাটারিং ব্যবহার না করা** : কংক্রিটের গুনগত মান যথাযথ পর্যায়ে রাখার জন্য ষ্টীল/ওয়াটার টাইট সাটারিং ব্যবহার করা উচিত ছিল। এ ধরনের সাটারিং ব্যবহার না করায় ব্রিজের বহি:দেশ অসমান পরিলক্ষিত হয়। সুতরাং ভবিষ্যতে স্পেসিফিকেশন অনুযায়ী ষ্টীল/ওয়াটার টাইট সাটারিং এর ব্যবহার নিশ্চিত করতে হবে।

১৫.৩। **ডিজাইন অনুযায়ী রাস্তার শোল্ডার না থাকায়** : পরিদর্শনকালে ডিজাইন অনুযায়ী রাস্তার যে পরিমাপের শোল্ডার থাকা উচিত ছিল তা নেই মর্মে প্রতীয়মান হয়। এ ছাড়া রাস্তায় বিটুমিনাস কার্পেটিং-এর প্রান্ত ভেংগে যাওয়ায় পরিলক্ষিত হয়। এতে রাস্তার স্থায়িত্ব হ্রাস পেতে পারে। ভবিষ্যতে রাস্তা নির্মাণে ডিজাইন অনুযায়ী শোল্ডার রাখার ব্যাপারে সংস্থা যথাযথ উদ্যোগ নেবে।

১৬। **সুপারিশ ঃ**

১৬.১। নির্মাণ কাজে স্পেসিফিকেশন অনুযায়ী স্টিল/ওয়াটার টাইট সাটারের ব্যবহার নিশ্চিত করতে হবে। (অনু:১৪.১)।

১৬.২। রাস্তায় যথাযথ পরিমাপের শোল্ডার না থাকা এবং বিটুমিনাস কার্পেটিং-এর সড়কের প্রান্তে ভাংগার কারণ সংশ্লিষ্ট সংস্থা খতিয়ে দেখবে এবং এ বিভাগকে অবহিত করবে। (অনু: ১৪.২)

**"ইউনিয়ন সংযোগকারী সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়নঃ বৃহত্তর কুমিল্লা জেলা" (কুমিল্লা, চাঁদপুর ও বি-বাড়িয়া)"**
**শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**(সমাপ্ত ঃ জুন, ২০১৩)**

১। প্রকল্পের অবস্থান ঃ বৃহত্তর কুমিলস্না জেলা (i) কুমিলস্না (ii) চাঁদপুর (iii) ব্রাহ্মণবাড়িয়া জেলা।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন, ২০১৩ পর্যন্ত্ম) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৪৯৯৭.০০ | ১৬৪১৪.০০ | ১৬৩০৫.৬৭ | জুলাই /০৮ হতে জুন/১২ | জুলাই /০৮ হতে জুন/১৩ | জুলাই /০৮ হতে জুন/১৩ | ৯.৪৫% | ২৫% |

৫। <u>প্রাপ্ত পিসিআর মোতাবেক প্রকল্পের অংগভিত্তিক বাস্ত্মবায়ন ঃ</u>

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ইউনিয়ন সড়ক উন্নয়ন | কি.মি. | ৩৩৯.০০ | ১৪৫৬৮.৮৫ | ৩৩৯.০০ (১০০%) | ১৪৫৪১.২১ (৯৯.৮১) |
| ২ | ইউনিয়ন সড়কে ব্রীজ/ কালভাট নির্মাণ | মি. | ৬৬০.০০ | ১৩৬৯.৩৩ | ৭৩৭.০০ (১১১.৬৬%) | ১৩৩৪.২৮ (৯৭.৪৪%) |
| ৩ | গ্রোথ সেন্টার উন্নয়ন | সংখ্যা | ৯ | ১৭৪.৯৬ | ৯ (১০০%) | ১৬৮.১৯ (৯৬.১৩%) |
| ৪ | ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ | সংখ্যা | ১ | ৫৭.৩৭ | ১ (১০০%) | ৫১.৬০ (৮৯.৯৪%) |
| ৫ | ইউনিয়ন পরিষদ ভবনে আসবাবপত্র সরবরাহ | সংখ্যা | - | - | - | - |
| ৬ | ইউনিয়ন সড়কে বৃক্ষরোপন ও পরিচর্যা | কি.মি. | ৫০.০০ | ৪০.০০ | ৫০.০০ (১০০%) | ১৭.১৮ (৪২.৯৫%) |
| ৭ | অফিস যন্ত্রপাতি | - | - | - | - | - |
| | ক) কম্পিউটার | সংখ্যা | ৪ | ৩.৯৯ | ৪ (১০০%) | ৩.৯৯ (১০০%) |
| | খ) ফটোকপিয়ার | সংখ্যা | ০ | ০ | ০ | ০ |
| | গ) টেলিফোন | সংখ্যা | ০ | ০.১৩ | ০ | ০.১৩ (১০০%) |
| ৮ | আসবাবপত্র | LS | - | ০.০০ | - | ০.০০ |
| ৯ | জনবল, জিওবি স্ট্যাফ | সংখ্যা | ১৪ | ১৪০.৫০ | ১৪ | ১৩৩.২৫ (৯৪.৮৪%) |
| ১০ | অফিস খরচ, টিএ/ডিএ, যন্ত্রপাতি সংরক্ষণ ও মেরামত | LS | - | ৫৮.৮৭ | - | ৫৫.৮৪ (৯৪.৮৫%) |
| ১১ | ট্রেনিং | LS | - | - | - | - |
| | মোটঃ | | | ১৬৪১৪.০০ | ১০০% | ১৬৩০৫.৬৭ (৮২.৮৯%) |

তথ্য সূত্র ঃ পিসিআর।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** পিসিআর মোতাবেক কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **সাধারণ পর্যবেক্ষণ ঃ**

৭.১। **পটভূমি ঃ** ২০০৮ সালে প্রকল্পটি অনুমোদনকালে কুমিলস্না জেলার সবকটি উপজেলা সড়ক উন্নত থাকলেও ইউনিয়ন সড়ক উন্নত না থাকায় পলস্নী সড়ক নেটওয়ার্ক কার্যকর ছিল না। অত্র এলাকার ৭০৭টি ইউনিয়নের সড়কের ২৮২২ কিঃমিঃ দৈর্ঘ্যের মধ্যে মাত্র ৪৩ শতাংশ উক্ত সময়ে পাকা ছিল। ২৬,২৮৫ মিঃ সেতু/কালভার্ট এর চাহিদার মধ্যে মাত্র ১৯,৩৩৪ মিঃ নির্মিত হয়েছিল যা মোট চাহিদার ৭৪ শতাংশ। এলাকার ৮৩ টি গ্রোথ সেন্টারের মধ্যে মাত্র ৬৪ টি এবং ৩৬৪ টি ইউনিয়ন কাউন্সিলের মধ্যেই ৬৮ শতাংশ অর্থাৎ ২৫১ টির উন্নয়ন করা হয়েছিল।

এলাকার যোগাযোগ নেটওয়ার্কের কার্যকর উন্নয়নের জন্য প্রকল্পে অনুন্নত সড়কসমূহের উন্নয়ন জরম্নরী বিধায় প্রকল্প প্রস্ত্মাবটির মাধ্যমে কুমিলস্না, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া এলাকার অবকাঠামো উন্নয়ন প্রস্ত্মাবিত হয়েছিল। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে সরকারের দারিদ্র হ্রাসকরণ প্রোগ্রামে ইতিবাচক ভূমিকা পালন করবে মর্মে প্রকল্পটি গৃহীত হয়েছিল।

৭.২। **উদ্দেশ্য ঃ** প্রকল্পের উদ্দেশ্য হলোঃ

ক) ভূমিহীন ও প্রামিত্মক চাষীদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন বিশেষ করে কৃষি, বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকান্ড উন্নয়ন তথা সেতু/কালভার্টসহ ইউনিয়ন সড়ক উন্নয়নের মাধ্যমে উপজেলা সদর, গ্রোথ সেন্টার এবং হাট বাজারের মধ্যে সংযোগ স্থাপনের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন;

খ) ইউনিয়ন পরিষদ কমপেস্নক্স নির্মাণের মাধ্যমে ওয়ান স্টপ সার্ভিস প্রদানসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দক্ষতা উন্নয়ন;

গ) ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কাজের সুযোগ সৃষ্টি এবং

ঘ) ইউনিয়ন সড়কের পাশে বৃক্ষরোপনের মাধ্যমে পরিবেশ উন্নয়ন।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ** প্রকল্পটি গত ২৫/০৫/২০০৮ তারিখে জুলাই, ২০০৮ থেকে জুন ২০১২ মেয়াদে ১৪৯৯৭.০০ লক্ষ টাকায় একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং ১০.০২.২০১২ তারিখে জুলাই, ২০০৮ থেকে জুন ২০১৩ মেয়াদে প্রকল্পটির ১ম সংশোধনী ১৬৪১৪.০০ লক্ষ টাকায় অনুমোদিত হয়। পরবর্তীতে, আইএমইডি'র সুপারিশক্রমে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর অর্থাৎ জুন,২০১৩ পর্যমত্ম মেয়াদ নির্ধারণ করা হয়।

০৮। **ক্রয় কার্যক্রম ঃ** মূল্যায়ন কার্যক্রমের অংশ হিসেবে পরিদর্শিত রাসত্মার মধ্য থেকে কুমিলস্না জেলায় দাউদকান্দি উপজেলায় বারপাড়া ইউপি অফিস বাজার হতে ভায়া সুন্দরপুর বাজার সড়ক উন্নয়ন শীর্ষক রাসত্মার ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়। আলোচ্য প্যাকেজের ক্রয় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসারে দরপত্র পদ্ধতিতে দি ইন্ডিপেনডেন্ট ও দৈনিক নওরোজ কাগজ পত্রিকায় প্রকাশ করা হয়। মোট দাখিলীয় দরপত্রের সংখ্যা ০২টি। ০২টি দরপত্র রেসপনসিভ বিবেচিত হয়। ০২ জনের মধ্যে থেকে সর্বনিম্ন দরদাতা (৬১৭৩৭৫৫.০০ টাকা, যা দাপ্তরিক প্রাক্কলন থেকে ১৫৪৩৩ টাকা কম) মের্সাস ফারম্নক এন্টারপ্রাইজকে Contract award দেওয়ার বিষয়ে মূল্যায়ন কমিটি সুপারিশ করে। দৈনিক নওরোজ বহুল প্রচারিত দৈনিক নয়। বহুল প্রচারিত দৈনিকে বিজ্ঞপ্তি প্রচার করা গেলে আর দরপত্র পাওয়া যেত। ফলে কার্যক্রমটি Competitive হত এবং আরও ভাল দরদাতা পাওয়া যেত।

৯। **প্রকল্প পরিদর্শন ঃ** "ইউনিয়ন সংযোগকারী সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়নঃ বৃহত্তর কুমিলস্না জেলা (কুমিলস্না, চাঁদপুর ও বি-বাড়িয়া)" শীর্ষক প্রকল্পের আওতায় মোট ৪৩৮টি প্যাকেজে ৩৯৬টি রাসত্মা, ৩২টি ব্রীজ, ৯টি গ্রোথ সেন্টর এবং ১টি ইউনিয়ন কমপেস্নক্স ১৬০৯৫ লক্ষ টাকায় নির্মাণ করা হয়েছে। গত ১৫/০৬/২০১৪ ও ০১/১১/২০১৪ তারিখে আইএমইডি কর্তৃক আলোচ্য প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের বি-বাড়িয়া ও কুমিলস্না জেলায় বাসত্মবায়িত কাজের অংশ বিশেষ পরিদর্শন করা হয়। প্রকল্প সংশিস্নষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা, প্রাপ্ত তথ্য বিশেস্নষণ ও পিসিআর এর তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। নিম্নে পরিদর্শিত স্কীমগুলোর সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হল ঃ

| ক) স্কীমের নাম<br>খ) দৈর্ঘ্য | মন্তব্য/ মতামত | ছবি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৯.১। কুমিলস্না জেলার কসবা উপজেলার নিমতাবার রাস্ৰা উন্নয়ন (চেঃনেঃ ০০-১০০০ মিটার),<br>(ক) প্রাক্কলিত ব্যয়- ৪১৭৫২৬৫.০০<br>(খ) চুক্তিকৃত মূল্য- ৩৯৬৬৫৩৪.০০<br>(গ) ব্যয়- ৩৯৬২৩৫৩.০০<br>(ঘ) বাস্ৰব অগ্রগতি-১০০%<br>ক) কার্যাদেশের তারিখ-২৬-০৯-২০১০<br>খ) কাজ সমাপ্তির তারিখ-২৫-০৩-২০১১ | নিমতাবার রাস্ৰা উন্নয়ন (চেঃনেঃ ০০-১০০০ মিটার) রাস্ৰাটি উন্নয়ন কাজ ২৫/০৩/২০১১ তারিখে সম্পন্ন হয়েছে অর্থ্যাৎ রাস্তাটি ০৩ বছরের অধিক সময় আগে নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে, রাস্ৰায় deep pothole, রেইন কাট ও Edge failure পরিলৰিত হয়। রাস্ৰার দুই পাশে প্রয়োজনীয় Soft সোল্ডার না থাকায় এবং কোথায় কোথায় সোল্ডার রাস্ৰার চেয়ে উঁচু দেখা গেছে যা যথাযথ নির্মাণের ৰেত্রে কাম্য নয়। |  |
| ৯.২। কুমিলস্না জেলার বিজয়নগর উপজেলায় পাহারপুর ইউনিয়ন পরিষদ-কালাছড়া চা বাগান হয়ে কদমতলী বাজার রোড উন্নয়ন (চেঃনেঃ ১০৫০-৩০৫০ মিটার)<br>(ক) প্রাক্কলিত ব্যয়- ৭৪০৪১৫৪.০০<br>(খ) চুক্তিকৃত মূল্য- ৭৩৯৪০৮০.০০<br>(গ) ব্যয়- ৭৩৯০৯৬০.০০<br>(ঘ) বাস্ৰব অগ্রগতি-১০০%<br>ক) কার্যাদেশের তারিখ- ০৮-০২-২০১১<br>খ) কাজ সমাপ্তির তারিখ-০৭-১১-২০১১ | বিজয়নগর উপজেলায় পাহারপুর ইউনিয়ন পরিষদ-কালাছড়া চা বাগান হয়ে কদমতলী বাজার রোড উন্নয়ন (চেঃনেঃ ১০৫০-৩০৫০ মিটার) রাস্ৰাটি গত ৭.১১.২০১১ তারিখে সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে কালাছড়া চা বাগান এলাকার রাস্ৰার কিছু অংশে pothole ও রেইন কাট পরিলৰিত হয়। |  |

| | |
|---|---|
| ৯.৩। কুমিলস্না জেলার আখাউড়া উপজেলায় মনিআন্ধা ইউনিয়ন পরিষদ-টাংকি ছোটা গাংগাইল-মগড়া ইউনিয়ন পরিষদ-হাউদা নদী-ছয় গড়িয়া চেকপোষ্ট-নুরপুর ছোট কুড়িপাইকা-বীর শেষ্ঠ মোস্ৰফা কামাল রেজিস্টার প্রাইমারী স্কুল-আখাউয়া (দৰিণ ইউনিয়ন পরিষদ) সংযোগকারী রাস্ৰা উন্নয়ন (চেঃনেঃ ০০-২৫৮০ মিটার),<br>(ক) প্রাক্কলিত ব্যয়- ১১৮১৩২২৪.০০<br>(খ) চুক্তিকৃত মূল্য- ১২৬৩৪০৯৮.০০<br>(গ) ব্যয়- ১২৬১২৪১৪.০০<br>(ঘ) বাস্ৰব অগ্রগতি-১০০%<br>কাজ সমাপ্তির তারিখ-১৫-০৬-২০১৩ | আলোচ্য রাস্ৰাটির বেড়িবাঁধ অংশে মাঝে মাবে Edging থেকে দেবে গেছে এবং রেইন কাট pothole এর সৃষ্টি হয়েছে । |

| | | |
|---|---|---|
| ৯.৪। কুমিলস্না জেলায় দাউদকান্দি উপজেলার সুন্দলপুর বাজার-মারন্নকা ইউপি অফিস ভায়া চরগোয়ালী বাজার রাস্ৰা উন্নয়নঃ (চেঃনেঃ ৮০০-১৩০০ মিটার),<br><br>(ক) প্রাক্কলিত ব্যয়-২০৩৪১৫০.০০<br><br>(খ) চুক্তিকৃত মূল্য-২০৩৩২৫৮.০০<br><br>(গ) ব্যয়- ৩১১৯১৫৬.০০<br><br>(ঘ) বাস্ৰব অগ্রগতি-১০০%<br><br>ক) কার্যাদেশের তারিখ- ০২-১১-২০১০<br><br>খ) কাজ সমাপ্তির তারিখ-২৫-১০-২০১২ | সরেজমিনে পরিদর্শনে দেখা গেছে যে, রাস্ৰাটির পাশে অনেকগুলো পুকুর রয়েছে কিন্তু সে মোতাবেক প্রটেকশনের কাজ না করেই রাস্ৰা নির্মাণ করায় রাস্ৰাটির পুকুরের পাশের অংশ দেবে গেছে। তাছাড়া রাস্ৰাটি খুড়ে পর্যবেৰণ করে দেখা যায় যে, নিম্নমানের ব্রীক চিপস্ দ্বারা WBM এর কাজ করা হয়েছে এবং Carpeting এর কাজে ব্যবহৃত চিপস্ গুলোর grading সঠিক নেই। রাস্ৰাটির সারফেস rough হয়ে গেছে এবং রাস্ৰাটি দ্রম্নত নষ্ট হয়ে যাওয়ার সম্ভবনা রয়েছে। | <br> |
| ৯.৫। কুমিলস্না জেলায় দাউদকান্দি উপজেলায় বারপাড়া ইউপি অফিস বাজার হতে ভায়া সুন্দরপুর বাজার সড়ক উন্নয়নঃ (চেঃনেঃ ৫০০-২১০০ মিটার),<br><br>(ক) প্রাক্কলিত ব্যয়-৬১৮৯১৮৮.০০<br><br>(খ) চুক্তিকৃত মূল্য-৭০৭০৫৪০.০০<br><br>(গ) ব্যয়- ৭০৭০৫২৮.০০<br><br>(ঘ) বাস্ৰব অগ্রগতি-১০০%<br><br>ক) কার্যাদেশের তারিখ- ২৪-১২-২০১০<br><br>খ) কাজ সমাপ্তির তারিখ-৩০-০৪-২০১৩ | আলোচ্য রাস্ৰাটি সরেজমিনে পরিদর্শন কালে খুড়ে পর্যবেৰণ করে দেখা যায় যে, রাস্ৰাটিতে Carpeting এর সময় সঠিক গ্রেডের চিপস্ ব্যবহার করা হয়নি। ফলে রাস্ৰার কাংখিত স্থায়িত্ব অর্জন হবে না। |  |

১০। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ প্রকল্পের শুরু হতে জুন/ ১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৬৩০৫.৬৭ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৩৪% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২০০৮-০৯ | ১১০০.০০ | ১১০০.০০ | - | ১১০০.০০ | ১০৮৮.১০ | ১০৮৮.১০ | - | - |
| ২০০৯-১০ | ৪০০০.০০ | ৪০০০.০০ | - | ৪০০০.০০ | ৩৯৯৭.৮৭ | ৩৯৯৭.৮৭ | - | - |
| ২০১০-১১ | ৩০০০.০০ | ৩০০০.০০ | - | ৩০০০.০০ | ২৯৯৫.১৩ | ২৯৯৫.১৩ | - | - |
| ২০১১-১২ | ৪০০০.০০ | ৪০০০.০০ | - | ৪০০০.০০ | ৩৯৯৩.০০ | ৩৯৯৩.০০ | - | - |
| ২০১২-১৩ | ৪৩০০.০০ | ৪৩০০.০০ | - | ৪২৩৬.৪৫ | ৪২৩১.৫৭ | ৪২৩১.৫৭ | - | - |
| সর্বমোট | ১৬৪০০.০০ | ১৬৪০০.০০ | | ১৬৩৩৬.৪৫ | ১৬৩০৫.৬৭ | ১৬৩০৫.৬৭ | - | ৩০.৭৮ |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ১৬৩৩৬.৪৫ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১৬৩০৫.৬৭ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ১৬৩৩৬.৪৫ লক্ষ টাকা। এতে দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়ন শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থের পরিমান ৩০.৭৮ লক্ষ টাকা। পিসিআর-এ প্রদত্ত তথ্যনুযায়ী উক্ত অব্যয়িত অর্থ ট্রেজারী হতে উত্তোলন করা হয়নি।

১১। **উপকারভোগীদের মতামত ঃ** প্রকল্প এলাকা পরিদর্শন কালে উপকারভোগীগণ জানিয়েছেন যে, প্রকল্পের অধীনে ইউনিয়ন সড়ক ও গ্রোথ সেন্টার উন্নয়নের ফলে কৃষি পন্য বাজারজাত করা সহজ হয়েছে। ছেলে মেয়েদের স্কুলে যাওয়া আসা, স্বাস্থ্য কেন্দ্রে যাওয়া আসা সহজ হয়েছে। তাছাড়া নির্মিত রাস্তার পাশে নতুন নতুন দোকান পাট তোলা হচ্ছে এবং বাণিজ্যিক কর্মকান্ড বৃদ্ধি পেয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র ৩ (তিন) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| | নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলির তারিখ |
|---|---|---|---|---|---|
| i) | এস.এম. আব্দুল জলিল, প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ০১/০৭/২০০৮ | ২৩/০৩/২০০৯ |
| ii) | মোঃ রওশন আলী প্রামানিক, প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ২৪/০৩/২০০৯ | ২৮/০৬/২০১২ |
| iii) | মোঃ আলস্না হাফিজ, প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ২৯/০৬/২০১২ | ৩০/০৬/২০১৩ |

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| ক) ভূমিহীন ও প্রান্তিক চাষিদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন বিশেষ করে কৃষি, বানিজ্য ও অর্থনৈতিক কর্মকান্ড উন্নয়ন তথা সেতু/কালভার্টসহ ইউনিয়ন সড়ক উন্নয়নের মাধ্যমে উপজেলা সদর, গ্রোথ সেন্টার এবং হাট বাজারের মধ্যে সংযোগ স্থাপনের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন।<br>খ) ইউনিয়ন পরিষদ কমপেস্নক্স নির্মাণের মাধ্যমে ওয়ান ষ্টপ সার্ভিস প্রদান সহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দক্ষতা উন্নয়ন।<br>গ) ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কাজের সুযোগ সৃষ্টি।<br>ঘ) ইউনিয়ন সড়ক পাশে বৃক্ষরোপনের মাধ্যমে পরিবেশ উন্নয়ন। | বৃহত্তর কুমিলস্না জেলায় এ প্রকল্পের মাধ্যমে রাস্তা, সেতু/কালভার্ট নির্মাণের ফলে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। ফলে কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক অবস্থার উন্নতি হয়েছে। উপরিউক্ত আলোচ্য অর্জন ছাড়াও প্রকল্প বাস্তবায়নে কিছু সমস্যা রয়েছে যা এ প্রতিবেদনে সমস্যা ও সুপারিশ অংশে আলোচনা করা হয়েছে। |

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ সমস্যা ও সুপারিশ অংশের আলোচনার উপর ভিত্তি করে বলা যায় যে, সকল কাজ যথাযথভাবে করা হলে (৮নং অনুচ্ছেদ দ্রষ্টব্য) উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হত। এ ৰেত্রে সকল অংগ যথাযথ ভাবে সম্পাদিত না হওয়ায় প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি।

১৫। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ**

১৫.১। ‘‘ব্রাক্ষ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলার নিমতাবার রাস্ৰা উন্নয়ন’’ শীর্ষক রাস্ৰা নির্মাণকালে দুই পাশে যথাযথ সোল্ডার না রাখা, Soft সোল্ডার রাস্ৰা থেকে উচু হওয়ায় বৃষ্টির পানি জমে থাকা, deep pothole, রেইনকাট ও Edge faiture সৃষ্টি হওয়া ইত্যাদির ফলে রাস্ৰাটির স্থায়িত্ব হ্রাস পাবে ও উদ্দেশ্য ব্যাহত হয়েছে;

১৫.২। ‘‘বিজয়নগর উপজেলায় পাহারপুর ইউনিয়ন পরিষদ-কালাছড়া চা বাগান হয়ে কদমতলী বাজার রোড উন্নয়ন’’ শীর্ষক রাস্ৰা হতে বৃষ্টির পানি যথাযথভাবে নিষ্কাশন না হওয়ায় রেইন কাট ও pothole এর সৃষ্টি হয়েছে;

১৫.৩। ‘‘আখাউড়া উপজেলায় মনিআন্ধা ইউনিয়ন পরিষদ-টাংকি ছোটা গাংগাইল-মগড়া ইউনিয়ন পরিষদ-হাউদা নদী-ছয় গড়িয়া চেকপোষ্ট-নুরপুর ছোট কুড়িপাইকা-বীর শেষ্ঠ মোস্ৰফা কামাল রেজিস্টার প্রাইমারী স্কুল-আখাউয়া (দৰিণ ইউনিয়ন পরিষদ) সংযোগকারী’’ শীর্ষক রাস্ৰাটি নির্মাণের সময় প্রয়োজনীয় Soft সোল্ডার রাখা হয়নি। ফলে রাস্ৰাটির বেঁড়ি বাধ অংশ ০১ বছরের মধ্যে নষ্ট হয়ে গেছে মর্মে প্রতীয়মান হয়েছে;

১৫.৪। ‘‘কুমিলস্না জেলায় দাউদকান্দি উপজেলার সুন্দলপুর বাজার-মারন্নকা ইউপি অফিস ভায়া চরগোয়ালী বাজার রাস্ৰা উন্নয়ন’’ শীর্ষক রাস্ৰার ৰেত্রে পুকুরের পাড়ের Protection কাজ না করে রাস্ৰা নির্মাণ করায় পুকুর/ডোবার পাশে নির্মিত রাস্ৰা দেবে গেছে;

১৫.৫। ‘‘কুমিলস্না জেলায় দাউদকান্দি উপজেলায় বারপাড়া ইউপি অফিস বাজার হতে ভায়া সুন্দরপুর বাজার সড়ক উন্নয়ন’’ শীর্ষক রাস্ৰাটি নির্মাণকালে কার্পেটিং এর সময় সঠিক গ্রেডের চীপস্ বব্যহার করা হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। ফলে রাস্ৰার সারফেস rough হয়ে গেছে;

১৫.৬। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) ও মূল্য বৃদ্ধি (Cost Over-run)** ঃ মূল প্রকল্পটি ‘একনেক’ কর্তৃক ২৫-০৫-২০০৮ তারিখে অনুমোদিত হয় এবং বাস্ৰবায়নকাল নির্ধারণ করা হয় ০৫ বছর। পরবর্তীতে প্রকল্প সংশোধন করা হয় এবং জুন, ২০১৩ এ প্রকল্পটি সমাপ্ত ঘোষণা করা হয়। এতে দেখা যায়, প্রকল্পটি বাস্ৰবায়নে মোট ০৫ বছর ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্ৰবায়নকাল হতে ১ বছর বেশী (২৫%)। অন্যদিকে, প্রকল্পটির মূল অনুমোদিত ব্যয় ছিল ১৪৯৯৭.০০ লৰ টাকা এবং সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ছিল ১৬৪১৪.০০ লৰ টাকা এবং ব্যয় হয়েছে ১৬৩০৫.৬৭ লৰ টাকা যা সংশোধিত অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকলেও মূল অনুমোদিত ব্যয় অপেৰা ৯.৪৫% বেশী। প্রকল্পটি যথাসময়ে বাস্ৰবায়িত হলে বাস্ৰবায়ন ব্যয় একদিকে যেমন কম হতো তেমনি জনগণ অপেৰাকৃত কম সময়ে এর সুফল ভোগ করতে পারত।

১৬। **সুপারিশ ঃ**

১৬.১। ভবিষ্যতে রাস্ৰা নির্মাণকালে যথাযথ সোল্ডার রাখতে হবে;

১৬.২। ভবিষ্যতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্ৰবায়িতব্য সকল প্রকল্পের ৰেত্রে Prototype drawing & design এর পরির্বতে যথাযথ স্টাডি করে প্রয়োজন অনুসারে Drawing & design করে প্রকল্প গ্রহণ/বাস্ৰবায়নের বিষয়টি সংশিস্নষ্ট মন্ত্রণালিয়/বিভাগ বিবেচনা করবে;

১৬.৩। রাস্ৰার কার্পেটিং এর সঠিক গ্রেডের চীপস্ বব্যহার না করার বিষয়টি সংশিস্নষ্ট মন্ত্রণালয়/বিভাগ খতিয়ে দেখবে;

১৬.৪। আলোচ্য প্রকল্পে টাইম ওভাররান ২৫% এবং কস্ট ওভাররান ৯.৪৫% হয়েছে নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে সংশিস্নষ্ট বিভাগ/দপ্তরকে মনযোগী হতে হবে; যেন জনগণ অপেৰা কম সময়ে প্রকল্পের সুফল ভোগ করতে পারে;

১৬.৫। অনুচ্ছেদ ১৬.১ থেকে ১৬.৪ এ উলিস্নখিত সুপারিশের আলোকে সংশিস্নষ্ট বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা আগামী ৩০ দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

## "পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ পার্বত্য চট্টগ্রাম (১ম সংশোধিত)"
## শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন,২০১৩)

১। প্রকল্পের অবস্থান ঃ রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৩ পর্যন্ত্ম) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১০৫৬৭.০০ | ১১৫১০.০০ | ১১৪৮৬.০৭ | জানুয়ারী ,২০০৯ হতে ডিসেম্বর,২০১১ (৩ বছর) | জানুয়ারী ,২০০৯ হতে জুন,২০১৩ (৪ বছর ৬ মাস) | জানুয়ারী ,২০০৯ হতে জুন,২০১৩ (৪ বছর ৬ মাস) | ৮.৭০% | ৫০% |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (জুন,২০১৩পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | উপজেলা সড়ক উন্নয়ন। | কিঃমিঃ | ৯৪.৫২ | ৫৯৪১.০০ | ৯৪.৫২ | ৫৯৪০.৯৫ |
| ২. | উপজেলা সড়কে ব্রিজ/কালভার্ট নির্মাণ। | মিঃ | ১২১৫.১০ | ২৭৯৬.০০ | ১২১৫.১০ | ২৭৯৬.০০ |
| ৩. | ইউনিয়ন সড়ক উন্নয়ন। | কিঃমিঃ | ৩৬.৮৬ | ১৪১৮.০০ | ৩৬.৮৬ | ১৪১৮.০০ |
| ৪. | ইউনিয়ন সড়কে ব্রিজ/কালভার্ট নির্মাণ। | মিঃ | ৩৬৫.৭০ | ৮১০.০০ | ৩৬৫.৭০ | ৮১০.০০ |
| ৫. | গ্রোথ সেন্টার উন্নয়ন। | সংখ্যা | ১০ | ২৯৫.০০ | ১০ | ২৯৫.০০ |
| ৬. | বৃক্ষরোপণ কর্মসূচি । | কিঃমিঃ | ৩৮.০০ | ৩০.০০ | ৩৮.০০ | ২৯.৯১ |
| ৭. | সম্পদ সংগ্রহ/ক্রয় (যানবাহন, যন্ত্রপাতি, অফিস ইকুইপমেন্ট ও আসবাবপত্র)। | টি ও সেট | ৯৭ | ৪৬.৪২ | ৯৭ | ৪৬.৪২ |
| ৮. | জনবল (কর্মকর্তা/কর্মচারী) | জনমাস | ৭০২ | ১১৯.৯৫ | ৫৪৬ | ৯৭.৪০ |
| ৯. | কন্টিজেন্সি (ষ্টেশনারি এন্ড প্রিন্টিং, ভ্রমণ, ডাক, টেলিফোন, অফিস রক্ষণাবেক্ষণ, জ্বালানী ইত্যাদি)। | লাম-সাম | লাম-সাম | ৪৪.৩৭ | লাম-সাম | ৪৩.১৩ |
| ১০. | সিডিভ্যাট। | লাম-সাম | লাম-সাম | ৯.২৬ | লাম-সাম | ৯.২৬ |
| | **মোট** | | | **১১৫১০.০০** | | **১১৪৮৬.০৭** |

তথ্য সূত্র ঃ পিসিআর।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** প্রযোজ্য নয়।

৭। **সাধারণ পর্যবেক্ষণ ঃ**

৭.১ **পটভূমি ঃ**

বাংলাদেশের ৩টি পার্বত্য জেলা-বান্দরবান, রাঙামাটি এবং খাগড়াছড়ির অধিকাংশ এলাকা পাহাড়ী। মাথাপিছু চাষযোগ্য জমির পরিমাণ দেশের অন্যান্য অঞ্চলের তুলনায় অনেক কম। এ অঞ্চলের অধিকাংশ জনগণ দারিদ্র সীমার নীচে বাস করে। ভৌত অবকাঠামোর অপ্রতুলতাকে উন্নয়নের প্রধান অন্তরায় হিসেবে চিহ্নিত করা হয়েছে। ফলে কৃষি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সঙ্গে যোগাযোগ এবং কৃষিজাত পণ্যের বাজারজাতকরণে অসুবিধার সৃষ্টি হচ্ছে এবং কৃষি-খাতের উন্নয়ন বাধাগ্রস্ত হচ্ছে। তাই ভৌত অবকাঠামো উন্নয়ন তথা উপজেলা ও ইউনিয়ন সড়ক, সেতু, গ্রোথ-সেন্টার উন্নয়ন/নির্মাণ এবং বৃক্ষরোপণের মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্যে সম্পূর্ণ জিওবি অনুদানে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭.২ **উদ্দেশ্য ঃ**

- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে গ্রামীণ মৌলিক ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দারিদ্র দূরীকরণ, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আয় বৃদ্ধিকরণ এবং দরিদ্র ও ক্ষুদ্র প্রান্তিক চাষীদের আর্থ-সামাজিক উন্নয়ন।
- সেতু/কালভার্ট ও গুরুত্বপূর্ণ হাটবাজারসহ উপজেলা সড়ক ও ইউনিয়ন সড়ক নির্মাণের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও কৃষি উন্নয়নের সহায়তা।
- ভৌত নির্মাণ কাজের মাধ্যমে প্রকল্প এলাকায় গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।
- বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা ।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ**

ক) প্রকল্পটিতে ১৭/০২/২০০৯ তারিখে একনেক সভায় অনুমোদিত।
খ) একনেক শাখা কর্তৃক ০৮/০৪/২০০৯ তারিখ জিও ইস্যু করা হয়।
গ) স্থানীয় সরকার বিভাগ হতে ০৫/০৫/২০০৯ তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।
ঘ) প্রকল্পের মেয়াদ ১ বৎসর বৃদ্ধিসহ মোট ১১৫১০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির আরডিপিপি ১৮/০৯/২০১১ তারিখ ডিপিইসি সভায় সুপারিশ লাভ করে এবং ০৮/১২/২০১১ তারিখ এর প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।
ঙ) পরবর্তীতে আইএমইডি কর্তৃক ০৪/১২/২০১২ তারিখ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধির সুপারিশ করা হয়।

৮। **প্রকল্প পরিদর্শনঃ** আইএমইডি'র উপ-পরিচালক (স্থানীয় সরকার) কর্তৃক প্রকল্পটি গত ১৯-২১ জুন ২০১৪ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব স্বপন কুমার দাশ এবং রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবন জেলা নির্বাহী প্রকৌশলীত্রয় উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ :

৮.১ **উপজেলা সড়কঃ**

৮.১.১ মাটিরাঙ্গা জিসি হতে গোমতী জিসি সড়ক উন্নয়ন (চেইনেজ- ০৩+৩৮২-১২+৮৭০ কি:মি:), খাগড়াছড়ি: মোট ৬টি প্যাকেজে ৯.৬ কি: মি: দৈঘ্যের রাস্তার উন্নয়ন কাজ সম্পাদিত হয়েছে। এ সড়কের কার্যক্রম ২৬/০২/২০১০ তারিখে সমাপ্ত হয়েছে।



**উপজেলা সড়ক, মাটিরাঙ্গা**

পাহাড়ি এলাকা হওয়াতে অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে সড়কে কিছু রেইন কাট সৃষ্টি হয়েছে। পরিদর্শনকালে এ সড়কের বেশ কিছু স্থানে বৃষ্টির পানি জমে থাকতে দেখা গিয়েছে। এলজিইডি'র রক্ষণাবেক্ষন খাত হতে এ ত্রুটিসমূহ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে নির্বাহী প্রকৌশলী আইএমইডি'কে অবহিত করেন। বর্ষাকালে এভাবে সড়কে পানি জমে থাকলে তাতে পটহোল সৃষ্টি হয়ে চলাচলের অনুপোযোগী হওয়ার সম্ভাবনা রয়েছে। পাহাড়ী এলাকার ভূতাত্ত্বিক গঠন এবং জলবায়ুগত বৈশিষ্টসমূহ যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনায় এনে রাস্তা নির্মাণ করা হলে কাজ সমাপ্ত হওয়ার চার বছরের মধ্যে এ ধরণের সমস্যা সৃষ্টি হত না। নির্মাণ কাজ টেকসই করার জন্য ভবিষ্যতে এ এলাকায় রাস্তা নির্মাণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা যেতে পারে।



সড়কে পানি জমে থাকা

এ সড়কের ড্রেনেজ ওয়ালের কিছু কিছু অংশ ভাঙা অবস্থায় পাওয়া গিয়েছে যা সংশোধনের ব্যবস্থা নেওয়া হবে মর্মে প্রকল্প পরিচালক আইএমইডিকে জানান। এ সড়কের মাটিরাঙ্গা এলাকার একটি কালভার্টের এবার্টমেন্ট ওয়ালে বড় আকারের মাটি ধ্বস পরিলক্ষিত হয়েছে। পাহাড়ি এলাকা হওয়াতে অতিরিক্ত বৃষ্টিপাত এবং পাহাড়ি ঢলে সাম্প্রতিক সময়ে এ অবস্থা হয়েছে বলে নির্বাহী প্রকৌশলী আইএমইডি প্রতিনিধিকে অবহিত করেন। প্রকল্প পরিচালক এ অংশটি সংস্কারের জন্য তাৎক্ষণিক নির্দেশ প্রদান করেন। পাহাড়ী এলাকার ভূতাত্ত্বিক গঠন এবং জলবায়ুগত বৈশিষ্টসমূহ যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনায় এনে রাস্তা নির্মাণ করা হলে কাজ সমাপ্ত হওয়ার স্বল্প সময়ের মধ্যে এ ধরণের সমস্যা সৃষ্টি হত না । সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রকল্পের সুফল টেকসই ও দীর্ঘমেয়াদি করতে ডিপিপি প্রণয়নের সময় অতিরিক্ত বৃষ্টিপাত এবং পাহাড়ি ঢল ইত্যাদি বিষয় বিবেচনায় এনে রাস্তার ডিজাইন এবং নির্মাণ কাজ করা যেতে পারে।



কালভার্টের নিচে মাটি ধ্বস

৮.১.২ গিলাছড়ি জিসি হতে বুড়িঘাট বাজারে সড়ক উন্নয়ন, রাঙ্গামাটিঃ মোট ৩টি প্যাকেজে গিলাছড়ি জিসি হতে বুড়িঘাট বাজার পর্যন্ত ৭.৫ কিঃমিঃ উপজেলা সড়ক উন্নয়নের কার্যাদেশ ২৪/১১/২০১১তারিখে প্রদান করা হয় এবং ১৮/০৬/২০১৩ তারিখে প্রকল্পের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।



উপজেলা সড়ক, নানিয়ার চর, রাঙ্গামাটি

এ স্কিমের আওতায় সড়ক নির্মাণ করতে গিয়ে কিছু পাহাড় কাটতে হয়েছে। পরিদর্শনকালে প্রবল বৃষ্টি ছিল এবং সড়কের বিভিন্ন স্থানে ভূমি/পাহাড় ধ্বস পরিলক্ষিত হয়েছে। প্রকল্পের আওতায় পাহাড় প্রটেকশন বাবদ ডিপিপিতে কোন অর্থের সংস্থান ছিল না মর্মে প্রকল্প পরিচালক আইএমইডিকে অবহিত করেন। এ বর্ষা মৌসুমে সড়কের পাহাড় আরও ধ্বসে পড়ার সম্ভাবনা রয়েছে মর্মে আইএমইডির পক্ষ থেকে আশংকা প্রকাশ করা হলে নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি জানান যে, এলজিইডি'র রক্ষণাবেক্ষণ খাত হতে সড়কের মাটি সরিয়ে নেয়া যাবে। সড়কটি নির্মাণের সময় পাহাড় সংরক্ষণের বিষয়টি বিবেচনায় নেওয়া হলে এত স্বল্প সময়ে রক্ষণাবেক্ষন/মেরামতের প্রয়োজন হত না। সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রকল্পের সুফল টেকসই ও দীর্ঘমেয়াদি করতে ভবিষ্যতে এ এলাকায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উপরোক্ত বিষয় গুরুত্বের সংগে বিবেচনায় আনা যেতে পারে।



ভূমি ধ্বস, বিলাইছড়ি, রাঙামাটি

৮.২। এ সড়কের বুড়িঘাট বাজার সংলগ্ন কালভার্ট-এর এপ্রোচ রোডের নির্মাণ কাজে ত্রুটি পরিলক্ষিত হয়েছে। কালভার্টের পাশে গাইডিং ওয়াল নির্মাণ করা হলেও কালভার্ট সংলগ্ন সড়কের মাটি বৃষ্টি পানিতে ধুয়ে গিয়ে সড়ক এবং কালভার্ট দু'টোই মারাত্মক হুমকীর সম্মুখীন। নির্বাহী প্রকৌশলী, রাঙামাটি এবং প্রকল্প পরিচালক এ নির্মাণ কাজের ঠিকাদারকে স্পটে ডেকে এনে এ সমস্ত ত্রুটিসমূহ সংশোধনের নির্দেশ প্রদান করেন। সড়কটি নির্মাণের সময় এসব বিষয়াদি বিবেচনায় নেওয়া হলে এত স্বল্প সময়ে রক্ষণাবেক্ষন/মেরামতের প্রয়োজন হত না। সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রকল্পের সুফল টেকসই ও দীর্ঘমেয়াদি করতে ভবিষ্যতে এ এলাকায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উপরোক্ত বিষয় গুরুত্বের সংগে বিবেচনায় আনা যেতে পারে।



বুড়িঘাট বাজার সংলগ্ন কালভার্ট সংযোগকারী সড়ক , রাঙ্গামাটি

৮.৩। মাটিরাঙ্গা জিসি হতে গোমতী জিসি সড়কে ৬৬ মিটার আরসিসি গোমতী ব্রিজ নির্মাণ: ৬৬ মিটার দৈর্ঘ্যের ৩ স্প্যান বিশিষ্ট এ ব্রিজটির নির্মাণ কাজ ১৯/০৬/২০১৩ তারিখে সমাপ্ত হয়েছে। পরিদর্শনকালে সেতুটির নির্মাণ কাজ সম্পন্ন ও সেতুটি কার্যকর দেখা গিয়েছে। সেতুর উভয় প্রান্তের ইউড্রেনসহ ফ্লেক্সিবল পেভমেন্টের এপ্রোচ রোড ও গাইড পোষ্ট বাহ্যিকভাবে অক্ষত দেখা গিয়েছে। তবে সেতুর নিচের একটি অংশের মাটি অল্প পরিমান ক্ষয় হয়েছে, যা সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে প্রকল্প পরিচালক আইএমইডির প্রতিনিধিকে অবহিত করেন।



গোমতী ব্রিজ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি

৮.৪। রাঙ্গামাটি-খাগড়াছড়ি সড়ক হতে বেতছড়ি রিজিবিল পাড়াভায়া কামারপাড়া ইউনিয়ন সড়ক, রাঙ্গামাটিঃ মোট ২ কি: মি: দৈর্ঘ্য বিশিষ্ট এ সড়কটির নির্মাণ কাজ ১৮/০৬/২০১৩ তারিখে সমাপ্ত হয়েছে। প্রত্যন্ত এলাকায় সংগে যোগাযোগ স্থাপন এ সড়কটি অত্যন্ত গুরুত্ব বহন করছে। অত্যন্ত দুর্গম পাহাড়ী এলাকায় নির্মিত এই রাস্তাটি আশে-পাশের জনগণের যাতায়াত এবং পণ্য পরিবহনের পথ সুগম করেছে। এইচবিবি এ সড়কের অল্প কিছু অংশে ইট ভাঙ্গা অবস্থায় দেখা গিয়েছে। এ সমস্ত ত্রুটি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে আইএমইডি'র প্রতিনিধিকে জানান হয়।

৮.৫।



বেতছড়ি রিজিবিল পাড়া ভায়া কামারপাড়া ইউনিয়ন সড়ক, রাঙ্গামাটি

রেইচা বাজার শেড নির্মাণ, বান্দরবান: মোট ২৩.০২ লক্ষ টাকা ব্যয়ে বান্দরবান জেলা রেইচা বাজারে শেড নির্মাণের জন্য ১২/১০/২০১১ তারিখে কার্যাদেশ প্রদান করা হয় এবং ০২/০৩/২০১২ তারিখে এ কাজ সমাপ্ত হয়। বাজারে মহিলাদের জন্য নির্মিত ওমেন্স কর্নারে স্থানীয় নারীরা টেইলারিং মুদি দোকানসহ বিভিন্ন দোকান দিয়েছেন। এর পাশে সবজি মুরগী, মাছ বিক্রির জন্য শেডসহ কংক্রিটের স্থাপনা নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, নির্মিত স্থাপনাসমূহ স্থানীয় জনগণ দ্বারা যথাযথ ব্যবহার করা হচ্ছে।

বৃক্ষরোপণ: প্রকল্পের আওতায় ৩৮ কিঃমিঃ সড়কে বৃক্ষরোপণের জন্য প্রকল্পের সংশোধিত ডিপিপিতে ৩০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী এ আইটেমে প্রায় সমুদয় অর্থই অর্থাৎ ২৯.৯১ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে। বৃক্ষরোপণ কাজের জন্য কোন দরপত্র কেন আহ্বান করা হয়নি তা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, এলজিইডির নিয়ম অনুযায়ী বৃক্ষরোপণের কাজটি Labour Contacting Society (LCS) এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে।

৯।



La bour Contacting Society এর সদস্য কর্তৃক সড়ক রক্ষণাবেক্ষন

৮.৫.১ মাটিরাঙ্গা জিসি হতে গোমতী জিসি সড়কে বৃক্ষরোপণ: আলোচ্য প্রকল্পের আওতায় মোট ৪.০০ কি: মি: সড়কে বৃক্ষরোপণের জন্য ১.৯০ লক্ষ টাকার সংস্থান ছিল। কিন্তু পরিদর্শনকালে সড়কের দু'পাশে বৃক্ষ সংখ্যার পরিমাণ খুব কম দেখা গিয়েছে। রক্ষণাবেক্ষনের অভাবে রোপিত বৃক্ষ মারা গিয়েছে মর্মে প্রকল্প পরিচালক আইএমইডি প্রতিনিধিকে অবহিত করেন। প্রকল্পের বৃক্ষরোপণের কাজটি যথাযথভাবে তদারকী হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

৮.৫.২ গিলাছড়ি জিসি হতে বুড়িঘাট বাজার সড়কে বৃক্ষরোপণ: মোট ২ কি: মি: দৈর্ঘ্যের এ সড়কের বৃক্ষরোপণ এবং রোপণকৃত বৃক্ষের টিকে যাওয়া অধিক মর্মে পরিলক্ষিত হয়েছে। পরিবেশের ভারসাম্য রক্ষার্থে এ সমস্ত গাছ রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় জনগণকে সম্পৃক্ত করা যেতে পারে মর্মে আইএমইডি'র পক্ষ থেকে অভিমত ব্যক্ত করা হয়।

৮.৬ গোমতী গ্রোথ সেন্টার উন্নয়ন, খাগড়াছড়ি: গোমতী গ্রোথ সেন্টারের উন্নয়ন কাজের শুরু হয় ১৫/০২/২০১০ তারিখে এবং ১২/০৬/২০১০ তারিখে এর নির্মাণ কাজ শেষ হয়। পরিদর্শনকালে একটি শুকর হাউজ এবং একটি শেড হাউজ দেখা হয়। নির্মিত স্থাপনাসমূহ সচল এবং জনসাধারণের ব্যবহার উপযোগী রয়েছে।

**প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ** প্রকল্পের শুরম্ন হতে জুন, ২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট **১১৪৮৬.০৭** লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৮০ % এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০০৮-০৯ | ২৬৪.০০ | ২৬৪.০০ | - | ২৬৪.০০ | ২৫৭.৫৪ | ২৫৭.৫৪ | - | ৬.৪৬ |
| ২০০৯-১০ | ২৫০০.০০ | ২৫০০.০০ | - | ২৫০০.০০ | ২৪৫০.০০ | ২৪৫০.০০ | - | ৫০.০০ |
| ২০১০-১১ | ১৯০০.০০ | ১৯০০.০০ | - | ১৯০০.০০ | ১৯০০.০০ | ১৯০০.০০ | - | - |
| ২০১১-১২ | ২২০০.০০ | ২২০০.০০ | - | ২২০০.০০ | ২১৮৬.২২ | ২১৮৬.২২ | - | ১৩.৭৮ |
| ২০১২-১৩ | ৪৬৯৬.০০ | ৪৬৯৬.০০ | - | ৪৬৯৬.০০ | ৪৬৯২.৩১ | ৪৬৯২.৩১ | - | ৩.৬৯ |
| **সর্বোমোট ঃ** | **১১৫৬০.০০** | **১১৫৬০.০০** | | **১১৫৬০.০০** | **১১৪৮৬.০৭** | **১১৪৮৬.০৭** | | **৭৩.৯৩** |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ১১৫১০.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১১৪৮৬.০৭ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ১১৫৬০.০০ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ৭৩.৯৩ লক্ষ টাকা (৭৩.৯৩ লক্ষ টাকা)। পিসিআর-এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে যথাসময়ে জমা দেওয়া হয়েছে।

১০। উপকারভোগীদের মতামত ঃ

১০.১ প্রকল্পের আওতায় উন্নয়নকৃত কার্যক্রমসমূহের ফলভোগকারী জনগণের (Beneficiaries) সাথে আলাপ করে

জানা যায় যে, প্রকল্পের আওতায় সড়ক, ব্রীজ/কালভার্ট, গ্রোথ সেন্টার, মার্কেট, ঘাট নির্মাণ/উন্নয়নের ফলে বিভিন্ন গ্রোথ সেন্টারসহ ইউনিয়ন ও উপজেলা এবং হাইওয়ের সাথে যোগাযোগ রক্ষা করা যেমন সহজ হয়েছে তেমনি সময় ও পরিবহন ব্যয়ের সাশ্রয় হয়েছে। এছাড়া, উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে পরিবহন করাসহ ছেলেমেয়েদের স্কুল কলেজে যাতায়াতও সহজতর হয়েছে।

১০.২ মাটিরাঙ্গা উপজেলা সড়ক পরিদর্শনকালে দেখা যায় যে, সড়কের স্থানীয় জনগণ তাদের উৎপাদিত কলা, কাঁঠাল, ও আনারস বিক্রয়ের জন্য সড়কের দু'পাশে রেখেছে, ট্রাকে করে যা বাজারে সরবরাহ করা হবে। এলাকায় নতুন সড়ক হওয়াতে ফলজ পণ্য চাষাবাদের পরিমাণ বৃদ্ধি পেয়েছে বলে তিনি জানিয়েছেন। এ ছাড়া উৎপাদিত ফসলের মূল্যও দেড়গুণ বেড়েছে বলে মাটিরাঙ্গার স্থানীয় জনগণ অবহিত করেন। গোমতী জিসি সড়কের ব্রিজটি খালের অপর পাড়ের প্রাথমিক বিদ্যালয়ে গমনকারী ছাত্রছাত্রীদের জন্য যাতায়াত ব্যবস্থা সুগম করেছে। এলাকার স্থানীয় বাসিন্দা জনাব মো: সুরুজ মিয়া আইএমইডি'র প্রতিনিধিকে জানান যে, ১৯৬২ সালে তিনি এ স্থানে বসতি শুরু করেন। পূর্বে সেতু ও সড়ক না থাকাতে কৃষি পণ্য উৎপাদন ও বিপণনে অসুবিধা হত। এছাড়া বাজার ও বিদ্যালয়ে যাতায়াতে সমস্যা হত। উপজেলা সড়ক ও সেতু নির্মাণের ফলে স্থানীয় জনগণের আয় আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে বলে তিনি উল্লেখ করেন।



আনারস আবাদ



নির্মিত সড়কে ট্রাকের জন্য অপেক্ষমান কাঁঠাল খাগড়াছড়ি

১০.৩ বান্দরবানে রেইচা বাজারের মহিলা কর্নারের নাচিং মারমা, যুই সেইন সি মারমা, এবং নাই কাও চিং মারমা'র সংগে আইএমইডি'র প্রতিনিধি আলাপ করেন। এ গ্রোথ সেন্টারের ফলে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। নাচিং মারমা ও যুই সেইন সি মারমা মুদি দোকান এবং নাই কাও চিং মারমা দর্জি দোকান দিয়েছেন। এতে তাদের জীবনযাত্রার মানের সামগ্রিক উন্নয়ন হয়েছে বলে তারা অভিমত ব্যক্ত করেছেন।





১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র দুজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদ |
|---|---|---|---|---|
| মোঃ মকবুল হোসেন<br>প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | | ১০-০৪-২০০৯ | ১২-( |
| স্বপন কুমার দাশ<br>প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | | ১৩-০৫-২০১০ | ৩০- |

উপরের তথ্য পর্যালোচনায় দেখা যায় মাত্র ৪ বছর ৬ মাসে বাস্তবায়িত এ প্রকল্পে দুজন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| **পরিকল্পিত উদ্দেশ্য** | **অর্জিত ফলাফল** |
|---|---|
| • সেতু/কালভার্ট ও গুরম্নত্বপূর্ণ হাটবাজারসহ উপজেলা সড়ক ও ইউনিয়ন সড়ক নির্মাণের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও কৃষি উন্নয়নের সহায়তা। | পরিকল্পিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রায় সকল কাজ বাস্তবায়িত হয়েছে। ফলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধিত হয়েছে। তাতে পরিবহন ব্যয় কমেছেযথাযথ ; মূল্যে দ্রব্যাদি ক্রয় বিক্রয়ের সুযোগ সৃষ্টি হয়েছে। এ ছাড়া কৃষি ও অকৃষি খাতে স্বল্প ও দীর্ঘমেয়াদী কর্মের সুযোগ সৃষ্টি হয়েছে। |
| • বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা। | প্রকল্পের এ উদ্দেশ্যটি পুরোপুরি অর্জিত হয়নি। রোপণকৃত বৃক্ষের যত্নের প্রয়োজনীয় উদ্যোগ না নেয়ায় নির্মিত সড়কের পাশে বৃক্ষ কম দেখা গিয়েছে। |

১৩। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ রোপণকৃত বৃক্ষের যত্নের প্রয়োজনীয় উদ্যোগ না নেয়ায় নির্মিত সড়কের পাশে বৃক্ষ কম দেখা গিয়েছে।

১৪। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ**

১৪.১ পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এবং দুর্গম অঞ্চলের সাথে এ সড়কের মাধ্যমে যোগাযোগ স্থাপিত হয়েছে। প্রকল্পটি পাহাড়ী দূর্গম এলাকায় অবস্থিত বিধায় নির্মাণ সামগ্রী পরিবহনে অধিক সময় ব্যয় হয়। এ ছাড়া প্রকল্প এলাকা ম্যালেরিয়াপ্রবণ এলাকা হওয়ায় দক্ষ ও অদক্ষ শ্রমিকের অপ্রতুলতায় প্রকল্প বাস্তবায়নে অধিক সময় লেগেছে। তদুপরি, ২০১২ সালে বান্দরবান জেলায় আকস্মিক বন্যায় চলমান কাজ ক্ষতিগ্রস্ত হয়। এজন্য প্রকল্পের মেয়াদ আরো বৃদ্ধি করা হয় ফলে টাইম ওভাররান হয় ৫০%, কষ্ট ওভাররান হয় ৮৭%

১৪.২ প্রকল্পের প্রথম দিকে সম্পাদিত যে সমস্ত কাজ ইতোমধ্যে ক্ষতিগ্রস্ত হয়েছে তা সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক সঠিক সময়ে মেরামত না করা হলে ভবিষ্যতে ক্ষয়ক্ষতির মাত্রা বৃদ্ধি পাবে এবং মেরামত ব্যয় অপ্রত্যাশিতভাবে বৃদ্ধি পাবে।

১৪.৩ পরিদর্শনকালে এ প্রকল্পের গিলাছড়ি জিসি হতে বুড়িঘাট বাজার, উপজেলা সড়ক উন্নয়ন, রাঙ্গামাটি অংশে কিছু দূর পর পর পাহাড় ধ্বস দেখা গেছে, যা পরিবেশের জন্য ক্ষতিকর মর্মে প্রতীয়মান হয়েছে। পাহাড় কেটে সড়ক নির্মাণের ক্ষেত্রে নির্দিষ্ট কিছু গাইড লাইন অনুসরণ করা দরকার। এ ধরনের প্রকল্পে একজন ভূ এর সংস্থান রাখা হলে নির্মাণপূর্ব-পরিবেশবিদ/তত্ত্ববিদ-এবং নির্মাণোত্তর পরিবেশগত বিপর্যয় অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। এ ধরণের প্রকল্প গ্রহণের পূর্বে Environmental Impact Assessment করা আবশ্যক। পাহাড়ি এলাকার জনগণকে উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত না করা গেলে আঞ্চলিক বৈষম্য হ্রাসকরণের সরকারি লক্ষ্যমাত্রা ব্যাহত হবে বিধায় এ অঞ্চলের যাতায়াত ব্যবস্থার আরো উন্নয়ন প্রয়োজন। তবে এ অঞ্চলে সড়ক নির্মাণের প্রকল্প গ্রহণের পূর্বে ভূমি ধ্বসস্থানীয় , ড্রেনেজ ব্যবস্থা ইত্যাদি বিষয় যথেষ্ট গুরুত্বের সাথে বিবেচনায় ,বৈচিত্র সংরক্ষণ-জীব ,প্রজাতির বৃক্ষাদি এনে প্রকল্প গ্রহণকরা প্রয়োজন। সড়ক নির্মাণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থা ADB-এর একটি গাইডলাইন রয়েছে। ভবিষ্যতে পাহাড়ি এলাকায় সড়কনির্মাণের ক্ষেত্রে কালভার্ট/সেতু/ এলজিইডি এ গাইডলাইনটি অনুসরণ করতে পারে।

১৪ ৪. পরিদর্শনকালে সড়কের দু'পাশে বৃক্ষ সংখ্যার পরিমাণ খুব কম দেখা গিয়েছে। রোপণকৃত বৃক্ষের যত্নের প্রয়োজনীয় উদ্যোগ না নেয়ায় নির্মিত সড়কের পাশে রোপিত বৃক্ষ মারা গিয়েছে। ভূমি-ধ্বস ও ভূমি-ক্ষয়ের মাত্রা কমিয়ে আনার জন্য পাহাড়ী এলাকায় সড়ক নির্মাণের কাজ সমাপ্তির পর bio-engineering এর জন্য সড়কের পার্শ্ববর্তী ঢালে পর্যাপ্ত বৃক্ষরোপণ এবং সেসব বৃক্ষ যাতে সঠিকভাবে বেড়ে ওঠে তার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

১৫। <u>সুপারিশ ঃ</u>

১৫ ১. আলোচ্য প্রকল্পটির টাইম ওভার রান ৫০% ও কস্ট ওভার রান ৮.৭%। ভবিষ্যতে মন্ত্রণালয়াধীন অন্যান্য প্রকল্প ডিজাইন ও বাস্তবায়নে এ প্রবণতা নিরুৎসাহিত করতে হবে (অনুঃ ১৪.১)।

১৫.২ প্রকল্প বাস্তবায়নে স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পাদন করা হলে সড়কসমূহ এত অল্প সময়ে ক্ষতিগ্রস্ত হত না। ক্ষতিগ্রস্ত সড়কসমূহ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুঃ ৮.১.২, ১৪.৫)।

১৫.৩ ভবিষ্যতে এ এলাকায় সড়ক নির্মার্ণের পূর্বে Environmental Impact Assesment করা যেতে পারে (অনুঃ ১৪.৩)।

১৫.৪ এ অঞ্চলে সড়ক নির্মাণের প্রকল্প গ্রহণের পূর্বে ভূমি ধ্বস, স্থানীয় প্রজাতির বৃক্ষাদি, জীব-বৈচিত্র সংরক্ষণ, ড্রেনেজ ব্যবস্থা ইত্যাদি বিষয় যথেষ্ট গুরুত্বের সাথে বিবেচনায় এনে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। অধিকন্তু, ভবিষ্যতে পাহাড়ি এলাকায় সড়ক/সেতু/কালভার্ট নির্মার্ণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থা ADB-এর গাইডলাইনটি অনুসরণ করা যেতে পারে (অনুঃ ৮.৫, ১৪.৪)।

# ‘‘সেতু/কালভার্টের এ্যাপ্রোচ রোড উন্নয়ন প্রকল্প’’ (১ম সংশোধিত)

(সমাপ্তঃ জুন,২০১৩)

১। প্রকল্পের অবস্থানঃ ঢাকা, ময়মনসিংহ,নেত্রকোনা, শেরপুর, জামালপুর, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, টাংগাইল, কিশোরগঞ্জ, নরসিংদি, গাজীপুর, মাদারীপুর, ফরিদপুর, শরিয়তপুর, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ, চিটাগং, কুমিল্লা, ব্রাক্ষণবাড়ীয়া, ফেনি, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, কক্সবাজার, লক্ষীপুর, চাঁদপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, রংপুর, বগুড়া, পাবনা, গাইবান্ধা, লালমনিরহাট নীলফামারি, দিনাজপুর, নাটোর, নওগা, চাপাইনবাবগঞ্জ, রাজশাহী, খুলনা, যশোর, বাগেরহাট, মেহেরপুর, মাগুরা, সাতক্ষীরা, ঝিনাইদহ, নড়াইল, চুয়াডাঙ্গা, ঝালকাঠী, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর, বরিশাল এবং ভোলা (৫৮ জেলা)।

২। বাস্তবায়নকারী সংস্থা : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১২ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৮৪৭০.০০ | ২০০০০.০০ | ১৯৩৭৩.৪৪ | জুলাই ,২০০৯ হতে ডিসেম্বর ২০১২ (৩বছর ৬ মাস) | জুলাই ,২০০৯ হতে জুন, ২০১৩ (৪ বছর) | জুলাই ,২০০৯ হতে জুন, ২০১৩ (৪ বছর) | (-) ৮.২৮% কম | (+) ৬ মাস (৮.২৮%) |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন,২০১১ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| **(A) রাজস্ব খাতঃ** | | | | | | |
| ১। | জনবল (পিএমইউ) | | - | - | - | - |
| | কর্মকর্তার বেতন ভাতা | সংখ্যা | ৯ | ৪৭.৪২ | ৯ | ৪৭.৪০ |
| | কর্মচারীর বেতন ভাতা | সংখ্যা | ৮ | ২৪.৭২ | ৮ | ২৩.৩১ |
| | আনুসাংগিক (অন্যান্য ভাতাদি) | থোক | - | ৫৭.৪১ | - | ৫৭.৩১ |
| ২। | সরবরাহ ও সেবা | থোক | - | ১১০.২৫ | | ৯৮.৭৬ |
| ৩। | মেরামত, রক্ষণাবেক্ষণ ও পূর্নবাসন | থোক | - | ১৫.২০ | - | ১৫.১৯ |
| **উপমোটঃ (রাজস্ব খাত):** | | | | **২৫৫.০০** | | **২৪১.৯৭** |
| **(B) মূলধন খাতঃ** | | | | | | |
| ১। | অফিস সরঞ্জাম | | | | | |
| | ক) কম্পিউটার ও অন্যান্য | সংখ্যা | ৬ | ৫.০০ | ৬ | ৫.০০ |
| | খ) ফটোকপি | সংখ্যা | ১ | ৩.৫০ | ১ | ৩.৫০ |
| | গ) আসবাবপত্র | থোক | ৭ | ১.৬৪ | ৭ | ১.৬০ |
| ২। | মূল্য বৃদ্ধি | থোক | - | ৪৪.৮৬ | - | ০০ |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন,২০১১ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩। | নির্মাণ ও পূর্ত | | | | | |
| | ক) এ্যাপোচ সড়ক | কি.মি. | ৯৪.৭৩ | ৩৮৮২.৭৯ | ৯১.২০ | ৩৭২৫.৬৯ |
| | খ) সংযোগ সড়ক | কি.মি. | ২৮৪.১২ | ৬৫১৩.৮১ | ২৬২.৫৭ | ৬২৫৭.৪১ |
| | গ) স্লোপ প্রটেকশন | | | | | |
| | i) সিসি ব্লক | বর্গ মি. | ৪৬৪৭১.৭৪ | ২৫৯৫.৬৯ | ৪৫৫০৮.২৫ | ২৫৬২.৯৩ |
| | ii) রিটেনিং ওয়াল | বর্গ মি. | ৪১১৬৪.৬১ | ১৪৮৯.১৪ | ৪০০০৯.৬৬ | ১৪৩১.৭৯ |
| | চ) উয়িং ওয়াল মেরামত | মি. | ৪৭২১.৬৪ | ৩৭২.৭২ | ৪৩৯৫.২৫ | ৩৫৩.১৮ |
| | ছ) প্যালাসাইডিং কাজ | মি. | ৩৮৪৯১.৩০ | ১২৪২.৭৮ | ৩৭২৭৫.১৭ | ১২২৭.৩৪ |
| | জ) অতিরিক্ত স্পান বৃদ্ধি/ব্রীজ, কালভার্ট | মি. | ২০৭৪.০৪ | ৩৫৯৩.০৭ | ২০৬৮.৪২ | ৩৫৬৩.০৩ |
| | সর্বমোট (রাজস্ব ও মূলধন): | - | | ১৯৭০০.১৪ | | ১৯১৩১.৪৭ |
| | | | | ২০০০০.০০ | ১০০% | ১৯৩৭৩.৪৪ (৯৬.৮৭%) |

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** ডিপিপি’র আওতায় অনুমোদিত ও প্রস্তাবিত কোন অংগের কাজ অসমাপ্ত নেই মর্মে পিসিআরে উল্লেখ রয়েছে।

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১। **পটভূমি**

বাংলাদেশের অর্থনীতি মূলত কৃষি নির্ভর। গ্রামের সীমিত কৃষি জমির উপর বিপুল জন সংখ্যার চাপ এবং ভূমিহীন জনগোষ্ঠীর সমস্যা, অকৃষি কর্ম সংস্থানের সুযোগ না থাকায় বিপুল জনগোষ্ঠী দারিদ্র। ডিপিপিতে বর্ণিত RIIP-II প্রকল্পের জরিপে দেখা যায় যে, ৪৭% গ্রামীণ জনগোষ্ঠী দরিদ্র এবং ৬০% গ্রামীণ জনগোষ্ঠী কৃষি কাজে জড়িত (ADB); যাহার অধিকাংশই ভূমিহীন বা বর্গাচাষী/ প্রান্তিক চাষী। জনসংখ্যার বৃদ্ধির সাথে ক্রমশঃ এই সংখ্যা আরও বৃদ্ধি পাচ্ছে। দরিদ্র গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও দারিদ্রতা হ্রাস করাই সার্বিক দেশের উন্নয়ন তথা গ্রামীণ উন্নয়নের উপর নির্ভরশীল। এই লক্ষ্য ও উদ্দেশ্যে পল্লীর দারিদ্রতা দূরীকরণের জন্য পল্লী উন্নয়নের কৌশলপত্র পঞ্চবার্ষিক পরিকল্পনা স্থির করা হয়, যার ধারাবাহিক ভাবে অনুসরণ করা হচ্ছে। উন্নয়ন কৌশল পত্রে গ্রামীণ উন্নয়নের লক্ষের মূল অংগসমূহঃ

(i) ভৌত অবকাঠামো উন্নয়ন;
(ii) ইরিগেশন ড্রেনেজ ও বন্যা নিয়ন্ত্রণ কাজ;
(iii) কর্মসংস্থান ও উৎপাদন কার্যক্রম।

পল্লী উন্নয়নের কৌশলের সাথে সংগতি রেখে গ্রামীণ সড়ক, হাট বাজার, গ্রোথ সেন্টার, ব্রীজ/কালভার্ট নির্মাণসহ ভৌত অবকাঠামো উন্নয়ন কাজে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দারিদ্র দূরীকরণের প্রকল্প গত দশক থেকে বাস্তবায়িত হয়ে আসছে। গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা উন্নয়নে ইতিমধ্যে উপজেলা সড়কে ৩৯০ কিঃমিঃ ব্রীজ/কালর্ভাট (৫৪৩৭২ টি) মধ্যে ২৮৩.০০ কিঃমিঃ (৪৮২৯৬ টি) ও ইউনিয়ন সড়কে ৩৩৭.০০ কিঃমিঃ (৫৫৪৮৭টি) মধ্যে ২১০ কিঃমিঃ (৪৪৬৫৬টি)নির্মাণ করা হয়েছে। এই বিপুল পরিমান ব্রীজ/কালভার্ট নির্মানের পর হতে বিভিন্ন কারণে বিশেষ করে বন্যা/ফ্লাসফ্ল্যাড, অতি বৃষ্টি ইত্যাদির কারণে অনেক ব্রীজ/কালর্ভাটের এ্যাপ্রোচ সড়ক চলাচলের অযোগ্য হয়ে পড়ে এবং নির্মাণের সময় জমির সমস্যার কারণে এ্যাপ্রোচ সড়ক নির্মাণ না হওয়ায় কাঙ্খিত ফলাফল অর্থাৎ অনেক ব্রীজ কালভার্ট ব্যবহার উপযোগী না হওয়ার দরুণ যোগাযোগ ব্যহত হয় যা বিগত ২০০৯ সালে বর্তমান সরকারের দৃষ্টি আর্কষণ করে এবং মাননীয় প্রধানমন্ত্রী সকল ব্রীজ/কালভার্টের এ্যাপ্রোচ সড়ক দ্রুত নির্মাণের মাধ্যমে যোগযোগ ব্যবস্থা উন্নয়নের নির্দেশ প্রদান করেন; যাতে বিনিয়োগকৃত অর্থের কাঙ্খিত লক্ষ্য অর্জনে সহায়ক হয় ও গ্রামীণ জনগোষ্ঠীর কর্মস্থান সৃষ্টি হয়। বস্তুতঃ দেশব্যাপী নির্মাণকৃত ব্রীজ/কালভার্টের ড্রেনেজ ও এ্যাপ্রোচ সড়ক নির্মাণ করা হয়নি। কিন্তু ব্রীজ/কালভার্ট নির্মাণ সম্পন্ন হয়েছে এবং বেশ কিছু অসম্পন্ন ব্রীজ কালভার্টসহ গ্রামীণ সড়ক যোগযোগের নেটওর্য়াক স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্রীজ কালভার্ট নির্মাণ/পূনঃনিমাণ বা সম্প্রসারণসহ যোগযোগ ব্যবস্থার উন্নয়নে মূল প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

৭.২। **উদ্দেশ্যঃ** প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহঃ

(ক) সেতু/কালভার্টের এ্যাপ্রোচ উন্নয়নের মাধ্যমে সার্বিক পল্লী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;

(খ) সেতু/কালভার্টের এ্যাপ্রোচসহ বিভিন্ন ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার দারিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ডের প্রবৃদ্ধি বৃদ্ধি করা;

(গ) গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ**

মূল প্রকল্পটি মোট ১৮৪৭০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ০৭-০৭-২০০৯ তারিখে জুলাই ২০০৯ হতে ডিসেম্বর ২০১১ মেয়াদে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের বিভিন্ন অংগের পরিমাণ ও ব্যয়, বাজার দর বৃদ্ধি ও বিভিন্ন অংগের সমন্বয় ও বাস্তবায়নকাল বৃদ্ধির প্রয়োজন হয়। এ সমস্ত কারণে প্রকল্পের প্রথম সংশোধন ২০০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৯ হতে ডিসেম্বর ২০১২ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ০২-১১-২০১১ তারিখে ডিপিইসির মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত হয় এবং পরবর্তীতে প্রকল্পের মেয়াদ ৬(ছয়) মাস অর্থাৎ ৩০/০৬/২০১৩ ইং পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |
| ২০০৯-১০ | ২০০০.০০ | ২০০০.০০ | | ২০০০.০০ | ১৯৩৬.৭২ | ১৯৩৬.৭২ | | |
| ২০১০-১১ | ৪০০০.০০ | ৪০০০.০০ | | ৪০০০.০০ | ৩৯৯৬.৮৩ | ৩৯৯৬.৮৩ | | |
| ২০১১-১২ | ৮০০০.০০ | ৮০০০.০০ | | ৮০০০.০০ | ৭৯৯৯.১৫ | ৭৯৯৯.১৫ | | |
| ২০১২-১৩ | ৫৪৪৫.০০ | ৫৪৪৫.০০ | | ৫৪৪৫.০০ | ৫৪৪০.৭৪ | ৫৪৪০.৭৪ | | |
| সর্বোমোটঃ | ১৯৪৪৫.০০ | ১৯৪৪৫.০০ | | ১৯৪৪৫.০০ | ১৯৩৭৩.৪৪ | ১৯৩৭৩.৪৪ | | |

৯। **ব্রীজ নির্মাণকালে সম্পাদিত প্রয়োজনীয় পরীক্ষাদির বিবরণঃ**

পরিদর্শনকালে নথিপত্র পর্যালোচনা ও কতৃপক্ষের সাথে আলোচনা জানা যায় যে, ব্রীজ নির্মাণকালে রডের পরীক্ষা, সিলিন্ডার পরীক্ষা, স্টোন চিপস্ টেস্ট, সিমেন্টের কম্প্রিহেনসিভ স্ট্রেংথ পরীক্ষা, এগ্রিগেট গ্রেডিং ফর আরসিসি ওয়ার্ক, ব্রীক/স্টোন চিপস্ এবজরপশন পরীক্ষা, গ্রেইন সাইজ এলালিসিস করা হয়েছে। রিপোর্ট পতাকা-‘খ’তে সংযুক্ত। কিন্তু সিমেন্ট পরীক্ষার ও এগ্রিগেট গ্রেডিং ফর আরসিসি ওয়ার্ক এর পরীক্ষার ফলাফলে ল্যাব ইন-চার্জ এর মতামতের স্থান ফাঁকা রয়েছে। তাছাড়া, ব্রীজ নির্মাণকালে সম্পাদিত পরীক্ষার রেজাল্ট শিটে নির্মাণ কাজের জন্য প্রস্তুতকৃত স্পেসিফিকেশন অনুসারে অনুমোদিত মানের বিষয়ে মতামত উল্লেখ করা হয়নি।

১০। **ক্রয় কার্যক্রমঃ**

আইএমইডি’তে প্রেরিত সমাপ্ত প্রতিবেদন অনুসারে এ প্রকল্পের আওতায় ২.০০ কোটি টাকার উর্ধ্বে মোট ২৪টি প্যাকেজে ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়েছে। তন্মধ্যে দৈবচয়নের ভিত্তিতে ‘‘যশোরের বাঘারপাড়া উপজেলার রাঘবপুর খাল ঘাঘট চিত্রা নদীর (পুলের হাট-খাজুরা চতুর বাড়ীয়া রাস্তার জামতলার নিকট সড়কের ৭৬০ মিঃ চেইনেজে) উপর ৭৫.০৫ মিঃ দীর্ঘ আরসিসি গার্ডার ব্রীজ’’ নির্মাণের ক্রয় কার্যক্রমের তথ্যাদি পর্যবেক্ষণ করা হয়েছে। পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসারে ‘‘আজকালের খবর’’ ও ‘‘দি বাংলাদেশ অবজারভার’’ নামক ২টি পত্রিকায় যথাক্রমে ৪/৫/১০ ও ৭/৫/১০ তারিখে সীমিত দরপত্র পদ্ধতিতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য যে, ২৭ মার্চ ২০১১ খ্রিঃ পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর সংশোধন করে ২ কোটি টাকা পর্যন্ত ক্রয় কার্যক্রমকে সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের

বিধান রাখা হয়েছে। আলোচ্য কাজের প্যাকেজের estimated cost ২ কোটি টাকার নীচে হওয়ায় LTM পদ্ধতিতে দরপত্র আহবান করা এবং ০৯ জন দরদাতা দরপত্র আবেদন জমা দেন। তার মধ্যে ০৭টি দরপত্র রেসপনসিভ বিবেচিত হয়। ০৭টি রেসপনসিভ দরপত্রের দর একই হওয়ায় (official estimated cost থেকে কম/বেশী ৫%) লটারির মাধ্যেমে জনাব মোঃ মঈন উদ্দিন বাসীকে বিজয়ী ঘোষণা করে কার্যাদেশ দেয়া হয়।

**১১। <u>সরেজমিনে পরিদর্শনঃ</u>**

১১.১। গত ২৯/০৮/২০১৪ তারিখে যশোর জেলার বাঘারপাড়া উপজেলার নির্মিত ০১টি ব্রীজের পরিদর্শনে দেখা যায় যে, যশোর জেলায় বাঘার পাড়া উপজেলার রাঘবপুর খাল-গাইদঘাট রাস্তার চিত্রা নদীর উপর ৭৫.০৫ মিটার দৈর্ঘ্যের ০১টি সিঙ্গেল লেন আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ ও এইচবিবি এ্যাপ্রোচ রোড নির্মাণ করা হয়েছে। যশোর জেলার বাঘারপাড়া উপজেলার রাঘবপুর খাল-গাইদঘাট (পুলেরহাট-খাজুরা-চতুরবাড়িয়া) রাস্তায় চেইনেজ ৭৬০ মিঃ এ চিত্রা নদীর উপর ৭৫.০৫ মিঃ সিঙ্গেল লেন আরসিসি গার্ডার ব্রীজসহ এ্যাপ্রোচ নির্মাণ করা হয়েছে। এ কাজের জন্য ১৫৯৮৩৯৪৯.০০ টাকায় গত ০৮-০৭-২০১০ তারিখে কার্যাদেশ দেওয়া হয় এবং সে মোতাবেক ২৬-০৩-২০১৩ তারিখে কাজটি সমাপ্ত হয়। ব্রীজটি যশোর মাগুরা হাইওয়ে থেকে মাত্র ৭৬০ মিটার দূরে অবস্থিত। ব্রীজটি নির্মার্ণের ফলে যশোর মাগুরা হাইওয়ের সাথে পুলেরহাট বাজার, খাজুরা ও চতুরবাড়িয়া বাজারের মধ্যে যোগাযোগ স্থাপিত হয়েছে। এছাড়া পুলেরহাট বাজার, খাজুরা ও চতুরবাডিয়া এর মধ্যে আন্তঃযোগাযোগ স্থাপিত হয়েছে।



<u>চিত্রা নদীর উপর ৭৫.০৫ মিটার দৈর্ঘ্যের ০১টি সিঙ্গেল লেন আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ ও এইচবিবি এ্যাপ্রোচ রোড নির্মাণ</u>

তবে প্রটেকশন হিসেবে সম্পাদিত মাটির কাজ ভালোমতো কম্পাকশন না করায় মাঝে মাঝে ফাঁটল দেখা গেছে ও ধসে গেছে। এছাড়া ব্রীজের উভয় পাশে এইচবিবি এ্যাপ্রোচ রোড দেবে গেছে। পরিদর্শনকালে প্রতীয়মান হয় যে, এইচবিবি এ্যাপ্রোচ নির্মাণকালে ঠিক মতো কম্পাকশন করা হয়নি।

পরিদর্শনকালে আরও দেখা যায় যে, আইএমইডি'র প্রতিনিধির পরিদর্শন উপলক্ষ্যে বালি দ্বারা এ্যাপ্রোচ রোড ও তার স্লোপ মেরামত করা হয়েছে। এছাড়া ব্রিজের সাটারিং-এর কাজ উন্নয়ন মানের না হওয়ায় ব্রীজের গার্ডার, উইং ও রেলিং এর বহিঃপার্শ্ব অসমান দেখা গেছে। সাটারিংয়ের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, স্পেসিফিকেশনে ওয়াটার টাইট সাটারিং ব্যবহারের নির্দেশনা ছিল। কিন্তু কি ধরনের সাটারিং ব্যবহার করতে হবে নির্দিষ্ট করে তার উল্লেখ ছিল না। সরেজমিনে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে যে, সার্বিক কাজের মান মোটামুটি ভাল।



<u>চিত্রা নদীর উপর ৭৫.০৫ মিটার দৈর্ঘ্যের ০১টি সিঙ্গেল লেন আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ ও এইচবিবি এ্যাপ্রোচ রোড নির্মাণ</u>



চিত্রা নদীর উপর ৭৫.০৫ মিটার দৈঘ্যের ০১টি সিঙ্গেল লেন আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ ও এইচবিবি এ্যাপ্রোচ রোড নির্মাণ



চিত্রা নদীর উপর ৭৫.০৫ মিটার দৈঘ্যের ০১টি সিঙ্গেল লেন আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ ও এইচবিবি এ্যাপ্রোচ রোড নির্মাণ



চিত্রা নদীর উপর ৭৫.০৫ মিটার দৈঘ্যের ০১টি সিঙ্গেল লেন আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ ও এইচবিবি এ্যাপ্রোচ রোড নির্মাণ

১১.২। এ ছাড়া ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলার বেড় তলা বাজার পানিশ্বর ইউপি রাস্তা ভায়া বিট রাস্তার ২০০ মিঃ চেইনেজে মিতাহরণ খালের উপর ব্রীজের এ্যাপ্রোচ রোড উন্নয়ন করা হয়েছে। গত ১৪/০৬/২০১৪ তারিখে উক্ত সম্পাদিত কাজটি আইএইডি'র প্রতিনিধি কর্তৃক পরিদর্শন করা হয়। ৮৩৬৮৮৬৫.০০ লক্ষ টাকা ব্যয়ে ০২টি ব্রীজের এ্যাপ্রোচ রোড উন্নয়ন করা হয়েছে। পরিদর্শনে দেখা যায় যে, স্লোপ প্রটেকশনসহ এইচবিবি রাস্তা করা হয়েছে। প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, এ্যাপ্রোচ রোড উন্নয়নকালে স্পেসিফিকেশন অনুসারে জিওটেক্সটাইলসহ সিসি ব্লক দ্বারা স্লোপ প্রটেকশনের কাজ করা হয়েছে এবং ইট ব্যবহার করে টো ওয়াল নির্মাণ করা হয়েছে। তবে সরেজমিনে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে যে, স্পেসিফিকেশনে সিসি ব্লক থাকলেও প্রকৃতপক্ষে সিসি ব্লক ঢালাই করা হয়েছে।



ব্রাহ্মণবাড়িয়া- এ্যাপ্রোচ রোড

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| জনাব এ.টি.এম আব্দুর রশিদ, প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ০১-০৭-২০০৯ | ৩০-০৬-২০১০ |
| জনাব খন্দকার আলী নূর, প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ০১-০৭-২০১০ | ৩০-০৬-২০১৩ |

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| (ক) সেতু/কালভার্টের এ্যাপ্রোচের উন্নয়নের মাধ্যমে সার্বিক পল্লী যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;<br>(খ) সেতু/কালভার্টের এ্যাপ্রোচসহ বিভিন্ন ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ডের প্রবৃদ্ধি বৃদ্ধি করা;<br>(গ) গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। | পরিদর্শিত কাজের উপর ভিত্তি করে বলা যায় যে, প্রকল্পের আওতায় প্রস্তাবিত এ্যাপ্রোচ সড়ক, সংযোগ সড়ক উন্নয়ন কাজ করার ফলে সংশ্লিষ্ট এলাকার জনগণ সুবিধা পাচ্ছে। তবে পরিদর্শন, সমস্যা ও সুপারিশ অংশে আইএমইডি'র বিস্তারিত মতামত তুলে ধরা হয়েছে। |

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ** সমস্যা ও সুপারিশ অংশের আলোচনার উপর ভিত্তি করে বলা যায় যে, প্রকল্পের বাস্তবায়নের সাথে (অনুচ্ছেদঃ ১১, ১৫ ও ১৬ দ্রষ্টব্য) উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৫। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ**

১৫.১। ব্রীজের এ্যাপ্রোচ রোডের কাজে সম্পাদিত মাটির কাজ ঠিকমত কমপ্যাকশন না করায় পুনরায় মেরামত প্রয়োজন হবে;

১৫.২। ব্রীজের রেলিং ও উইং-এর সাটারিং-এর কাজে কিছু কিছু ত্রুটি হয়েছে যা মেরামত করা প্রয়োজন (অনুচ্ছেদ ১১.১);

১৫.৩। এইচবিবি এ্যাপ্রোচ রোড নির্মাণকালে Specification অনুসারে কমপ্যাকশন না করায় রাস্তাটি মাঝে মাঝে দেবে গেছে (অনুচ্ছেদ ১১.১);

১৬। **সুপারিশঃ**

১৬.১। ব্রীজের দুই পাশে নির্মিত এইচবিবি সংযোগ রাস্তা (Approach road) দেবে যাওয়ার কারণ সংশ্লিষ্ট বিভাগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে **(অনুচ্ছেদ ১৫.৩)**;

১৬.২। প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনিটরিং এবং সুপারভিশনের আরো তৎপর হওয়া প্রয়োজন ছিল এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতায় চলমান প্রকল্পসমূহের মনিটরিং ও সুপারভিশন আরো জোরদার করা প্রয়োজন;

১৬.৩। অনুচ্ছেদ ১৫ ও ১৬-এ উল্লিখিত সমস্যা ও সুপারিশের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিত করতে হবে।

**"নাটোর জেলার সিংড়া-বারুহাস-তাড়াশ (সিংড়া অংশ) সড়ক অবকাঠামো উন্নয়ন"**
**শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

**(সমাপ্তঃ জুন,২০১৩)**

০১। **প্রকল্পের অবস্থান** ঃ নাটোর জেলায়।

০২। **বাস্তবায়নকারী সংস্থা** ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

০৩। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

০৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (প্রকল্প সাহায্য) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্রকল্প সাহায্য) | সর্বশেষ সংশোধিত (প্রকল্প সাহায্য) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ২০৫৮.০০ | ২২৬৩.১১ | ২২৬২.৭৬ | মার্চ,২০১০ হতে জুন, ৩০-০৬-১২ | মার্চ,২০১০ হতে জুন, ৩০-০৬-১৩ | মার্চ,২০১০ হতে জুন, ৩০-০৬-১৩ | ১০% | ৪২% |

০৫। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ঃ** প্রকল্পের অংগভিত্তিক ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির তথ্য নিম্নে প্রদান করা হলো (পিসিআর অনুসারে)ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (জুন,২০১৩ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | উপজেলা সড়ক উন্নয়ন | কিঃমিঃ | ১৯০.৯০৪ | ৪.২০৭ | ২০৬.৭০১ | ৫.০৯৪ |
| ২। | স্লোপ প্রোটেকশন | মিঃ | ৪৩২.০০৫ | ৩০০০ | ৪২৮.২১১ | ৩০০০ |
| ৩। | মাটির কাজ | কিঃমিঃ | ১১৫.৩৪৬ | ৫.৮০৭ | ১১৫.২৫৪ | ৫.৮০৭ |
| ৪। | উপজেলা রোড (সাব-মারজিবল) | কিঃমিঃ | ৭২৪.০১২ | ৮.২৩৫ | ৭৩৭.৪২২ | ৮.৩১২ |
| ৫। | উপজলা সড়কে গার্ডার ব্রীজ | মিঃ | ৬৪২.৫৩ | ২৪৮ | ৬১৯.৯৬৬ | ২৪৮ |
| ৬। | বক্স কালভার্ট | মিঃ | ১৫৮.৩১৭ | ৮৮ | ১৫৫.২০২ | ৮৬ |
| | মোটঃ | | ২২৬৩.১১ | | ২২৬২.৭৬ | |

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** সমাপ্ত প্রকল্পের প্রেরিত পিসিআর মোতাবেক কোন কাজ অসমাপ্ত নাই।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১ **পটভূমিঃ** নাটোর জেলার সিংড়া বারুহাস-তাড়াশ সড়ক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৪.২ কিলোমিটার উপজেলা সড়ক উন্নয়ন ৩০০০ মিটার স্লেপ প্রটেকশন, ৮.২ কিলোমিটার সাব-মারজিবল উপজেলা রোড, ২৪৮ মিটার গার্ডার ব্রীজ ও ৮৮ মিটার বক্স-কালরভার্ট করার জন্য ২০৫৮ লক্ষ টাকা ব্যয়ে ডিপিপি গত ০৮-০৬-২০১০ তারিখে অনুমোদিত হয়। অতঃপর ১০% ব্যয় বৃদ্ধির মাধ্যমে ২২৬৩.১১ লক্ষ টাকায় প্রকল্পটির ডিপিপি সংশোধন করা হয়।

৭.২ উদ্দেশ্যঃ প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো নাটোর জেলার চলনবিল এলাকায় উন্নয়নের লক্ষ্যে সিংড়া-বারুহাস-তাড়াশ সড়ক অবকাঠামো উন্নয়ন প্রকল্পে সড়ক/সেতু কালভার্ট নির্মানের মাধ্যমে গ্রামীন যোগাযোগ নেটওয়ার্ক স্থাপনে সহায়তা এবং এর ফলে স্থানীয় জনগনের আর্থ-সামাজিক অবস্থা ও জীবনযাত্রার মানসহ গ্রামীন দরিদ্র জনগোষ্ঠির কর্মসংস্থান সৃষ্টি তথা দারিদ্র্য হ্রাসকরণে সহায়তাকরণ করা।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ মূল প্রকল্পটি গত ১৬-০৫-২০১০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ২০৫৮.০০ লক্ষ টাকা ব্যয়ে অনুমোদিত হয়। পরবর্তীতে সংশোধিত প্রকল্পটি গত ১২-১১-২০১২ তারিখে মোট ২২৬৩.১১ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয়ে স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী কর্তৃক জুন, ২০১৩ পর্যন্ত মেয়াদে অনুমোদিত হয়।

৮। **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির সমাপ্ত কাজ মূল্যায়নের জন্য ৭-০৮-২০১৪ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনের পর্যবেক্ষণসমূহ নিম্নরূপঃ

৮.১। **উপজেলা সড়ক উন্নয়নঃ** অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৪.২০ কিঃমিঃ উপজেলা সড়ক উন্নয়নের জন্য ১৯০.৯০ লক্ষ টাকার প্রভিশন ছিল। প্রকৃতপক্ষে ৫.০৯ কিঃমিঃ সড়ক ২০৬.৭০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়ন করা হয়েছে। অনুমোদিত ডিপিপি অপেক্ষা (৫.০৯-৪.২০)= ০.৮৯ কিঃমিঃ সড়ক বেশী করা হয়েছে এবং এর জন্য (২০৬.৭০-১৯০.৯০)= ১৫.৮০ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়েছে। প্রকল্পের ডিপিপি সংশোধন না করে এ ধরণের ব্যয় সুষ্ঠ পরিকল্পনা ও আর্থিক শৃংখলার পরিপন্থী।

**উপজেলা সড়ক উন্নয়নের ছবি নিম্নে**





৮.২। **স্লোপ প্রটেকশনঃ** অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৩০০ কিঃমিঃ মিটার রাস্তার দুইধারে স্লোপ প্রটেকশনের কাজ করা হয়েছে। বর্ষায় ঢেউয়ের আঘাত হতে রাস্তা রক্ষার জন্য ব্লক দ্বারা স্লোপ প্রটেকশনের কাজ করা হয়। অনুমোদিত ডিপিপিতে এ খাতে বরাদ্দ ছিল ৪৩২.০৫ লক্ষ টাকা, যার মধ্যে ব্যয় হয়েছে ৪২৮.২১ লক্ষ টাকা।

**স্লোপ প্রটেকশনের ছবি নিম্নরুপ**



৮.৩। **<u>উপজেলা সড়ক (সাবমারজিবল):</u>** অনুমোদিত ডিপিপিতে ৮.২ কিঃমিঃ সাবমারজিবল উপজেলা সড়ক নির্মাণের জন্য ৭২৪.০১ লক্ষ টাকার প্রভিশন ছিল। প্রকৃতপক্ষে ৮.৩১ কিঃমিঃ সাবমারজিবল রাস্তা ৭৩৭.৪২ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়ন করা হয়। অনুমোদিত ডিপিপি অপেক্ষা (৮.৩১-৮.২০)= ০.১১ কিঃমিঃ রাস্তা এবং তার জন্য (৭৩৭.৪২-৭২৪.০১)= ১৩.৪১ লক্ষ টাকা বেশী ব্যয় করা হয়। এ জন্য ডিপিপি সংশোধন না করায় পরিকল্পনা ও আর্থিক শৃংখলা ভংগ হয়েছে।

**<u>উপজেলা সাবমারজিবল সড়কের ছবি নিম্নে</u>**




৮.৪। **গার্ডার ব্রিজ ও বক্স কালভার্টঃ** প্রকল্পের আওতায় ২৪৮ মিটার দৈর্ঘ্য সম্মলিত ৫টি গার্ডার ব্রিজ নির্মাণ করা হয়েছে। যার জন্য আর্থিক প্রভিশন ছিল ৬৪২.৫৩ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৬১৯.৯৬ লক্ষ টাকা। তাছাড়া ৪টি ব্রিজ কালভার্ট (৮৬ মিটার দৈর্ঘ্য) নির্মাণে আর্থিক বরাদ্দ ছিল ১৫৮.৩১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৫৫.২০ লক্ষ টাকা।

<u>গার্ডার ব্রিজ ও বক্স কালভাটের ছবি নিম্নে</u>




৮.৫। পরিদর্শনকালে কিছু প্যাকেজের দরপত্রের কার্যক্রম দেখা হয়, যার মধ্যে সাবমারজিবল উপজেলা সড়ক উন্নয়ন (চেইনেজ ৩১০০ – ৬১৬৭ মি) প্যাকেজের পিপিআর অনুসরণের প্রক্রিয়া নিম্নরূপঃ-

(ক) অফিসিয়াল।/আরডিপিপি প্রাক্কালনঃ ২.৫৪ কোটি টাকা।
(খ) OTM পদ্ধতি অনুসরণ করা হয়।
(গ) কমিটি গঠনে (TEC) ৫ সদস্য বিশিষ্ট কমিটিতে বাইরের ২জন সদস্য (১জন WDB ও ১জন RHD)ছিলেন।
(ঘ) দরপত্র আহবান-২৯/০৭/২০১০ (দৈনিক জনকন্ঠ ও News Today) তারিখে।
(ঙ) দরপত্র খোলা (TOC)– ৩১/০৮/২০১০ তারিখ ও ৪টি প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহণ করে।
(চ) সর্বনিম্ন দরদাতা ২.৫৪ কোটি টাকা।
(ছ) NOA- ১৪/১০/২০১৪ তারিখে দেয়া হয়।

৮.৬। প্রকল্পের আওতায় নির্মাণ কাজ দরপত্র প্রদত্ত Specification অনুযায়ী করা হয়। নির্মাণ কাজে ব্যবহৃত মালামাল এলডিইডি'র নিজস্ব ল্যাবে পরীক্ষা করা হয়।

৯। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ প্রকল্পের শুরম্ন মার্চ, ২০১০ হতে জুন, ২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ২২৬২.৭৬ লক্ষ টাকা। যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৯৮% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১০-১১ | ৬৫০.০০ | ৬৫০.০০ | - | ৬৫০.০০ | ৬৫০.০০ | ৬৫০.০০ | - | - |
| ২০১১-১২ | ১১৬৯.০০ | ১১৬৯.০০ | - | ১১৬৯.০০ | ১১৬৮.৫০ | ১১৬৮.৫০ | - | ০.৫০ |
| ২০১২-১৩ | ৪৫৫.০০ | ৪৫৫.০০ | - | ৪৫৫.০০ | ৪৪৪.২৬ | ৪৪৪.২৬ | - | ০.৭৪ |
| সর্বমোট ঃ | ২২৬৪.০০ | ২২৬৪.০০ | - | ২২৬৪.০০ | ২২৬২.৭৬ | ২২৬২.৭৬ | - | ১.২৪ |

৯.১ পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটির সংশোধিত অনুমোদিত ব্যয় ২২৬৩.১১ লক্ষ টাকা, এজন্য অর্থ অবমুক্ত করা হয়েছে ২২৬৪.০০ লক্ষ টাকা। এতে দেখা যাচ্ছে যে, প্রকল্পের অনুমোদিত ব্যয়ের চেয়ে ০.৮৯ লক্ষ টাকা বেশী অবমুক্ত করা হয়েছে যা আর্থিক শৃংখলার পরিপন্থি।

৯.২ প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ২২৬৪.০০ লক্ষ টাকা। এবং ব্যয় হয়েছে ২২৬২.৭৬ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্তির পরও ছাড়কৃত অব্যয়িত অর্থ ১.২৪ লক্ষ টাকা। উক্ত অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে যথাসময়ে জমা দেওয়া হয়েছে কিনা তার জমা স্লিপ পাওয়া যায় নি, যা নিশ্চিত হওয়া প্রয়োজন।

১০। **উপকারভোগীদের মতামত** ঃ সমাপ্ত প্রকল্প মূল্যায়ন কালীন এলাকাবাসীর সহিত আলোচনায় জানা যায় যে, সাব-মারজিবল সড়ক উন্নয়ন হওয়ায় বর্ষা মৌসুমের পর প্রায় ৯ মাস চলাচল করতে পারে। এতে উৎপাদিত পণ্য পরিবহনে সহায়ক হয়।

১১| **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র তিন জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| ১। মোঃ মহাসীন<br>প্রকল্প পরিচালক | - | খন্ডকালীন | ০১-০৩-২০১০ হতে<br>২৬-০১-২০১১ পর্যন্ত | -২৬-০১-২০১১ |
| ২। মোঃ গোলাম কিবরিয়া<br>প্রকল্প পরিচালক | - | খন্ডকালীন | ২৭-০১-২০১১ হতে<br>৩০-১২-২০১২ পর্যন্ত | ৩০-১২-২০১২ |
| ৩। মোঃ আশরাফুল ইসলাম<br>প্রকল্প পরিচালক | - | খন্ডকালীন | ০১-০১-২০১৩ হতে<br>৩০-০৬-২০১৩ পর্যন্ত | ৩০-০৬-২০১৩<br>প্রকল্প সমাপ্তি পর্যন্ত |

উপরের তথ্য পর্যালোচনায় দেখা যায় মাত্র ৪ বছর (প্রায়) বাস্তবায়িত এ প্রকল্পে তিনজন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১২| ১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য গৃহীত মূল কাজ সমূহ | অর্জিত ফলাফল |
|---|---|
| প্রকল্পের ভৌত কাজ সমূহঃ | |
| উপজেলা সড়ক উন্নয়ন | (১০০%) |
| স্লেপ প্রোটেকশন | (১০০%) |
| মাটির কাজ | (১০০%) |
| উপজেলা রোড (সাব-মারজিবল পার্ট) | (১০০%) |
| উপজলা সড়কে গার্ডার ব্রীজ | (১০০%) |
| বক্স /কালভার্ট | (১০০%) |

১৩ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৪ **প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ** প্রযোজ্য নয়।

১৪.১ **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) ঃ** ৪২% সময় বেশী লেগেছে।

১৪.২ **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ** ৩ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হওয়ায় ডিপিপি সংশোধন যথাসময় করা হয়নি।

১৪.৩ **চুক্তি বাস্তবায়নে বিলম্ব ঃ** প্রযোজ্য নয়। .

১৫ **সুপারিশ/মতামতঃ**

১৫.১ উপজেলা সড়ক উন্নয়ন ও সাবমারজিবল রাস্তা উন্নয়ন কাজ দুটিতে অনুমোদিত ডিপিপি অপেক্ষা আর্থিক ও বাস্তব কাজ বেশী করায় পরিকল্পনা ও আর্থিক শৃংখলা রক্ষার্থে ডিপিপি আন্তঃখাত সমন্বয় করে সংশোধন করা প্রয়োজন ছিল। এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৫.২ সংশোধিত ডিপিপি অনুযায়ী মোট প্রকল্প ব্যয় ২২৬৩.১১ লক্ষ টাকা অথচ অবমুক্ত করা হয়েছে ২২৬৪.০০ লক্ষ টাকা অর্থাৎ ০.৮৯ লক্ষ টাকা অতিরিক্ত অবমুক্ত করা হয়েছে। কি কারণে অতিরিক্ত অর্থ অবমুক্ত করা হয়েছে তা খতিয়ে দেখা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৫.৩ প্রল্পটির অনুকুলে মোট অবমুক্তিকৃত অর্থের পরিমাণ ২১৬৪.০০ লক্ষ টাকা, যার মধ্যে ব্যয় হয়েছে ২১৬২.৭৬ লক্ষ টাকা। অব্যয়িত ১.২৪ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে কি না তা, নিশ্চিত হওয়ার জন্য স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি অকর্ষণ করা হলো।

১৫.৪ প্রকল্পটির যথাসময়ে External Audit সম্পাদন করতে হবে।

১৫.৫ অনুচ্ছেদ ১৫.১ – ১৫.৪ এ সুপারিশের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিত করতে হবে।

**"চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি (চেইঃ০০-৭.০১ কিঃমিঃ)" শীর্ষক**
**প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত ঃ ডিসেম্বর,২০১২)

১। প্রকল্পের অবস্থান ঃ উপজেলাঃ নিয়ামতপুর, জেলাঃ নওগাঁ।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১৫৩৭.২৯ | - | ১৫১৬.৪৬ | জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর ২০১২ | জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর ২০১২ | জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর ২০১২ | - | - |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| ১। | ইউ-ড্রেনসহ উপজেলা সড়ক উন্নয়ন (মাটির কাজ ও স্লোপ প্রোটেকশনসহ) | কি.মি. | ৭.০১ | ৭০৭.২৯ | ৭.০১ | ৮১১.৬৫ |
| ২। | ব্রীজ/কালভার্ট | মি. | ২০০.০০ | ৮০০.০০ | ২৫২.০০ | ৭০৪.৮১ |
| ৩। | ফিজিক্যাল কন্টিনজেন্সি | থোক | - | ১০.০০ | - | - |
| ৪। | প্রাইস কন্টিনজেন্সি | থোক | - | ২০.০০ | - | - |
| | মোট | - | - | ১৫৩৭.২৯ | ১০০% | ১৫১৬.৪৬ (৯৮.৬৭%) |

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১। **পটভূমি** ঃ গ্রামীণ উন্নত যোগাযোগ ব্যবস্থা বাংলাদেশের সমৃদ্ধ অর্থনীতিতে অত্যন্ত্ম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। উত্তম যোগাযোগ ব্যবস্থা কৃষকের কৃষিপণ্য বাজারজাতকরণ, শস্য বহুমুখীকরণ, কৃষির সেচের যন্ত্রপাতি, সার, বীজ ইত্যাদি প্রাপ্তির নিশ্চয়তা বহুলাংশে নিশ্চিত করে। ফলে একদিকে যেমন কৃষক পন্যের ন্যায্যমূল্য পায় অন্যদিকে জাতীয় অর্থনীতিও সমৃদ্ধ হয়। নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলার মোট আয়তন ১১৩.৪ বর্গকিলোমিটার। উপজেলার পূর্বাংশে চাঁপাই নবাবগঞ্জ জেলার সোনা মসজিদ স্থল বন্দরের অতি নিকটে অবস্থিত। কিন্তু নেয়ামতপুর উপজেলায় বটতলী গ্রোথ সেন্টার থেকে গাবতলী গ্রোথ সেন্টার পর্যন্ত্ম ৭.০১ কিলোমিটার কাঁচা রাস্ত্মার কারণে চাঁপাইনবাবগঞ্জের সোনা মসজিদ, নাচোল, গোমস্ত্মাপুর, সোনইচন্ডি এর সাথে নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলার ৪টি ইউনিয়নের সড়ক যোগাযোগ ব্যহত হচ্ছে। ৭.০১ কিলোমিটার বটতলী গ্রোথ সেন্টার থেকে গাবতলী গ্রোথ সেন্টার পর্যন্ত্ম রাস্ত্মাটি পাকা হলে চাঁপাইনবাবগঞ্জ জেলার সাথে দেশের অন্যান্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নত এবং সহজতর হবে। এ প্রেক্ষিতে নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলায় সম্পূর্ণ জিওবি অনুদানে মোট ১৫৩৭.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১১ হতে ডিসেম্বর ২০১২ মেয়াদে বাস্ত্মবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২। **উদ্দেশ্য** ঃ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলঃ গ্রামীণ রাস্ৰার সংকীর্নতা দূর করে যাতায়াত সুবিধার উন্নয়নসহ টেকসই গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা এবং কৃষিপণ্য বাজারজাত সুবিধার আধুনিকতর উন্নয়ন। প্রকল্পের সুনির্দ্দিষ্ট উদ্দেশ্য হলো ঃ (ক) সার্বিকভাবে নওগাঁ জেলার যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নের মাধ্যমে যাতায়াত ব্যয় কমানো, বাজার ব্যবস্থার উন্নয়ন, বাজারজাত দ্রব্যের উৎপাদন বৃদ্ধি, বাজারজাতকরণ সুবিধাদি বৃদ্ধির মাধ্যমে প্রকল্প এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; (খ) উপজেলার গুরম্নত্বপূর্ণ এলাকা এবং পরবর্তী উচ্চতর সড়ক নেটওয়ার্কসমূহের সাথে অপেৰাকৃত পশ্চাৎপদ অঞ্চলসমূহের সংযোগ স্থাপন; এবং (গ) গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং কৃষি ও অকৃষিখাতে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের নিমিত্তে গ্রামীণ দারিদ্র্য বিমোচনে সহায়তা করা।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ

মূল প্রকল্পটির উপর গত ১০-১১-২০১০ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত পিইসি সভার সুপারিশক্রমে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৫৩৭.২৯ লৰ টাকা (সম্পূর্ণ জিওবি অর্থ) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর,২০১২ মেয়াদে প্রকল্পটি অনুমোদিত হয় এবং ০২-০২-২০১১ তারিখে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন জারী করা হয়।

৮। **প্রকল্প পরিদর্শন** ঃ আইএমইডি কর্তৃক নওগাঁ জেলায় বাস্ৰবায়িত কাজ গত ০৯-১১-২০১৩ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, সংশিস্নষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী ও সিনিয়র সহকারী প্রকৌশলীসহ সংশিস্নষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প সংশিস্নষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা, প্রাপ্ত তথ্য বিশেস্নষণ ও পিসিআর এর তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। নিম্নে পরিদর্শিত স্কীমগুলোর সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হল ঃ

(লক্ষ টাকায়)

| ক) স্কীমের নাম<br>খ) দৈর্ঘ্য | (ক) প্রাক্কলিত ব্যয়<br>(খ) চুক্তিকৃত মূল্য<br>(গ) ব্যয়<br>(ঘ) বাস্ৰব অগ্রগতি | ক) কার্যাদেশের তারিখ<br>খ) কাজ সমাপ্তির তারিখ<br>গ) ঠিকাদারের নাম | মন্ৰব্য/ মতামত | ফটোগ্রাফ |
|---|---|---|---|---|
| ১। ক) চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি সড়ক (চেইনেজঃ০-৩.৬৫ কিঃমিঃ)<br>খ) ৩.৬৫ কিঃ মিঃ | ক)৪১১.১৩<br>খ)৪৪৪.১৪<br>গ) ৪৪৪.১৪<br>ঘ) ১০০% | ক) ৩১/০৩/২০১১<br>খ) ২৫/০৪/২০১২<br>গ) মের্সাস ইথেন এন্টার প্রাইজ | এটি একটি উপজেলা সড়ক। সড়কটির মোট দৈর্ঘ্য ৭.০১ কিঃমিঃ যা দুটি কার্যাদেশ/চুক্তির মাধ্যমে নির্মাণ কাজ ২০১২ সালে সমাপ্ত করা হয়েছে। ৭.০১ কিঃমিঃ দীর্ঘ এ সড়কটিতে ১২ ফুট পেভমেন্ট, দুপাশে (৩+৩)=৬ ফুট হার্ড সোল্ডার এবং (৩+৩)=৬ ফুট মাটির সোল্ডারসহ মোট ২৪ |  |

| ক) স্কীমের নাম<br>খ) দৈর্ঘ্য | (ক) প্রাক্কলিত ব্যয়<br>(খ) চুক্তিকৃত মূল্য<br>(গ) ব্যয়<br>(ঘ) বাস্ত্মব অগ্রগতি | ক) কার্যাদেশের তারিখ<br>খ) কাজ সমাপ্তির তারিখ<br>গ) ঠিকাদারের নাম | মন্ত্মব্য/ মতামত | ফটোগ্রাফ |
|---|---|---|---|---|
| ২। ক) চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি<br>খ) ৩.৩৬ কিঃমিঃ | ক) ২৯৬.১৫<br>খ) ৩০২.৫৯<br>গ) ৩০২.৫১<br>ঘ) ১০০% | ক) ৩১/০৩/২০১১<br>খ) ২৫/০৪/২০১২<br>গ) মের্সাস মন্ডল ট্রেডাস | ফুট প্রশস্ত্মতায় অর্থাৎ উপজেলা সড়কের স্পেসিফেকেশন অনুযায়ী সড়কটির নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে। Specification অনুযায়ী সড়কটির ক্রেষ্ট ও পেভমেন্ট এর পরিমাপ সঠিক পাওয়া গেছে। সড়কটির WBM এবং কার্পেটিং-সীলকোট এর পুরম্নত্ব পরিমাপ করা হয়েছে এবং তা Specification অনুযায়ী সঠিক পাওয়া গেছে। সড়কের এলাইনমেন্টের পার্শ্বে ১টি হাইস্কুল, ২টি প্রাথমিক বিদ্যালয়, ৩টি গ্রামীণ হাটবাজার থাকায় সড়কটি আর্থ-সামাজিক দিক থেকে অত্যন্ত্মগুরম্নত্বপূর্ণ বলে প্রতীয়মান হয়েছে। সড়কের বর্তমান অবস্থা (Physical Condition) ভাল। | |
| ৩। ক) চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি সড়কের শিবো নদী উপর আরসিসি ব্রীজ নির্মাণ<br>খ) ৯৭.৫০ মিঃ | ক) ২৫৬.৯২<br>খ) ৩০১.২১<br>গ) ৩০১.১৯<br>ঘ) ১০০% | ক) ০৩/০৭/২০১১<br>খ) ২৩/০৭/২০১২<br>গ) ইথেন-জেসমিন জেভি | ৪ স্প্যান বিশিষ্ট ৯৭.৫০ মিঃ দীর্ঘ সেতুটির নির্মাণ কাজ ২০১২ সালে সমাপ্ত হয়েছে। সেতুর ক্যারেজওয়ে ১৮ ফুট এবং দুইপাশে ৪ ফুট (২ ফুট+২ফুট) প্রশস্ত্মওয়াকওয়ে/ হুইলগার্ড রয়েছে। সেতুর দুইপাশে এবার্টমেন্টের নীচে সিসি বস্নক দ্বারা রক্ষাপ্রদ কাজ করা হয়েছে। বাহ্যিক দৃষ্টিতে সেতুর গুনগত মান ভাল বলে প্রতীয়মান হয়েছে এবং বর্তমানে ব্রীজের বাস্ত্মব অবস্থা ভাল রয়েছে। |  |

| ক) স্কীমের নাম<br>খ) দৈর্ঘ্য | (ক) প্রাক্কলিত ব্যয়<br>(খ) চুক্তিকৃত মূল্য<br>(গ) ব্যয়<br>(ঘ) বাস্ৰব অগ্রগতি | ক) কার্যাদেশের তারিখ<br>খ) কাজ সমাপ্তির তারিখ<br>গ) ঠিকাদারের নাম | মন্ৰব্য/ মতামত | ফটোগ্রাফ |
|---|---|---|---|---|
| ৪। ক) চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি সড়কের হরিপুর খালের উপর আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ<br>খ) ৯৭.৫০ মিঃ | ক) ২৩৪.৮৫<br>খ) ২৭৮.১৬<br>গ) ২৭৮.১৬<br>ঘ) ১০০% | ক) ০৩/০৭/২০১১<br>খ) ২৩/০৭/২০১২<br>গ) ইথেন-এসআই জেভি | ৪ স্প্যান বিশিষ্ট ৯৭.৫০ মিঃ দীর্ঘ সেতুটির নির্মাণ কাজ ২০১২ সালে সমাপ্ত হয়েছে। সেতুর ক্যারেজওয়ে ১৮ ফুট এবং দুইপাশে ৪ ফুট (২ ফুট+২ফুট) প্রশস্ৰ ওয়াকওয়ে/ হুইলগার্ড রয়েছে। সেতুর দুইপাশে এবার্টমেন্টের নীচে সিসি বস্নক দ্বারা রৰাপ্রদ কাজ করা হয়েছে। বাহ্যিক দৃষ্টিতে সেতুর গুনগত ঠিক আছে বলে প্রতীয়মান হয়েছে এবং বর্তমানে ব্রীজের অবস্থা ভাল রয়েছে। | <br>সিসি বস্নক দ্বারা রৰাপ্রদ কাজ করা হয়েছে। |
| ৫। ক) চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি সড়কের জিয়া খালের উপর আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ<br>খ) ৫৭.০০ মিঃ | ক) ১৬২.৬৭<br>খ) ১৯০.৪৪<br>গ)১৯০.৪৪<br>ঘ) ১০০% | ক) ০৩/০৭/২০১১<br>খ) ২৩/০৭/২০১২<br>গ) মের্সাস শিলা এন্টার প্রাইজ | তিন স্প্যান বিশিষ্ট ৫৭.০০ মি. দীর্ঘ সেতুটির প্রতিটি স্প্যানের দৈর্ঘ্য ১৯ মি. (১৯মি.x৩)। সেতুটির Carrage way ১৮ ফুট প্রশস্ৰ এবং দুইপাশে ৪ ফুট (২ ফুট x ২ ফুট) Walkway Specification অনুযায়ী নির্মাণ করা হয়েছে। ব্রীজটি ২০১২ সালে নির্মিত হলেও সেতুর একপাশে Abatment এর নিকট মাটির রৰাপ্রদ কাজ (প্যালাসাইডিং) ৰতিগ্রস্থ হওয়ায় এপ্রোচ সড়কের একাংশের মাটি ধসে গেছে। প্রকল্প কর্তৃপৰের মতে রৰাপ্রদ কাজ শেষ হওয়ার পরপরই বৃষ্টির ফলে পাশের খালে পানি জমে যাওয়ার মাটি কিছুটা সরে/বসে (settle) এপ্রোচ ৰতিগ্রস্থ হয়েছে। | <br>এপ্রোচ সড়কের একাংশের মাটি ধসে গেছে। |

৯। **<u>ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ</u>** অনুচ্ছেদ ৮.১ এ বর্ণিত স্কীমগুলোর ক্রয় সংক্রান্ৰ নথি পর্যালোচনা করা হয়। স্কীমগুলোর (ক) প্রাক্কলিত ব্যয় (খ) চুক্তিকৃত মূল্য (গ) ব্যয় (ঘ) বাস্ৰব অগ্রগতি ঙ) কার্যাদেশের তারিখ চ) কাজ সমাপ্তির তারিখ ছ) ঠিকাদারের নাম ইত্যাদি অনুচ্ছেদ ৮.১এর স্ব স্ব স্কীমের বিপরীতে উলেস্নখ করা হয়েছে। স্কীম ৫টি ঠিকাদার নিয়োগের জন্য বহুল প্রচারিত দুটি করে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। তাছাড়া পিপিআর অনুযায়ী Tender Opening committee (TOC) এবং Tender Evaluation Committee (TEC) গঠন করা হয়েছে। বিধি মোতাবেক TEC তে দুইজন করে ক্রয়কারীর নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয়/বিভাগ/এজেন্সী বহির্ভুত সদস্য অন্তর্ভূক্ত করা হয়েছে। তাছাড়া TOC তে TEC কমিটির একজন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। TOC কমিটি

কর্তৃক টেন্ডার জমাদানের নির্দিষ্ট সময় পর দরপত্র উন্মুক্ত করা হয়েছে। অর্থাৎ TOC ও TEC কমিটি সঠিকভাবে গঠনপূর্বক টেন্ডার উন্মুক্তকরণ ও মূল্যায়ন কাজ সম্পন্ন করা হয়েছে। মূল্যায়ন প্রতিবেদনসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপূর্বক ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। তাছাড়া নথি পর্যালোচনায় দেখা যায় ঠিকাদারকে বিধি অনুযায়ী ভ্যাট কর্তন পূর্বক বিল প্রদান করা হয়েছে।

১০। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ প্রকল্পের শুরম্ন হতে ডিসেম্বর, ২০১২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১৫১৬.৪৬ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৮.৬৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ |
| ২০১০-১১ | ২০০.০০ | ২০০.০০ | - | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | - |
| ২০১১-১২ | ১০০০.০০ | ১০০০.০০ | - | ১০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ | - |
| ২০১২-১৩ | ৩৩৭.০০ | ৩৩৭.০০ | - | ৩৩৭.০০ | ৩১৬.৪৬ | ৩১৬.৪৬ | - |
| সর্বোমোট ঃ | ১৫৩৭.০০ | ১৫৩৭.০০ | - | ১৫৩৭.০০ | ১৫১৬.৪৬ | ১৫১৬.৪৬ | - |

১১। **উপকারভোগীদের মতামত** ঃ প্রকল্পের আওতায় উন্নয়নকৃত কার্যক্রমসমূহের উপকারভোগী জনগণের (Benificiaries) সাথে আলাপ করে জানা যায় যে, প্রকল্পের আওতায় সড়কসহ ব্রীজ নির্মাণ/উন্নয়নের ফলে বিভিন্ন গ্রোথ সেন্টারসহ ইউনিয়ন ও উপজেলা এবং হাইওয়ের সাথে যোগাযোগ রক্ষা করা যেমন সহজ হয়েছে তেমনি তাদের সময়েরও সাশ্রয় হয়েছে। উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে যানযোগে পরিবহন করাসহ ছেলে-মেয়েদের স্কুল-কলেজে যাতায়াত সহজতর হয়েছে। তাছাড়া প্রকল্প বাস্তবায়নে বেশ কিছু কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র ২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| জনাব মোঃ মোমিনুল হক হায়দারী<br>প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ০১/০১/২০১১ | ১৩/১০/২০১২ |
| জনাব মোঃ আজিমুল হক<br>প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ১৪/১০/২০১২ | ৩১/১২/২০১২ |

প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য পর্যালোচনায় দেখা যায় প্রকল্পটি মোট ২ বছরে বাস্তবায়িত হয়েছে। কিন্তু এই সময়ে মোট ০২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। মাত্র ২ বছরে বাস্তবায়িত প্রকল্পে ২ জন প্রকল্প পরিচালক নিয়োগ সমীচীন নয়। তাছাড়া প্রকল্প পরিচালক বদলি সংক্রান্ত মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ ছাড়াই এ প্রকল্পের প্রকল্প পরিচালক বদলি করা হয়েছে।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলোঃ গ্রামীণ রাস্তার সংকীর্নতা দূর করে যাতায়াত সুবিধার উন্নয়নসহ টেকসই গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা এবং কৃষিপণ্য বাজারজাত সুবিধার আধুনিকতম উন্নয়ন। প্রকল্পের সুনির্দ্দিষ্ট উদ্দেশ্য হলো ঃ (ক) সার্বিকভাবে নওগাঁ জেলার যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নের মাধ্যমে যাতায়াত ব্যয় কমানো, বাজার ব্যবস্থার উন্নয়ন, বাজারজাত দ্রব্যের উৎপাদন বৃদ্ধি, বাজারজাতকরণ সুবিধাদি বৃদ্ধির মাধ্যমে প্রকল্প এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; (খ) উপজেলার গুরম্নত্বপূর্ণ এলাকা এবং পরবর্তী উচ্চতর সড়ক নেটওয়ার্কসমূহের সাথে অপেক্ষাকৃত পশ্চাৎপদ অঞ্চলসমূহের সংযোগ স্থাপন; এবং (গ) গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং কৃষি ও অকৃষিখাতে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের নিমিত্তে গ্রামীণ দারিদ্র্য বিমোচনে সহায়তা করা। | প্রকল্পের আওতায় সড়কসহ ব্রীজ নির্মাণ/উন্নয়নের ফলে বিভিন্ন গ্রোথ সেন্টারসহ ইউনিয়ন ও উপজেলা এবং হাইওয়ের সাথে যোগাযোগ রক্ষা করা যেমন সহজ হয়েছে তেমনি তাদের সময়েরও সাশ্রয় হয়েছে। উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে যানযোগে পরিবহন করাসহ ছেলে-মেয়েদের স্কুল-কলেজে যাতায়াত সহজতর হয়েছে। তাছাড়া প্রকল্প বাস্তবায়নে বেশ কিছু কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। ৭.০১ কিলোমিটার সড়ক নির্মাণের ফলে চাঁপাইনবাবগঞ্জের সোনা মসজিদ, নাচোল, গোমস্তাপুর, সোনাইচন্ডি এর সাথে নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলার ৪টি ইউনিয়নসহ দেশের অন্যান্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নত এবং সহজতর হয়েছে। |

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ প্রযোজ্য নয়।

১৫। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ**

১৫.১। **ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী ঃ** প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য পরিচালনায় দেখা যায় প্রকল্পটি মোট ২ বছরে বাস্ত্মবায়িত হয়েছে। কিন্তু ২ বছরে মোট ০২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। মাত্র ২ বছরে বাস্ত্মবায়িত প্রকল্পে ২ জন প্রকল্প পরিচালক নিয়োগ সমীচীন নয়। তাছাড়া প্রকল্প প্ররিচালক বদলী সংক্রান্ত্ম মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ গ্রহণ ছাড়াই প্রকল্প পরিচালক বদলী করা হয়েছে।

১৫.২। **এপ্রোচ সড়ক ক্ষতিগ্রস্থ ঃ** চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি সড়কের জিয়া খালের উপর নির্মিত আরসিসি গার্ডার ব্রীজের একপাশে Abatment এর নিকট এপ্রোচ সড়কে মাটি ধসে গিয়ে এপ্রোচ সড়ক ৰতিগ্রস্থ হয়েছে। এতে ভবিষ্যতে Abatment Site এ ভাঙ্গন দেখা দিতে পারে ।

১৫.৩। **অনুমোদিত সংস্থান অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয়/পরিমান বৃদ্ধিঃ** অত্র প্রকল্পে মূলতঃ দুইটি খাতের সংস্থান ছিল যথাঃ ৭.০১ কিঃমিঃ সড়ক এবং ২০০ মিঃ ব্রীজ/কালভার্ট নির্মাণ। ইউড্রেনসহ উপজেলা সড়ক উন্নয়ন খাতে ৭.০১ কিঃমিঃ সড়ক (মাটির কাজ ও স্লোপ প্রোটেকশনসহ) নির্মাণের জন্য ৭০৭.২৯ লৰ টাকার সংস্থান ছিল। ডিপিপি অনুযায়ী ৭.০১ কিঃমিঃ সড়ক নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে কিন্তু এখাতে ব্যয় হয়েছে ৮১১.৬৫ লৰ টাকা। অর্থাৎ অনুমোদিত সংস্থান অপেৰা এ খাতে ১০৪.৩৬ লৰ টাকা বেশী ব্যয় করা হয়েছে। প্রকল্প কর্তৃপৰের মতে সড়ক নির্মান অংগে ২০৬৮৫.৮০ বঃমিঃ স্লোপ প্রোটেকশন এবং ৫১২৭০.০০ ঘঃ মিঃ মাটির কাজের সংস্থান ছিল। কিন্তু প্রকৃতপৰে ২১৭০১.৫০ বঃমিঃ স্লোপ প্রোটেকশন (১০১৬.৩০ বঃমিঃ বেশী) এবং ৮৪২১২.৮২ ঘঃমিঃ মাটির কাজ (৩২৯৪২.৮২ ঘঃমিঃ বেশী) করায় এ খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে। তাছাড়া প্রকল্পের আওতায় ৮০০.০০ লৰ টাকা ব্যয়ে ২০০মিঃ ব্রীজ/কালভার্ট নির্মাণের সংস্থানের বিপরীতে ৭০৪.৮১ লৰ টাকা (৯৫.১৯ লৰ টাকা কম) ব্যয়ে ২৫২ মিঃ ব্রীজ/কালভার্ট নির্মাণ করা হয়েছে। প্রকল্প কর্তৃপৰের মতে প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে ব্রীজ/কালভার্টের দৈর্ঘ্য বৃদ্ধি পেয়েছে। তবে প্রকল্পের মোট ব্যয় (১৫১৬.৪৬ লৰ টাকা) অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ আছে। অনুমোদিত সংস্থান অপেৰা কোন খাতে অতিরিক্ত অর্থ ব্যয়/পরিমান বৃদ্ধি আর্থিক ও শৃংখলা পরিপন্থী।

১৬। **সুপারিশ ঃ**

১৬.১। প্রকল্পটি যথাসময়ে এবং অনুমোদিত ব্যয়ের মধ্যে বাস্ত্মবায়িত হয়েছে যা প্রশংসনীয়। কিন্তু মাত্র ০২ বছরে বাস্ত্মবায়িত প্রকল্পে দুইজন প্রকল্প পরিচালক নিয়োগ কোন অবস্থাতেই কাম্য নয়। তাছাড়া প্রকল্প পরিচালক বদলী সংক্রান্ত্ম মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ ছাড়াই অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন/বদলী করা হয়েছে, যা অনাকাংখিত। ভবিষ্যতে এডিপিভূক্ত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক ঘন ঘন পরিবর্তন/বদলী পরিহার করতে হবে। তাছাড়া প্রকল্প পরিচালক পরিবর্তন/বদলীর ৰেত্রে উক্ত কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৪.১)।

১৬.২। চাঁপাইনবাবগঞ্জ-নওগাঁ ভায়া বটতলী জিসি-গাবতলী জিসি সড়কের জিয়া খালের উপর নির্মিত আরসিসি গার্ডার ব্রীজের একপাশে Abatment এর নিকট ৰতিগ্রস্থ এপ্রোচ সড়ক ঠিকাদারকে দিয়ে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৪.২)।

১৬ .৩। অত্র প্রকল্পের মোট প্রকল্প ব্যয় অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকলেও সড়ক নির্মাণ খাতে অনুমোদিত সংস্থান অপেৰা অতিরিক্ত অর্থ ব্যয় সমীচীন হয়নি। তাছাড়া অনুমোদিত ব্যয়ের মধ্যে ব্রীজ/কালভার্ট নির্মাণ করা হলেও ব্রীজ/কালভার্টের দৈর্ঘ্য বৃদ্ধি করা সমীচীন হয়নি। এৰেত্রে প্রকল্প সমাপ্তির পূর্বেই প্রকল্পটি সংশোধন করার প্রয়োজন ছিল।ভবিষ্যতে প্রকল্প বাস্ত্মবায়নে এহেন অনিয়ম পরিহার করার জন্য নির্দেশনা প্রদান করা হলো (অনুচ্ছেদ-১৪.৩)।

## "ভোলা বাস স্ট্যান্ড-লাহারহাট সংযোগ সড়ক উন্নয়নের জন্য সম্ভাব্যতা যাচাই ও বিস্তারিত নকশা প্রণয়ন" শীর্ষক প্রকল্প

(সমাপ্ত ঃ জুন, ২০১৩)

১। প্রকল্পের অবস্থান ঃ ভোলা, বরিশাল।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন, ২০১৩ পর্যন্ত্ম) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৩২.৯০ | - | ১৯৪.০০ | জুলাই /১১ হতে ডিসেম্বর/১২ | জুলাই /১১ হতে জুন/১৩ | জুলাই /১১ হতে জুন/১৩ | - | ২৫% |

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্ত্মবায়ন ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (জুন, ২০১৩ পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | রেন্টাল ইকুইপমেন্ট | থোক | ১) সম্ভাব্যতা জরিপ | ২.৫০ | সম্ভব্যতা জরিপ করা হয়েছে। ফলাফল ঋণাত্মক হওয়ায় ডিজাইন অংশ বাদ দেওয়া হয়েছে। | ১৯৪.০০ |
| ২। | মুদ্রণ ও বাধাঁই | থোক | | ২.০০ | | |
| ৩। | ট্রান্সপোর্ট (রেন্টাল) | থোক | | ২৫.০০ | | |
| ৪। | কনসালটেন্ট (১২ জন, ১২৫ জনমাস) | | | ১৬৬.২০ | | |
| ৫। | পারডিয়াম এলাউন্স | থোক | | ৫.০০ | | |
| ৬। | টেস্টিং/ ইনভেসটিগেশন | থোক | | ৩২.০০ | | |
| ৭। | সার্ভে এন্ড ডাটা কালেকশন | থোক | | ৫.০০ | | |
| ৮। | কম্পিউটার এন্ড এক্সেসরিজ | থোক | | ১.৬০ | | |
| ৯। | অন্যান্য | | ২) বিস্ত্মারিত ডিজাইন প্রণয়ন | | | |
| ১০। | সাপোর্ট স্টাফ (১৭ জন, ২৫৮ জনমাস | | | ৭৫.৬০ | | |
| ১১। | মানচিত্র সংগ্রহ | থোক | | ১.৫০ | | |
| ১২। | মডেলিং সফটওয়্যার (ফি) | থোক | | ৮.০০ | | |
| ১৩। | পারসেজ অব সেকেন্ডারী ডাটা | থোক | | ৩.০০ | | |
| ১৪। | কন্টিনজেন্সী এন্ড মিসেলেনিয়াস | থোক | | ৫.০০ | | |
| | মোট ঃ | | | ৩৩২.৯০ | | ১৯৪.০০ |

তথ্য সূত্র ঃ পিসিআর

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** ঃ সম্ভাব্যতা জরিপকালে ভোলা বাসস্ট্যান্ড-লাহারহাট সড়ক উন্নয়ন প্রকল্পের বেনিফিট নগন্য এবং রিস্ক ফেক্টরসহ গ্রহনযোগ্য নয় বিধায় বিস্তারিত ডিজাইন প্রণয়ন অংশ বাদ দেয়া হয়েছে।

৭.১। **পটভূমি ঃ** প্রকল্পটি গ্রহনের সময় টিপিপি'তে উল্লিখিত পটভূমি নিম্নরূপ। WFP-বিশ্ব ব্যাংক-বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রণীত Proverty ম্যাপ অনুসারে ভোলা জেলার ৩৩-৪০ শতাংশ জনগণ দারিদ্রসীমার নিচে বসবাস করে। ভোলাসহ দক্ষিণাংশ বহুসংখ্যক মৎসজীবির বাস; যারা সমুদ্রে মাছ ধরে কিন্তু বাজারজাত করা তাদের জন্য সমস্যা সংকুল। তারা তাদের শিকার করা মাছ সাধারনতঃ বরিশাল বা ঢাকায় বাজারজাত করে। কিন্তু যোগাযোগ ব্যবস্থা সময় সাপেক্ষ ও ব্যয়বহুল বিবেচনায় তারা স্থানীয়ভাবে মাছ বিক্রয় করতে বাধ্য হওয়ায় যথোপযুক্ত মূল্য পায় না। ভোলা বাসস্ট্যান্ড-লাহারহাট সড়কটি উন্নয়ন করা হলে বরিশাল/ঢাকা যাতায়াত সময় কমবে এবং মৎস্য জীবিগণ তাদের পণ্যের ন্যায্য মূল্য পেতে পারেন। স্থানীয় জনপ্রতিনিধিগণও প্রকল্পটি বাস্তবায়নের পক্ষে মত পেশ করেন। আন্তর্জাতিক প্রতিষ্ঠান International Food Policy Research Institute (IFPRI) ও Bangladesh Institute of Development Stadies (BIDS) কর্তৃক পূর্বে পরিচালিত সমীক্ষায় দেখা গেছে, সড়ক নির্মাণ পল্লী উন্নয়নকে প্রভাবিত করে; বিশেষ করে খামার পর্যায়ে কৃষি উৎপাদন বৃদ্ধি, চাষীদের আয় বৃদ্ধি এবং কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করে। প্রস্তাবিত সড়কটি ফ্ল্যাড প্যানের উপর দিয়ে আড়াআড়ি যাবে এবং তিনটি বড় নদী তেতুঁলিয়া, আড়িয়াল খাঁ এবং কালাবদর অতিক্রম করবে যা বন্যার পানি প্রবাহে বাঁধা সৃষ্টি করতে পারে বিবেচনায় প্রকল্পটি কতটা ফলপ্রসু হবে দেখার জন্য এ সম্ভাব্যতা জরিপ প্রকল্পটি হাতে নেয়া হয়েছিল।

৭.২। **উদ্দেশ্য** ঃ ভোলা বাসস্ট্যান্ড-লাহারহাট সংযোগ সড়ক উন্নয়নের জন্য কারিগরি ও অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাই করা।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন ঃ** প্রকল্পটি গত ৩১/০৫/২০১১ তারিখে ৩৩২.৯০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই,১১ হতে ডিসেম্বর,১২ এবং পরবর্তীতে ১৮/১২/২০১২ তারিখে জুলাই,২০১১ হতে জুন'১৩ মেয়াদে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়।

৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ** প্রকল্পটির দুটি অংশ (ক) সম্ভাব্যতা জরীপ ও (খ) বিস্তারিত ডিজাইন ও টেন্ডার দলিল প্রণয়ন। সম্ভাব্যতা জরীপের কাজ ১০০% শেষ হয়েছে। প্রকল্পটি লাভজনক নয় বিবেচনায় বিস্তারিত ডিজাইন ও টেন্ডার দলিল প্রণয়ন অংশ বাদ দেয়া হয়েছে।

৯। **প্রকল্প পরিদর্শন ঃ** সমীক্ষা প্রকল্প হওয়ায় পরিদর্শন করা হয়নি।

১০। **সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ**

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২০১১-১২ | ১৫.০০ | ১৫.০০ | - | ১৫.০০ | ১৫.০০ | ১৫.০০ | - | |
| ২০১২-১৩ | ৩১৭.৯০ | ৩১৭.৯০ | - | ১৮৫.০০ | ১৭৯.০০ | ১৭৯.০০ | - | ৬.০০ |
| সর্বমোট | ৩৩২.৯০ | ৩৩২.৯০ | - | ২০০.০০ | ১৯৪.০০ | ১৯৪.০০ | - | ৬.০০ |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ৩৩২.৯০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১৯৪.০০ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ২০০.০০ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ৬.০০ লক্ষ টাকা। পিসিআর-এ প্রদত্ত তথ্যনুযায়ী উক্ত অব্যয়িত অর্থ ট্রেজারী থেকে উত্তোলন করা হয়নি।

১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র একজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলির তারিখ |
|---|---|---|---|---|
| মোঃ আলমগীর হাফিজ, প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ১৮/০৮/২০১২ | - |

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| ভোলা বাস স্ট্যান্ড -লাহারহাট সড়কের অর্থনৈতিক ও কারিগরী সম্ভাব্যতা যাচাই; বিস্ত্মারিত ডিজাইন ও টেন্ডার দলিল প্রণয়ন। | সম্ভাব্যতা সমীক্ষার প্রকল্পে অর্থনেতিক ফলাফল নেতিবাচক বিবেচনায় প্রকল্পটি গ্রহন না করার সুপারিশ করা হয়েছে। |

১৩। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ প্রযোজ্য নয়।

১৪। **পর্যবেক্ষণ** : এলজিইডি কর্তৃক নিয়োজিত পরার্মশক প্রতিষ্ঠান দ্বারা “ভোলা বাসস্ট্যান্ড-লাহারহাট সংযোগ সড়ক উন্নয়নের জন্য অর্থনৈতিক ও কারিগরি সম্ভাব্যতা যাচাই” করা হয়েছে। সমীক্ষা প্রতিবেদনে প্রকল্পটির বেনিফিট নগন্য বলে উলেস্নখ করা হয়েছে। তাছাড়া, উক্ত সড়ক উন্নয়নে ৩টি সেতু নির্মাণের প্রয়োজন হবে যার সম্মিলিত দৈর্ঘ্য এ্যাপ্রোচ সড়কসহ ৪.৭ কিঃমিঃ। দশ শতাংশ রিস্ক বিবেচনায় প্রকল্পের বিনিয়োগ ফলাফল ঋনাত্বক হয়ে যাওয়ায় প্রকল্পটির বিস্ত্মারিত ডিজাইন অংশ প্রণয়ন করা হয়নি। এতে সংশিস্নষ্ট মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে। উলেস্নখ্য প্রকল্পটি বাস্ত্মবায়িত হলে সড়কটি ভোলা জেলাকে সড়ক পথে বরিশাল বিভাগের সাথে যুক্ত করতঃ ফলে ভোলা-বরিশাল যাতায়াত দ্রম্নত হত। বর্তমানে প্রকল্পটি বাস্ত্মবায়ন Viable না হলেও ভবিষ্যতে যানবাহন বৃদ্ধির সাথে সাথে রাস্ত্মার প্রয়োজন হতে পারে। কাজেই প্রস্তুতকৃত প্রতিবেদনটি সংরক্ষণ করা, প্রয়োজনে এটি কাজে লাগানো যেতে পারে।

১৫। **মতামত/সুপারিশ**:

ভবিষ্যতে আলোচ্য রাস্ত্মার প্রয়োজন হতে পারে। কাজেই প্রস্তুতকৃত প্রতিবেদনটি সংরক্ষণ করা, প্রয়োজনে এটি কাজে লাগানো যায়।

# সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

## (সমাপ্তঃ জুন,২০১৩)

| | |
|---|---|
| **প্রকল্পের নাম ঃ** | "Feasibility Study in term of Hydrological and Morphological Study, Economic Analysis, Environmental Impact Assessment (EIA) including Topographical Survey & Design of Important 05 (Five) Large Bridges at Narail, Gaibandah, Chittagong and Maguara District" শীর্ষক সমীক্ষা প্রকল্প। |

১। প্রকল্পের অবস্থান ঃ নড়াইল, গাইবান্ধা, চট্টগ্রাম ও মাগুড়া জেলা।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৩ পর্যন্ত্ম) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৮৬.০০ | - | ১৮৩.০০ | জুলাই,২০১২ হতে জুন,২০১৩ | - | জুলাই,২০১২ হতে জুন,২০১৩ | - | - |

৫। **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি</u>** ঃ প্রকল্পের অংগভিত্তিক ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির তথ্য নিম্নে প্রদান করা হলো (পিসিআর অনুসারে)ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (জুন,২০১৩ পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্ত্মব | আর্থিক (%) | বাস্ত্মব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | ফি {Environmental clearance for DOE & Associated Cost (purchage of navigational route map)} | থোক | ২.৫০ | থোক | ২.৫০ | ১০০% |
| ০২। | অফিস ষ্টেশনারী | থোক | ১.০০ | থোক | ১.০০ | ১০০% |
| ০৩। | স্ট্রাকচারাল ডিজাইন কনসালটেন্ট (Including VAT & IT) | থোক | ৭৫.০০ | থোক | ৭৫.০০ | ১০০% |
| ০৪। | EIA Study (Including VAT & IT) | থোক | ১২.০০ | থোক | ১২.০০ | ১০০% |
| ০৫। | Carrying out hydrological & Morphological Study (Including VAT & IT) | থোক | ৭২.০০ | থোক | ৭২.০০ | ১০০% |
| ০৬। | Economic Analysis | থোক | ১৮.০০ | থোক | ১৮.০০ | ১০০% |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন,২০১৩ পর্যন্ত) | |
১১.১ **প্রকল্প কাজ সমাপ্ত হতে না হতেই রক্ষণাবেক্ষণ কাজ শুরু করা** ঃ প্রকল্পটির আওতায় সিলেট, সুনামগঞ্জ, মোলভীবাজার ও হবিগঞ্জ জেলায় বাস্ত্ঃবায়িত ১০টি গুরম্নত্বপূর্ণ ফিডার সড়ক ও সেতু/কালভার্ট নির্মাণ কাজ পরিদর্শনকালে দেখা যায়, প্রায় সকল সড়কই প্রকল্পের আওতায় নির্মাণের পর আবার রৰণাবেৰণের কাজ করা হয়েছে। যে সকল সড়কে এখনও রৰণাবেৰণের কাজ করা হয়নি সেগুলি এখন রৰণাবেৰণের কাজ চলমান আছে। ফলে প্রকল্পটির আওতায় কি কাজ করা হয়েছে তা পরিবীৰণ করা সম্ভব হয়নি। আলোচ্য প্রকল্পের আওতায় যে সকল সড়ক ও সেতু/কালভার্ট নির্মাণ কাজ করা হয়েছে তা এলজিইডি'র অন্যান্য সড়ক, সেতু/কালভার্ট নির্মাণ কাজ হতে অপেৰাকৃত গুরম্নত্বপূর্ন। কারণ আলোচ্য প্রকল্পের আওতায় বেশীরভাগ সড়কই সড়ক ও জনপথ অধিদপ্তর হতে এলজিইডিতে হস্ত্ঃান্ত্ঃরিত গুরম্নত্বপূর্ন ফিডার সড়ক। এ সকল সড়ক দিয়ে পাবলিক ট্রান্সপোর্ট বিশেষ করে জেলা হতে উপজেলা পর্যায়ে বাস সার্ভিস চলমান আছে। প্রকল্পটির আওতায় নির্মিত সড়কের কাজ শেষ হতে না হতেই রৰণাবেৰণ কাজ করার কারণ অনুসন্ধানে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত না করা, যেমন সড়ক পেভমেন্টের বিভিন্ন লেয়ারে (সাব-গ্রেড, ইমপ্রম্নভ সাব-গ্রেড, সাব-বেইজ, ডবিস্নউবিএম) যথাযথ কমপ্যাকশন না করা, পেভমেন্টের বিভিন্ন লেয়ারে (সাব-বেইজ, ডবিস্নউবিএম) ব্যবহত নির্মাণ সামগ্রীর গুনগতমান ও মিশ্রণ স্পেসিফিকেশন মোতাবেক যথাযথভাবে মেইনটেইন না করা এবং বিটুমিনাস লেয়ারে (কার্পেটিং ও সীলকোট) সঠিকভাবে মিক্স ডিজাইন এর মাধ্যমে বিটুমিন কনটেন্ট নির্ধারণপূর্বক ওয়েল গ্রেডেড নির্মাণ সামগ্রী ব্যবহার না করা। এছাড়াও কার্পেটিং ও সিলকোটের কাজে সঠিক তাপমাত্রার বিটুমিন ব্যবহার না করা ও যথাযথ তাপমাত্রায় কার্পেটিং ও সিলকোটের লেয়ার স্থাপন ও কমপ্যাকশন না করা।

১১.২ **সেতু এ্যাপ্রোচে পর্যাপ্ত স্লোপ না রাখা এবং সিসি ব্লক স্থাপন না করা** ঃ প্রকল্পটির আওতায় সিলেট-গাছবাড়ি-কানাইহাট সড়কে কানাইঘাট বাজার প্রান্ত্ঃে সুরমা নদীর উপর নির্মিত ২৯৩.৯২ মিটার দীর্ঘ সেতুটি সরেজমিন পরিদর্শন করা হয়। সেতুটির প্রাক্কলিত মূল্য ১৯,৮৮,৩১,১৮১.১৭ টাকার বিপরীতে ঠিকাদার প্রতিষ্ঠান আব্দুল মোনেম লিমিটেডকে ২৩,০৯,৮৬,১০০.০০ টাকায় ০২/০৮/২০০৬ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ মোতাবেক সেতুটির নির্মাণ কাজ সমাপ্ত হয় ০৮/০৪/২০১০ তারিখ। পরিদর্শনকালে দেখা যায়, সেতুটির এ্যাপ্রোচ সড়কটির স্স্নোপ ডিজাইন মোতাবেক ১:২ স্স্নোপের পরিবর্তে অপেৰাকৃত ভার্টিক্যালি নির্মাণ করা হয়েছে এবং সেতু এ্যাপ্রোচে রৰাপ্রদ কাজ হিসেবে ব্যবহত সিসি বস্নকসমূহ আকারে অনেক ছোট (১৫০ মিঃমিঃ বাই ১৫০ মিঃমিঃ সাইজের)। রৰাপ্রদ কাজ হিসেবে ব্যবহত সিসি বস্নকসমূহ অনেক জায়গায় ফাকা হয়ে যেতে দেখা যায়। উলেস্নখ্য, সেতুটির

এ্যাপ্রোচ সড়ক নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ করা হলেও ১:২ স্লোপ মেইনটেইন করে Right of Way (ROW) পর্যন্ত এ্যাপ্রোচ সড়কের বাঁধ নির্মাণ করা হয়নি। ফলে সেতুটির এ্যাপ্রোচ সড়কটি যে কোন সময় বড় ধরণের ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। সংশিস্নষ্ট কর্মকর্তার সাথে এ বিষয়ে আলোচনা করে জানা যায়, সেতুটির নির্মাণ ব্যয় কমানোর উদ্দেশ্যে এ্যাপ্রোচ সড়ক অপেক্ষাকৃত ভার্টিক্যাল স্লোপে এবং ডিজাইন মোতাবেক সেতু এ্যাপ্রোচে রক্ষাপ্রদ কাজে ছোট আকারের সিসি বস্নক স্থাপন করা হয়েছে। সেতু এ্যাপ্রোচ সড়কটি ভার্টিক্যাল স্লোপে নির্মাণ করা এবং অপেক্ষাকৃত ছোট আকারের সিসি বস্নক ব্যবহারের মাধ্যমে সাময়িকভাবে সেতুর নির্মাণ ব্যয় কমানো গেলেও দীর্ঘমেয়াদে সেতুটির এ্যাপ্রোচ সড়ক রক্ষার্থে এবং সেতুটি দিয়ে ঝুকিমুক্তভাবে যান চলাচল নিশ্চিত করতে ভবিষ্যতে এ ব্যয় অনেকগুনে বৃদ্ধি পাবে (ছবি সংযুক্ত)।

১১.৩ **<u>প্রকল্পের আওতায় নির্মিত বেশীরভাগ সড়কেই পর্যাপ্ত সফট সোল্ডার না থাকা</u>** ঃ প্রকল্পের আওতায় বিশ্বনাথ-জগন্নাথপুর সড়ক, তাজপুর-নাগেরকোনা-হাবরা-বেগমপুর-কালনিরচর-জগন্নাথপুর সড়ক, সিলেট-গাছবাড়ি-কানাইঘাট সড়ক, শায়েস্তাগঞ্জ-দুয়ান্দি-চাঁদপুর সড়ক পরিদর্শনকালে দেখা যায়, প্রকল্পের আওতায় বাস্তবায়িত বেশীরভাগ সড়কই পর্যাপ্ত সফট সোল্ডার নেই, অবার কোথাও সফট সোল্ডার থাকলেও তা মেইন ক্যারেজ ওয়ে (বিটুমিনাস স্তর) হতে নীচু। ফলে সড়কসমূহ দিয়ে গাড়ী চলাচলকালে সড়কটির এজ ব্রেকিং হয়ে সড়কটি ক্ষতিগ্রস্ত হতে দেখা গেছে। উলেস্নখ্য, এলজিইডি কর্তৃক বাস্তবায়িত অন্যান্য প্রকল্পে মাটির কাজের সংস্থান না থাকলেও আলোচ্য প্রকল্পটিতে প্রতিটি সড়কের জন্য মাটির কাজের সংস্থান থাকা সত্বেও মেইন ক্যারেজ ওয়ের পাশে পর্যাপ্ত সফট সোল্ডার না থাকা এবং সফট সোল্ডার মেইন ক্যারেজ ওয়ে হতে নীচু হওয়ার বিষয়টি অগ্রহণযোগ্য (ছবি সংযুক্ত)।

১১.৪ **<u>ছোট ছোট প্যাকেজ/লটে দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করা</u>** ঃ আলোচ্য প্রকল্পের প্রধান উদ্দেশ্য ছিল বৃহত্তর সিলেট জেলায় মোট ১০টি গুরম্নত্বপূর্ণ ফিডার সড়ক ও উক্ত সড়কে অবস্থিত সেতু ও কালভার্ট নির্মাণ করা। প্রকল্পটির আওতায় বিভিন্ন সড়কের বিপরীতে ঠিকাদার নিয়োগ সংক্রান্ত তথ্যাদি নিম্নের সারণীতে দেয়া হলোঃ

| ক্রমিক নং | সড়কের নাম ও দৈর্ঘ্য | সড়কটির মোট দৈঘ্য | প্রাক্কলিত ব্যয় | প্যাকেজ সংখ্যা | সড়কটির অবস্থান |
|---|---|---|---|---|---|
| ১ | তাজপুর-নাগেরকোনা-হাবরা-বেগমপুর-কালনিরচর-জগন্নাথপুর | ৩৯.৭১ | ৫৩৯৬.০৮ | ৫০ + ৬৮ =১১৮ | সিলেট ও সুনামগঞ্জ জেলা |
| ২ | সিলেট-গাছবাড়ি-কানাইঘাট সড়ক | ৫৫.০২ | ৫৯৮৭.৫৯ | ৮৭ | সিলেট জেলা |
| ৩ | গোলাপগঞ্জ-আমুরা-বিয়ানিবাজার সড়ক | ১৩.৬৫ | ৪৮৮.২৮ | ১৬ | সিলেট জেলা |
| ৪ | ঢাকা দক্ষিণ-চান্দরপুর-বিয়ানিবাজার সড়ক | ১৬.৮৭ | ৬৩৮.১৮ | ১৯ | সিলেট জেলা |
| ৫ | জাওয়া-বাথগাঁ সড়ক | ১০.৯৬ | ১৬৭৫.২০ | ৫৬ | সুনামগঞ্জ জেলা |
| ৬ | কুলাউড়া-গাজিপুর-সাগরনাল সড়ক | ১১.৩৭ | ৭০৭.০১ | ২১ | মৌলভীবাজার জেলা |
| ৭ | দেওড়াছড়া-বাবুবাজার-দুর্গাপুর-পাটানুসা সড়ক | ২০.১০ | ৬৬২.৮৬ | ১৯ | মৌলভীবাজার জেলা |
| ৮ | শায়েস্তাগঞ্জ-দুয়ান্দি-চাঁদপুর সড়ক | ১৪.১২ | ৯৩৬.৪৩ | ১৫ | হবিগঞ্জ জেলা |
| ৯ | পুনাউলস্নাবাজার-রামপাশা-টুকেরবাজার-রসুলগঞ্জ সড়ক | ২৬.৮৬ | ২২০৩.৮২ | ৫৫+৩৬=৯১ | সিলেট ও সুনামগঞ্জ জেলা |
| ১০ | বিশ্বনাথ-জগন্নাথপুর সড়ক | ২৮.৮৫ | ২৫০৭.৩৬ | ৩২ + ৫১=৮৩ | সিলেট ও সুনামগঞ্জ জেলা |
| | মোট | ২৫২.১৬ | ২২২৬৭.৬৮ | | |

উপরোক্ত স্মারনী পর্যালোচনা করলে দেখা যায়, প্রকল্পটির আওতায় প্রতিটি সড়কের বিপরীতে ছোট ছোট প্যাকেজ ও লটে ভাগ করে দরপত্র আহবান করে দরপত্র আহবান করায় well equipped ও অপেক্ষাকৃত অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ করতে আগ্রহী হয়নি। ফলে প্রকল্পটির কাজ শেষ হতে না হতেই অন্য প্রকল্প কিংবা রক্ষণাবেক্ষণ বাজেট হতে আলোচ্য প্রকল্পের আওতায় সম্পাদিত সড়ক নির্মাণ কাজ আবার করতে হয়েছে।

১১.৫ **<u>অস্বাভাবিক টাইম ওভার রান</u>** ঃ প্রকল্পটির মূল অনুমোদিত মেয়াদকাল ছিল জুলাই, ১৯৯৯ হতে জুন, ২০০৮ পর্যন্ত। পরবর্তীতে নির্ধারিত মেয়াদে সম্পন্ন না হওয়ায় প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অর্থাৎ ৯ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্পটি সমাপ্ত হতে সময় লাগে ১৪ বছর। অর্থাৎ প্রকল্পটির টাইম ওভার রান হয়েছে ৫ বছর। প্রকল্পটির এ অস্বাভাবিক টাইম ওভার রানের কারণে প্রকল্পটি হতে জনগণ প্রকৃত সুবিধা প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১১.৬ **অডিট আপত্তি নিষ্পন্ন না হওয়া ঃ** সরকারী ব্যয়ে যে কোন প্রকল্প বাস্ত্মবায়নের ক্ষেত্রে বছর ভিত্তিক অডিট কার্যক্রম পরিচালনা করা এবং উক্ত অডিটে সৃষ্ট সকল অভিযোগ নিষ্পত্তি করার বিধান রয়েছে। কিন্তু প্রকল্পটির আওতায় অন্যান্য অর্থ বছরের অডিট আপত্তি নিষ্পত্তি করা হলেও ২০০৮-০৯ অর্থ বছরে ৫টি অডিট আপত্তির মধ্যে মাত্র ১টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ৪টি আপত্তি এখনও নিষ্পত্তি করা হয়নি।

১২। **মতামত ঃ**

১২.১ নির্মাণধর্মী এডিপিভুক্ত যে কোন সমাপ্ত প্রকল্প আইএমইডি কর্তৃক মুল্যায়ন হওয়ার পূর্বেই অত্যাবশ্যকীয়ভাবে জরম্নরী না হলে অন্য কোন এডিপিভুক্ত প্রকল্পের মাধ্যমে কিংবা day to day maintenance এর আওতায় রক্ষণাবেক্ষণ করা সমিচীন হবে না। কারণ এক্ষেত্রে পূর্ববর্তী প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি মোতাবেক নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে কিনা তা যাচাই করা সম্ভব হয়না। এছাড়াও বিষয়টি পরিহার না করা হলে একই কাজের জন্য সরকারী অর্থের দ্বৈত ব্যবহারের সুমহ সম্ভাবনা রয়েছে এবং বাস্ত্মবায়নকারী সংস্থার জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে না (অনুঃ ১১.১)।

১২.২ এলজিইডি কর্তৃক বাস্ত্মবায়নাধীন ও ভবিষ্যতে বাস্ত্মবায়িতব্য সেতু নির্মাণের ক্ষেত্রে সেতু এ্যাপ্রোচের পর্যাপ্ত ভার্টিক্যাল ও হরিজেনটাল স্লোপ মেইনটেইন করাসহ এ্যাপ্রোচ সড়ককে দীর্ঘমেয়াদে টেকসই করতে কারিগরি দিক বিবেচনাপূর্বক ফলপ্রদ কাজ করা সমীচিন হবে (অনুঃ ১১.২)।

১২.৩ প্রকল্পটির আওতায় নির্মিত সড়কসমূহ দীর্ঘমেয়াদে টেকসই করার লক্ষ্যে প্রতিটি সড়কের পাশে পর্যাপ্ত সফট সোল্ডার রাখার পাশাপাশি সফট সোল্ডারে ক্যারেজ ওয়ের লেভেল বরাবর মাটি ভরাটের কাজ নিশ্চিত করতে হবে (অনুঃ ১১.৩)।

১২.৪ প্রকল্পটির আওতায় বাস্ত্মবায়িত ১০টি সড়ক সংশ্লিস্নষ্ট জেলার জন্য গুরম্নত্বপূর্ণ ফিডার সড়ক এবং একই এলাইনমেন্ট হওয়া সত্ত্বেও অস্বাভাবিকভাবে ছোট ছোট প্যাকেজ ও লটের মাধ্যমে দরপত্র আহবান করায় নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিত করা যায়নি বলে প্রতীয়মান হয়েছে। বিষয়টি খতিয়ে দেখে স্থানীয় সরকার বিভাগ এ বিভাগকে অবহিত করবে (অনুঃ ১১.৪)।

১২.৫ এলজিইডি কর্তৃক বাস্ত্মবায়নাধীন ও বাস্ত্মবায়িতব্য যে কোন প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য প্রকল্পের ন্যায় অস্বাভাবিক টাইম ওভার রান পরিহার করতে হবে (অনুঃ ১১.৫)।

১২.৬ ঢাকা দক্ষিণ-চান্দরপুর-বিয়ানিবাজার সড়কে ১১.১০ মিটার আরসিসি কালভার্ট নির্মাণের সংস্থান থাকলেও বাস্ত্মবে মাত্র ১.০ মিটার আরসিসি কালভার্ট নির্মাণ কাজ করা হয়েছে। প্রকল্পটির বাস্ত্মবায়নের শেষ পর্যায়ে এসে গত ০২/১২/২০১২ তারিখে ২য় সংশোধন করা হলেও অনুমোদিত সর্বশেষ ডিপিপি হতে মাঠ পর্যায়ে প্রকৃত বাস্ত্মবায়নের এ ধরণের তারতম্যের বিষয়টি খতিয়ে দেখে এ বিভাগকে অবহিত করতে হবে (অনুঃ ৮.৪)।

১২.৭ সমাপ্ত প্রকল্পটির External Audit দ্রম্নত সম্পন্ন করতে হবে এবং অডিট প্রতিবেদনের কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে (১১.৬)।

১২.৮ অনুচ্ছেদ ১২.১-১২.৭ এর মতামতের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা আগামী ১ মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

**টিএ ফর এ্যাক্সটেনডেড মিউনিসিপ্যাল ক্যাপাসিটি বিল্ডিং প্রোগ্রাম এ্যান্ড প্রিপারেশন অফ মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রজেক্ট-II শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।**

(সমাপ্ত ঃ ডিসেম্বর,২০১২)

১। প্রকল্পের অবস্থান ঃ নির্ধারিত সিটি কর্পোরেশন ও পৌরসভা।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (ডিসেম্বর,২০১২ পর্যন্ত্ম) | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২৮০৭.৪৫ (প্রঃসাঃ) | - | ২২৩৫.৫৮ (প্রঃসাঃ) | জানুয়ারী, ২০১১ হতে ডিসেম্বর ২০১২ | --- | মে, ২০১১ হতে ডিসেম্বর ২০১২ | - | - |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (ডিসেম্বর,২০১২পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক(%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | কর্মকর্তাদের বেতন | থোক | - | ৮৮.৫০ | - | ১৫.৭১ |
| ২. | কর্মচারীদের বেতন | থোক | - | ৩৮.০০ | - | ২৯.০৭ |
| ৩. | ভাতাদি | থোক | - | ১৫২.২০ | - | ৪৮.৪৭ |
| ৪. | সরবরাহ ও সেবা | থোক | - | ১০০.০০ | - | ৫০.০৩ |
| | কনসালট্যান্সি সার্ভিসেস | | | | | |
| | (ক) প্রিপারেশন কনসালট্যান্ট | | | | | |
| | - নগর উন্নয়ন ফ্রেমওয়ার্ক প্রস্তুতকরণ | জনমাস | ৩২ | ২০৭.৭৫ | ২৭.৭০ | ১৯২.১২ |
| | - নগর উন্নয়ন অবস্থা নিরূপন ও কর্মসূচী প্রণয়ন (ঢাকা, চট্রগ্রাম ও সিলেট বিভাগ) | জনমাস | ৪৩ | ২৪২.৩৭ | ৬৪.৫০ | ৪১০.২২ |
| | - নগর উন্নয়ন অবস্থা নিরূপন ও কর্মসূচী প্রণয়ন (খুলনা, বরিশাল, রাজশাহী ও রংপুর বিভাগ) | জনমাস | ৪৩ | ২৪২.৩৭ | ৬৪.৫০ | ৪০৯.৮২ |
| | - সাব - প্রজেক্ট প্রণয়ন ও বিস্ত্মারিত ডিজাইন (ঢাকা, চট্রগ্রাম ও সিলেট বিভাগ) | জনমাস | ৫৮ | ৩১১.৬৩ | ** | ** |

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (ডিসেম্বর,২০১২পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক(%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | - সাব - প্রজেক্ট প্রণয়ন ও বিস্ত্মারিত ডিজাইন (খুলনা, বরিশাল, রাজশাহী ও রংপুর বিভাগ) | জনমাস | ৫৮ | ৩১১.৬৩ | ** | ** |
| | **উপমোট=** | | ২৩৪ | ১৩১৫.৭৫ | ১৫৬.৭০ | ১০১৯.১৬ |
| (খ) | পৌরসভার দক্ষতা বৃদ্ধি কার্যক্রমে সহায়তা প্রদান | জনমাস | ৩৬০ | ৭৮২.৫০ | ৩৫২.৮৬ | ৭৪৩.৭৩ |
| ৫. | মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন | থোক | - | ৫.০০ | - | ৪.০০ |
| ৬. | সম্পদ সংগ্রহ ঃ | | | | | |
| | - পৌরসভাসমূহের জন্য সার্ভে যন্ত্রপাতি ক্রয় | সংখ্যা | ৫০ | ৫০.০০ | ৫০ | ৬০.১৫ |
| | - পৌরসভাসমূহের জন্য কম্পিউটার সামগ্রী ক্রয় | সংখ্যা | ২৫০ | ২৪৫.৫০ | ২৫০ | ৪৩৪.৫৫ |
| | - পৌরসভাসমূহের জন্য গার্বেজ রিক্সাভ্যান ক্রয় | সংখ্যা | ১৫০ | ৩০.০০ | ১৫১ | ৩০.৭১ |
| | **সর্বমোট=** | | | ২৮০৭.৪৫ | | ২২৩৫.৫৮ |

তথ্য সূত্র ঃ পিসিআর

** প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই। তবে প্রকল্পের টিপিপি-তে প্রজেক্ট প্রিপারেশনের জন্য ১) নগর উন্নয়ন ফ্রেমওয়ার্ক প্রস্তুতকরণ, ২) নগর উন্নয়ন অবস্থা নিরূপন ও কর্মসূচী প্রণয়ন (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগ), ৩) নগর উন্নয়ন অবস্থা নিরূপন ও কর্মসূচী প্রণয়ন (খুলনা, বরিশাল, রাজশাহী ও রংপুর বিভাগ), ৪) সাব - প্রজেক্ট প্রণয়ন ও বিস্ত্মারিত ডিজাইন (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগ), ৫) সাব-প্রজেক্ট প্রণয়ন ও বিস্ত্মারিত ডিজাইন (খুলনা, বরিশাল, রাজশাহী ও রংপুর বিভাগ) ৫টি স্ট্যাডির প্রস্ত্মাবনা ছিল। প্রকল্প কর্তৃপৰ জানিয়েছেন যে, সময়ের স্বল্পতার কারণে দাতা সংস্থা বিশ্ব ব্যাংকের সহিত আলোচনাক্রমে ৪ নং স্ট্যাডিকে ২নং এর সাথে এবং ৫ নং স্ট্যাডিকে ৩ নং এর সাথে সমন্বয় করা হয়, এতে স্ট্যাডির scope of work কমে যায়, ফলশ্রম্নতিতে জনমাস ও ব্যয় হ্রাস পায়। এছাড়া পৌরসভার দৰতাবৃদ্ধি কার্যক্রম বিশ্ব ব্যাংক ও এডিবি-এর আর্থিক সহায়তায় যৌথভাবে UGIIP-II শীর্ষক প্রকল্পের মাধ্যমে বাস্ত্মবায়িত হচ্ছে। চলমান UGIIP-II প্রকল্পটি যেহেতু একই কার্যক্রমের সাথে সম্পর্কিত, তাই ঐ প্রকল্প থেকে জনবল সরবরাহ করায় আলোচ্য প্রকল্প থেকে সমুদয় জনবল নিয়োগের প্রয়োজন হয়নি।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** ঃ পিসিআর মোতাবেক অনুমোদিত টিএপিপি'র সংস্থান অনুযায়ী সকল কাজ সমাপ্ত করা হয়েছে।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১ **পটভূমি** ঃ বাংলাদেশের জাতীয় উন্নয়নে নগর একটি গুরম্নত্বপূর্ণ ভূমিকা পালন করায় দেশে দ্রম্নত নগরায়ন সংঘটিত হচ্ছে যা নগরের আর্থ-সামাজিক অবস্থা এবং পরিবেশের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করছে। একটি দরিদ্র দেশ হিসেবে বাংলাদেশের দ্রম্নত নগর জনসংখ্যা বৃদ্ধি পৌরসভাসমূহের সীমিত অবকাঠামোগত সুবিধা ও পরিবেশের জন্য হুমকির কারণ হয়ে দাঁড়িয়েছে। ২০০৬ সালে দেশের মোট জনসংখ্যার ২৭% নগরে বসবাস করতো এবং জিডিপি-তে অবদান ছিল ৫০% এর বেশী। কিন্তু বর্তমানে এ অবস্থার পরিবর্তন ঘটছে এবং ২০২১ সাল নাগাদ নগরে বসবাসকারী জনসংখ্যা দাঁড়াবে প্রায় ৩৮%। বর্তমানে দেশে প্রায় ৪% হারে নগর জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং এ হার অব্যাহত থাকলে ২০৩৫ সাল নাগাদ গ্রামীণ জনসংখ্যা এবং নগর জনসংখ্যা প্রায় সমান হবে।

দ্রম্নত নগরায়নে পৌরসভাসমূহের সীমিত অবকাঠামো সুবিধা এবং নগর পরিসেবার উপর বিরাট চাপ সৃষ্টি করছে। নগরের দরিদ্র জনগণের খুব কম সংখ্যকই বাসগৃহ, পয়ঃনিষ্কাশন, নিরাপদ পানি, বর্জ্য অপসারনের মত নগর সেবা পাচ্ছে। অপরিকল্পিত নগরায়ন পরিস্থিতিকে আরও সংকটাপন্ন করে তুলেছে। নগরের দরিদ্র জনগণের এ সংকটাপন্ন অবস্থা থেকে আশু পরিত্রানের প্রয়োজন। নগর উন্নয়নের জন্য চলমান এবং সমাপ্ত প্রকল্পের অভিজ্ঞতা থেকে এ বিষয়টি স্পষ্ট; সুশাসন এবং কার্যকর ব্যবস্থাপনাই নগর অবকাঠামো সুবিধা এবং পরিসেবা বৃদ্ধির অন্যতম সহায়ক।

বাংলাদেশের নগর উন্নয়নের জন্য বিশ্ব ব্যাংক মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রকল্প (সদ্য সমাপ্ত) এর মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করে। এ প্রকল্পের সফল বাস্ত্মবায়নের পর প্রকল্পের অভিজ্ঞতা ও শিক্ষার আলোকে এলজিইডি দেশের সকল

পৌরসভায় দক্ষতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা এবং বিশেষ করে ছোট ছোট পৌরসভার অবকাঠামো উন্নয়নে পুনরায় একটি বিনিয়োগ প্রকল্প বাস্‌রবায়নের ইচ্ছা প্রকাশ করে। তদপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার বিশ্ব ব্যাংকের নিকট মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রকল্প-II নামে অপর একটি বিনিয়োগ প্রকল্পে অর্থায়নের জন্য আনুষ্ঠানিকভাবে অনুরোধ জানালে বিশ্ব ব্যাংক মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রকল্পের মাধ্যমে পরিচালিত দক্ষতা বৃদ্ধি কার্যক্রম-কে চলমান রাখা এবং মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রকল্প-II নামে অপর একটি বিনিয়োগ প্রকল্প প্রস্তুতে কারিগরী সহায়তার জন্য অতিরিক্ত অর্থ প্রদানে সম্মত হয়।

৭.২ **উদ্দেশ্য ঃ**

সার্বিক উদ্দেশ্যঃ

- স্থানীয় সরকার প্রতিষ্ঠান (নগর) সমূহের প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সহায়তা প্রদান; এবং
- অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের (নগর) জন্য উন্নত পরিকল্পনা (প্রোগ্রাম/প্রকল্প) প্রণয়নে সহায়তা প্রদান ।

সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

- সমাপ্ত মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রকল্পের মাধ্যমে পরিচালিত পৌরসভার সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম ৯২ পৌরসভা থেকে ১৪২ পৌরসভায় সম্প্রসারিত (extend) করা; এবং
- দেশের পৌরসভাসমূহে জীবনযাত্রার মান উন্নয়ন ও উৎপাদনমূখী কর্মকান্ডের পথে প্রতিবন্ধকতাসমূহ দূরকরতঃ নগর অবকাঠামো ও প্রতিষ্ঠানিক উন্নয়নের লক্ষ্যে মধ্যম মেয়াদের জন্য আর্থিক, সামাজিক ও পরিবেশগত টেকসই ও বাস্‌রবায়নযোগ্য একটি কর্মসূচী (Program) প্রস্তুত করা ।

৭.৩। **প্রকল্প অনুমোদন**ঃ প্রকল্পটি ১৩/০৩/২০১১ তারিখে অনুমোদিত হয় যা পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.১৫০.১৫৩. ০০.০০.২০০৯.২০১০/৫৫১ তারিখ: ১৬/০৩/২০১১ইং মারফত জারী করা হয় এবং স্মারক নং-৪৬.০৯৩.০১৪. ০১.০০.০৩০.২০১০-২১৫ তারিখ: ২৭/০৩/২০১১ ইং মারফত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন জারী করা হয়।

৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ এ প্রকল্পের অনুমোদিত ব্যয় ২৮৭০.৪৫ লক্ষ টাকা এবং প্রকল্পের শুরম্ন হতে ডিসেম্বর ২০১২ পর্যন্‌র ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ২২৩৫.৫৮ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৮০% এবং বাস্‌রব অগ্রগতি ১০০%। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, এ প্রকল্পের জিওবি অর্থের কোন সংশেস্নষ নাই, পুরো অর্থই প্রকল্প সাহায্য । প্রকল্পের দাতা সংস্থা বিশ্ব ব্যাংক। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১০-১১ | ১০০.০০ | - | ১০০.০০ | - | ৯৬.১৬ | - | ৯৬.১৬ | ৩.৮৪ |
| ২০১১-১২ | ২০০০.০০ | - | ২০০০.০০ | - | ১৮৪৬.৭৫ | - | ১৮৪৬.৭৫ | ১৫৩.২৫ |
| ২০১২-১৩ | ২৯৩.০০ | - | ২৯৩.০০ | - | ২৯২.৬৬ | - | ২৯২.৬৬ | ০.৩৪ |
| সর্বোমোট ঃ | ২৩৯৩.০০ | - | ২৩৯৩.০০ | - | ২২৩৫.৫৮ | - | ২২৩৫.৫৮ | ১৫৭.৪৩ |

৯। **প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজ** ঃ

৯.১। ‘‘টেকনিক্যাল এ্যাসিসটেন্স (টিএ) ফর এ্যাক্সটেনডেড মিউনিসিপ্যাল ক্যাপাসিটি বিল্ডিং প্রোগ্রাম এ্যান্ড প্রিপারেশন অফ মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রজেক্ট-II’’ শীর্ষক প্রকল্প থেকে নিম্নোক্ত কাজ বাস্তবায়ন করা হয়েছে মর্মে জানা গেছেঃ-

- অগ্রাধিকার ভিত্তিতে অবকাঠামো উন্নয়নের জন্য স্কীম নির্বাচন, ডিজাইন এবং বাস্‌রবায়নের লৰ্যে প্রয়োজনীয় গাইডলাইন প্রণয়ন;
- বিভিন্ন বৈশিষ্ট্যের ২৫টি শহরে অবকাঠামো এবং প্রাতিষ্ঠানিক উন্নয়নের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন; এবং
- ‘‘মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রজেক্ট’’ এর আওতায় বাস্‌রবায়নের জন্য ২৫টি শহরের সাব-প্রজেক্ট প্রস্তুতকরণ, প্রকল্পটি বর্তমানে এলজিইডি কর্তৃক বাস্তবায়িত হচ্ছে।

৯.২। আলোচ্য প্রকল্পের প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও দৰতা বৃদ্ধি কার্যক্রম দেশের ৫০টি পৌরসভায় বাস্ৰবায়িত হয়। এ কাজটি সমাপ্ত "মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রজেক্ট" এর আওতায় বাস্ৰবায়িতকাজের ধারাবাহিকতা। টিএপিপি অনুসারে এ কাজের জন্য পূর্বের প্রকল্প থেকে প্রয়োজনীয় সংখ্যাক জনবল এ প্রকল্পে নিয়োগ দেওয়া হয়। দৰতা বৃদ্ধি কার্যক্রমের আওতায় পৌরসভার হোল্ডিং ট্যাক্স, পানি সরবরাহ বিল, ট্রেড লাইসেন্স এবং পৌরসভার হিসাব ব্যবস্থাপনা ইত্যাদি কম্পিউটারাইজড করা হয়। পৌরসভার Infrastructure Inventory-কে উন্নিতকরণ, base map প্রস্তুতকরণ এবং অবকাঠামো উন্নয়ন কাজে স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্তকরণ। এ কার্যক্রম থেকে পৌরসভার মেয়রসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রকিউরমেন্ট, ইঞ্জিনিয়ারিং, একাউন্টিং, পস্নানিং ইত্যাদি বিষয়ে প্রশিৰণ প্রদান এবং প্রয়োজনীয় কম্পিউটার, সফ্টওয়ার ও সার্ভে কাজ পরিচালনার যন্ত্রপাতি সরবরাহ করা হয় মর্মে জানা গেছে।

১০। **<u>সরেজমিনে পরিদর্শনঃ</u>**

**১০.১।** কারিগরি সহায়তা প্রকল্পটির ঝিনাইদহ পৌরসভায় বাস্তবায়িত কাজ গত ২৯/০৮/২০১৪ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন ও আলোচনার মাধ্যমে জানা যায় যে, পৌরসভার হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, পানির বিল, Engireering ও Aecounts সেকশনের কার্যক্রমকে Computerizated করা হয়েছে। এ কাজের জন্য আলোচ্য প্রকল্প হতে ০৫ টি কম্পিউটার সরবরাহ করা হয়েছে। হোল্ডিং ট্যাক্স আদায়, পানির বিল সংগ্রহ, ট্রেড লাইসেন্স প্রদান ও রিনিউ, Engineering এবং হিসাব সেকশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য Software ক্রয় করে পৌর সভাসমূহকে প্রদান এবং সেই সংগে ০৫ জনকে কম্পিউটার বিষয়ে মৌলিক ও সফ্টওয়ার সম্পর্কে প্রশিৰণ প্রদান করা হয়েছে। গ্রাহক ও সেবা প্রদানকারীদের সাথে আলোচনায় জানা যায় যে, বর্তমানে কম্পিউটারাইজেশন হবার ফলে বিল প্রস্তুত ও পরিশোধে সুবিধা হয়েছে। বিল প্রস্তুতের পর গ্রাহকের বিল বাড়িতে বাড়িতে পৌছে দেওয়া হয় এবং গ্রাহকরা বিল ব্যাংকে পরিশোধ করেন। পৌরসভার মেয়র মহোদয় জানান, এতে রেভিনিউ সংগ্রহ বেড়েছে, বকেয়া কম থাকছে ও সঠিক হিসাবও পাওয়া যাচ্ছে।

১০.২। সরেজমিনে পরিদর্শনকালে আরও প্রতিয়মান হয় যে, অনলাইন সুবিধা না থাকায় বিল প্রস্তুত, পরিশোধ ও সংরৰণে অসুবিধা হচ্ছে।

১০.৩। আলোচনায় আরও জানা যায় যে, পৌরসভাটি পানির বিল এখনো থোক ভিত্তিতে সংগ্রহ করছে; ফলে পানির অপচয় হচ্ছে মর্মে প্রতিয়মান হয়েছে। এৰেত্রে মিটার ব্যবহার করলে পানির সঠিক পরিমাণ ব্যবহার নিশ্চিত করা সম্ভব।

১১। **<u>ক্রয়কার্যক্রম</u> ঃ** টিএপিপি অনুসারে কারিগরি সহায়তা প্রকল্পটির ক্রয় কার্যক্রম বিশ্ব ব্যংক এর গাইডলাইন অনুসরণ করে করা হয়েছে।

১২। **<u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য</u>** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ৰ এলজিইডি'র একজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ৰ তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| জনাব ইফতেখার আহমেদ<br>নির্বাহী প্রকৌশলী | পূর্ণকালীন | - | ২৮-০৪-২০১১ | - |

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| স্থানীয় সরকার প্রতিষ্ঠান (নগর) সমূহের প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সহায়তা প্রদান; এবং অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের (নগর) জন্য উন্নত পরিকল্পনা (প্রোগ্রাম/প্রকল্প) প্রণয়নে সহায়তা প্রদান । | আলোচ্য টিএ প্রকল্পের মাধ্যমে প্রস্তুতকৃত ''মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রজেক্ট'' শীর্ষক প্রকল্পটি এলজিইডি কর্তৃক বাস্ৰবায়িত হচ্ছে এবং আইএমইডি কর্তৃক ০১টি পৌরসভায় বাস্ৰবায়িত কাজ পরিদর্শনে প্রতিয়মান হয়েছে যে,পৌরসভার নাগরিক সেবা প্রদানে দৰতা বৃদ্ধি পেয়েছে ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন হয়েছে। পরিদর্শনে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে মতামত সুপারিশ কিছু প্রণয়ন করা হয়েছে (১৪ নং অনুচ্ছেদ সদয় দ্রষ্টব্য) |

১৪। **সুপারিশ ঃ**

১৪.১। বিল প্রস্তুত, পরিশোধ ও সংরৰণে অনলাইন পদ্ধতি চালু করা যেতে পারে (অনুচ্ছেদ ১০.২ সদয় দ্রষ্টব্য)0

১৪.২। পানির বিল সংগ্রহের ৰেত্রে থোক পদ্ধতির পরিবর্তে মিটার পদ্ধতি গ্রহণ করা যেতে পারে। এতে পানির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হবে (অনুচ্ছেদ ১০.৩ সদয় দ্রষ্টব্য)।

**“Strengthening Resilience of Urban Water, Drainage and Sanitation to Climate Change in Coastal Towns” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত ঃ ডিসেম্বর,২০১২)

১। প্রকল্পের অবস্থান ঃ ঢাকা।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট (প্রঃসাঃ) | সর্বশেষ সংশোধিত মোট (প্রঃসাঃ) | মোট (প্রঃসাঃ) | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৬২৯.০০ (৫১৮.০০) | - | ৬২৯.০০ (৫১৮.০০) | ১০-০২-২০১২ হতে ৩১-১২-২০১২ | - | ১০-০২-২০১২ হতে ৩১-১২-২০১২ | -- | -- |

প্রকল্পটি এডিবি’র আর্থিক সহায়তায় বাস্তবায়িত হয়েছে।

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | টিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | আন্তর্জাতিক পরামর্শকের সম্মানী ও ভাতাদি - ৩ জন | জনমাস | ৯ | ১৬২.৮০ | ৯ | ১৬২.৮০ |
| ২। | স্থানীয় পরামর্শকের সন্মানী ও ভাতাদি -১১ জন | জনমাস | ৩৭ | ১১৪.৭০ | ৩৭ | ১১৪.৭০ |
| ৩। | পরামর্শকের আন্তর্জাতিক ও স্থানীয় ভ্রমন-১৪ জন। | জনমাস | ৪৬ | ৫৯.২০ | ৪৬ | ৫৯.২০ |
| ৪। | রিপোর্টিং ( প্রিন্টিং ও অডিটিং) এবং যোগাযোগ | থোক | | ২২.২০ | | ২২.২০ |
| ৫। | যন্ত্রপাতিঃ | | | | | |
| | ক) কম্পিউটার | থোক | | ৭.৫ | ৪ | ৭.৫ |
| | খ) প্রিন্টার | থোক | | ১.৭০ | ২ | ১.৭০ |
| | গ) ফটোকপিয়ার | থোক | | ১.৭৫ | ১ | ১.৭৫ |
| | ঘ) এয়ার কন্ডিশনার | থোক | | ৩.৫০ | ৩ | ৩.৫০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ঙ) ফ্যাক্স মেশিন | থোক | | ০.৩৫ | ১ | ০.৩৫ |
| ৬। | ওয়ার্কশপ, প্রশিৰণ, সেমিনার ও কনফারেন্স | থোক | | ৩৭.০০ | | ৩৭.০০ |
| ৭। | সার্ভে | থোক | | ৫১.৮০ | | ৫১.৮০ |
| ৮। | বিবিধ প্রশাসনিক ও সহায়তা | থোক | | ৭.৪০ | | ৭.৪০ |
| ৯। | কন্টিনজেন্সী | থোক | | ৪৮.১০ | | ৪৮.১০ |
| ১০। | অফিস এ্যাকোমোডেসন ও ট্রান্সপোর্ট | থোক | | ৫১.৮০ | | ৫১.৮০ |
| ১১। | কাউন্টারপার্ট স্টাফের সম্মানী ও দৈনিক ভাতা | থোক | | ৪৪.৪০ | | ৪৪.৪০ |
| ১২। | অন্যান্য | থোক | | ১৪.৮০ | | ১৪.৮০ |
| | সর্বমোটঃ | | | ৬২৯.০০ | ১০০% | ৬২৯.০০ |

তথ্য সূত্র ঃ পিসিআর

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** ঃ অনুমোদিত টিএপিপি'র সংস্থান অনুযায়ী সকল কাজ সমাপ্ত করা হয়েছে।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১। **প্রকল্পের উদ্দেশ্য** ঃ

(ক) টিএ প্রকল্পের মাধ্যমে ভবিষ্যতে যে বিনিয়োগ প্রকল্প গ্রহণ করা হবে তার কারিগরি এবং অর্থনৈতিক এনালিসিস, ডিজাইন, মনিটরিং ফ্রেমওয়ার্ক, ব্যয় প্রাক্কলন, অর্থায়ন পরিকল্পনা, ক্রয়/সংগ্রহ পরিকল্পনা প্রণয়ন করা। তাছাড়া টিএ প্রকল্পের মাধ্যমে বিনিয়োগ প্রকল্পের উপ-প্রকল্প নির্বাচন নীতিমালা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং এলজিইডি'র দৰতা বৃদ্ধির উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা ।

(খ) নগর অবকাঠামো উন্নয়ন এবং নগর জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে নগর দারিদ্রতা দূরীকরণের জন্য অত্র টিএ প্রকল্পের মাধ্যমে সরকার কে "Strengthening The Resilence of The Urban Water, Drainage and Sanitation Sector to Climate Change in Costal Towns" শীর্ষক বিনিয়োগ প্রকল্প প্রণয়নে সহায়তা করা।

৭.২। **প্রকল্পের অনুমোদন ও অর্থায়ন** ঃ গত ০৫-০৯-২০১১ তারিখে স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত ডিএসপিইসি সভার সুপারিশক্রমে স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয় যার প্রশাসনিক আদেশ গত ১৫-১১-২০১১ তারিখে জারী করা হয়। প্রকল্পের মোট ব্যয় ৬২৯.০০ লৰ টাকা (জিওবি ১১১.০০ লৰ টাকা ও প্রকল্প সাহায্য ৫১৮.০০ লৰ টাকা) এবং বাস্ৰবায়নকাল নভেম্বর,২০১১ থেকে আগষ্ট, ২০১২ পর্যন্ৰ। অত্র প্রকল্পে এডিবি উন্নয়ন সহযোগী হিসেবে প্রকল্প সাহায্য প্রদান করেছে। জিওবি খাতে বরাদ্দকৃত ১১১.০০ লৰ টাকার সম্পূর্ণটাই In Kind হিসেবে রাখা হয়েছে।

৭.৩। **এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ**

প্রকল্পের শুরু হতে সমাপ্ত পর্যন্ৰ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৬২৯.০০ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি* | প্রঃ সাঃ | মোট | জিওবি* | প্রঃসাঃ |
| (১) | (২) | (৩) | (৪) | (৬) | (৭) | (৮) |
| ২০১১-২০১২ | ৪৪৪.৭৪ | ৭৭.৭০ | ৩৬৭.০৪ | ৪৪৪.৭৪ | ৭৭.৭০ | ৩৬৭.০৪ |
| ২০১২-২০১৩ | ১৮৪.২৬ | ৩৩.৩০ | ১৫০.৯৬ | ১৮৪.২৬ | ৩৩.৩০ | ১৫০.৯৬ |
| মোট | ৬২৯.০০ | ১১১.০০ | ৫১৮.০০ | ৬৩৯.০০ | ১১১.০০ | ৫১৮.০০ |

তথ্যসূত্র ঃ পিসিআর * জিওবি বরাদ্দের সম্পূর্ণ অর্থ In kind এ খরচের সংস্থান রয়েছে। বিধায় জিওবি অর্থ ছাড়করণের প্রয়োজন হয়নি।

৮। **প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের বিবরণঃ**

৮.১। প্রকল্পের আওতায় মোট ৩ জন বিদেশী পরামর্শক প্রত্যেকে ৩ জনমাস করে মোট ৯ জনমাস এবং ১১ জন স্থানীয় পরামর্শক ৩৭ জন মাস কাজ করেছেন। আন্তর্জাতিক ও স্থানীয় পরামর্শকগন Capacity Devlopment Technical Assistance (CDTA) ভূক্ত চারটি পৌরসভায় ২ টি করে ফোকাস গ্রম্নপ ডিসকাসন এর আয়োজন করে। এ ছাড়া নিম্নলিখিত কাজগুলো সমাপ্তকরণপূর্বক Project Preparatory Technical Assistance (PPTA) তৈরীতে একটি গাইড লাইন প্রদান করেছেন;

(ক) প্রকল্প এলাকায় হাইড্রোলোজি ও মর্ফোলোজি (নদী ও সমুদ্র উচ্চতা, নদী প্রবাহ, বৃষ্টিপাত, সাইক্লোন ও বন্যার তীব্রতা, তাপমাত্রার পরিবর্তন) এবং লবনাক্ততা নির্ণয় সংক্রান্ত মডেল তৈরী ও তা পরিচালন;

(খ) জলবায়ু পরিবর্তন জনিত কারণে Costal Town এলাকায় প্রয়োজনীয় পয়:নিষ্কাশন, পানি ব্যবস্থাপনা এবং ড্রেইনেজ সিস্টেমের উন্নয়ন সংক্রান্ত বিষয় পর্যালোচনা ও প্রয়োজনীয়তা নিরূপণ এবং ব্যয় প্রাক্কলন;

(গ) মডেল পরিচালনায় প্রাপ্ত ফলাফল এবং প্রাইমারী ও সেকেন্ডারি তথ্যের আলোকে ২০৩০ ও ২০৫০ সালে জলবায়ু পরিবর্তনে পানি সরবরাহ, ড্রেইনেজ, পয়ঃনিস্কাশন প্রেক্ষাপট এবং সম্ভাব্য GAP নিরূপন;

(ঘ) আর্থ-সামাজিক ও ভৌত অবকাঠামোর তথ্য সংগ্রহ এবং জলবায়ু পরিবর্তনজনিত কারণে জনজীবনের উপর এর প্রভাব নিরূপন;

(ঙ) জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা মোকাবেলায় নির্বাচিত নগরের ''নগর পরিকল্পনা কৌশল'' প্রণয়ন এবং বর্তমান নগর ব্যবস্থাপনা পর্যালোচনাপূর্বক এবং ২০৩০ ও ২০৫০ সালের প্রেক্ষাপটে বন্যা, লবনাক্ততা এবং অন্যান্য জলবায়ু জনিত পরিবর্তন নিরূপন এবং তথ্য উপাত্তের ভিত্তিতে জিআইএস টেকনোলজি ব্যবহারপূর্বক সম্ভাব্য বন্যা আক্রান্ত এলাকা, বন্যার স্থায়ীত্ব, লবনাক্ততা ও জলবায়ুর অন্যান্য প্রভাব এর অনুকূলে ডিজিটাল ম্যাপ প্রণয়ন।

৮.২। প্রকল্পের আওতায় ৪টি কম্পিউটার, ২টি প্রিন্টার, ১টি ফটোকপিয়ার, ৩টি এয়ার কন্ডিশনার ও ১টি ফ্যাক্স মেশিন এডিবি'র গাইড লাইন অনুযায়ী পরামর্শকের ব্যবহারের জন্য ক্রয় করা হয়েছিল।

৯। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত (ডিসেম্বর,২০১২) জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, অতিরিক্ত দায়িত্ব হিসেবে এ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন।

১০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| (ক) টিএ প্রকল্পের মাধ্যমে ভবিষ্যতে যে বিনিয়োগ প্রকল্প গ্রহণ করা হবে তার কারিগরি এবং অর্থনৈতিক এনালিসিস, ডিজাইন, মনিটরিং ফ্রেমওয়ার্ক, ব্যয় প্রাক্কলন, অর্থায়ন পরিকল্পনা, ক্রয়/সংগ্রহ পরিকল্পনা প্রণয়ন করা। তাছাড়া টিএ প্রকল্পের মাধ্যমে বিনিয়োগ প্রকল্পের উপ-প্রকল্প নির্বাচন নীতিমালা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং এলজিইডি'র দক্ষতা বৃদ্ধির উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা ।<br>(খ) নগর অবকাঠামো উন্নয়ন এবং নগর জীবন যাত্রার মান উন্নয়নের মাধ্যমে নগর দারিদ্রতা দূরীকরণের জন্য অত্র টিএ প্রকল্পের মাধ্যমে সরকার কে "Strengthening The Resilence of The Urban Water, Drainage and Sanitation Sector to Climate Change in Costal Towns" শীর্ষক বিনিয়োগ প্রকল্প প্রণয়নে সহায়তা করা। | বিনিয়োগ প্রকল্প এলাকার জন্য অর্থনৈতিক এনালিসিস, পয়:নিষ্কাশন, পানি ব্যবস্থাপনা, ড্রেইনেজ সিস্টেম উন্নয়ন ইত্যাদি বিষয়ে স্টাডি পূর্বক প্রকৃত প্রয়োজনীয়তা নিরূপন পূর্বক স্টাডি রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। উক্ত স্টাডি রিপোর্টের উপর ভিত্তি করে ঃ "Strengthening Resilience of Urban Water, Drainage and Snitation to Climate Change in Coastal Towns" শীর্ষক বিনিয়োগ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে যা বর্তমানে এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। |

১১। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ প্রযোজ্য নয়।

১২। **প্রকল্প কার্যক্রম পর্যবেক্ষণ ঃ** এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিপি) আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটিতে জাতীয় ও আর্ন্তজাতিক পরামর্শক সরাসরি নিয়োগ করে এ প্রকল্পের কার্যক্রম সম্পাদন করেছে এবং ব্যয় নির্বাহ করেছে। ব্যয়ের কোন হিসেব প্রকল্প কর্তৃপক্ষকে প্রদান করেনি মর্মে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন। ফলে প্রকল্প কর্তৃপক্ষ এ বিভাগকে কোন হিসাব দিতে পারেনি। সে জন্য প্রাক্কলিত ব্যয়কে প্রকৃত ব্যয় দেখিয়ে পিসিআর প্রেরণ করেছে।

১৩। **প্রকল্প বাস্তবায়নের উপর মতামত/সুপারিশ** :

১৩.১। অত্র টিএ প্রকল্পটির সুপারিশের আলোকে গৃহীত "Strengthening Resilience of Urban Water, Drainage and Sanitation to Climate Change in Coastal Towns" শীর্ষক বিনিয়োগ প্রকল্পটি যথাযথ বাস্ত্ববায়নে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।

১৩.২। কারিগরি সহায়তা প্রকল্পের ক্ষেত্রে চুক্তির আলোকে উন্নয়ন সহযোগী সংস্থা সরাসরি অর্থ ব্যয় করলেও ব্যয়ের হিসেবের অনুলিপি সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।

## "চর অঞ্চলে বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)"
## শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন,২০১৩)

১। প্রকল্পের অবস্থান ঃ জেলাঃ ৫টি (২০ টি উপজেলা), যথাঃ ১) নোয়াখালীঃ সদর, সুবর্ণচর, কোম্পানিগঞ্জ ও হাতিয়া ২) লক্ষীপুরঃ রামগতি ৩) ভোলাঃ সদর, বোরহানউদ্দিন, চরফ্যাশান, দৌলতখান, লালমোহন, মনপুরা ও তজুমুদ্দিন ৪) বরিশালঃ হিজলা মুলাদি, মেহেন্দিগঞ্জ ও বাকেরগঞ্জ ৫) পটুয়াখালীঃ গলাচিপা, কলাপাড়া, দশমিনা ও বাউফল

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৩ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| মোটঃ ২৯৪৩৬.৮০ জিওবিঃ ৮৮১৩.১০ পিএঃ ২০৬২৩.৭০ আরপিএঃ ২০১৫৮.২০ | মোটঃ ৩১২৩৭.৮০ জিওবিঃ ৯০৩৩.৫০ পিএঃ ২২২০৪.৩০ আরপিএঃ ২১৮০৪.৩০ | মোটঃ ৩০৭২৮.৮৪ জিওবিঃ ৮৭৩২.৯৮ পিএঃ ২১৯৯৫.৮৬ আরপিএঃ ২১৬০০.৩৬ | ফেব্রুয়ারী/২০০৬ হতে জুন/২০১৩ (৭বছর ৫ মাস) | ফেব্রুয়ারী/২০০৬ হতে জুন/২০১৩ (৭বছর ৫ মাস) | ফেব্রুয়ারী/২০০৬ হতে জুন/২০১৩ (৭বছর ৫ মাস) | ৪% | - |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন,২০১৩ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | কর্মকর্তাদের বেতন | জন | ৫৩ | ৩২৫.০০ | ৫৩ (৮২.০৩%) | ২৬৬.৬২ (৮২.০৩%) |
| ২। | কর্মচারীদের বেতন | জন | ৭৯ | ২৫০.০০ | ৭৯ (৯৫.২৪%) | ২৩৮.১১ (৯৫.২৪%) |
| ৩। | ভাতাদি | জন | ১৩২ | ৫১৫.০০ | ১৩২ (১০০%) | ৪২৭.৪০ (৮২.৯৯%) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪। | সরবরাহ ও সেবা | থোক | | ৩২৭৫.৬০ | | ৩০৬০.৫০ (৯৩.৪৩%) |
| ৫। | মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন | থোক | | ৭০.০০ | | ৫৭.৮৭ (৮২.৬৭%) |
| ৬। | সাহায্য, মঞ্জুরী | থোক | | ৬০.৫০ | | ৪৯.৪০ (৮১.৬৫%) |
| ৭। | সম্পদ সংগ্রহ/ক্রয় | | | ৬২৭.০০ | | ৬১৯.৭৫ (৯৮.৮৪%) |
| ৮। | ভূমি ও অন্যান্য সম্পত্তি সংগ্রহ | একর | ২ | ২০.০০ | | ০.০০ (০.০০%) |
| ৯। | নির্মাণ ও পূর্ত | | | | | |
| | ক) ইউনিয়ন সড়ক উন্নয়ন | কিঃমিঃ | ১৫৭ | ৮১৫৪.৮০ | ১৫৭(১০০%) | ৮১৪৩.৫৬ (৯৯.৮৬%) |
| | খ) গ্রামীণ সড়ক উন্নয়ন | কিঃমিঃ | ২৩৫ | ১০৬১৯.০০ | ২৩৫(১০০%) | ১০৫৭৮.১৪ (৯৯.৬১%) |
| | গ) গ্রামীণ সড়ক (এইচবিবি) উন্নয়ন | কিঃমিঃ | ৪০ | ১০৪৯.০০ | ৪০ (১০০%) | ১০৪৮.৬৬ (৯৯.৯৭%) |
| | ঘ) হাট-বাজার উন্নয়ন | টি | ৬৫ | ১৯৪৪.০০ | ৬৫ (১০০%) | ১৯৩৯.১০ (৯৯.৭৫%) |
| | ঙ) এসেম্বল মার্কেট উন্নয়ন | টি | ১ | ৪৩.৬০ | ১ (১০০%) | ৪৩.৫৪ (৯৯.৮৬%) |
| | চ) ঘাট উন্নয়ন | টি | ১৯ | ১৮১.১০ | ১৯ (১০০%) | ১৭৯.৫২ (৯৯.১৩%) |
| | ছ) বৃক্ষরোপণ ও রক্ষণাবেক্ষণ | কিঃমিঃ | ১৬৫ | ১৯২.০০ | ১৬৫ (১০০%) | ১৬৫.৫২ (৮৬.২০%) |
| ১০। | ঋণ ও অগ্রীম | থোক | | ৩৮৯৮.৯০ | | ৩৮৯৮.৯০ (১০০%) |
| ১১। | উন্নয়ন আমদানী শুল্ক ও ভ্যাট | থোক | | ১২.৩০ | | ১২.২৫ (৯৯.৫৯%) |
| | **মোটঃ** | | | **৩১২৩৭.৮০** | | **৩০৭২৮.৮৪ (৯৮.৩৭%)** |

তথ্য সূত্র ঃ পিসিআর।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** বর্নিত প্রকল্পের আওতায় ভৌত কোন কাজ অসমাপ্ত নেই। শুধুমাত্র ভুমি অধিগ্রহণ প্রয়োজন না হওয়ায় উক্ত খাতে কোন ব্যয় হয়নি।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১ **পটভূমি** ঃ

প্রকল্প এলাকার তৃণমূল পর্যায়ের উৎপাদনকারী, চর এলাকায় বসবাসরত দরিদ্র মহিলা এবং ক্ষুদ্রপুঁজির ব্যবসায়ী, ভূমিহীন জনগোষ্ঠী, ক্ষুদ্র চাষী ও তাদের পরিবারের আয় এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ প্রকল্প বহুমূখী কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ নেবে। দারিদ্র হ্রাসকরণ, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং জীবিকায়নের নানামুখী ক্ষেত্র সৃষ্টিতে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা রাখবে।

হাট-বাজার-ঘাট হচ্ছে এ প্রকল্পের মূল কেন্দ্রবিন্দু। হাট-বাজারকে কেন্দ্র করে উৎপাদন ও আয়বৃদ্ধি, ক্ষুদ্র শিল্প উদ্যোগ, উৎপাদিত ফসল ও পন্য সামগ্রী বিপননে বাজার ও বাজার নেটওয়ার্ক প্রতিষ্ঠায় চরাঞ্চলের জনগোষ্ঠী এবং প্রতিষ্ঠানগুলোকে সম্পৃক্ত করা হবে যাতে করে সকল হাট-বাজার-ঘাট ঐ এলাকার জনগোষ্ঠির জীবিকায়নের ক্ষেত্র হিসেবে ভূমিকা রাখতে পারে। হাট-বাজার-ঘাট হচ্ছে গ্রামীন অর্থনৈতিক কর্মচাঞ্চ্যলের প্রাণ ক্ষেত্র। তাই বাজারকে অর্থনৈতিক ও সামাজিকভাবে উজ্জীবিত করে আয় ও কর্মসংস্থানের উৎস ক্ষেত্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানের অংশগ্রহনের মাধ্যমে এই প্রকল্প বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের প্রয়াস নেবে।

৭.২ **উদ্দেশ্য** ঃ

- বাজারে মহিলা এবং পুরুষ ক্রেতা বিক্রেতাদের প্রতিবন্ধকতামুক্ত তথা বাজার ব্যবহারকারী জনগোষ্ঠীর অবাধ যাতাযাত ও স্ব স্ব কর্মকান্ড পরিচালনার জন্য বাজারে বর্তমান অবকাঠামো সুবিধাদির উন্নয়ন এবং নতুন সুবিধাদি নির্মান।
- প্রকল্প বাস্তবায়নকালীন সময়ের মধ্যে মহিলাদের শ্রম মজুরী বৃদ্ধিকরণ
- উৎপাদন বৃদ্ধি এবং বাজারে উৎপাদিত পন্য বা ফসল সমাবেশ , বিক্রী ও বিপনন বৃদ্ধি
- তৃণমূল পর্যায়ের উদ্যোক্তা, উৎপাদক এবং ছোট ও মাঝারি ব্যবসায়ীদের সাথে আঞ্চলিক ও কেন্দ্রীয় বানিজ্য কেন্দ্রের ব্যবসায়ীদের মধ্যে সংযোগ ও সম্পৃক্ততা প্রতিষ্ঠা
- আয়, কর্মসংস্থান ও উৎপাদনের লক্ষ্যে দক্ষ কৃষক, ব্যাবসায়ী ও উদ্যোক্তা জনগোষ্ঠী গড়ে তোলা

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ

প্রকল্পটির ডিপিপি ২২-০২-২০০৬ তারিখে ECNEC কর্তৃক অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি ০২-০৬-২০১১ তারিখে DPEC কর্তৃক এবং ২য় সংশোধিত ডিপিপি ৩০-০৫-২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়।

৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ প্রকল্পের শুরু হতে জুন,২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩০৭২৮.৮৪ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৮.৩৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি (টাকা) | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০০৫-০৬ | ২২.০০ | ২২.০০ | ০.০০ | ২২.০০ | ১৯.৬১ | ১৯.৬১ | ০.০০ | - ২.৩৯ |
| ২০০৬-০৭ | ৪৫৫.০০ | ১৭০.০০ | ২৮৫.০০ | ১৭০.০০ | ১০৮.৮৮ | ৫৩.৫৬ | ৫৫.৩২ | -৩৪৬.১২ |
| ২০০৭-০৮ | ৮২০.০০ | ২২০.০০ | ৬০০.০০ | ২২০.০০ | ৬৩০.৩০ | ১৯৭.৮৬ | ৪৩২.৪৩ | -১৮৯.৭০ |
| ২০০৮-০৯ | ৩০৫০.০০ | ৪৬৫.০০ | ২৫৮৫.০০ | ৪৪৭.২৫ | ১৪৭২.৮০ | ৩৯৪.১৯ | ১০৭৮.৬১ | -১৫৭৭.২০ |
| ২০০৯-১০ | ৬৬৫০.০০ | ১১৫০.০০ | ৫৫০০.০০ | ১১৫০.০০ | ৪৪০০.৪৩ | ১০৯৪.৪২ | ৩৩০৬.০১ | -২২৪৯.৫৭ |
| ২০১০-১১ | ৭৫০০.০০ | ১২২৫.০০ | ৬২৭৫.০০ | ১২২৫.০০ | ৭৯৮০.৫৫ | ১২১৫.৩৭ | ৬৭৬৫.১৯ | ৪৮০.৫৫ |

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি (টাকা) | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১১-১২ | ৬৬৯৫.০০ | ৯৭২.০০ | ৫৭২৩.০০ | ৯৭২.০০ | ৬৯০৬.৯৩ | ৯৬৫.৬৭ | ৫৯৪১.২৬ | ২১১.৯৩ |
| ২০১২-১৩ | ৫০৪৫.০০ | ৯০৩.০০ | ৪১৪২.০০ | ৯০৩.০০ | ৫৩১০.৪৪ | ৮৯৩.৪০ | ৪৪১৭.০৪ | ২৬৫.৪৪ |
| **মোট** | | | | **৫১০৯.২৫** | **২৬৮২৯.৯৪** | **৪৮৩৪.০৮** | **২১৯৯৫.৮৬** | |
| ক্ষুদ্রঋণ | | | | | ৩৮৯৮.৯০ | ৩৮৯৮.৯০ | ০.০০ | |
| সর্বোমোট ঃ | | | | | ৩০৭২৮.৮৪ | ৮৭৩২.৯৮ | ২১৯৯৫.৮৬ | |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত বরাদ্দ ৩১২৩৭.৮০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ৩০৭২৮.৮৪ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় বর্নিত প্রকল্পের অধীনে ছাড়কৃত টাকার পরিমাণ ৫১০৯.২৫ লক্ষ টাকা এবং ব্যয়ের পরিমাণ ৪৮৩৪.০৮ লক্ষ টাকা। অর্থাৎ অব্যয়িত ২৭৫.১৭ লক্ষ টাকা যা যথাসময়ে সমর্পন করা হয়েছে। এছাড়া বর্নিত প্রকল্পের Initial Advance এর Un-adjust-কৃত IFAD Loan এর US$ ১,২৬,০১৩.৩৮ এবং Netherland(GON) এর US$ ২৬,১৫৯.৮০ অর্থ মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন সাপেক্ষে উন্নয়ন সহযোগী সংস্থা IFAD এ প্রেরণ করা হয়েছে। এছাড়াও বর্নিত প্রকল্পের IFAD Grant এর অংশের ব্যাংক সুদ বাবদ প্রাপ্তি এবং প্রকল্প ঋণের স্থিতি বাবদ মোট ৭৮৩২৯৫.৬২ টাকা যথাসময়ে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

**৯। প্রকল্প পরিদর্শনঃ**

**৯.১ নাজির বাজারের উন্নয়ন কাজ** : বরিশাল জেলার মুলাদী উপজেলার অর্ন্তগত নাজির বাজারের উন্নয়ন কাজ পরিদর্শন করা হয়। বাজারটির উন্নয়ন কাজ গত ১৫-১২-২০০৯ তারিখে সমাপ্ত হয়েছে। এ স্কীমের প্রাক্কলিত ব্যয় ছিল ৪৩.৬২ লক্ষ টাকা এবং এর বিপরীতে প্রকৃত ব্যয় ছিল একই পরিমাণ অর্থাৎ ৪৩.৬২ লক্ষ টাকা। পরিদর্শনকালে বাজারের উন্নয়ন কাজ সম্পন্ন এবং বাজারের কার্যক্রম চলমান দেখা যায়। বাজারের মধ্যে যাতায়াতের জন্য এইচ বিবি রাস্তা নির্মাণ করা হয়েছে। মাঝে মাঝে এইচ বিবি রাস্তা কিছুটা দেবে গেছে। এইচ বিবি দ্বারা নির্মাণ কালে ঠিকমতো কম্পাকশন হয়নি মর্মে প্রতীয়মান হয়। প্রকল্প পরিচালক জানান, বৃষ্টি প্রবন এলাকার কারনে এ রকমটি হতে পারে।

**৯.২ নাজিরপুর ইউপি অফিস হতে রামের পলি পর্যন্ত সড়ক উন্নয়ন:** মোট ৫.৭০ মি: মি: দৈর্ঘ্য বিশিষ্ট বিসি সড়কটির নির্মাণ কাজ গত ৩০-০৭-২০১১ তারিখ সমাপ্ত হয়েছে। এ কাজের জন্য প্রাক্কলিত ব্যয় ছিল ২৬৬.২৮ লক্ষ টাকা। প্রকৃত ব্যয় হয়েছে ২০১.৪৯ লক্ষ টাকা। প্রত্যন্ত এলাকার সংগে যোগাযোগ স্থাপনে এ সড়কটি অত্যন্ত গুরুত্ব বহন করে। অত্যন্ত দুর্গম চর এলাকায় নির্মিত এ রাস্তাটি আশে পাশের জনগণের যাতায়াত এবং পন্য পরিবহনে পথ সুগম করেছে। বিটুমিনাস কার্পেটিং-এর এ সড়কের প্রান্তে সামান্য ভাংগা পরিলক্ষিত হয়। এ সমস্ত ভাংগা অংশ দ্রুত মেরামতের উদ্যোগ নেওয়া উচিত তা না হলে ভবিষ্যতে রাস্তার বড় ধরনের ক্ষতি হতে পারে। অল্প কিছু জায়গায় Rain cut পরিলক্ষিত হয়। এ সমস্ত ত্রুটি সংশোধনের ব্যবস্থা করা হবে মর্মে আইএমইডি'র প্রতিনিধিকে জানান হয়।



**৯.৩ আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ** : পরিদর্শিত এলাকায় চারটি স্কীমের মাধ্যমে চারটির ব্রিজ নির্মাণ করা হয়। ৫২ মিটার দৈর্ঘ্য সম্বলিত ৪টি গার্ডার ব্রিজ নির্মাণ করা হয়েছে। ব্রিজের নির্মাণ কাজ সর্বশেষ ২৮-০২-২০১৩ তারিখে সমাপ্ত হয়। ব্রিজগুলো নির্মাণের জন্য মোট প্রাক্কলিত ব্যয় ছিল ১৫৪.৫০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয় হয়েছে ১৪৯.৫৪ লক্ষ টাকা। পরিদর্শনকালে ব্রিজগুলোর নির্মাণ কাজ সম্পন্ন ও কার্যকর দেখা যায়। ব্রিজের উভয় পাশের গাইড পোষ্ট অক্ষত দেখা গিয়েছে। ব্রিজের সাটারিং এর কাজ সঠিকভাবে না হওয়ায় ব্রিজের উপরের অংশ অসমান পরিলক্ষিত হয়। কংকিটের গুনগত মান কাংক্ষিত পর্যায়ে রাখার জন্য স্পেসিফিকেশন অনুযায়ী স্টিল/ওয়াটার টাইট সাটারিং ব্যবহার করতে হবে। এ ছাড়া প্রটেকশন হিসেবে সম্পাদিত মাটির কাজের মাঝে মাঝে ফাটল দেখা গেছে এর কারণ হিসাবে জানা যায় যে, বৃষ্টি প্রবন ও জোয়ার ভাটার এলাকা হিসেবে এ রকমটি হয়েছে।



১০। **ক্রয় কার্যক্রম** : পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসারে দৈনিক সংবাদে-১৯/১১/২০০৮ ইং তারিখে, দৈনিক সমকালে ২৪/১১/২০০৮ ইং তারিখে, The Muslim Times -এ ২০/১১/২০০৮ ইং তারিখে এবং এলজিইডি ওয়েবসাইটে ১৮/১১/২০০৮ ইং তারিখে বিজ্ঞাপন প্রকাশিত হয়। প্যাকেজের অনুকূলে ২৪টি দরপত্র বিক্রয়, ১৫টি দরপত্র দাখিল এবং ১০টি দরপত্র রেসপনসিভ হয়। Responsive দরপত্রের মধ্য হতে ৫৭,৯১,১৪৩/১৯ টাকা দরে সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হয়।

১১। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত এলজিইডি'র দুইজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| এস. এম. সেলিম<br>প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ০১-০৩-২০০৬ | ০৬-১২-২০০৭ |
| মোঃ খলিলুর রহমান<br>প্রকল্প পরিচালক | পূর্ণকালীন | - | ০৬-১২-২০০৭ | ৩০-০৬-২০১৩ |

উপরের তথ্য পর্যালোচনায় দেখা যায় ৭বছর ৫ মাসের বাস্তবায়িত এ প্রকল্পে দুইজন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| • বাজারে মহিলা এবং পুরুষ ক্রেতা বিক্রেতাদের প্রতিবন্ধকতামুক্ত তথা বাজার ব্যবহারকারী জনগোষ্ঠীর অবাধ যাতায়াত ও স্ব স্ব কর্মকান্ড পরিচালনার জন্য বাজারে বর্তমান অবকাঠামো সুবিধাধির উন্নয়ন এবং নতুন সুবিধাদি নির্মান<br><br>• প্রকল্প বাস্তবায়নকালীন সময়ের মধ্যে মহিলাদের শ্রম মজুরী বৃদ্ধিকরণ<br><br>• উৎপাদন বৃদ্ধি এবং বাজারে উৎপাদিত পন্য বা ফসল সমাবেশ , বিক্রী ও বিপনন বৃদ্ধি<br><br>• তৃণমূল পর্যায়ের উদ্যোক্তা, উৎপাদক এবং ছোট ও মাঝারি ব্যবসায়ীদের সাথে আঞ্চলিক ও কেন্দ্রীয় বানিজ্য কেন্দ্রের ব্যবসায়ীদের মধ্যে সংযোগ ও সম্পৃক্ততা প্রতিষ্ঠা<br><br>• আয়, কর্মসংস্থান ও উৎপাদনের লক্ষ্যে দক্ষ কৃষক, ব্যবাসায়ী ও উদ্যোক্তা জনগোষ্ঠী গড়ে তোলা | প্রকল্পের আওতায় প্রস্তাবিত সকল প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ/উন্নয়ন কাজ সমাপ্ত করা হয়েছে এবং সংশ্লিষ্ট এলাকার জনগণ কাঙ্খিত সুবিধা পাচ্ছে বলে প্রতীয়মান হয়েছে। এ প্রেক্ষিতে বলা যায় প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। |

১৩। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ** ঃ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে। তবে গুনগত মান বজায় রেখে নির্মাণ কাজ সম্পাদিত হলে Sustainability অর্জন করা সম্ভব হবে।

১৪। **সুপারিশ ঃ**

১৪.১। এইচবিবি রাস্তার দেবে যাওয়া অংশ মেরামতসহ ভবিষ্যতে এইচবিবি রাস্তা নির্মাণ কালে যথাযথভাবে কম্পাকশন করতে হবে। (অনু: ৯.১)

১৪.২। বিটুমিনাস কার্পটিং-এর সড়কের প্রান্তে ভাংগার কারণ সংশ্লিষ্ট সংস্থা খতিয়ে দেখবে এবং এ বিভাগকে অবহিত করবে। (অনু: ৯.২)

১৪.৩। কংকিটের গুনগত মান কাংক্ষিত পর্যায়ে রাখার জন্য স্পেসিফিকেশন অনুযায়ী  স্টিল/ওয়াটার টাইট সাটারিং ব্যবহার করতে হবে।  (অনু:৯.৩)

**সেকেন্ডারী টাউন্স ইন্টিগ্রেটেড ফ্লাড প্রটেকশন (ফেজ-২) প্রকল্প (এলজিইডি অংশ) ।**

(সমাপ্ত ঃ ডিসেম্বর,২০১২)

১। প্রকল্পের অবস্থান ঃ ০১টি সিটি কর্পোরেশন ও ৮টি পৌরসভা (রাজশাহী সিটি কর্পোরেশন, গাইবান্ধা পৌরসভা, কুষ্টিয়া পৌরসভা, জামালপুর পৌরসভা, ময়মনসিংহ পৌরসভা, মুন্সিগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ পৌরসভা ও ব্রাহ্মণবাড়ীয়া পৌরসভা)

২। বাস্‌ৰবায়নকারী সংস্থা ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ পানি সম্পদ মন্ত্রণালয় (লীড মন্ত্রণালয়)/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্‌ৰবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (ডিসেম্বর,২০১২ পর্যন্‌ৰ) | পরিকল্পিত বাস্‌ৰবায়নকাল | | প্রকৃত বাস্‌ৰবায়নকাল | অতিক্রান্‌ৰ ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্‌ৰ সময় (মূল বাস্‌ৰবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২৮৪,৩৮.০৮ | ৩৪৪,৪৬.০০ | ৩২৫,৭৮.৭২ | জুন,২০০৫ হতে ডিসেম্বর,২০০৯ (৪ বছর ৬ মাস) | জুন,২০০৫ হতে ডিসেম্বর,২০১২ (৭ বছর ৬ মাস) | জুন,২০০৫ হতে ডিসেম্বর,২০১২ (৭ বছর ৬ মাস) | ৪১,৪০.৬৪ (১৪.৫৬%) | ৩ বছর (৬৬.৬৬%) |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্‌ৰবায়ন (ডিসেম্বর,২০১২ পর্যন্‌ৰ) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্‌ৰব | আর্থিক | বাস্‌ৰব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| 1. A. নির্মাণ পূর্ব ব্যয় | | | | | | |
| a. ভূমি অধিগ্রহণ ও রিসেটেলমেন্ট | | | | | | |
| ক) | ভূমি অধিগ্রহন | হেঃ | ৩.৬৩ | ৪১২.৭৪ | ১.৯০৬ (৫২.৫১%) | ৪১৮.৫৬ (১০১.৪১%) |
| খ) | রিসেটেলমেন্ট | থোক | - | ১৪.৫৫ | - | - |
| | **উপমোট=(অ)** | | | **৪২৭.২৯** | **১.৯০৬** | **৪১৮.৫৬** |
| ই. পূর্ত নির্মাণ কাজ | | | | | | |
| কম্পোনেট বি ঃ ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন | | | | | | |
| ক) | ড্রেন পুনঃখনন ও পরিস্কারকরণ | কিঃমিঃ | ১১০.১৯ | ২১৫.০১ | ১০৯.৫৭ (৯৯.৪৪%) | ২১০.০৭ (৯৭.৭০%) |
| খ) | বিদ্যমান ড্রেন মেরামত ও পুনঃ নির্মাণ | কিঃমিঃ | ৪৬.৬৫ | ২২৮.০৮ | ৪৩.৪৪ | ২২৫.১১ |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (ডিসেম্বর,২০১২ পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | (৯৩.১২%) | (৯৮.৭০%) |
| গ) | নতুন ড্রেন নির্মাণ | কিঃমিঃ | ২২৫.৫২ | ১৯১১২.৮০ | ২১৭.৫৫ (৯৬.৪৭%) | ১৯১১০.০৯ (৯৯.৯৮%) |
| ঘ) | কালভাট ও ব্রীজ নির্মাণ | টি | ৬৯ | ৯৬৬.০০ | ৬৯.০০ (১০০%) | ৯৬৪.৩২ (৯৯.৮২%) |
| ঙ) | ড্রেন বরাবর সেফটি রেলিং নির্মাণ | কিঃমিঃ | ৩৮ | ৩৮০.০০ | ৩৬.৮৯ (৯৭.০৭%) | ৩৭১.৬৮ (৯৭.৮১%) |
| চ) | ড্রেন কাম রাস্ত্মা নির্মাণ | কিঃমিঃ | ০.৭৫ | ৩৬৭.৭০ | ০.৭৫ (১০০%) | ২৬৭.৫৮ (৭২.৭৭%) |
| | **উপ মোট=(ই)** | | | **২১২৬৯.৫৯** | | **২১১৪৮.৮৫** |
| **ঈ. নগর পরিবেশ উন্নয়ন** | | | | | | |
| ১. স্যানিটেশন | | | | | | |
| ক) | স্বাস্থ্যসম্মত পিট পায়খানা/কমিউনিটি ল্যাট্রিন/সেপটিক ট্যাংক | টি | ৫ | ২০৭.০০ | ৫ (১০০%) | ২০৬.৪১ (৯৯.৭২%) |
| খ) | পাবলিক টয়লেট | টি | ২১ | ২৫২.৩৪ | ২১ (১০০%) | ২২২.৮৪ (৮৮.৩১%) |
| গ) | মোবাইল টয়লেট (রাজশাহী) | টি | ১ | ৩০.০০ | ১ (১০০%) | ১১.৬৯ (৩৮.৯৭%) |
| ২. কঠিন বর্জ্য ব্যবস্থাপনা | | | | | | |
| ক) | ট্রান্সফার স্টেশন উন্নয়ন | টি | ৫১ | ২১৯.৪৮ | ৫১ (১০০%) | ২১৭.১৮ (৯৮.৯৫%) |
| খ) | ল্যান্ডফিল এরিয়া উন্নয়ন | টি | ৯ | ১০৭৪.৫০ | ৯ (১০০%) | ৮৮৯.৫৬ (৮২.৭৯%) |
| গ) | ল্যান্ডফিল এরিয়ার এপ্রোচ রাস্ত্মা নির্মাণ | কিঃমিঃ | ১০.০৯ | ৫৪৭.৩১ | ৯.২৯ (৯২.০৭%) | ৩০৮.০০ (৫৬.২৮%) |
| ঘ) | ল্যান্ডফিল এরিয়া উন্নয়নের জন্য ভূমি অধিগ্রহণ | হেঃ | ১৬.২৯ | ১২৪৩.৫০ | ১৪.২৩ (৮৭.৩৫%) | ৬৮১.৪৪ (৫৪.৮০%) |
| ৩. বস্তির উন্নয়ন (নগর দারিদ্র দূরীকরণ) | | | | | | |
| ক) | ১) অবকাঠামো উন্নয়ন (ফুটপাত, টিউবওয়েল, স্বাস্থ্যসম্মত পায়খানা, রাস্ত্মার বাতি, বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি (২২৯৮১ পরিবার) | টি | ২১৩২৫ | ২৫৫৯.০০ | ২১৩২৫ (১০০%) | ২২৭৬.১৩ ৮৮.৯৫ |
| খ) | ২) বস্তির সংযোগ রাস্ত্মা নির্মাণ (৬.২৩ কিঃমিঃ) | কিঃমিঃ | ৬.২৩ | ২০৯.০০ | ৫.৯৮ (৯৫.৯৯%) | ১০৪.৭৪ (৫০.১২%) |
| | **উপ মোট=(ঈ)** | | | **৬৩৪২.১৩** | | **৪৯১৭.৯৯** |
| **উ.** ২০০৭ সালের বন্যায় ক্ষতিগ্রস্থ অবকাঠামো পুনর্বাসন | | | | | | |
| **ক)** | (পৌর সড়ক- ১৭.৯৭৬ কিঃমিঃ ড্রেন- ৪০০মিঃ সেতু/কালভার্ট- ৫টি) | | - | ১০০০.০০ | | ১০০০.০০ (১০০%) |
| | **উপ মোট=(উ)** | | | **১০০০.০০** | | **১০০০.০০** |
| **২.** ট্রান্সপোর্ট | | | | | | |
| ক) | জীপ গাড়ী | টি | ৩ | ৬৮.০০ | ৩ (১০০%) | ৬৩.৮৭ (৯৩.৯৩%) |
| খ) | ডাবল কেবিন পিক আপ | টি | ৮ | ৮৪.৮৩ | ৮ | ৭৯.৬১ |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ৱবায়ন (ডিসেম্বর,২০১২ পর্যন্ৱ) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ৱব | আর্থিক | বাস্ৱব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | (১০০%) | (৯৩.৮৫%) |
| গ) | মটর সাইকেল | টি | ৩৫ | ৪২.৯৮ | ৩৫ (১০০%) | ৩৭.৯৮ (৮৮.৩৭%) |
| | **উপমোট=(২)** | | | **১৯৫.৮১** | | **১৮১.৪৬** |
| **৩.** ইকুইপমেন্ট | | | | | | |
| ক) | স্পুন স্ট্রেনার | টি | ৩.৮৫ | ৫.৭৮ | - | - |
| খ) | ম্যাকানিকাল সুইপিং ইকুইপমেন্ট | টি | ২ | ১৭৫.০০ | ২ (১০০%) | ১৬৫.২১ (৯৪.৪১%) |
| গ) | বুলডোজার | টি | ৮ | ৪৯৯.৩৫ | ৮ (১০০%) | ৪৯৯.৩৬ (১০০%) |
| ঘ) | কম্পোস্ট প্লান্ট | টি | ৮ | ১৫৬.০৬ | ৮ (১০০%) | ১৫৩.৭৩ (৯৮.৫১%) |
| ঙ) | ভ্যাকুম ট্যাংকার | টি | ৮ | ১৭৫.০০ | ৮ (১০০%) | ১৬৭.৭৪ (৯৫.৮৫%) |
| চ) | ইনসিন্যারেশন প্লান্ট | টি | ২ | ১৭৫.০০ | - | - |
| ছ) | রিক্সা ভ্যান | টি | ২৫০ | ৫০.০০ | ২৫০ (১০০%) | ৫০.০০ (১০০%) |
| জ) | গার্বেজ ট্রাক | টি | ১১ | ২০৫.৮৩ | ১১ (১০০%) | ২০৫.৮৩ (১০০%) |
| ঝ) | অফিস আসবাবপত্র এবং ডেকোরেশন | আইটেম | ১ | ৩০.০০ | ১ (১০০%) | ৩০.০০ (১০০%) |
| ঞ) | অফিস সরঞ্জাম( ফ্যাক্স, কম্পিউটার, ফটোকপি মেশিন ইত্যাদি (১দফা) | আইটেম | ১ | ৯৮.৮৮ | ১ (১০০%) | ৯৮.৮৮ (১০০%) |
| ত) | ব্যাক হোল লোডার/মিনিএক্সেভেটর | টি | ২ | ১২০.০০ | - | - |
| | **উপমোট=(৩)** | | | **১৬৯০.৯০** | | **১৩৬৯.৭৫** |
| **৪.** জনবল | | | | | | |
| ক) | প্রকল্প ব্যবস্থাপনা অফিস (PMO) | টি | ১ | ৩১৫.৭৬ | ১ (১০০%) | ৩৮৭.৬৯ (১২২.৭৭%) |
| খ) | আরবান ম্যানেজমেন্ট সাপোর্ট ইউনিট (UMSU) | টি | ১ | ৬৩.৪৭ | ১ (১০০%) | ৬৩.৪৭ (১০০%) |
| গ) | রিজওনাল আরবান ম্যানেজমেন্ট সাপোর্ট ইউনিট (RUMSU) | টি | ৭ | ৩৪.৭২ | ৭ (১০০%) | ৩৪.৭২ (১০০%) |
| ঘ) | প্রকল্প বাস্ৱবায়ন ইউনিট (PIU), পৌরসভা | টি | ৮ | ৫২২.০৬ | ৮ (১০০%) | ৫৫৬.৬৭ (১০৬.৬২%) |
| ঙ) | প্রকল্প বাস্ৱবায়ন ইউনিট (PIU), রাজশাহী সিটি কর্পোরেশন | টি | ১ | ১৪৩.২০ | ১ (১০০%) | ১৫২.৬৯ (১০৬.৬৩%) |
| | **উপমোট=(৪)** | | | **১০৭৯.২১** | | **১১৯৫.২৪** |
| **৫. বাস্তবায়ন সহায়তা ঃ** | | | | | | |
| ক) | UGIAP বাস্ৱবায়নের জন্য গর্ভনেন্স কনসালটেন্ট এন্ড সাপোর্ট সার্ভিস | জনমাস | ২৬ | ১৪.৬০ | ২৫.১২ (৯৬.৬১%) | ১০.০০ (৬৮.৪৯%) |
| খ) | প্রভার্টি রিডাকশন | জনমাস | ১৬১২ | ৪২৪.১৩ | ১৫৮৫ (৯৮.৩৩%) | ৪২০.০৪ (৯৯.০৩%) |
| গ) | UGIAP বাস্ৱবায়ন | জনমাস | ৮০৮ | ২০৪.৩২ | ৮০৪ (৯৯.৫০%) | ২০৩.১১ (৯৯.৪০%) |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (ডিসেম্বর,২০১২ পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ঘ) | ট্রেনিং | থোক | - | ৯৮.৭৪ | - | ৯৮.৫৪ (১০০%) |
| ঙ) | UGIAP বাস্ত্মবায়নের জন্য সাপোর্ট সার্ভিস | থোক | - | ২০.০০ | - | ১৩.৫৪ (৬৭.৭০%) |
| চ) | অপারেটিং কস্টঃ | | | | | |
| | - PMO | টি | ১ | ২৬৭.৬৩ | ১ (১০০%) | ২৬৬.৪৯ (৯৯.৫৭%) |
| | - PIU | টি | ৯ | ২৩৭.৪৫ | ৯ (১০০%) | ২৩৬.০০ (৯৯.৩৯%) |
| | - UMSU & RUMSU | টি | ৮ | ২৪.৫০ | ৮ (১০০%) | ২৪.৪৫ (১০০%) |
| ছ) | বাস্ত্মবায়নকালীন পরিচালন ও রক্ষণাবেক্ষণ | (থোক | | ১০০.০০ | - | ১০০.০০ (১০০%) |
| জ) | ফিজিক্যাল কন্টিজেন্সী | | | - | - | - |
| ঝ) | প্রাইস কন্টিজেন্সী | | | - | - | - |
| ঞ) | নির্মাণকালীন সুদ | | | ৫২৪.৭০০ | - | ৫২৪.৭০ (১০০%) |
| | **উপমোট=(৫)** | | | **১৯১৬.০৭** | | **১৮৯৬.৮৭** |
| **৬. সিডি/ভ্যাট** | | | | ৫২৫.০০ | | ৪৫০.০০ (৮৫.৭২%) |
| | **সর্বমোট=** | | | **৩৪৪৪৬.০০** | | **৩২৫৭৮.৭২** |

তথ্য সূত্র ঃ পিসিআর।

| তপন দাশ<br>তত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক (অ:দা:) | প্রেষনে | -- | ১২/০১/২০১০ | -- |

১১। **সরেজমিনে পরিদর্শন** :

১১.১। বিনিয়োগ প্রকল্পটির চট্টগ্রাম সিটি কর্পোরেশন অঞ্চলে বাস্তবায়িত কাজ গত ১৪-০৯-২০১৪ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন ও আলোচনার মাধ্যমে জানা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতায় ৩০টি গভির নলকূপ স্থাপনা করা হয়েছে। এ সব নলকূপ থেকে প্রাথমিকভাবে দৈনিক ৫২ মিলিয়ন লিটার পানির উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়, যা বর্তমানে প্রায় দৈনিক ৪০ মিলিয়ন লিটার পর্যন্ত পানির উৎপাদন করা হচ্ছে যা প্রকল্পের মূল উদ্দেশ্য দৈনিক ৩০ মিলিয়ন মিটার পানির উৎপাদনের চেয়ে বেশী। চট্টগ্রাম শহরের অনেক পানি সংকটপূর্ণ এলাকায় উক্ত প্রকল্পের পানি সরবরাহ করে নগরবাসীর চাহিদা মেটানো সম্ভব হচ্ছে। আলাপকালে আরো জানা যায় যে, প্রতি বছর ১১.৫% হারে পানির উৎপাদন হ্রাস পাচ্ছে। এ থেকে প্রতীয়মান হয় যে, ভূ-গর্ভাস্থ পানির পরিমান ক্রমশ হ্রাস পাচ্ছে। এমন অবস্থা চলতে থাকলে ভবিষ্যতে ভূ-গর্ভস্থ পানি পাওয়া বেশ দুস্কর হয়ে পড়বে। এমতাবস্থায় চট্টগ্রাম ওয়াসা কর্তৃক ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের পরিবর্তে Surface Water ব্যবহারের উপর সর্বোচ্চ গুরুত্ব দে্ওয়ার জন্য পরামর্শ দে্ওয়া হয়। এ ছাড়া স্থাপিত নলকূপসমূহের উৎপাদন যাতে ধরে রাখা যায় সে জন্য নিয়মিত রক্ষণাবেক্ষনের উপর গুরুত্ব আরোপ করা হয়।

১১.২। পরিদর্শনকালে সরেজমিনে দেখা যায় যে, কোথাও কোথাওে একটি কূপ স্থাপনের জন্য একাধিক খনন কার্য পরিচালনা করা হয়েছে। এর কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, ভৌগলিক অবস্থানগত দিক হতে চট্টগ্রাম শহর পাহাড়ি ভূমিতে অবস্থিত। যার প্রেৰিতে শহরের ভূ-গর্ভস্থ মাটির অভ্যন্ৰরে কঠিন শীলা পাথরের স্ন্ৰর বিদ্যমান। উক্ত কঠিন শীলা ভেদ করে গভীর নলকূপ স্থাপন করা বেশ কঠিন কাজ। এছাড়া খনন করা অত্যধিক সময় স্বাপেৰ এবং ব্যয় বহুল। উক্ত কাজে আর্থিক ঝুকি বেশী থাকায় ঠিকাদার এ এলাকাসমূহে গভীর নলকূপ খনন কাজে অনাগ্রহ প্রকাশ করে। এ ব্যাপারে প্রকল্প গ্রহণের পূর্বে ফিজিবিলিটি স্টাডির মাধ্যমে পানির পর্যাপ্ত স্তর (Aquifer) নির্ধারনপূর্বক নলকূপের স্থান নির্বাচন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। যাতে একাধিক স্থানে কূপ খননের প্রয়োজন না হয়।

১১.৩। পরিদর্শনকালে আরো জানা যায় যে, ড্রিলিং চলাকালে বোরহোলে পানির চলে যায়। এ ব্যাপারে প্রকল্প পরিচালক জানান যে, গভীর নলকূপ খনন কাজের মূল উপাদান পানি। বোরহোলে পানির Circulation-এর মাধ্যমে ড্রিলিং কাজ সম্পন্ন করা এবং ড্রিলিং স্যাম্পল সংগ্রহ করা হয়। চট্টগ্রাম শহরের পাহাড়তলি, আগ্রাবাদের একাংশ এবং হালিশহরের একাংশে গভীর নলকূপ খনন কালে ২৭০ফুট-৩০০ফুট পর্যন্ৰ ড্রিলিং সম্পন্ন হওয়ার পর আকস্মিকভাবে বোরহোল হতে পানি ভূগর্ভে চলে যায়, যাতে করে উক্ত বোরহোলে পরবর্তী ড্রিলিং করা সম্ভব হয়না মর্মে প্রকল্প পরিচালক জানান। ফলশ্রুতিতে একই এলাকায় অনেকবার চেষ্টা করেও ড্রিলিং করা সম্ভব হয় নাই। যার প্রেৰিতে শহরের বৃহত্তর অংশে সাইট নির্বাচন করা সম্ভব হয় নাই। এ ছাড়া তিনি আরো জানান যে, এ কাজে দক্ষ ঠিকাদারের অভাব পরিলক্ষিত হয়েছে। এর কারণ হিসেবে উল্লেখ করেন যে, বাংলাদেশে গভীর নলকূপ খনন কাজের পরিমান সীমিত হওয়ায় উক্ত কাজের ঠিকাদারের সংখ্যা অনেক কম। এ ব্যাপারে প্রকল্প গ্রহণের পূর্বে ফিজিবিলিটি স্টাডির মাধ্যমে পানির পর্যাপ্ত স্তর (Aquifer) নির্ধারনপূর্বক নলকূপের স্থান নির্বাচন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। যাতে একাধিক স্থানে কূপ খননের প্রয়োজন না হয়।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| পরিকল্পিক উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ৩০টি গভীর নলকূপ খননের মাধ্যমে দৈনিক ৩০ মিলিয়ন লিটার পানির উৎপাদন বৃদ্ধি করে নগর বাসীর পানির সংকট লাঘব করা। | ৩০টি গভীর নলকূপ খননের মাধ্যমে প্রাথমিকভাবে দৈনিক ৫২ মিলিয়ন লিটার পানির উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়, যা বর্তমানে প্রায় দৈনিক ৪০ মিলিয়ন লিটার পর্যন্ত পানির উৎপাদন করা হচ্ছে। চট্টগ্রাম শহরের অনেক পানি সংকটপূর্ণ এলাকায় উক্ত প্রকল্পের পানি সরবরাহ করে নগরবাসীর চাহিদা মেটানো সম্ভব হচ্ছে। তবে পানির উৎপাদন কমে যাওয়া উদ্বেগ জনক। উল্লেখ্য, প্রতি বছর ১১.৫% হারে পানির উৎপাদন হ্রাস পাচ্ছে। |

১৩। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ** প্রযোজ্য নয়।

১৪। **প্রকল্প বাস্তবায়ন সমস্যঃ** সরেজমিনে পরিদর্শনে বিষয়টি উল্লেখ করা হযেছে। (অনুচ্ছেদ-১১)

১৫। **সুপারিশঃ**

১৫.১। ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের পরিবর্তে Surface Water ব্যবহারের উপর সর্বোচ্চ গুরুত্ব দেওয়া যেতে পারে।

১৫.২। প্রকল্প গ্রহণের পূর্বে ফিজিবিলিটি স্টাডির মাধ্যমে নলকূপের স্থান পানির স্তর (Aquifer) নির্ধারন করে নির্বাচন করা উচিত যাতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন না হয়।

# খুলনা সিটি কর্পোরেশনের অবকাঠামোগত সুযোগ সুবিধার উন্নয়ন (১ম সংশোধিত)
## সমাপ্ত মূলায়ন প্রতিবেদন

**(সমাপ্ত ঃ জুন, ২০১৩)**

১। প্রকল্পের অবস্থান ঃ খুলনা সিটি এলাকা।

২। বাস্ত্মবায়নকারী সংস্থা ঃ খুলনা সিটি কর্পোরেশন।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ত্মবায়ন সময় ও ব্যয় ঃ

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৩ পর্যন্ত্ম | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়নকাল | অতিক্রান্ত্ম ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত্ম সময় (মূল বাস্ত্মবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১১৪৯.৪৮ | ১২০১.২৩ | ১১৯৫.১৩ | জুলাই ২০১০ হতে জুন ২০১২ | জুলাই ২০১০ হতে জুন ২০১৩ | জুলাই ২০১০ হতে জুন ২০১৩ | ৪৫.৬৫ লক্ষ টাকা (৪%) | ১ বছর (৫০%) |

৫। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্ত্মবায়ন

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন (জুন২০১৩ পর্যন্ত্ম) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | ৮নং ওয়ার্ড অফিস | sqm | ৫৪৯.০২ | ১২৯.২০ | ৫৫১ | ১২৯.৩৮ |
| ২ | ১৯নং ওয়ার্ড অফিস | sqm | ৪৮৬ | ১৫৪.৪২ | ৪৯১ | ১৫৩.৭০ |
| ৩ | ২৪নং ওয়ার্ড অফিস | sqm | ৩৩৭.৫৭ | ৬৮.৪০ | ৩৩৭ | ৬৮.৩৮ |
| ৪ | ২৫নং ওয়ার্ড অফিস | sqm | ৪৮১.২৪ | ১০১.৯৯ | ৪৮৯ | ১০১.২৮ |
| ৫ | ২৬নং ওয়ার্ড অফিস | sqm | ৪৯৮.২১ | ১৪০ | ৪৯৯ | ১৩৯.৪৭ |
| ৬ | ২৮নং ওয়ার্ড অফিস | sqm | ৩৯৫ | ৪৫ | ৩৯৫ | ৪৪.৬৮ |
| ৭ | ২৯নং ওয়ার্ড অফিস | sqm | ৪১৬.১৩ | ১১৭ | ৪১৬ | ১১৭.০০ |
| ৮ | ৩০নং ওয়ার্ড অফিস | sqm | ৩৮৪.৫১ | ৮৪.২০ | ৩৮৬ | ৮৪.১৪ |
| ৯ | নগর ভবনের ৬ষ্ঠ তলা সম্প্রসারন | sqm | ৯২০ | ১৭৯.৫০ | ৯২০ | ১৭৯.৩৮ |
| ১০ | জোনাল অফিস নির্মান | sqm | ৬২২.৪৪ | ১৪৯.৮০ | ৬৩৪ | ১৪৯.৩০ |
| ১১ | ফার্নিচার | থোক | থোক | ২৯.৮৫ | | ২৮.৪২ |
| ১২ | প্রাইজ কন্টিজেন্সী | থোক | থোক | ১.৮৭ | | - |
| **মোট ঃ** | | | | **১২০১.২৩** | | **১১৯৫.১৩** |

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারন ঃ প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারন পর্যবেক্ষণ ঃ

৭.১। পটভূমি ঃ খুলনা বাংলাদেশের ৩য় বৃহত্তম নগরী। প্রায় ১৫(পনের) লক্ষ লোক খুলনা সিটি এলাকায় বসবাস করে। মহানগরবাসীর সেবা প্রদান করা খুলনা সিটি কর্পোরেশনের মূল উদ্দেশ্যে। স্থানীয় সরকার বিভাগের আওতায় খুলনা সিটি কর্পোরেশন বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড বিশেষ করে রাস্ত্মা, ড্রেন, কমিউনিটি সেন্টার, ওয়ার্ড অফিস নির্মানসহ বিভিন্ন অবকাঠামোগত প্রতিষ্ঠান নির্মান করে খুলনা মহানগরীর ১৫ (পনের) লক্ষাধিক নগরবাসীর সেবা প্রদান করে আসছে। মহানগরীর জনসংখ্যা বৃদ্ধির ফলে নাগরিক সুবিধাদির উপর চাপ সৃষ্টি হচ্ছে যা কেসিসি'র মূল ভবন হতে সামাল দেওয়া সম্ভব হচ্ছে না। সব ওয়ার্ডে ওয়ার্ড অফিস না থাকার ফলে নগরবাসীকে সব নাগরিক সেবার জন্য নগর ভবন পর্যন্ত কষ্ট করে আসতে হয়। নগর ভবন থেকে দৌলতপুর, খালিশপুর অনেক দূর। ওয়ার্ড অফিস না থাকার জন্য সুষ্ঠুভাবে অনেক সেবা প্রদান করা যায় না। এছাড়া নগর ভবনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীর দাপ্তরিক সুবিধাদি বর্তমানে অপ্রতুল। এ অবস্থা থেকে পরিত্রানোর লক্ষ্যে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো সুবিধাদি সৃষ্টির মাধ্যমে নগরবাসীর দোরগোড়ায় সেবা পৌঁছে দেবার উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২। উদ্দেশ্য ঃ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো নগরবাসীকে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে কেসিসি'র সক্ষমতা বৃদ্ধি করা যাতে একদিকে ওয়ার্ড পর্যায় পর্যন্ত অবকাঠামোগত সুযোগ সুবিধা বৃদ্ধি করা যায়, অন্যদিকে প্রশাসনিক বিকেন্দ্রীকরনের মাধ্যমে ওয়ার্ড থেকেই কেসিসি'র নাগরিক সেবা প্রদান করা যায়।

৭.৩। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ মূল প্রকল্পটি মোট ১১৪৯.৪৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ইং ২৬/০৫/২০১০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়, যার বাস্ত্মবায়নকাল জুলাই, ২০১০ হতে জুন, ২০১২। পরবর্তীতে বিভিন্ন অঙ্গের আয়তনের তারতম্য ও রেট সিডিউল পরিবর্তনের কারণে ডিপিইসি সভার সুপারিশ অনুযায়ী মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক ১২০১.২৩ লক্ষ টাকা সংশোধিত প্রাক্কলিত ব্যয়ে ও বাস্ত্মবায়নকাল জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ পর্যন্ত প্রকল্পটি সংশোধনের প্রশাসনিক অনুমোদন গত ০৩/০৫/২০১২ তারিখে চিঠি জারি হয়। পরবর্তীতে ১৮/০৬/২০১৩ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সুপারিশ অনুযায়ী ব্যয় অপরিবর্তিত (১২০১.২৩ লক্ষ টাকা) রেখে আন্ত্মঃখাত সমন্বয় প্রস্ত্মাব মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর গত ১৬/১১/২০১৩ তারিখ প্রশাসনিক অনুমোদন জারি হয়।

৮। **প্রকল্প পরিদর্শনঃ** গত ১২-০৯-২০১৪ তারিখে প্রকল্পটির সমাপ্ত কাজ মূল্যায়নের জন্য আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনের পর্যবেক্ষণসমূহ নিম্মরুপঃ-

৮.১। প্রকল্পটির আওতায় ৮টি ওয়ার্ড অফিস (৮, ১৯, ২৪, ২৫, ২৬, ২৮, ২৯, ও ৩০ নং) নির্মাণ করা হয়। প্রতিটি ওয়ার্ড অফিসের ৪তলা ফাউন্ডেশন দিয়ে ২তলা পর্যন্ত নির্মাণ করা হয়। জমির প্রাপ্যতা অনুযায়ী ওয়ার্ড অফিসের আয়তন কম-বেশী হয়। সমাপ্ত মূল্যায়নকালে ৮টি ওয়ার্ডের মধ্যে ৪টি ওয়ার্ড অফিসের (২৬ নং ২৮ নং ২৯ নং ও ৩০ নং) নির্মাণ কাজ দেখা হয়।

৮.২। ওয়ার্ড অফিসগুলি নির্মাণের আগে প্রতিটি ওয়ার্ড অফিস ৫০০০/- টাকায় ভাড়া বাসায় ছিল। বর্তমানে ভাড়া না লাগায় সিটি কপোরের্শনের আর্থিক সাশ্রয় হচ্ছে। ওয়ার্ড অফিসগুলিতে জন্ম-মৃত্য নিবন্ধন ও স্বাস্থ্য সেবা কার্যক্রম চলছে। তাছাড়াও হলরুম নির্মিত হওয়ায় সামাজিক অনুষ্ঠান আয়োজনসহ বিভিন্ন কার্যক্রম চলছে।

৮.৩। প্রকল্পের মাধ্যমে ৬২২ sqm বিশিষ্ট (দ্বিতল) একটি জোনাল অফিস খালিশপুরে নির্মাণ করা হয়েছে এবং নগর ভবনের ৬ষ্ঠ তলা সম্প্রসারণ করা হয়েছে যার আয়তন ৯২০ sqm। জোনাল অফিসের ২য় তলায় দুই ওয়ালের সংযোগ স্থলে একটি ফাটল পরিলক্ষিত হয়েছে। জোনাল অফিস নির্মাণের প্রায় ১বৎসর হলেও এখনও তার কার্যকর ব্যবহার হচ্ছে না।

**জোনাল অফিসের ফাটলের ছবি নিম্নরূপঃ**



৮.৪। পরিদর্শনকালে কিছু প্যাকেজের ক্রয় কার্যক্রম দেখা হয়, যার মধ্যে ২৯নং ওয়ার্ড নির্মাণের ৬নং প্যাকেজের পিপিআর অনুসরণের প্রক্রিয়া নিম্নরূপঃ-

(ক) অফিসিয়াল প্রাক্কালনঃ ১১৭.৫৮ লক্ষ টাকা

(খ) OTM পদ্ধতি অনুসরণ করা হয়।

(গ) দরপত্র আহবান-২৩/১০/২০১১ (দৈনিক ইন্ডিপেন্ডেন্ট, দৈনিক ভোরের কাগজ)।

(ঘ) দরপত্র খোলা (TOC)– ১৭/১১/২০১১ তারিখ, ৪টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

(ঙ) সর্বনিম্ন দরদাতা ১১৭.৪৮ লক্ষ টাকা

(চ) NOA- ১৬/০১/২০১২ তারিখ।

৮.৫। প্রকল্পটি অনুমোদিত মেয়াদকাল ছিল জুলাই, ২০১০ হতে জুন,২০১৩ পর্যন্ত। কিন্তু আন্তঃখাত সমন্বয়ে পুর্ণগঠিত ডিপিপি অনুমোদিত হয় ১৬/১১/২০১৩ তারিখে অর্থাৎ মেয়াদ শেষে প্রায় ৫ মাস পর, যা পরিকল্পনা শৃংখলার পরিপন্থি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে গত ২৩-০৪-২০১৩ তারিখে আন্তঃখাত সম্বলিত ডিপিপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। অতঃপর গত ১৮-০৬-২০১৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত DPEC সভায় আন্তঃখাত সমন্বয় প্রস্তাব অনুমোদনের সুপারিশ হয়। পরে উক্ত সুপারিশ মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদনের পর গত ১৬-১১-২০১৩ তারিখে প্রশাসনিক আদেশ জারি হয়।

৯। **প্রকল্পের সার্বিক অগ্রগতি ঃ**

প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত (সংশোধিত মেয়াদকাল জুলাই, ২০১০ থেকে জুন, ২০১৩) আর্থিক অগ্রগতি হয়েছে ১১৯৫.১৩ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৪৯% এবং বাস্ত্মব অগ্রগতি ১০০% । প্রকল্পের বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃসাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১০-১১ | ১০০.০০ | ১০০.০০ | - | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | - | - |
| ২০১১-১২ | ৩০০.০০ | ৩০০.০০ | - | ৩০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | - | - |
| ২০১২-১৩ | ৮০০.০০ | ৮০০.০০ | - | ৮০০.০০ | ৭৯৫.১৩ | ৭৯৫.১৩ | - | ৪.৮৭ |
| **মোট ঃ** | **১২০০.০০** | **১২০০.০০** | **-** | **১২০০.০০** | **১১৯৫.১৩** | **১১৯৫.১৩** | **-** | ৪.৮৭ |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ১২০১.২৩ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১১৯৫.১৩ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমান ১২০০.০০ লক্ষ টাকা। এতে দেখা যায়, প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ৪.৮৭ লক্ষ টাকা (১২০০.০০ - ১১৯৫.১৩)। পিসিআর-এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে যথাসময়ে জমা দেওয়া হয়েছে যার জমা স্লিপ পরিদর্শনকালে দেখা হয়।

১০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত খুলনা সিটি কর্পোরেশনের একজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীণ | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| মশিউজ্জামান খান<br>নির্বাহী প্রকৌশলী-৩<br>খুলনা সিটি কর্পোরেশন | পূর্ণকালীণ | - | জুলাই, ২০১০ | - |

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| প্রকল্পের মূল উদ্দেশ্য হলো নগরবাসীকে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে কেসিসি'র সক্ষমতা বৃদ্ধি করা যাতে একদিকে যেমন ওয়ার্ড পর্যায় পর্যন্ত অবকাঠামোগত সুযোগ সুবিধা বৃদ্ধি করা যায় অন্যদিকে প্রশাসনিক বিকেন্দ্রীকরনের মাধ্যমে ওয়ার্ড থেকেই কেসিসি'র নাগরিক সেবা প্রদান করা যায়। | ৮টি ওয়ার্ড অফিস নির্মানের মাধ্যমে নাগরিক সেবা নগরবাসীর দোরগোড়ায় পৌঁছে দেয়া সম্ভব হয়েছে। জোনাল অফিস নির্মানের মাধ্যমে প্রশাসনিক বিকেন্দ্রীকরন ও সেবার মান বৃদ্ধি পেয়েছে। এছাড়া নগর ভবনের ৬ষ্ঠ তলা নির্মানের মাধ্যমে কেসিসি'র কর্মকর্তা,কর্মচারীদের দাপ্তরিক সুবিধাদি বৃদ্ধি করে উন্নত সেবা প্রদানের পরিবেশ সৃষ্টি হয়েছে। |

১২। **উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারন** ঃ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৩। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা ঃ**

১৩.১। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) ঃ নির্মাণ অংগের রেট সিডিউল বৃদ্ধি ও ওয়ার্ডের ভবনের ডিজাইন পরিবর্তনের কারণে প্রকল্পটি ১বার সংশোধন ও ১বার আন্তঃখাত সমন্বয় করতে হয়। এ কারণে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল ১ বছর বৃদ্ধি পায়।

১৩.২। **ঘনঘন প্রকল্প পরিচালক পরিবর্তন** ঃ প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

১৩.৩। **চুক্তি বাস্তবায়নে বিলম্ব** ঃ বিলম্ব হয়নি।

১৪। **সুপারিশ** ঃ

১৪.১। জোনাল অফিসের ২য় তলায় দু'দেয়ালের সংযোগ স্থলে ফাটলের কারণ খতিয়ে দেখার জন্য স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৪.২। প্রকল্পটি সমাপ্তির (জুন,২০১৩) প্রায় ৫ মাস পর ডিপিপির আন্তঃখাত সমন্বয় আদেশ জারির বিষয়টি খতিয়ে দেখার জন্য স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৪.৩ জোনাল অফিসের কার্যক্রম দুত শুরু করার উদ্যোগ নেয়া যেতে পারে।

১৪.৪ অনুচ্ছেদ ১৪.১ - ১৪.৩ এর আলোকে গৃহীত কার্যক্রম অবশ্যিক ভাবে এ বিভাগকে অবহিত করতে হবে।

## “Installation of Light Emitting Diode (LED) in Street Lighting System of Reducing Energy Consumption” শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্তঃ জুন,২০১৩)**

১। প্রকল্পের অবস্থান ঃ খুলনা সিটি এলাকা।

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ খুলনা সিটি কর্পোরেশন।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৩ পর্যন্ত | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৭৬৬.০৭ | ৭৬৬.০৭ | ৭৪৬.৫২ | জুলাই ২০১১ হতে জুন ২০১৩ | জুলাই ২০১১ হতে জুন ২০১৩ | জুলাই ২০১১ হতে জুন ২০১৩ | | |

৫। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন২০১৩ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৬) | (৭) | (৮) |
| 1 | 35W lamp shade complete | Sets | ১৮৯.১৩ | ১৮০০ | ১৮৯.১৩ | ১৮০০ |
| 2 | 12W LED Tube light | Nos | ১১৩.৭০ | ৭২০০ | ১১৩.৭০ | ৭২০০ |
| 3 | 8W LED Tube light | Nos | ৪৩.৯৪ | ৩২০০ | ৪৩.৯৪ | ৩২০০ |
| 4 | 7W LED lamp | Nos | ৩.৩৮ | ৫০০ | ৩.৩৮ | ৫০০ |
| 5 | G.I Pole | Nos | ১৬.৩৮ | ৯০ | ১৬.৩৮ | ৯০ |
| 6 | G.I Bracket | Sets | ৩৬.০৪ | ৪০০০ | ৩৬.০৪ | ৪০০০ |
| 7 | Tube light Shade | Sets | ১১৩.৫৩ | ১০৭০০ | ১১৩.৫৩ | ১০৭০০ |
| 8 | Auto Control Switch | Sets | ৭০.৬৬ | ৭০০ | ৭০.৬৬ | ৭০০ |
| 9 | Wire | KM | ৫৬.২৫ | ১২৫ | ৫৬.২৫ | ১২৫ |
| 10 | Pick-up | No | ৪১.৭২ | ০১ | ৪১.৭২ | ০১ |
| 11 | Hydraulic Ladder | No | ৬০.০০ | ০১ | ৫৮.৮৪ | ০১ |
| 12 | Contingency(Computer, Computer accessories, paper, stationeries fuel, other cost) | LS | ৩.০০ | LS | ২.৯৫ | LS |
| 13 | Physical Contingency | LS | ৫.০০ | - | ০০ | - |
| 14 | Price Contingency | LS | ১৩.৩৪ | - | ০০ | - |
| | মোট ঃ | | ৭৬৬.০৭ | | ৭৪৬.৫২ | |

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ সমাপ্ত প্রকল্পের প্রেরিত পিসিআর মোতাবেক কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **সাধারণ পর্যবেক্ষণ** ঃ

৭.১ **পটভূমিঃ** খুলনা বিভাগের সিটি কর্পোরেশনের এলাকায় কনভেনশনাল লাইট (লাইট জ্বালানোর জন্য ব্লাষ্টার, ষ্টার্টার, ইগনেটর ইত্যাদি যন্ত্রাংশ ব্যবহার করতে হয়; যার জন্য অতিরিক্ত বিদ্যুৎ ব্যয় হয়) ব্যবহার করা হয়; যার এফিসিয়েন্সি বা কার্যকারিতা ১৫-৬০ শতাংশ। বিদ্যুৎ এর ব্যবহার কমানোর লক্ষ্যে খুলনা সিটি কর্পোরেশন সোডিয়াম লাইট, টিউব লাইট ও ক্লিনার ল্যাম্পের পরিবর্তে বিদ্যুৎ সাশ্রয়ী এনার্জি সেভার ল্যাম্প রাস্তার বাতি হিসেবে ব্যবহার শুরু করে। এতে রাস্তার বাতি খাতে ৫০% বিদ্যুৎ সাশ্রয় সম্ভব হচ্ছে। কিন্তু এই এনার্জি সেভার ল্যাম্পের এফিসিয়েন্সি বা কার্যকারিতা ৬০-৬৫% এর উর্ধে নয়, যা এক ধরণের বিদ্যুতের অপচয়। কাজেই খুলনা সিটি কর্পোরেশনের রাস্তার বাতিতে বিদ্যুৎ সাশ্রয়ী, দীর্ঘস্থায়ী ও অধিক দক্ষতা সম্পন্ন (৯২% এর উপরে) এল.ই.ডি ল্যাম্প স্থাপনের প্রস্তাব করেছে।

৭.২ উদ্দেশ্যঃ প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো খুলনা সিটি এলাকায় CFL (Compact Florescent Lamps) কে LED (Light Emitting Diode) এ রূপান্তরকরণ, এর মাধ্যমে রক্ষণাবেক্ষণ ব্যয় কমানো, এনার্জি কনজামশন কমানো এবং সর্বপরি বিদ্যুৎ বিল কমানো।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ মূল প্রকল্পটি গত ১৯-১০-২০১১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ৭৬৬.০৭ লক্ষ টাকা ব্যয়ে জুলাই,২০১১ হতে জুন,২০১৩ পর্যন্ত বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। অতঃপর একই ব্যয়ে ও সময়ে প্রকল্পটির আন্তঃখাত সমন্বয় সম্বলিত ডিপিপি গত ২৭-০৮-২০১৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৮। **প্রকল্প পরিদর্শনঃ** গত ১২-০৯-২০১৪ তারিখে প্রকল্পটির সমাপ্ত কাজ মূল্যায়নের জন্য আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনের পর্যবেক্ষণসমূহ নিম্মরুপঃ-

৮.১। প্রকল্পের মাধ্যমে খুলনা সিটি কর্পোরেশন এলাকার প্রায় ৪১% এরিয়ায় LED Lighting করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের আগে প্রকল্প এলাকায় জানুয়ারী,২০১২ মাসের বিদ্যুৎ বিল দিতে হতো ২২ লক্ষ টাকা সেখানে প্রকল্পটি সমাপ্তির পর জানুয়ারী,২০১৩ মাসে বিদ্যুৎ বিল দিতে হয় ১৭.৯৩ লক্ষ টাকা অর্থাৎ প্রায় মাসে ৪ লক্ষ টাকা সাশ্রয় হচ্ছে।

৮.২। ৩৫W HED Lamp:

প্রকল্পের আওতায় **৬৫** W CFL Lamp এর পরিবর্তে ৩৫W HED Lamp ১৮০০ টি বসানোর প্রভিশন ছিল, যা বাস্তবায়ন করা হয়েছে। **৩৫**W HED Lamp বসানোর ফলে মাসে বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে ১৯৪৪০ ইউনিট **[১৮০০x (৬৫ W- ৩৫W)= ৩০ W x ১২ ঘন্টা x ৩০ দিন ÷১০০০]।**

৮.৩। ১২W LED Tube Light:

প্রকল্পের অনুমোদিত DPP অনুযায়ী ৫২W Tube Light এর পরিবর্তে ১২W LED Tube Light ৭২০০ টি স্থাপন করা হয়েছে। এতে প্রতি মাসে বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে ১০৩৬৮০ ইউনিট **[৭২০০ টি x-(৫২ W- ১২W)= ৪০ W x ১২ ঘন্টা x ৩০ দিন ÷১০০০]।**

৮.৪। ৮W LED Tube Light ও ৭W LED Lamp:

অনুমোদিত DPP অনুযায়ী ৩২ W CFL এর পরিবর্তে **৮**W LED Tube ৩২.০০ টি স্থাপন করা হয়েছে। এতে বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে মাসে ২৭৬৪৮ ইউনিট। একইভাবে ১০০W HSP Lamp এর পরিবর্তে ৭W LED বাল্ব ৫০০ টি স্থাপন করা হয়েছে এবং এর ফলে মাসে বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে ১৬৭৪০ ইউনিট।

৮.৫। **অন্যান্য অংগসমূহঃ**

অনুমোদিত DPP অনুযায়ী G.I. Pole ৯০ টি, G.I. ব্র্যাকেট ৪০০০ সেট, Tube light shade ১০৭০০ সেট, Auto Control Switch ৭০০ সেট, Wire ১২৫ কিলোমিটার, পিকআপ ১টি ও হাইড্রোলিক ল্যাডার ১টি সংগ্রহ করা হয়।

৮.৬। প্রকল্পের ক্রয় কাজে পিপিআর যথাযথ অনুসরণ করা হয়েছে কি না তা পরীক্ষা করা হয়। যেমন,

**প্যাকেজের নামঃ** Supply to LED Tube Lamp , HED Lamp with Shade & Auto Control Switch:-

(ক) **ডিপিপি/অফিসিয়াল প্রাক্কালনঃ**-৪২০.৮১ লক্ষ টাকা

(খ) OTM পদ্ধতি

(গ) **দরপত্র আহবান**-২৩/০৯/২০১২ (দৈনিক ইন্ডিসেন্ডেন্ট, দৈনিক পূর্বাঞ্চল ও CPTU এর Wib site)

(ঘ) **দরপত্র খোলা** (TOC) – ১৮/১০/২০১২ তারিখ, ৩টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

(ঙ) **সর্ব নিম্ন দরদাতা** -৪২০.৭৯ লক্ষ টাকা

(চ) NOA- ১৮/১১/২০১২ তারিখ।

৮.৭ টেন্ডার ডকুমেন্টে বর্ণিত Specification অনুযায়ী মালামালগুলি সরবরাহ নেয়ার আগে খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরীক্ষা করা হয় এবং সে মতে সংগ্রহ করা হয়, যার চালানের কপি দেখা হয়।

৮.৮। প্রকল্পটি অনুমোদিত মেয়াদকাল ছিল জুলাই, ২০১০ হতে জুন,২০১৩ পর্যন্ত। কিন্তু আন্তঃখাত সমন্বয়ে পুর্ণগঠিত ডিপিপি অনুমোদিত হয় ২৭/০৮/২০১৩ তারিখে অর্থাৎ মেয়াদ শেষে ২ মাস পর, যা পরিকল্পনা শৃংখলার পরিপন্থি।

৯। **প্রকল্পের আর্থিক অগ্রগতি** ঃ জুলাই,২০১১ হতে জুন, ২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৭৬৬.০৭ লক্ষ টাকা। যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৮% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃসাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১১-১২ | ১৩৭.০৭ | ১৩৭.০৭ | - | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | - | - |
| ২০১২-১৩ | ৬২৯.০০ | ৬২৯.০০ | - | ৬৬৫.০০ | ৬৪৬.৫২ | ৬৪৬.৫২ | - | - |
| **মোট ঃ** | **৭৬৬.০৭** | **৭৬৬.০৭** | **-** | **৭৬৫.০০** | **৭৪৬.৫২** | **৭৪৬.৫২** | **-** | ১৮.৪৮ |

প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় ৭৬৬.০৭ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে **৭৪৬.৫২** লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ **৭৬৫.০০** লক্ষ টাকা। এতে দেখা যায় যে প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অর্থের মধ্যে অব্যয়িত অর্থ ১৮.৪৮ লক্ষ টাকা। উক্ত অব্যয়িত অর্থ বিধিমত সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে, যার জমা স্লিপ মূল্যায়নকালে পাওয়া যায়।

১০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ম খুলনা সিটি কর্পোরেশনের একজন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ম তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীণ | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| মোঃ শহীদ হোসাইন শেখ<br>প্রকল্প পরিচালক (নির্বাহী প্রকৌশলী) | পূর্ণকালীণ | - | জুলাই, ২০১১ | - |

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| | পরিকল্পিত উদ্দেশ্য গৃহীত মূল কাজসমূহ | অর্জিত ফলাফল |
|---|---|---|
| ১। | 35W lamp shade complete | (১০০%) |
| ২। | 12W LED Tube light | (১০০%) |
| ৩। | 8W LED Tube light | (১০০%) |
| ৪। | 7W LED lamp | (১০০%) |
| ৫। | G.I Pole | (১০০%) |
| ৬। | G.I Bracket | (১০০%) |
| ৭। | Tube light Shade | (১০০%) |
| ৮। | Auto Control Switch | (১০০%) |
| ৯। | Wire | (১০০%) |
| ১০। | Pick-up | (১০০%) |
| ১১। | Hydraulic Ladder | (১০০%) |

১২। উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারন ঃ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৩। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা** ঃ প্রযোজ্য নয়।

১৩.১। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run)** ঃ প্রযোজ্য নয়।

১৩.২। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ** প্রযোজ্য নয়।

১৩.৩। **চুক্তি বাস্তবায়নে বিলম্বঃ** প্রযোজ্য নয়।

১৪। **সুপারিশ/মতামতঃ**

১৪.১। পরীক্ষামূলকভাবে গৃহীত এ প্রকল্পটির মাধ্যমে বিদ্যুৎ সাশ্রয় ও বিল কম হওয়ায় খুলনা সিটি কর্পোরেশনের অন্যান্য এলাকায় তা পর্যায়ক্রমে সম্প্রসারণ করা যেতে পারে।

১৪.২। প্রকল্পটি সমাপ্তির (জুন,২০১৩) প্রায় ২ মাস পর (২৭-০৮-২০১৩ তারিখে) ডিপিপির আন্তঃখাত সমন্বয় আদেশ জারির বিষয়টি খতিয়ে দেখার জন্য স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হলো।

**“রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার ভৌত অবকাঠামো, ড্রেনেজ ও পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন (১ম সংশোধিত)”**

**শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন।**

(সমাপ্ত ঃ জুন,২০১৩)

১। প্রকল্পের অবস্থান ঃ রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা।

২। বাস্ৱবায়নকারী সংস্থা ঃ রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ঃ স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্পের বাস্ৱবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্ৱবায়নকাল | | প্রকৃত বাস্ৱবায়নকাল | অতিক্রান্ৱ ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ৱ সময় (মূল বাস্ৱবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ৫২৩৪.২০ | ৫৭০১.৮৮ | ৫৬৯৪.৩৪ | ৩০.০৪.০৯-৩০.০৬.১১ | ৩০.০৪.০৯-৩০.০৬.১৩ | ৩০.০৪.০৯-৩০.০৬.১৩ | ৪৬০.১৪ (৮.৭৯%) | ২ বছর (৯২.৩১%) |

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ৱবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ৱব | আর্থিক | বাস্ৱব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **১.০** | **ভূমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ** | | | | | |
| ১.১ | শিরোইল ও লৰিপুরে কাঁচা মার্কেটের জন্য ভূমি অধিগ্রহণ | একর | ১.৩২০৪ | ৪৬৫.৬৬ | ১.৩২০৪ | ৪৬৫.৬৬ |
| ১.২ | স্থায়ী অবকাঠামো বাবদ ৰতিপূরণ | বঃমিঃ | ৯০ | ৪০.৫১ | ৯০ | ২০.৫১ |
| ১.৩ | স্থায়ী অবকাঠামো বাবদ ৰতিপূরণ | বঃমিঃ | ১১০ | ১৯.৭৩ | ১১০ | ১৯.৭৩ |
| **২.০** | **সম্পদ ক্রয়/সংগ্রহ** | | | | | |
| ২.১ | কমপ্যাকটরসহ হাইড্রলিক ড্রাম ট্রাক ক্রয় (৩ টন) | সংখ্যা | ০৩ | ১৩৫.৪৫ | ০৩ | ১৩৫.৪৫ |
| ২.২ | চেইন মাউন্টেড বুলডোজার ক্রয় | সংখ্যা | ০১ | ১৫৬.৭৬ | ০১ | ১৫৬.৭৬ |
| ২.৩ | পে-লোডার ক্রয় | সংখ্যা | ০১ | ২২২.৭৭ | ০১ | ২২২.৭৭ |
| ২.৪ | সাব-মারজিবল পাম্প সরবরাহ | সংখ্যা | ০৭ | ৩১.৫০ | ০৭ | ৩১.৫০ |
| **৩.০** | **পূর্তকাজ** | | | | | |
| ৩.১ | বিভিন্ন এলাকায় প্রি-মিক্সড বিটুমিনাস ওভারলে | কিঃমিঃ | ২৪.০৭ | ১১০৬.১৩ | ২৪.০৭ | ১১০৩.০৭ |
| ৩.২ | বিভিন্ন এলাকায় সড়ক প্রশস্ৱকরণ ও উন্নয়ন | কিঃমিঃ | ৩৫.৯৭ | ২৩২৮.৩৮ | ৩৫.৯৭ | ২৩২৮.৩৮ |

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্ত্মবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্ত্মব | আর্থিক | বাস্ত্মব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩.৩ | পদ্মা নদীর ধারে ওয়াকওয়ে নির্মাণ | কিঃমিঃ | ১.০৫ | ৫১.৭০ | ১.০৫ | ৫১.৭০ |
| ৩.৪ | বিভিন্ন কবরস্থানে সীমানা প্রাচীর নির্মাণ | মিঃ | ১৩৮৫.৯৫ | ৯৮.৬৮ | ১৩৭৬.৪০ | ৯৮.৬৮ |
| ৩.৫ | বিভিন্ন কবরস্থানে গার্ড শেড নির্মাণ | সংখ্যা | ১০ | ৫.২৫ | ১০ | ৫.২৫ |
| ৩.৬ | কেন্দ্রীয় পার্কে সীমানা প্রাচীর নির্মাণ | মিঃ | ৬৮২.৫৫ | ৯৫.১১ | ৬৮২.৫৫ | ৯৫.১১ |
| ৩.৭ | কেন্দ্রীয় পার্কে ওয়াকওয়ে নির্মাণ | কিঃমিঃ | ১.৪৯ | ৮০.৬১ | ১.৪৯ | ৮০.৬১ |
| ৩.৮ | বিভিন্ন কবরস্থানে ওয়াকওয়ে নির্মাণ | কিঃমিঃ | ২.৯৫ | ৭৬.৫৫ | ২.৯৫ | ৭৬.৫৫ |
| ৩.৯ | বিভিন্ন কবরস্থানে মাটির কাজ | ঘঃমিঃ | ৮৯৪৬১.৮৭ | ১৮৪.৩০ | ৮৯৪৬১.৮৭ | ১৮৪.৩০ |
| ৩.১০ | পঞ্চবটি ক্রিমেটোরিয়মে সীমানা প্রাচীর, অভ্যন্ত্মরীণ সড়ক নির্মাণ, বার্নিং শেড, ফাংশনাল ভবন ও ভূমি উন্নয়ন কাজ | সংখ্যা | ০১ | ৫১.০০ | ০১ | ৫১.০০ |
| ৩.১১ | বিভিন্ন গুরম্নত্বপূর্ণ সড়কে ফুটপাথ নির্মাণ | কিঃ | ০.৩০ | ২৮.৩৭ | ০.৩৫ | ২৮.৩৬ |
| ৩.১২ | বিভিন্ন এলাকায় ড্রেইন নির্মাণ | কিঃ | ৩.৪৫ | ১৬৩.৩০ | ৩.৪৫ | ১৬৩.২৩ |
| ৩.১৩ | পানি সরবরাহ লাইন স্থাপন (১০০ মিঃমিঃ ডায়া) | কিঃ | ১৫.০০ | ৮১.২৪ | ১৫.০০ | ৮১.২৪ |
| ৩.১৪ | বিভিন্ন এলাকায় পাইলটিং হিসেবে পানির মিটার স্থাপন | সংখ্যা | ৫০০ | ১৪.৭৪ | ৫০০ | ১৪.৭৪ |
| ৩.১৫ | পানি সরবরাহের জন্য গভীর নলকূপ স্থাপন | সংখ্যা | ১০ | ১২০.৭৫ | ১০ | ১২০.৭৫ |
| ৩১৬ | বিভিন্ন গভীর নলকূপে ক্লোরিনেটর স্থাপন | সংখ্যা | ৩০ | ৫৮.০২ | ৩০ | ৫৮.০২ |
| ৩.১৭ | প্রধান সড়কে স্ট্রীট লাইট(সোডিয়াম) সরবরাহ ও স্থাপন | সংখ্যা | ৪৪০ | ১০৫.৩৭ | ৪৪০ | ১০০.৯৭ |
| | **সর্বমোট** | **-** | | **৫৭০১.৪৪** | | **৫৬৯৪.৩৪** |

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **সাধারণ পর্যবেক্ষণ ঃ**

৭.১। **পটভূমি** ঃ সম্প্রতি বছরগুলোতে দেশের উত্তরাঞ্চলের জেলাগুলোর মধ্যে রাজশাহী অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ড বাস্ত্মবায়নের ফলশ্রম্নতিতে রাজশাহী ক্রমশঃ গুরম্নত্বপূর্ণ মহানগরীতে পরিণত হয়েছে। রাজশাহী মহানগরীর বর্জ্য ব্যবস্থাপনা, স্যানিটেশন, ড্রেনেজ, খাবার পানি সরবরাহ, যোগাযোগ ব্যবস্থার সুযোগ, পার্ক ও অবকাশ কেন্দ্র ইত্যাদির ৰেত্রে প্রত্যাশিত প্রেৰাপটে মৌলিক সেবাসমূহ প্রদানের সুযোগ রেখে আলোচ্য প্রকল্পের প্রস্ত্মাব করা হয়েছে। আলোচ্য প্রকল্পের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়ন এবং কার্যকর পরিবেশ সম্মত স্বাস্থ্য সেবার উন্নয়নের মাধ্যমে বসবাস উপযোগী জীবন-যাপন জনস্বাস্থ্য টেকসই পরিবেশ বান্ধব ভৌত অবকাঠামোর নির্মাণ সংস্থান করা হবে। রাজশাহী মহানগরীর মৌলিক সেবাসমূহ চিহ্নিত করে সেগুলো প্রস্ত্মাবিত প্রকল্পে অন্ত্মর্ভুক্ত করা হয়েছে। প্রকল্পটি বাস্ত্মবায়িত হলে জনসাধারণের মৌলিক নাগরিক অধিকার প্রাপ্তির সেবাসমূহ পর্যায়ক্রমে প্রদান করা হবে এবং রাজশাহী সিটি কর্পোরেশনের গৃহীত পরিকল্পনা বাস্ত্মবায়নে সহায়ক হবে বিবেচনায় প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭.২। **উদ্দেশ্য** ঃ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো ক্রমবর্ধমান নগরায়ন প্রক্রিয়ায় নাগরিক চাহিদা অনুযায়ী সড়ক, ফুটপাথ, কাঁচা বাজার ও সবুজ বেষ্টনী নির্মাণের মাধ্যমে টেকসই জন-বান্ধব জীবন-যাপন ব্যবস্থার উন্নয়ন এবং স্বাস্থ্যকর সেবাসমূহ, যেমন- বর্জ্য ব্যবস্থাপনা, ড্রেনেজ, সুপেয় পানি সরবরাহের কার্যকর ও টেকসই পরিকল্পনা বাস্ত্মবায়নের মাধ্যমে রাজশাহী নগরবাসীর পরিবেশগত জীবন ব্যবস্থার ও আর্থ-সামাজিক অবস্থার উৎকর্ষ সাধন।

৭.৩। **প্রকল্প অনুমোদন এবং সংশোধন** ঃ মূল প্রকল্পটি গত ১৫/০৪/২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ হতে ২৪/০৬/২০০৯ তারিখে প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। উক্ত অনুমোদন মোতাবেক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৫২৩৪.২০ লৰ টাকা এবং বাস্ত্মবায়নকাল মে, ২০০৯ হতে জুন, ২০১১ পর্যন্ত্ম। পরবর্তীতে নির্ধারিত মেয়াদে প্রকল্পটি সম্পন্ন না হওয়ায় যথাযথ কর্তৃপৰ কর্তৃক ব্যয় বৃদ্ধি

ব্যতিরেকে প্রকল্পটির বাস্ত্বায়ন মেয়াদ ১ম বার জুন, ২০১২ পর্যন্ত্ এবং ২য় বার জুন, ২০১৩ পর্যন্ত্ বৃদ্ধি করা হয়। সর্বশেষ মোট ৫৭০১.৮৮ লৰ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০০৯ থেকে জুন ২০১৩ পর্যন্ত্ মেয়াদে বাস্ত্বায়নের লৰে ডিপিইসি সভার সুপারিশক্রমে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর অনুমোদনক্রমে প্রকল্পটির প্রথম সংশোধন করা হয়।

৮। **প্রকল্প পরিদর্শন** ঃ আইএমইডি কর্তৃক প্রকল্প এলাকার বাস্ত্বায়িত কাজ গত ২৫-০৩-২০১৫ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশনসহ সংশিস্নষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প সংশিস্নষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা, প্রাপ্ত তথ্য বিশেস্নষণ ও পিসিআর এর তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। নিম্নে পরিদর্শিত স্কীমগুলোর সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হল ঃ

৮.১। **বিভিন্ন এলাকায় সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন:** আলোচ্য প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে ৩৫.৩৭ কি:মি: সড়ক প্রশস্ত্করণ ও উন্নয়ননের জন্য মোট ২৩২৪.৩৮ লৰ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী এ অঙ্গের সমুদয় অর্থ ব্যয় হয়েছে। পরিদর্শনকালে এ অঙ্গের (১) চেন্দিপায়া ফায়ার সার্ভিস হতে বুধপাড়া মোড় হয়ে নাজিরের মোড় পর্যন্ত্ ২৪২০.৬৫ মিটার দৈর্ঘ্যের সড়ক, (২) বর্ণালী মোড় হতে ক্যান্টনমেন্ট বুচারী পর্যন্ত্ ১২৩৮.৮০ মিটার দৈর্ঘ্যের সড়ক (৩) মেহেরচন্ডী করাইতলা হতে বিশ্ববিদ্যালয় চারম্নকলা পর্যন্ত্ ৪৮৯.০০ মিটার সড়ক এবং (৪) রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টেশন হতে জিয়া স্কুল হয়ে নাজিরের মোড় পর্যন্ত্ ১৩৩৪.০০ মিটার দৈর্ঘ্যের সড়ক দেখা হয়। সড়কসমূহে স্পেসিফিকেশন অনুযায়ী ৫০ মি:মি: এ্যাশফল্ট কার্পেটিং পাওয়া গেছে। বাহ্যিকভাবে সড়কসমূহের গুণগতমান ভাল মনে হয়েছে। তবে হার্ড সোল্ডার কোন কোন স্থানে স্পেসিফিকেশন অনুযায়ী ১.৮০ মি: পাওয়া যায়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, সড়কের পাশে বাউন্ডারি ওয়াল থাকার কারণে কোন কোন স্থানে হার্ড সোল্ডার স্পেসিফিকেশন অনুযায়ী করা যায়নি। মূল ডিপিপি-তে উলিস্নখিত স্পেসিফিকেশনের ব্যত্যয়সমূহ প্রকল্পটি সংশোধনের সময় যথাযথভাবে প্রতিফলন করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছে। হার্ড সোল্ডার স্পেসিফিকেশন অনুযায়ী না করার বিষয়টি খতিয়ে দেখে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।


বর্ণালী-ক্যান্টনমেন্ট সড়ক


ডিসি অফিসের সামনের সড়ক

৮.২। **বিভিন্ন গোরস্থানে ওয়াকওয়ে নির্মাণ:** প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে রাজশাহী মহানগরীর ১০টি কবর স্থানের ভেতরে ২.৯৫ কি:মি: পায়ে চলার পথ নির্মাণের জন্য ৭৬.৫৫ লৰ টাকার সংস্থান ছিল। পরিদর্শনকালে সপুরা গোরস্থানের ভেতরের পায়ে চলার পথ দেখা হয়। এ অংশটি বাহ্যিকভাবে গুণগতমান বজায় রেখে করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।


সপুরা গোরস্থানের ভেতরের পায়ে চলার পথ

৮.৩। **কেন্দ্রীয় পার্কের বাউন্ডারি ওয়াল নির্মাণ:** পরিদর্শনের সময় শহীদ কামরম্নজ্জামান কেন্দ্রীয় পার্কের বাউন্ডারি ওয়াল দেখা হয়। অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী ৬৮২.৫৫ মিটার দৈর্ঘ্যের বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজে ৯৫.১১ লৰ টাকা ব্যয় হয়েছে। কেন্দ্রীয় পার্কের দৃষ্টি-নন্দন বাউন্ডারি ওয়ালটি বাহ্যিকভাবে গুণগত মানসম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।



বাউন্ডারি ওয়াল, কেন্দ্রীয় পার্ক

৮.৪। **কেন্দ্রীয় পার্কের ওয়াকওয়ে নির্মাণ:** পরিদর্শনের সময় মোট ১.৪৯ কি:মি: দৈর্ঘ্যের শহীদ কামরম্নজ্জামান কেন্দ্রীয় পার্কের অভ্যরন্ত্মরীণ ওয়াকওয়ে দেখা হয়। এ প্যাকেজের চুক্তিমূল্য ছিল ৮০.৬১ লৰ টাকা। ওয়াকওয়েটি ৩০০x২০০x৬০মি:মি: প্রিকাস্ট কনক্রিট, স্টোন গ্রাভেল এবং ৩০০x২০০x৭৫মি:মি: প্রিকাস্ট কনক্রিট কুরম্নস্টোন দিয়ে নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে পায়ে হেঁটে চলার পথটি বাহ্যিকভাবে গুণগত মানসম্পন্ন এবং দৃষ্টিনন্দন মনে হয়েছে। অনন্য স্থাপত্য শৈলীর ওয়াকওয়েটি পার্কের সৌন্দর্যবর্ধনসহ ভ্রমণকারী নগরবাসীদের প্রাতঃ ও বৈকালিক ভ্রমণের জন্য সুবিধাজনক হয়েছে মর্মে পথচারীগণ জানিয়েছেন।



**কেন্দ্রীয় পার্কের ওয়াকওয়ে**

৮.৫। **বিভিন্ন সড়কের ফুটপাথ নির্মাণ:** রাজশাহী মহানগরীকে জিরো সয়েল অর্থাৎ ধূলিমুক্ত রাখার পরিকল্পনা হিসেবে এ প্রকল্পের ফুটপাথসমূহ নির্মাণ করা হয়েছে। প্রকল্পটির অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ০.৩০ কি:মি: ফুটপাথ নির্মাণের জন্য ২৮.৩৭ লৰ টাকা ব্যয় হয়েছে। নির্মিত ফুটপাথসমূহ বাহ্যিকভাবে গুণগত মানসম্পন্ন হয়েছে। এগুলো নাগরিকদের পথ চলার জন্য সুবিধাজনক হয়েছে মর্মে স্থানীয় জনগণ জানিয়েছেন।



প্রকল্পের আওতায় নির্মিত ফুটপাথ

৮.৬। **পঞ্চবটি শ্মশানে ফাংশনাল বিল্ডিং, বাউন্ডারি ওয়াল, অভ্যন্তরীণ রোড এবং বার্নিং শেড নির্মাণ:** প্রকল্পটির অনুমোদিত আরডিপিপি মতে পঞ্চবটি শ্মশান ঘাটে একটি ফাংশনাল বিল্ডিং, বাউন্ডারি ওয়াল, অভ্যন্ত্মরীণ রোড এবং বার্নিং শেড নির্মাণের জন্য ৫১.৮০ লৰ টাকার সংস্থান ছিল। পরিদর্শনকালে দেখা যায় যে, ফাংশনাল বিল্ডিংটি মরদেহ সৎকারকারী জনসাধারণের দ্বারা পুরোপুরি ব্যবহার করা হচ্ছে। পরিদর্শনের সময় বার্নিং শেডে শবদেহ সৎকার করতে দেখা গিয়েছে। এ ছাড়া ফাংশনাল বিল্ডিং, বাউন্ডারি ওয়াল এবং অভ্যন্ত্মরীণ রাস্ত্মার মান বাহ্যিকভাবে ভাল মর্মে প্রতীয়মান হয়েছে।



পঞ্চবটি শ্মশানের ফাংশনাল বিল্ডিং



বার্নিং শেডে শবদেহ সৎকার

৮.৭। **পদ্মা নদীর তীরে ওয়াকওয়ে নির্মাণ:** প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে ১ কি:মি: দৈর্ঘ্যের পদ্মা নদীর তীরে ওয়াওয়ে নির্মাণের সংস্থান ছিল। পরিদর্শনকালে দেখা যায় যে, উক্ত অঙ্গটি নির্মাণের কাজ পুরোপুরি সম্পাদিত হয়েছে। উক্ত ওয়াকওয়ে রাজশাহী মহানগরীর অবকাশ যাপনের অংশ হিসেবে জনসেবা প্রদান করছে। ওয়াকওয়ের নির্মাণ কাজ বাহ্যিকভাবে মানসম্পন্ন হয়েছে মর্মে দেখা গেছে।



পদ্মা নদীর তীরের ওয়াকওয়ে

৮.৮। **বিভিন্ন এলাকায় পাইলটিং হিসেবে পানির মিটার স্থাপন:** প্রকল্পটির অনুমোদিত আরডিপিপিতে রাজশাহী মহানগরী বিভিন্ন স্থানে পাইলট ভিত্তিতে ৫০০টি পানির মিটার বসানের জন্য ১৪.৭৪ লৰ টাকার সংস্থান ছিল। রাজশাহী ওয়াসার ওপর এ অঙ্গ বাস্ৰবায়নের দায়িত্ব অর্পণ করা হয়। পরিদর্শনকালে জানা যায় যে, এ অংশটি যথাযথভাবে বাস্ৰবায়ন করা হয়নি। আরডিপিপিতে পানির মিটার বসানের সংস্থান অনুযায়ী ৫০০টি মিটার ক্রয় প্রক্রিয়া সম্পাদন করা হলেও ১০০টি মিটার বসানো হয়েছে মর্মে প্রকল্প পরিচালক আইএমইডিকে অবহিত করেন। এ বিষয়ে রাজশাহী ওয়াসার সহকারী প্রকৌশলী জনাব মোঃ রেজাউল হুদা কোকো আইএমইডিকে জানান যে, পরীৰামূলকভাবে ১০০টি মিটার লাগানো হয়েছে। লিটার প্রতি কত ট্যারিফ হবে সেটি চূড়াম্ৰ না হওয়ায় পরীৰামূলকভাবে মিটার বসানোর কাজটি পুরোপুরি সম্পাদন করা যায়নি। অবশিষ্ট মিটারসমূহ কোথায় আছে, তা জানতে চাওয়া হলে সহকারী প্রকৌশলী, রাজশাহী ওয়াসা আইএমইডিকে জানান যে, মিটারগুলো নগর ভবন এবং রাজশাহী ওয়াসার আঞ্চলিক কার্যালয়ে রাখা হয়েছে। পরিদর্শনকালে রাজশাহী ওয়াসা কার্যালয়ের গুদাম ঘর পরিদর্শন করে ৩ বক্স মিটার দেখতে পাওয়া যায়। ঠিকাদার প্রতিষ্ঠানকে এ প্যাকেজের পুরোপুরি বিল পরিশোধ করা হয়েছে কিনা তা জানতে চাওয়া হলে রাজশাহী ওয়াসার সহকারী প্রকৌশলী আইএমইডিকে জানান যে, পানির মিটার বসানোর জন্য ঠিকাদারকে পুরো বিল প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় পাইলট ভিত্তিতে ৫০০ পানির মিটার স্থাপনের সংস্থান থাকলেও সেটি পুরোপুরি কেন বাস্ৰবায়ন করা হয়নি, তা স্থানীয় সরকার বিভাগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।





রাজশাহী ওয়াসা ভবনে প্রাপ্ত পানির মিটার

৮.৯। **সম্পদ সংগ্রহ/ক্রয়:** প্রকল্পটির অনুমোদিত আরডিপিতে ৩টি হইড্রোলিক ড্রাম ট্রাস্ক, ১টি চেইন মাউটেড বুলডোজার, ১টি পে-লোডার ক্রয়ের সংস্থান ছিল। পরিদর্শনকালে বুলডোজার এবং পে-লেডার দু'টি দেখা হয়। যন্ত্র দু'টি সচল অবস্থায় দেখা যায়। হাইড্রোলিক ড্রাম ট্রাক ৩টি সিটি কর্পোরেশনের অন্য প্রকল্পের জন্য ব্যবহার কথা হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক আইএমইডি'কে অবহিত করেন।

৯। **ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য:** প্রকল্পের ক্রয় সংক্রান্ব তথ্যাদি নিম্নরূপ:

| SL. No. | Description of Procurement (goods/works/consultancy) as per bid document. | Tender/Bid/Proposal Cost (in crore Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per RDPP | Contracted value | Invitation date | Contract signing/L. C. opening date | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 1. | Supply of Hydraulic Dump Truck with compactor (3.00 Ton) Tender Package No. :GD-01 | 135.45 | 135.45 | 16.10.2010 | 02.12.2010 | 22.06.2010 | 22.06.2011 |
| 2. | Supply of Chain Mounted Bulldozer (1 N0.) & Pay loader (1No.) Tender Package No. GD-02 | 156.76<br>222.77 | 156.76<br>222.77 | 27.03.2011 | 30.12.2011 | 30.12.2012 | 30.12.2012 |
| 3. | Widening and improvement of roads (20.50 km), Overlaying by premixed bituminous carpeting works (23.95km) at different neighborhood, Tender Package No. WD-01 Lot-A | 1044.247 | 1044.247 | 15.05.2010 | 15.03.2010 | 21.12.2010 | 26.06.2011 |
| 4. | Widening and Improvement of roads (20.50 km), Overlaying by premixed Bituminous carpeting works (23.95 km) at different neighborhood tender Package No. WD-01 Lot-B | 810.357 | 810.357 | 15.03.2010 | 15.05.2010 | 21.12.2010 | 30.06.2011 |
| 5. | Widening and improvement of roads (20.50 km), Overlaying by premixed bituminous carpeting works (23.95 km) at different neighborhood, Tender Package No. WD-01 Lot-C | 803.090 | 803.090 | 15.03.2010 | 15.05.2010 | 21.12.2010 | 30.06.2011 |
| 6. | Widening and improvement of roads (20,50 km), Overlaying by premixed bituminous | 137.597 | 137.597 | 30.01.2013 | 05.03.2013 | 30.06.2013 | 30.06.2013 |

| SL. No. | Description of Procurement (goods/works/consultancy) as per bid document. | Tender/Bid/Proposal Cost (in crore Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per RDPP | Contracted value | Invitation date | Contract signing/L. C. opening date | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| | carpeting works (23.95 km) at different neighborhood,, Tender Package No. WS-01 Lot-D | | | | | | |
| 7. | Widening and improvement of roads (20.50 km), Overlaying by premixed bituminous carpeting works (23.95 km) at different neighborhood, Tender Package No. WD-01 Lot-E | 368.932 | 368.27 | 20.02.2013 | 02.05.2013 | 10.07.2013 | 27.06.2013 |
| 8. | Overlaying by premixed bituminous carpeting works (23.95 km) at different neighborhood, Tender Package No. WD-01 Lot-F | 270.29 | 267.73 | 20.02.2013 | 13.05.2013 | 20.07.2013 | 30.06.2013 |
| 9. | Laying of water supply mains (100mm dia) at different neighborhood water meter on pilot basis at different neighborhood, (500 Nos.), supply & installation of production Deep Tube-well (10 Nos) & supply & Installation of Chlorinator (30 Nos.) at different Deep tube-well, Tender Package No. WD-06 | 268.51 | 268.51 | 25.08.2099 | 26.10.2009 | 27.04.2011 | 27.04.2011 |
| 10. | Supply & Installation of Street light (Sodium light), Tender Package No. WD-07 | 105.37 | 100.97 | 25.05.2011 | 13.09.2011 | 15.06.2013 | 27.05.2013 |
| 11. | Construction of drain at different neighborhood, Tender Package No. WD-08 | 163.30 | 163.23 | 22.02.2013 | 11.05.2013 | 18.07.2013 | 30.06.2013 |

উপরোক্ত প্যাকেজসমূহ থেকে দৈবচয়িতভাবে আলোচ্য প্রকল্পটির ২টি প্যাকেজের ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনা করা হয়। এ প্যাকেজগুলো হচ্ছে: (১) সাপস্নাই অব চেইন মাউন্টেড বুলডোজার এন্ড পে-লোডার এবং (২) ওয়াইডেনিং এ্যান্ড ইমপ্রম্নভমেন্ট অফ রোডস, ওভারলেইং বাই প্রি-মিক্সড বিটুমিনাস কার্পেটিং ওয়ার্কস এট ডিফারেন্ট নেইবারহুড। স্কীম ২টি ঠিকাদার নিয়োগের জন্য বহুল প্রচারিত দুটি করে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। তাছাড়া পিপিআর অনুযায়ী Tender Opening committee (TOC) এবং Tender Evaluation Committee (TEC) গঠন

করা হয়েছে। বিধি মোতাবেক TEC তে দুইজন করে ক্রয়কারীর নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয়/বিভাগ/এজেন্সী বহির্ভূত সদস্য অন্তর্ভূক্ত করা হয়েছে। তাছাড়া TOC তে TEC কমিটির একজন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। TOC কমিটি কর্তৃক টেন্ডার জমাদানের নিদিষ্ট সময় পর দরপত্র উন্মুক্ত করা হয়েছে। অর্থাৎ TOC ও TEC কমিটি সঠিকভাবে গঠনপূর্বক টেন্ডার উন্মুক্তকরণ ও মূল্যায়ন কাজ সম্পন্ন করা হয়েছে। মূল্যায়ন প্রতিবেদনসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপূর্বক ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

১০। **প্রকল্পের সার্বিক অগ্রগতি** ঃ প্রকল্পের শুরম্ন হতে জুন, ২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৫৬৯৪.৩৪ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৮৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের অব্যয়িত ৫৪০৯২.২৬ লক্ষ টাকা বিধি মোতাবেক বাংলাদেশ ব্যাংক, রাজশাহীর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃসাঃ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০০৮-২০০৯ | - | - | - | - | - | - | - |
| ২০০৯-২০১০ | ৭৫৯.৬৪ | ৭৫৯.৬৪ | - | ৭৫৯.৬৪ | ৭৫৯.৬৪ | ৭৫৯.৬৪ | - |
| ২০১০-২০১১ | ৩৩০০.০০ | ৩৩০০.০০ | - | ৩৩০০.০০ | ৩৩০০.০০ | ৩৩০০.০০ | - |
| ২০১১-২০১২ | ৩০০.০০ | ৩০০.০০ | - | ৩০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | - |
| ২০১২-২০১৩ | ১৩৪২.২৪ | ১৩৪২.২৪ | - | ১৩৪০.০০ | ১৩৪০.০০ | ১৩৩৪.৭০ | - |
| সর্বমোট ঃ | ৫৭০১.৮৮ | ৫৭০১.৮৮ | - | ৫৬৯৯.৬৪ | ৫৬৯৪.৩৪ | ৫৬৯৪.৩৪ | - |

১১। **উপকারভোগীদের মতামত** ঃ পরিদর্শনের সময় প্রকল্প এলাকার পথচারী, জনগণের সাথে আলাপ হয়েছে। স্থানীয় জনগণ জানিয়েছেন যে, প্রকল্পটির বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন রাস্তার উন্নয়নের ফলে শহরে যানবাহন চলাচল সহজ হয়েছে এবং এতে শহরের যানজট হ্রাস পেয়েছে। এছাড়া প্রকল্পটি বাস্তবায়নের ফলে শহরের জলাবদ্ধতা অনেকাংশে হ্রাস পেয়েছে। শহীদ এ.এইচ. এম কামারম্নজ্জামান কেন্দ্রীয় উদ্যান এবং পদ্মার তীরে নির্মিত ওয়াকওয়ে শহরবাসীর বেড়ানোর ও নাগরিক বিনোদনের সুযোগ সৃষ্টি হয়েছে। তারা আরও জানিয়েছেন যে, প্রকল্প বাস্তবায়নের পূর্বে উদ্যানটিতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা ছিল না; ফলে মাদক-সেবন, ছিনতাইসহ নানা ধরনের অপরাধ সংঘটিত হত। উদ্যানটির উন্নয়নের ফলে নাগরিকগকে এখন আর এ সকল সমস্যার সম্মুখীন হতে হয় না।

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** ঃ প্রকল্পের শুরম্ন থেকে শেষ পর্যন্ত রাজশাহী সিটি কর্পোরেশনের ১ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হল ঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| মোঃ আশরাফুল হক, প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন। | ✓ | – | ২৫.০৩.২০১১ | - |

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন** ঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| (১) একটি সমন্বিত ও ফলপ্রসূ পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে রাজশাহী মহানগরী এলাকায় স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তোলা। | প্রকল্পটির বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন রাস্তার উন্নয়ন, নতুন নর্দমা নির্মাণ, গোরস্থানের উন্নয়ন, পদ্মা নদীর ধারে পায়ে হাঁটার পথ নির্মাণ, শহীদ এ.এইচ. এম কামরম্নজ্জামান কেন্দ্রীয় উদ্যানের বাউন্ডারী ওয়াল এবং এর ভিতরে পায়ে হাঁটার পথসহ রাস্তায় বৈদ্যুতিক বাতি স্থাপন করে মহানগরবাসীকে মৌলিক সেবা প্রদান করা হয়েছে। |
| (২) বিভিন্ন ধরনের ভৌত অবকাঠামো যেমন- রাস্তা, পায়ে হাঁটার পথ, ফুটপাথ ইত্যাদি নির্মাণসহ নাগরিক বান্ধব টেকসই উন্নয়নের মাধ্যমে ক্রমবর্ধমান নগরায়নের চাহিদা পূরণ। | |

১৪। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** প্রযোজ্য নয়।

১৫। **অডিট সংক্রান্তঃ** পিসিআর অনুযায়ী প্রকল্পটির অভ্যন্তরীণ অডিট পুরোপুরিভাবে সম্পন্ন হয় এবং এতে কোন আপত্তি উত্থাপিত হয়নি। এছাড়া সিএজি কর্তৃক ২০০৯-১০ অর্থবছর হতে ২০১১-১২ অর্থ বছর পর্যন্ত External Audit সম্পন্ন হয়েছে, যাতে কোন অভিযোগ পাওয়া যায়নি। তবে ২০১২-১৩ অর্থবছরের External Audit এখনো সম্পন্ন হয়নি মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে। প্রকল্পটির ২০১২-১৩ অর্থ বছরের External Audit সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ এবং এতে কোন আপত্তি উত্থাপিত হলে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নেয়া যেতে পারে এবং তা আইএমই বিভাগকে অবহিত করা যেতে পারে।

১৬। <u>প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ</u>

১৬.১। **এডিপি/সংশোধিত এডিপিতে পর্যাপ্ত বরাদ্দ না পাওয়াঃ** মূল অনুমোদিত ডিপিপিতে ২০০৮-২০০৯ অর্থ বছরে ১০০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল; কিন্তু অনুমোদন সংক্রান্ত বিলম্বের কারণে উক্ত অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি। এরপর ২০০৯-১০ অর্থ বছরে মূল ডিপিপিতে ২৪৫৯.২৮৮ লক্ষ টাকার সংস্থান থাকলেও ঐ বছরের এডিপিতে ৭৫৯.৬৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। এ কারণে প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়ন ব্যাহত হয়।

১৬.২। **জমি অধিগ্রহণে জটিলতাঃ** প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী ২০০৯-১০ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ পরিকল্পনা গ্রহণ করা হয়। তদনুযায়ী জেলা প্রশাসক দপ্তরে ভূমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণ করা হলেও ০৭/০৯/২০১১ তারিখে কেন্দ্রীয় ভূমি অধিগ্রহণ কমিটির অনুমোদন পাওয়া যায়। ভূমি অধিগ্রহণে বিলম্বের কারণে প্রকল্পটির মেয়াদ ২ দফায় বৃদ্ধি করা হয়।

১৬.৩। **অনুমোদিত ডিপিপির অনুমোদিত অঙ্গের সংস্থানকৃত অর্থের অতিরিক্ত ব্যয়ঃ** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপিতে ভৌত নির্মাণ কাজের আওতায় ২০.৫০ কিঃমিঃ বিটুমিনাস কার্পেটিং রাস্তা নির্মাণ বাবদ ৬৪০.৪২ লক্ষ টাকা, ২৩.৯৩ কিঃমিঃ বিভিন্ন রাস্তা প্রশস্তকরণ এবং উন্নতকরণ বাবদ ২০২৯.৭৬২ লক্ষ টাকা, ২.০০ কিঃমিঃ বিভিন্ন গুরুত্বপূর্ণ রোডে ফুটপাত নির্মাণ বাবদ ৬৮.৪৬ লক্ষ টাকা এবং মহানগরীর বিভিন্ন এলাকায় ২.০০ কিঃমিঃ ড্রেন নির্মাণ বাবদ ৬১.০৪৭ লক্ষ টাকা অর্থাৎ অনুমোদিত ডিপিপিতে একটি প্যাকেজের আওতায় বর্ণিত ৪টি অঙ্গের কাজ বাস্তবায়নের জন্য মোট ২৭৯৯.৬৮২ লক্ষ টাকা প্রাক্কলন ছিল। ভৌত নির্মাণ কাজের ১নং প্যাকেজের আওতায় ৪টি অঙ্গের কাজ সম্পন্ন না করে ২টি অঙ্গের কাজ (বিটুমিনাস কার্পেটিং, বিভিন্ন সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন) সম্পন্ন করে অনুমোদিত ব্যয় ২৬৭০.৩২১ লক্ষ টাকার বিপরীতে ২৭৯৫.৩২১ লক্ষ টাকার বিল অর্থাৎ ১২৫.১৩৯ লক্ষ টাকা বেশী বিল পরিশোধ করা হয়। পরবর্তীতে পরিকল্পনা শৃঙ্খলার পরিপন্থী এসব কার্যক্রমকে নিয়মিত করতে প্রকল্পটি ডিপিপি সংশোধন করা হয়। এ বিষয়ে প্রকল্প পরিচালক আইএমইডি-কে জানান যে, প্রকল্প বাস্তবায়নের পূর্ব অভিজ্ঞতা না থাকার কারণে উপরোক্ত অনিয়ম ঘটেছে। পরবর্তীতে এ ধরনের সমস্যা যাতে সৃষ্টি না হয় সে বিষয়ে তিনি সতর্ক থাকবেন।

১৭। <u>সুপারিশ ঃ</u>

১৭.১। **স্পেসিফিকেশন অনুযায়ী বিভিন্ন এলাকায় সড়ক প্রশস্তকরণ কার্যক্রম খতিয়ে দেখাঃ** ডিপিপি/আরডিপিপি-তে উল্লিখিত স্পেসিফিকেশন অনুযায়ী হার্ড সোল্ডার না করার বিষয়টি খতিয়ে দেখে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিষয়টি আইএমই বিভাগকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ-৮.১)।

১৭.২। **এডিপি/সংশোধিত এডিপি'তে ডিপিপি/আরডিপিপি অনুযায়ী বরাদ্দঃ** এমটিবিএফ-এর আওতাধীন মন্ত্রণালয় হিসেবে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকল্পে ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী বছরভিত্তিক অর্থ বরাদ্দ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৬.১)।

১৭.৩। **নির্ধারিত সময়ের মধ্যে জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করাঃ** প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক যথাসময়ে জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৬.২)।

১৭.৪। **প্রকল্প বাস্তবায়নে পরিকল্পনা ও আর্থিক শৃঙ্খলা বজায় রাখাঃ** বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিদ্যমান পরিপত্রসমূহ যথাযথভাবে অনুসরণ করে চলতে হবে (অনুচ্ছেদ-১৬.৩)।

১৭.৫। **পাইলটিং হিসেবে প্রকল্পের পানির মিটার স্থাপন কার্যক্রম অনিয়ম খতিয়ে দেখাঃ** প্রকল্পের আওতায় পাইলট ভিত্তিতে ৫০০ পানির মিটার স্থাপনের সংস্থান থাকলেও তা পুরোপুরি কেন বাস্তবায়ন করা হয়নি, সেটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিষয়টি আইএমই বিভাগকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ-৮.৮)।

১৭.৬। প্রকল্পটির ২০১২-১৩ অর্থ বছরের External Audit সম্পন্ন করতে হবে ও এতে কোন আপত্তি উত্থাপিত হলে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আইএমই বিভাগকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ-১৫)।